সন্নিপাত জ্বর প্রায় সপ্তম দশম বা দ্বাদশ দিবসে ঘোরতর হইয়া, হয় প্রশমতা পায়, না হয় রোগিকে নাশ করে। তন্ত্রান্তরে ৭ দিন বা ১৪ দিন, ৯ দিন বা ১৮ দিন, ১১ দিন বা ২২ দিন পর্য্যন্ত (কেহ কেহ বলেন—২০ ও ২৪ দিন পর্য্যন্ত) রোগমুক্তির বা রোগির মৃত্যুর দিন নির্দ্দিষ্ট আছে। এই প্রকার বিকল্প ঘটিবার কারণ এই, যদি ক্রমশঃ শুক্রাদি ধাতুর পাক হয়, তাহা হইলে রোগির মৃত্যু, কিন্তু যদি বাতাদি মলত্রয়ের পরিপাক হয়, তাহা হইলে রোগের শান্তি হইয়া থাকে। ধাতুপাকের লক্ষণ—"নিদ্রানাশ, হৃৎস্তম্ভ, উদরের বিষ্টব্ধতা, দেহের গৌরব, অরুচি, মনের অস্থিরতা ও বলহানি। মলপাকের লক্ষণ—জ্বরের ও বাতাদি দোষের লঘুতা, ইন্দ্রিয়ের নির্ম্মলতা এবং ধাতুপাকোক্ত যে সকল লক্ষণ লিখিত হইয়াছে, তাহার বৈপরীত্য" ॥ ১২ ॥

সন্নিপাত জ্বরের শেষাবস্থায় যদি কর্ণমূলে সুদারুণ শোথ হয়, তাহা হইলে রোগী কদাচিৎ মুক্তিলাভ করে। কিন্তু প্রথমাবস্থায় হইলে সাধ্য ও মধ্যমাবস্থায় হইলে কষ্টসাধ্য বলিয়া কথিত আছে ॥ ১৩ ॥

অত্যন্ত কুপিত বাতাদি দোষত্রয় বক্ষঃস্থলস্থ স্রোতঃসমূহে গমন করিয়া আমরসের সহিত মিলিত হইয়া চক্ষুঃকর্ণাদি জ্ঞানেন্দ্রিয় ও মনকে বিকৃত করিয়া অতি কঠিন ও ভয়ঙ্কর অভিন্যাস নামক সন্নিপাত-জ্বর উৎপাদন করে। এই জ্বরে রোগী নিশ্চেষ্ট এবং দর্শন স্পর্শন শ্রবণ ও ঘ্রাণ শক্তিরহিত হয়, কাহাকেও চিনিতে পারে না-ও কাহারও শব্দ বুঝিতে পারে না। সর্ব্বদা মস্তক সঞ্চালন, কুন্থন ও পার্শ্বপরিবর্ত্তন করিতে থাকে। কিছুই আহার করিতে চাহে

মূত্র ও নেত্রের পীতবর্ণত্ব, দাহ, তৃষ্ণা, ভ্রম ও অরুচি এই সকল লক্ষণ হীনবাত-মধ্যকফ-পিত্তোল্বণ সান্নিপাতিক জ্বরে উদ্ভূত হয়। ৮।

শিরোবেদনা, কম্প, শ্বাস, প্রলাপ, বমি ও অরুচি এই গুলি হীনপিত্ত-মধ্যকফ-বাতোল্বণ সান্নিপাতিক জ্বরের লক্ষণ। ৯।

শৈত্য, দেহের গুরুতা, তন্দ্রা, প্রলাপ, অস্থি ও মস্তকে অতিশয় বেদনা, এই সমস্ত লক্ষণ হীনপিত্ত-বাতমধ্য-কফোল্বণ সান্নিপাতিক জ্বরের জানিবে। ১০।

মলভেদ, অগ্নিমান্দ্য, তৃষ্ণা, দাহ, অরুচি ও ভ্রম এই সমস্ত লক্ষণ হীনকফ-বাতমধ্য-পিত্তোল্বণ সান্নিপাতিক জ্বরে প্রকাশ পায়। ১১।

শ্বাস, কাস, প্রতিশ্যায়, মুখশোষ ও অতিশয় পার্শ্ববেদনা, এই লক্ষণগুলি হীনকফ-পিত্তমধ্য-বাতোল্বণ সান্নিপাতিক জ্বরের জানিবে। ১২।

বিকৃতি বিষয়ে কোন নির্দ্দিষ্ট নিয়ম নাই, সুতরাং নানা প্রকার লক্ষণের সহিত সান্নিপাতিক জ্বর প্রকাশ পাইতে পারে, তজ্জন্য ভালুকি-তন্ত্রে ব্যোপাদিতেও সান্নিপাতিক জ্বরের লক্ষণ অন্যরূপ পঠিত আছে, গ্রন্থবাহুল্যভয়ে এস্থলে তাহা লিখিত হইল না।

না, নিরন্তর সূচীবেধবৎ বেদনা অনুভব করে। কথা ত কহেই না, যদি কহে, তাহাও অতি অল্প। এই রোগী বিশেষরূপে ত্যাজ্য, কদাচিৎ কেহ বা এই ভয়ঙ্কর জ্বর হইতে মুক্তিলাভ করে॥ ১৪॥ *

আগন্তু জ্বর। শস্ত্র লোষ্ট্র মুষ্টি বা লগুড়াদি দ্বারা আঘাত, অভিচার অর্থাৎ নিরপরাধ-ব্যক্তির মারণার্থ শ্যেনাদি-যাগ-বিশেষ, অভিষঙ্গ অর্থাৎ ভূতগ্রহের ও কামাদির সম্বন্ধ এবং ব্রাহ্মণাদির অভিশাপ এই সকল কারণে আগন্তু জ্বর উৎপন্ন হইয়া থাকে। উপর্য্যুক্ত অভিঘাতাদি যে যে কারণে বাতাদি যে যে দোষের প্রকোপ হয়, সেই সেই কারণোদ্ভূত আগন্তুজ্বরেও তত্তদ্দোষের অনুবন্ধ থাকে।

বিষকৃত জ্বরে—মুখের শ্যাববর্ণতা, অতিসার, অন্নে অরুচি, পিপাসা, সূচীবেধবৎ বেদনা ও মূর্চ্ছা হইয়া থাকে।

ওষধি বিশেষের আঘ্রাণে যে জ্বর হয়, তাহাতে মূর্চ্ছা, শিরোবেদনা ও বমি এই সকল লক্ষণ প্রকাশ পাইয়া থাকে।

অভিমত কামিন্যাদির অপ্রাপ্তির জন্য যে কামজ্বর হয়, তাহাতে চিত্তভ্রংশ, তন্দ্রা, আলস্য, অরুচি, হৃদয়ে বেদনা ও গাত্রশোষ এই সকল লক্ষণ প্রকাশিত হয় এবং ভয় শোক ও কোপ জনিত জ্বরে প্রলাপ ও কম্প হইয়া থাকে॥ ১৫।১৬॥

অভিচার ও অভিশাপ জনিত জ্বরে—মোহ ও তৃষ্ণা এবং ভূতাভিষঙ্গ জ্বরে উদ্বিগ্নচিত্ততা, হাস্য, রোদন ও কম্প হইয়া থাকে॥ ১৭॥

কামজ, শোকজ ও ভয়জ জ্বরে—বায়ুর প্রকোপ, ক্রোধজ জ্বরে পিত্তের প্রকোপ এবং ভূতাভিষঙ্গ জ্বরে বাত, পিত্ত, কফ, এই তিন দোষেরই প্রকোপ হইয়া থাকে। আর যে ভূতগ্রহের আশ্রয়ে জ্বর হয়, সেই ভূতের হাস্য রোদনাদি যে লক্ষণ, তাহাও প্রকাশ পায়॥ ১৮॥

বিষমজ্বর। †

জ্বরমুক্তির পর দেহের ক্ষীণতা থাকিতে অবৈধ আহার বিহার করিলে অনতিবল দোষও প্রবৃদ্ধ এবং বায়ু কর্ত্তৃক প্রেরিত হইয়া রসরক্তাদি কোন ধাতুকে

---

* সন্নিপাত জ্বরের অপর অসাধ্য লক্ষণ—এই জ্বরে নেত্রদ্বয় উন্মীলিত বা কোটরগত, তারকাদ্বয় বিবর্ত্তিত, পক্ষ্ম সকল লুলিত, মুখ দন্ত ও ওষ্ঠ বিবৃত; রোগী উত্তানশায়ী, কণ্ঠদেশ হইতে পিচ্ছিল ও তন্তুবিশিষ্ট শ্লেষ্মা নির্গত, কণ্ঠমার্গ অবরুদ্ধ ও রোগী বিকৃতাঙ্গ হয়। এইরূপ লক্ষণাক্রান্ত সান্নিপাতিক জ্বর বড় ভয়ঙ্কর। যদি তিন দিনের মধ্যে উহার উপশম না হয়, তাহা হইলে তাহাকে অসাধ্য জানিবে।

সন্নিপাত-জ্বরে শরীর হিমসদৃশ শীতল এবং কম্প, হিক্কা, শ্বাস, সর্ব্বাবয়বের শিথিলতা, স্বরের ক্ষীণতা, অন্তরে উগ্রতাপ, বমি, উদ্বেগ, কাস এবং ভেদ বমন হইলে রোগির মৃত্যু হইয়া থাকে।

† যে জ্বরের আগমন ও জ্বরবৃদ্ধির সময়ের কোন নির্দ্দিষ্ট নিয়ম নাই এবং শৈত্য উষ্ণত্ব ও জ্বর যেগেরও সমতা থাকে না, তাহাকে বিষমজ্বর কহে। মুক্তানুবন্ধিত্ব অর্থাৎ ছাড়িয়া ছাড়িয়া হওয়া এই জ্বরের প্রধান লক্ষণ।

আশ্রয় করিয়া বিষমজ্বর উৎপাদন করে। (কখন কখন প্রথম হইতেই বিষম জ্বর হইতে দেখা যায়)। ইহা সন্তত, সতত, অন্যেদ্যুষ্ক, তৃতীয়ক ও চতুর্থকাদি নামে অভিহিত ॥ ১৯ ॥

বাতাদিদোষ যে যে ধাতুকে আশ্রয় করিয়া যে যে জ্বর উৎপাদন করে, তাহা লিখিত হইতেছে। দোষ রসস্থ হইয়া সন্তত, রক্তস্থ হইয়া সতত, মাংসাশ্রিত হইয়া অন্যেদ্যুষ্ক, মেদোগত হইয়া তৃতীয়ক এবং অস্থি-মজ্জগত হইয়া চতুর্থক জ্বর উৎপাদন করে। এই চতুর্থক জ্বর অতি ভয়ঙ্কর, যমরূপী ও নানারোগসঙ্কুল ॥ ২০ ॥

যে জ্বর সাতদিন, দশদিন বা দ্বাদশদিন নিয়ত ভোগ করে, তাহার নাম সন্তত *।

যে জ্বর দিবারাত্রের মধ্যে দুইবার অর্থাৎ দিনে একবার ও রাত্রিতে একবার কিংবা কেবল দিনেই দুইবার অথবা রাত্রিতেই দুইবার হইয়া থাকে, তাহার নাম সততক (বৈকালিক)।

যে জ্বর দিবারাত্রের মধ্যে একবার মাত্র হয়। থাকে, তাহার নাম অন্যেদ্যুষ্ক।

যে জ্বর প্রতি তৃতীয় দিনে অর্থাৎ এক দিন অন্তর হয়, তাহাকে তৃতীয়ক এবং যাহা প্রতি চতুর্থ দিনে অর্থাৎ দুই দিন অন্তর হইয়া থাকে, তাহাকে চতুর্থক কহে। কেহ কেহ ভূতাভিষঙ্গোত্থ জ্বরকেও বিষমজ্বর কহিয়া থাকেন ॥ ২১।২২ ॥

তৃতীয়ক জ্বর পিত্তশ্লেষ্মোল্বণ হইলে উৎপন্ন হইবার সময় প্রথমে ত্রিক (কটী ও মেরুদণ্ডের সন্ধি) স্থানে, বাতশ্লেষ্মোল্বণ হইলে পৃষ্ঠে এবং বাত-পিত্তোল্বণ হইলে মস্তকে বেদনা জন্মাইয়া থাকে। চতুর্থক জ্বর শ্লেষ্মোল্ব-হইলে অগ্রে জঙ্ঘাদ্বয়ে এবং বাতোল্বণ হইলে মস্তকে বেদনা জন্মাইয়া পরে সর্ব্ব-শরীরে ব্যাপ্ত হয়।

যে জ্বর, মধ্যের দুই দিন ক্রমাগত ভোগ করিয়া আদি ও অন্ত দুইদিন বিরত থাকে, তাহাকে চতুর্থক-বিপর্য্যয় কহে। চতুর্থক-বিপর্য্যয়ও বিষমজ্বর ॥ ২৩ ॥

বাতবলাসক জ্বরে রোগী শ্লেষ্ম-বহুল, জড়প্রায়, রুক্ষ-দেহ, শোথবিশিষ্ট ও অবসন্ন হয়। এই জ্বর নিত্যই মন্দ মন্দ ভাবে হইয়া থাকে। প্রলেপক নামে আর এক প্রকার জ্বর আছে, তাহাতে রোগির শরীর ঘর্ম্ম ও গৌরব দ্বারা লিপ্তবৎ বোধ হয়। এই জ্বরও মন্দ মন্দ ভাবে হইয়া থাকে, কিন্তু জ্বরকালে শীতানুভব হয়। এইরূপ জ্বর যক্ষ্মারোগে হইয়া থাকে ॥ ২৪।২৫ ॥

* সন্তত জ্বরের মুক্তানুবন্ধিত্ব (ছাড়িয়া ছাড়িয়া হওয়া) নাই বলিয়া কেহ কেহ ইহাকে বিষমজ্বর বলেন না। কিন্তু চরক বলেন ইহারও দ্বাদশদিবসে মুক্তানুবন্ধিত্ব দৃষ্ট হয়, তবে ভোগকাল দীর্ঘ, উপশমকাল দুর্লভ। তাঁহার মতে ইহা বিষমজ্বর।

বিষমজ্বর-বিশেষ।

যদি আহার-রস পরিপাক না হইয়া দূষিত হয় এবং যদি দুষ্ট পিত্ত ও দুষ্ট শ্লেষ্মা বিভাগানুসারে অর্থাৎ হরগৌরীরূপে * কিংবা নরসিংহ আকারে † শরীরের অর্দ্ধার্দ্ধ ভাগে অবস্থিত থাকে, তাহা হইলে যে ভাগে পিত্ত থাকে, দেহের সেই ভাগ উষ্ণ এবং যে ভাগে শ্লেষ্মা থাকে, সেই ভাগ শীতল হয় ॥ ২৬ ॥

যদি দুষ্ট পিত্ত কোষ্ঠে এবং দুষ্ট শ্লেষ্মা হস্তে ও পাদে অবস্থিতি করে, তাহা হইলে রোগির শরীর উষ্ণ ও হস্ত পদ শীতল হয়। আর যদি ইহার বিপর্য্যয় ঘটে অর্থাৎ কোষ্ঠে দুষ্ট শ্লেষ্মা ও হস্তপদে দুষ্ট পিত্ত অবস্থিতি করে, তাহা হইলে শরীর শীতল ও হস্তপদ উষ্ণ থাকে।

যদি দুষ্ট শ্লেষ্মা ও দুষ্ট বায়ু ত্বক্‌স্থ অর্থাৎ ত্বগ্‌গত রসস্থ হয়, তাহা হইলে অগ্রে শীত সহিত জ্বর উৎপাদন করে এবং কিছুক্ষণ পরে যখন ঐ শ্লেষ্মানিলের বেগ কমিয়া যায়, তখন পিত্ত অভ্যন্তরে দাহ উপস্থিত করিয়া থাকে। ইহাকে শীতপূর্ব্ব জ্বর কহে। আর সেই প্রকারে দুষ্ট পিত্ত যদি ত্বগ্‌গত রসস্থ হয়, তাহা হইলে অগ্রে দাহ জন্মাইয়া পরে জ্বর উৎপাদন করে, ক্রমে ঐ পিত্ত মন্দবেগ হইলে শ্লেষ্মা ও বায়ু, হস্তপদাদিতে শীত জন্মাইয়া থাকে। ইহাকে দাহ-পূর্ব্ব জ্বর কহে। এই দাহপূর্ব্ব ও শীতপূর্ব্ব জ্বর-দ্বয়কে সংসর্গজ বলিয়া জানিবে অর্থাৎ ইহা দোষ-দ্বয়ের বা দোষত্রয়ের সম্বন্ধে উৎপন্ন হইয়া থাকে। এই জ্বরদ্বয়ের মধ্যে দাহ-পূর্ব্ব জ্বর অতি কষ্টপ্রদ ও কৃচ্ছ্রসাধ্যতম ॥ ২৭ ॥

রসাদি-সপ্ত-ধাতুগত জ্বরের লক্ষণ। জ্বর বিশেষরূপে রসধাতুকে প্রাপ্ত হইলে, দেহের গুরুতা, বমনভাব, অবসাদ, বমি, অরুচি ও ক্লান্ত-চিত্তত্ব এই সকল লক্ষণ প্রকাশিত হয়।

জ্বর, রক্তগত হইলে, মুখ হইতে অল্প রক্তোদ্গিরণ, দাহ, মোহ, বমন, বিভ্রম, প্রলাপ, পিড়কা (ব্রণবিশেষ) ও তৃষ্ণা এই সকল লক্ষণ লক্ষিত হয় ॥ ২৮ ॥

জ্বর, মাংসগত হইলে, জানুর অধো-জঙ্ঘামাংসপিণ্ডে অর্থাৎ পায়ের ডিমে দণ্ডাদি দ্বারা পীড়নবৎ বেদনা, তৃষ্ণা, মলমূত্রের অতিপ্রবৃত্তি, বাহিরে তাপ, অন্তরে দাহ, হস্তপদাদি সঞ্চালন ও গ্লানি এই সকল লক্ষণ দৃষ্ট হয়।

জ্বর, মেদোগত হইলে, অতিশয় ঘর্ম্ম, পিপাসা, মূর্চ্ছা, প্রলাপ, বমন, শরীরে দুর্গন্ধ, অরুচি, গ্লানি ও অসহিষ্ণুতা এই সকল লক্ষণ প্রকাশ পায়।

জ্বর, অস্থিগত হইলে, অস্থিসমূহে ভঙ্গবৎ বেদনা, কুন্থন, শ্বাস, মলরেচন, বমন ও হাত পা ছোড়া এই সকল লক্ষণ লক্ষিত হয়।

জ্বর, মজ্জাগত হইলে, অন্ধকার দর্শন, হিক্কা, কাস, শীত, বমি, অন্তর্দাহ, মহাশ্বাস ও হৃদয়চ্ছেদনবৎ বেদনা এই সকল প্রকাশিত হয় ॥ ২৯ ॥

---

* শরীরের বামার্দ্ধে ও দক্ষিণার্দ্ধে। † কটিদেশের নিম্নে ও কটিদেশের ঊর্দ্ধে।

শুক্রগত জ্বরে, পুরুষাঙ্গ জড়বৎ স্তব্ধ অথচ তাহা হইতে বিশেষরূপে শুক্র ক্ষরিত হয়। এই জ্বরে রোগির মৃত্যুই হইয়া থাকে ॥ ৩০ ॥

রস ও রক্তগত জ্বর সাধ্য, মাংস ও মেদোগত জ্বরও সাধ্য, অস্থি এবং মজ্জগত জ্বর কদাচিৎ সাধ্যও হইতে পারে, কিন্তু শুক্রগত জ্বর কখনই সাধ্য নহে।

বর্ষা শরৎ ও বসন্তকালে, ক্রমান্বয়ে বাতাদি দোষত্রয় দ্বারা যে জ্বর হয়, তাহাকে প্রাকৃত জ্বর * কহে, অর্থাৎ বর্ষাকালে বাতিক, শরৎকালে পৈত্তিক ও বসন্তকালে শ্লৈষ্মিক জ্বর প্রাকৃত ; ইহার অন্যথা হইলে বৈকৃত, যেমন বর্ষাকালে পৈত্তিক বা শ্লৈষ্মিক ইত্যাদি। প্রাকৃত জ্বর সুখসাধ্য ও বৈকৃত জ্ব: দুঃসাধ্য † কিন্তু প্রাকৃত-বাতিক জ্বর সুখসাধ্য নহে, উহা দুঃসাধ্য।

বর্ষাকালে বায়ু কুপিত হইয়া জ্বর উৎপাদন করে এবং পিত্ত ও শ্লেষ্মা তাহার অনুবল হয়। শরৎকালে পিত্ত দুষ্ট হইয়া জ্বর উৎপাদন করে, কফ তাহার অনুবল থাকে, পিত্ত-শ্লেষ্মার দ্রবত্ব-প্রকৃতিহেতু ও বিসর্গকাল বলিয়া এই পিত্তশ্লেষ্ম-জ্বরে অনশনের ভয় নাই ‡ ॥ ৩১ ॥

বসন্তকালে কফ কুপিত হইয়া জ্বর উৎপাদন করে এবং বায়ু ও পিত্ত তাহার অনুবল হয়। এইরূপ বাতাদি যে যে দোষের যে যে প্রকোপ কাল নির্দ্দিষ্ট আছে, সেই সেই কালে সেই সেই দোষোৎপন্ন জ্বরের উৎপত্তি, অথবা নিত্যজ্বর থাকিলে তাহার বৃদ্ধি হইয়া থাকে ॥ ৩২।৩৩ ॥

আহার বিহারাদি যে যে কারণে রোগের উৎপত্তি হয়, সেই সেই কারণে অনুপশয় অর্থাৎ দুঃখজনকত্ব এবং বিপরীত কারণে উপশয় অর্থাৎ সুখজনন-শীলত্ব হইয়া থাকে ॥ ৩৪ ॥

অন্তর্ব্বেগ জ্বরে, অধিক অন্তর্দ্দাহ, অধিক তৃষ্ণা, প্রলাপ, শ্বাস, ভ্রম, সন্ধি ও অস্থিতে শূলবৎ বেদনা, ঘর্ম্মাভাব এবং বাতাদি দোষের ও মলের বদ্ধতা, এই সকল লক্ষণ লক্ষিত হয় ॥ ৩৫ ॥

বহির্ব্বেগ জ্বরে বাহ্য সন্তাপ অধিক কিন্তু তৃষ্ণাদি উপদ্রব সমূহ কম হইয়া থাকে। বহির্ব্বেগজ্বর সুখসাধ্য ॥ ৩৬ ॥

---

* বর্ষা ঋতুতে বায়ু কুপিত, শরৎ ঋতুতে পিত্ত কুপিত এবং বসন্ত ঋতুতে কফ কুপিত হইয়া থাকে। এই যথর্ত্তু-কুপিত দোষকে প্রকৃতি কহে, সেই প্রকৃতি দোষ হইতে উৎপন্ন হয় বলিয়া এইরূপ জ্বরকে প্রাকৃত জ্বর কহে।

† সকল প্রাকৃত রোগই দুঃসাধ্য ও বৈকৃত-রোগ মাত্রই সুখসাধ্য, কেবল জ্বর রোগেই ব্যাধি-মাহাত্ম্যে ইহার বৈপরীত্য ঘটিয়া থাকে।

‡ শাস্ত্রে কথিত আছে যে, দ্রব ধাতু মহৎ লঙ্ঘন সহ্য করিতে পারে। পিত্তশ্লেষ্মাও দ্রব ধাতু, সুতরাং ঐ পিত্তশ্লেষ্ম-জ্বরে অনশনে ভয় নাই। আর কাল দুই প্রকার, বিসর্গ কাল ও আদান কাল। বর্ষা শরৎ ও হেমন্ত এই ঋতুত্রয় বিসর্গ কাল। এই কালে চন্দ্রের বলে প্রাণিসমূহ স্বভাবতই বলিষ্ঠ হয়, সুতরাং অধিক উপবাস দেওয়ান যাইতে পারে, আর শিশির বসন্ত ও গ্রীষ্ম এই ঋতুত্রয় আদান কাল ; এই কালে সূর্য্য-বলে প্রাণিগণ স্বভাবতই দুর্ব্বল হইয়া থাকে, কাজে কাজেই তখন অধিক উপবাস সহ্য হয় না।

আম, পচ্যমান ও পক্কজ্বরের লক্ষণ।

মুখ হইতে লালাস্রাব, বিবমিষা, হৃদয়ের অশুদ্ধি, অরুচি, তন্দ্রা, আলস্য (সামর্থ্য থাকিতেও কার্য্যে অনুৎসাহ), অপরিপাক, মুখের বিরসতা, দেহের গুরুতা ও স্তব্ধতা, ক্ষুধানাশ, অধিকবার প্রস্রাব ও জ্বরের প্রাবল্য এই গুলি আম অর্থাৎ অপক্ক বা তরুণ জ্বরের লক্ষণ। এই আম জ্বরে, বীর্য্যবান্ ভেষজ প্রয়োগ নিষিদ্ধ, কারণ ঐ অবস্থায় প্রযুক্ত ভেষজ পরিপাক না হওয়ায়, জ্বর অধিকতর প্রবল হইয়া উঠে ॥ ৩৭ ॥

জ্বর-বেগের আধিক্য, তৃষ্ণা, প্রলাপ, শ্বাস, ভ্রম, মল-রেচন ও বিবমিষা (বমনেচ্ছা) এই লক্ষণগুলি পচ্যমান জ্বরে প্রকাশিত হয় ॥ ৩৮ ॥

ক্ষুধাবোধ, ক্ষীণতা, দেহের লঘুতা, জ্বরের লাঘব, বায়ু পিত্ত কফ ও মলের নিঃসরণ এবং অষ্টাহ কাল, এইগুলি নিরাম অর্থাৎ পক্ক-জ্বরের লক্ষণ ॥ ৩৯ ॥

সাতদিন পর্য্যন্ত জ্বরের তরুণাবস্থা, দ্বাদশ দিন পর্য্যন্ত মধ্যাবস্থা ও তৎপরে পুরাতন অবস্থা ॥ ৪০ ॥

রোগির বল থাকিলে এবং জ্বর অল্পদোষসমুদ্ভূত ও নিরুপদ্রব হইলে, তাহা সুখসাধ্য জানিবে। (জ্বরের দশটি উপদ্রব যথা—কাস, মূর্চ্ছা, অরুচি, বমি, তৃষ্ণা, অতিসার, মলবদ্ধতা, হিক্কা, শ্বাস ও অঙ্গবেদনা) ॥ ৪১ ॥

বহুবিধ প্রবল কারণে উৎপন্ন ও বহুলক্ষণযুক্ত যে জ্বর, তাহা প্রাণ-নাশক এবং যে জ্বর শীঘ্রই ইন্দ্রিয়শক্তি নাশ করে, তাহাও মারাত্মক।

ক্ষীণ ও শোথযুক্ত রোগির গম্ভীর (অন্তর্ধাতুস্থ) বা দৈর্ঘরাত্রিক (দীর্ঘ-কালানুবন্ধী) অথবা অতি বলবান্ ও কেশসীমন্তকৃৎ (চুলের সিঁথীকারী) যে জ্বর, তাহাও অসাধ্য।

অন্তর্দ্দাহ, তৃষ্ণা, মলবদ্ধতা এবং কাস ও শ্বাস এই সকল লক্ষণ দ্বারা গম্ভীর জ্বর জানিবে ॥ ৪২ ॥

যে জ্বর প্রথম হইতেই বিষম বা অতি দীর্ঘকালস্থায়ী, তাহা, অথবা ক্ষীণ ও রুক্ষদেহ ব্যক্তির গম্ভীর নামক যে জ্বর, তাহাও মারাত্মক জানিবে।

যে জ্বরে রোগী একেবারে শয্যাশায়ী অথবা বিহ্বল ও মূর্চ্ছাপন্ন কিংবা বাহিরে শীতার্ত্ত ও অন্তরে দাহবিশিষ্ট হয়, সে জ্বরে তাহার মৃত্যু জানিবে, এবং যে জ্বরে রোগির শরীর রোমাঞ্চিত, চক্ষুঃ রক্তবর্ণ, হৃদয় সাংঘাতিক শূলনিখাতবৎ বেদনাযুক্ত এবং শ্বাস প্রশ্বাস কেবল মুখ হইতে সম্ভূত, সে জ্বরেও রোগির মৃত্যু নিকটবর্ত্তী জানিতে হইবে। যে জ্বরে রোগী হিক্কা, শ্বাস ও তৃষ্ণাযুক্ত, মূর্চ্ছাপন্ন, চঞ্চলনেত্র, ক্ষীণ এবং সতত মুখশ্বাস-যুক্ত, তাহাকেও যম-সদনে যাইতে হইবে ॥ ৪৩।৪৪ ॥

যে ব্যক্তির দেহের দীপ্তি ও ইন্দ্রিয়ের শক্তির নাশ, বলমাংসের ক্ষয়, অরুচি এবং জ্বর-বেগের গাম্ভীর্য্য ও তীক্ষ্ণতা দৃষ্ট হয়, সেই জ্বরাক্রান্ত রোগিকেও ত্যাগ করিবে ॥ ৪৫ ॥

সান্নিপাতিক অন্তর্বেগ ও ধাতুস্থ জ্বর-ত্যাগের অব্যবহিত পূর্ব্বে দাহ, ঘর্ম্ম, ভ্রম, তৃষ্ণা, কম্প, মলভেদ, সংজ্ঞানাশ, কুন্থন ও গাত্রদৌর্গন্ধ্য এই সকল লক্ষণ ঘটিয়া থাকে। এস্থলে আপত্তি হইতে পারে যে, দোষের ক্ষয়ে দোষবেগের শান্তি না হইয়া দাহাদি উপদ্রব উপস্থিত হয় কেন? ইহার উত্তর এই, কোন কোন ভাব, ক্ষীণ হইয়াও বিনাশকালে স্বশক্তি দেখাইয়া থাকে, যেমন দীপ নির্ব্বাণ কালে প্রজ্বলিত হইয়া উঠে। অথবা দোষাভিভূত ধাতু সমূহ হইতে দোষের অপগম কালে, ধাতু সকলের ক্ষোভ হয়, তজ্জন্যই দাহাদি উপস্থিত হয়। যেমন বানর কর্ত্তৃক পরিত্যক্ত হইলে বৃক্ষশাখা কম্পিত হয়, জ্বরমুক্তির সময়েও ঠিক সেইরূপ ঘটিয়া থাকে ॥ ৪৬ ॥

জ্বর, সম্পূর্ণরূপে ত্যাগ হইলে ঘর্ম্ম, শরীরের লঘুতা, মস্তকে চুলকণা, মুখে ক্ষত, হাঁচি ও অন্নভোজনে অভিলাষ এই সকল লক্ষণ লক্ষিত হয় ॥ ৪৭ ॥

জ্বর-নিদান সমাপ্ত।

অতীসার-নিদান।

গুরু *, অতিস্নিগ্ধ, অতিরুক্ষ, অতিউষ্ণ, অতিদ্রব, অতিস্থূল † ও অতি শীতল দ্রব্য ভোজন, বিরুদ্ধ ভোজন ‡ অধ্যশন অর্থাৎ পূর্ব্বদিনাহার অজীর্ণে পুনর্ভোজন, অপক্ব অন্ন ভোজন ও বিষমাশন § এবং বমন বিরেচন-অনুবাসন ও নিরূহার্থ স্নেহাদি ক্রিয়ার অতিযোগ কিংবা অল্প যোগ, স্থাবর বিষ ভক্ষণ, ভয়, শোক এবং দুষ্ট জল ও দুষ্ট মদ্যের অতিপান ¶, সাত্ম্যবিপর্য্যয় অর্থাৎ অনভ্যস্ত ও দেহের প্রতিকূল আহার বিহারাদি, শীত গ্রীষ্মাদি ঋতুর ব্যতিক্রম, অধিক জলক্রীড়াদি, মল-মূত্রাদির বেগধারণ ও ক্রিমিদোষ এই সকল কারণে অতিসার রোগ জন্মিয়া থাকে। অতিসারের লক্ষণ বর্ণিত হইতেছে ॥ ১ ॥

শরীরস্থ দূষিত রস-রক্ত-জল-স্বেদ-মেদঃ মূত্র কফ-পিত্ত ও রক্তাদি জলীয় ধাতু সকল অগ্নিকে মন্দীভূত করিয়া মলের সহিত মিশ্রিত বায়ু কর্ত্তৃক অধঃ-প্রেরিত হইয়া অতিশয় নিঃসৃত হয় বলিয়া ইহার নাম অতীসার। এই ভয়ঙ্কর ব্যাধি ছয় প্রকার। যথা—বাতজ, পিত্তজ, কফজ, ত্রিদোষজ, শোকজ ও আমজ অর্থাৎ অপক্বরসজাত ॥ ২। ৩ ॥

* পরিমাণে গুরু, স্বভাবতঃ গুরু যেমন মাষাদি, অথবা গুণতঃ কিংবা সংস্কারতঃ গুরু।

† সংহতাবয়ব যেমন লড্ডুক পিষ্টকাদি।

‡ সংযোগাদি দ্বারা বিরুদ্ধ, যেমন ক্ষীর মৎস্যাদি একত্র ভোজন, এই সংযোগাদি-বিরুদ্ধ বহু প্রকার, ইহা সুশ্রুত-হিতাহিতীয়াধ্যায়ে বিশেষরূপে বর্ণিত আছে।

§ বহু বা অল্প ভোজন অথবা অসময়ে ভোজন।

¶ চরকে অদুষ্ট জল ও অদুষ্ট মদ্যের অতিপানও অতিসারের হেতু বলিয়া বর্ণিত আছে।

কেহ কেহ বলেন অতিসার অনেক প্রকার, কিন্তু কাশীরাজ বলেন তাহা নহে, অতিসারের দোষাবস্থা অনেক প্রকার, তাহাই কালে কালে উদ্ভূত হওয়ায় অতিসারের প্রকারভেদ অনুমিত হইয়া থাকে।

হৃদয়ে নাভিস্থলে গুহ্যে উদরে ও কুক্ষিদেশে সূচীবেধবৎ বেদনা, শরীরের অবসাদ, বায়ু ও মলের বিবদ্ধতা, উদরাধ্মান ও অপরিপাক এই লক্ষণগুলি অতিসার রোগের পূর্ব্বরূপ ॥ ৪ ॥

বাতাতিসারে অরুণবর্ণ ফেনযুক্ত রুক্ষ ও অপক্ব মল, গুহ্যদ্বারে শব্দ ও বেদনা জন্মাইয়া অতি অল্প অল্প অথচ মুহুর্ম্মুহুঃ নির্গত হয় ॥ ৫ ॥

পিত্তাতিসারে, মল পীত, নীল বা লোহিত বর্ণ হয়। ইহাতে তৃষ্ণা, মূর্চ্ছা, দাহ এবং গুহ্যদ্বারে জ্বালা ও ক্ষত হইয়া থাকে ॥ ৬ ॥

কফজনিত অতিসারে শুক্লবর্ণ, গাঢ়, কফমিশ্রিত, আমগন্ধি ও শীতল মল নিঃসৃত হয়। ইহাতে রোগী রোমাঞ্চিত হইয়া থাকে ॥ ৭ ॥

সান্নিপাতিক অতিসারে, উক্ত বাতজাদি ত্রিবিধ অতিসারেরই লক্ষণ সকল উপস্থিত হয়, অধিকন্তু ইহাতে মল, শূকরের চর্ব্বিবৎ বা মাংসপ্রক্ষালন জলের ন্যায় হইয়া থাকে। এই ত্রিদোষজ অতিসার অতি কষ্টসাধ্য ॥ ৮ ॥

যে ব্যক্তি ধনক্ষয় বা বন্ধুবিয়োগাদি জনিত শোকে কাতর ও তজ্জন্য অল্পাহারী, তাহার শোকজ বাষ্প (নেত্রগলনাসাদিগত জল) ও উষ্মা [দেহতেজঃ] কোষ্ঠে গমন পূর্ব্বক জঠরাগ্নিকে মন্দীভূত করিয়া রক্তকে স্বস্থান হইতে চালিত করে। সেই গুঞ্জাফল [কুঁচ] সদৃশ লোহিত বর্ণ রক্ত মলমিশ্রিত অথবা মলরহিত হইয়া গুহ্যদ্বার দিয়া নির্গত হয়। উহা, মল মিশ্রিত হইলে দুর্গন্ধ নতুবা নির্গন্ধ হইয়া থাকে। এই শোকোৎপন্ন অতিসার অতীব দুশ্চিকিৎস্য ও কষ্টপ্রদ। কারণ, শোকাপনোদন ব্যতিরেকে কেবল ঔষধ দ্বারা কিরূপে ব্যাধির শান্তি হইবে? রোগোৎপাদক হেতু পরিত্যাগ ভিন্ন কেবল ঔষধ দ্বারা কোন ব্যাধিই প্রশমিত হয় না ॥ ৯ ॥

ভুক্তদ্রব্যের অপরিপাকবশতঃ বিমার্গগামী বাতাদিদোষত্রয়, মল ও রক্তাদি ধাতু সমূহকে দূষিত করিয়া নানাবর্ণের পুরীষ বারংবার নিঃসারিত করে। ইহাকে আমাতিসার কহে। এই অতিসারে উদরে অতিশয় কামড়ানি উপস্থিত হইয়া থাকে ॥ ১০ ॥

বাতাদি দোষত্রয় জনিত অতিসারের মল, যে পর্য্যন্ত অতিশয় দুর্গন্ধযুক্ত ও পিচ্ছিল থাকে এবং জলে নিক্ষিপ্ত হইলে ডুবিয়া যায়, সে পর্য্যন্ত তাহাকে আম অর্থাৎ অপক্বাতিসার কহে। আর যখন ইহার বিপরীত লক্ষণ উপস্থিত হয় অর্থাৎ মল দুর্গন্ধরহিত অপিচ্ছিল ও জলে নিক্ষিপ্ত হইলে ভাসমান হয় এবং কোষ্ঠ ও দেহের লঘুতা জন্মে, তখন তাহাকে পক্বাতিসার বলা যায় ॥ ১১ ॥

যে অতিসার-রোগির মল পাকা জামের ন্যায় স্নিগ্ধ কৃষ্ণবর্ণ বিশিষ্ট, যকৃৎখণ্ড তুল্য কৃষ্ণ লোহিত, স্বচ্ছ এবং যাহা ঘৃত, তৈল, বসা, মজ্জা, নিরস্থি-পিষ্ট মাংস,

দুগ্ধ, দধি অথবা মাংসধৌতজলসদৃশ ও কৃষ্ণ বা চাস নামক পক্ষির পক্ষের ন্যায় নীলারুণ বর্ণ, অথবা ঈষৎ কৃষ্ণ-রুক্ষবর্ণ, চিক্কণ, নানাবর্ণ বা ময়ূরপুচ্ছের ন্যায় বিবিধ বর্ণের চন্দ্রকযুক্ত, ঘন, শব-দুর্গন্ধি, মস্তিকান্ত, সুগন্ধ বা ক্রিমিগন্ধ (পচাগন্ধ) ও বহুপরিমিত হয়, সে রোগকে, গতায়ু জানিবে। তৃষ্ণা, দাহ, অন্ধকার দর্শন, শ্বাস, হিক্কা, পার্শ্বশূল, অস্থিশূল, ইন্দ্রিয়মনোমোহ, চিত্তের অস্থিরতা, ইন্দ্রিয়-মোহ, গুহ্যাভ্যন্তরস্থ বলির পাক ও প্রলাপ, এই সকল উপদ্রবযুক্ত অতিসারিকেও ত্যাগ করিবে। এবং যে গুহ্যসংবরণাক্ষম, বলমাংসরহিত, অত্যন্ত উদরাধ্মান যুক্ত, শোথাদি উপদ্রবে উপদ্রুত, এবং যাহার গুহ্য দেশ পাকাতেও গাত্র শীতল, সে অতিসারিকেও ত্যাগ করিবে। অতিসার রোগে যদি শ্বাস, শূল, পিপাসা, বলমাংসক্ষয় ও জ্বর এই সকল উপদ্রব ঘটে এবং রোগী যদি বৃদ্ধ হয়, তাহা হইলে সে বৃদ্ধ রোগী কদাচ রক্ষা পায় না। ইহা দ্বারা বুঝিতে হইবে যে, এই সকল উপদ্রবযুক্ত অতিসার রোগে বালকেরও জীবন সংশয় ॥ ১২ ॥

পৈত্তিক অতিসার হইলে বা হইবার অব্যবহিত পূর্ব্বে যদি অত্যন্ত পিত্তকর দ্রব্য সকল নিরন্তর আহার করা যায়, তাহা হইলে অতি প্রবল রক্তাতিসার জন্মে ॥ ১৩ ॥

প্রবাহিকা (আমাশয় রোগ)।

অহিতাহারে বায়ু প্রকুপিত হইয়া সঞ্চিত কফকে মলের সহিত অল্পে অল্পে বারংবার অধঃ প্রেরণ করে। এই রোগে প্রবাহণ অর্থাৎ কুন্থনদ্বারা সমল কফ নিঃসারিত হয় বলিয়া পণ্ডিতেরা ইহাকে প্রবাহিকা কহিয়া থাকেন ॥ ১৪ ॥

বিরুদ্ধ আহারে বাতাদি দোষত্রয় এবং রক্ত এই চারিটাই কুপিত হইয়া থাকে, তজ্জন্য প্রত্যেকের স্বতন্ত্র স্বতন্ত্র লক্ষণ লিখিত হইতেছে।

প্রবাহিকা রোগ বায়ুজনিত হইলে উদরে অত্যন্ত কামড়ানি, পিত্তজনিত হইলে গাত্রে ও গুহ্যদেশে অতিশয় জ্বালা, কফজনিত হইলে সকফ-মল-নিঃসরণ এবং রক্তজনিত হইলে সরক্ত মল নির্গম হইয়া থাকে। স্নেহ পদার্থ সেবনে কফজা এবং রুক্ষ সেবনে বাতজা প্রবাহিকা উৎপন্ন হয়। আর মূলে "তু" শব্দ প্রয়োগ থাকায় বুঝিতে হইবে যে, পিত্তজা ও রক্তজা প্রবাহিকা উষ্ণ ও তীক্ষ্ণ দ্রব্য সেবন দ্বারা জন্মিয়া থাকে। প্রবাহিকা রোগের রূপ, চিকিৎসাবিধি, আম ও পক্ব লক্ষণ অতিসারের ন্যায় জানিবে * ॥ ১৫ ॥

যখন মল ব্যতিরেকে প্রস্রাব ও অধোবায়ু সম্যক্ প্রকারে স্বতন্ত্র নির্গত এবং অগ্নি প্রদীপ্ত ও কোষ্ঠ লঘু হইবে, তখন জানিবে যে, উদরাময় রোগ নিবৃত্তি পাইয়াছে ॥ ১৬ ॥

অতীসার-নিদান-সমাপ্ত।

---

* অতিসার ও প্রবাহিকা রোগে এই প্রভেদ যে, অতিসার রোগে নানাবিধ দ্রব ধাতু, কিন্তু প্রবাহিকায় কেবল মাত্র কফ ধাতু নিঃসৃত হইয়া থাকে।

গ্রহণীরোগ-নিদান।

অতিসার রোগ নিবৃত্তি পাইয়াছে, কিন্তু অগ্নির বল ভালরূপ হয় নাই এরূপ অবস্থায় যদি কুপথ্য করা হয় তাহা হইলে জঠরাগ্নি অধিকতর দূষিত হইয়া গ্রহণী-নামক নাড়ীকে সর্ব্বতোভাবে দূষিত করে * ॥ ১ ॥

সেই গ্রহণীনাড়ী, অগ্নিমান্দ্য-কুপিত-বাতাদি পৃথক্ পৃথক্ দোষে বা মিলিত ত্রিদোষে দুষ্টা হইয়া, ভুক্ত দ্রব্যকে অপক্ক অবস্থায় অথবা অতি দুর্গন্ধযুক্ত পক্ক অবস্থায় বারংবার নিঃসারিত করে। গ্রহণীরোগে মল কখন বদ্ধ কখন বা তরল হয় এবং উদর ব্যথা করিতে থাকে। গ্রহণী নাড়ী দুষ্ট হইয়া এই রোগ হয় বলিয়া আয়ুর্ব্বেদবেত্তারা ইহাকে গ্রহণীরোগ কহিয়া থাকেন ॥ ২ ॥

তৃষ্ণা, আলস্য, বলক্ষয় ও শরীরের গুরুত্ব এবং অগ্নিমান্দ্য হেতু আহারের বিদগ্ধতা ও বিলম্বে পরিপাক এই সকল লক্ষণ গ্রহণীরোগ উৎপন্ন হইবার পূর্ব্বে দৃষ্ট হইয়া থাকে ॥ ৩ ॥

অতিশয় কটু, তিক্ত, কষায়, রুক্ষ ও সংযোগাদি বিরুদ্ধভোজন (যেমন যুগপৎ ক্ষীর-মৎস্য ভোজন ইত্যাদি) অল্প ভোজন, উপবাস, অধিক পথপর্য্যটন, মল-মূত্রাদির বেগধারণ ও মৈথুন এই সকল কারণে বায়ু কুপিত হইয়া পাচকাগ্নিকে দূষিত করিয়া বাতগ্রহণী নামক রোগ উৎপাদন করে। এই রোগে ভুক্ত দ্রব্য, অতি কষ্টে এবং অম্লরসে পরিপাক পায়। ইহাতে শরীর রুক্ষ, কণ্ঠ ও মুখ শুষ্ক, ক্ষুধা, তৃষ্ণা, দৃষ্টি-দৌর্ব্বল্য, কর্ণে শব্দ বোধ, পার্শ্ব উরু বঙ্ক্ষণ (কুঁচ্‌কিস্থান) ও গ্রীবাদেশে নিরন্তর বেদনা, বিসূচিকা অর্থাৎ ভেদ বমি, হৃৎপীড়া, শরীরের কৃশতা ও দৌর্ব্বল্য, মুখের বিরসতা, গুহ্যদেশে কর্ত্তনবৎ পীড়া, মধুরাদি ষড়্‌বিধ রসযুক্ত দ্রব্য ভোজনেরই স্পৃহা, মনের অবসাদ এবং কাস ও শ্বাস এই সকল লক্ষণ উপস্থিত হয়। বাতগ্রহণীরোগে ভুক্ত দ্রব্যের পরিপাক হইবার সময় বা পরিপাক হইলে উদরাধ্মান হয়। কিন্তু আহার করিলে স্বাস্থ্য বোধ হইয়া থাকে। ইহাতে রোগী সর্ব্বদা বাতগুল্ম, হৃদ্রোগ ও প্লীহা রোগের আশঙ্কা করে এবং কখন দ্রব কখন শুষ্ক অল্প অল্প ফেনাবিশিষ্ট অপক্ক মল, শব্দের সহিত অতি কষ্টে পুনঃপুনঃ বা বিলম্বে বিলম্বে ত্যাগ করে ॥ ৪ ॥

কটু অজীর্ণ বিদাহি (যে আহারে বিদাহ জন্মে) অম্ল ক্ষার লবণ তীক্ষ্ণ ও উষ্ণ দ্রব্য সেবন দ্বারা প্রবৃদ্ধ পিত্ত, প্রতপ্ত জলের ন্যায় অগ্নিকে আপ্লাবিত করিয়া নষ্ট করে † তাহাতেই পিত্তগ্রহণী রোগ জন্মে।

---

* কেহ কেহ বলেন অতিসার রোগ থাকিতে থাকিতেও কিংবা অতিসার না হইয়া প্রথম হইতে যহেতু গ্রহণীনাড়ী কুপিত হইয়া থাকে।

† এস্থলে আপত্তি হইতে পারে যে, পিত্ত আগ্নেয় পদার্থ অথবা পিত্তই অগ্নি, অতএব পিত্তযোগে অগ্নি বর্দ্ধিত না হইয়া কেন বিনষ্ট হয়। তজ্জন্যই বলা হইয়াছে—প্রতপ্ত জল উষ্ণগুণযুক্ত হইয়াও যেমন দ্রবাধিক্যবশতঃ অগ্নিকে নির্ব্বাপিত করিতে সমর্থ হয়, তদ্বৎ দ্রববহুল পিত্তও অগ্নিকে নির্ব্বাপিত করিয়া থাকে।

পিত্তগ্রহণীরোগে রোগী দুর্গন্ধযুক্ত অম্লোদ্গার, হৃৎকণ্ঠের দাহ, অরুচি ও পিপাসায় কাতর হয় এবং নীল বা পীতবর্ণ দ্রব মল ত্যাগ করে। আর তাহার শরীর পীতাভ হইয়া যায় ॥ ৫ ॥

অতিশয় গুরু, স্নিগ্ধ, শীতল, পিচ্ছিল ও মধুরাদি দ্রব্য ভোজন, অতি ভোজন এবং দিবা ভোজনের অব্যবহিত পরেই শয়ন, এই সকল কারণে কফ কুপিত হইয়া অগ্নিকে নষ্ট করিয়া শ্লৈষ্মিকগ্রহণীরোগ উৎপাদন করে। এই শ্লৈষ্মিক গ্রহণীরোগে ভুক্তদ্রব্য অতিকষ্টে পরিপাক হয়। মুখ শ্লেষ্মদ্বারা লিপ্ত ও মিষ্ট হইয়া থাকে। রোগী হৃদয়কে ঘনদ্রব-পদার্থ দ্বারা পূর্ণ বলিয়া মনে করে। এবং কৃশ না হইলেও দুর্ব্বল ও অলস হইয়া থাকে। এতদ্ব্যতীত বমনবেগ, বমন, অরুচি, কাসষ্ঠীবন, পীনস, উদরের স্তব্ধতা ও গুরুতা, বিকৃত ও মধুর উদ্গার, অবসন্নতা, স্ত্রীতে প্রীতির অভাব এবং আম ও শ্লেষ্মাযুক্ত গুরু (যাহা জলে ডুবিয়া যায়) ভাঙ্গা ভাঙ্গা মলভেদ এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ৬ ॥

উপরি উক্ত বাতজাদি গ্রহণীরোগের কারণ ও লক্ষণ সমূহ একত্র মিলিত হইলে সান্নিপাতিক গ্রহণী বলা যায় ॥ ৭ ॥

সংগ্রহ-গ্রহণীরোগের লক্ষণ কথিত হইতেছে। এই রোগে কাহারও মাসান্তর, কাহারও পক্ষান্তর, কাহারও দশাহান্তর, কাহারও বা নিত্য নিত্যই দ্রব, ঘন, শীতল, স্নিগ্ধ, বহুপরিমিত ও পিচ্ছিল অপক্ক মল দম্‌কা ভেদ হয়। ভেদ হইবার কালে শব্দ হয় এবং উদরে ও কটীদেশে মন্দ মন্দ বেদনা হইয়া থাকে, তদ্ব্যতীত অন্ত্রকূজন অর্থাৎ পেটের ডাক, আলস্য, দৌর্ব্বল্য ও অঙ্গাবসাদ এই সকল লক্ষণও উপস্থিত হয়। দিবাভাগে এই রোগের বৃদ্ধি ও রাত্রিতে হ্রাস হয়। সংগ্রহগ্রহণী দুর্বিজ্ঞেয়, দুশ্চিকিৎস্য ও দীর্ঘকালস্থায়ী। আম ও বায়ুর দ্বারা ইহার উৎপত্তি হইয়া থাকে ॥ ৮ ॥

ঘটীযন্ত্র গ্রহণীরোগের লক্ষণ—এই রোগে রোগী শয়ন করিলে তাহার পার্শ্বদ্বয়ে শূলবদ্ বেদনা এবং এক ঘটী হইতে অন্য ঘটীতে জল ঢালাঢালি করিলে যেরূপ শব্দ হয়, রোগির উদরে সেইরূপ শব্দ হইয়া থাকে। এই ঘটীযন্ত্রাখ্য গ্রহণীরোগও অসাধ্য ॥ ৯ ॥

অতীসারের ন্যায় গ্রহণীরোগেও আম ও পক্ক লক্ষণ জানিবে এবং যে সকল লক্ষণ দ্বারা অতিসার রোগ অসাধ্য হয়, সেই সকল লক্ষণ উপস্থিত হইলে গ্রহণীরোগও অসাধ্য হইয়া থাকে। বৃদ্ধের গ্রহণীরোগ তাহার শরীরকে নষ্ট না করিয়া নিবৃত্ত হয় না। বালকের গ্রহণীরোগ সাধ্য এবং যুবকের কৃচ্ছ্রসাধ্য, বৃদ্ধ ব্যক্তির গ্রহণীরোগ হইলে তাহাকে গতায়ু জানিবে ॥ ১০।১১ ॥

গ্রহণীরোগ-নিদান সমাপ্ত।

অর্শোনিদান।

গুহ্য দেশ হইতে ভিতরের দিকে যে একটী স্থূল নাড়ী আছে, তাহার ৪॥০ অঙ্গুলি পরিমিত অংশকে গুদ কহে। সেই গুদনাড়ী শঙ্খাবর্ত্তসদৃশ তিনটি বলিবিশিষ্ট। সর্ব্বনিম্নে অর্দ্ধাঙ্গুলি পরিমিত অংশকে গুদৌষ্ঠ কহে। সেই গুদৌষ্ঠ হইতে এক অঙ্গুলিপরিমিত অংশ, সংবরণী নামে প্রথমা বলি; তাহার উপরে ১॥০ অঙ্গুলি পরিমিত অংশ, বিসর্জ্জনী নামে দ্বিতীয়া বলি; তদূর্দ্ধে ১॥০ অঙ্গুলি পরিমিত অংশ, প্রবাহণী নাম্নী তৃতীয়া বলি। এই বলিত্রয়েই মাংসাঙ্কুর জন্মিয়া থাকে।

অর্শোরোগ ছয় প্রকার। যথা—বাতজ, পিত্তজ, শ্লেষ্মজ, ত্রিদোষজ, রক্তজ ও সহজ (যাহা দেহের উৎপত্তির সহিত উৎপন্ন) ॥ ১ ॥

বাতাদি দোষত্রয়, ত্বক্ মাংস রক্ত ও মেদকে দূষিত করিয়া, গুহ্যদেশে ও নাসা প্রভৃতি স্থানে নানাপ্রকার আকৃতিবিশিষ্ট মাংসাঙ্কুর উৎপাদন করে। এই সকল মাংসাঙ্কুরকেই অর্শঃ কহিয়া থাকে। এই প্রকরণে কেবল গুহ্যার্শোরোগের বিষয় বর্ণিত হইয়াছে ॥ ২ ॥

কষায় কটু তিক্ত রুক্ষ শীতল ও লঘু দ্রব্য আহার, অতি অল্প ভোজন অথবা মাত্রা-হীন ভোজন, তীক্ষ্ণমদ্যপান, অতিমৈথুন, উপবাস, শীতলদেশ এবং হেমন্তাদি শীতকাল, ব্যায়াম, শোক, প্রবলবায়ু ও আতপসেবন এইগুলি বাতার্শোরোগের হেতু ॥ ৩ ॥

কটু অম্ল লবণ ও উষ্ণ দ্রব্য ভোজন; ব্যায়াম, অগ্নি ও রৌদ্রের তাপ; উষ্ণ দেশ ও উষ্ণ কাল; ক্রোধ, মদ্যপান, অসূয়া এবং বিদাহি তীক্ষ্ণ ও উষ্ণবীর্য্য যে সকল পানীয় অন্ন ও ঔষধ, তৎসমস্তই পিত্তোল্বণ অর্শোরোগের হেতু ॥ ৪ ॥

মধুর স্নিগ্ধ শীতল লবণ অম্ল ও গুরুদ্রব্য ভোজন, শারীরিক পরিশ্রম রাহিত্য, দিবানিদ্রা, সুখকর শয্যায় ও সুখজনক আসনে আসক্তি, পূর্ব্ববায়ু বা সম্মুখবায়ু সেবন, শীতলদেশ ও শীতলকাল এবং চিন্তারাহিত্য এই সমস্ত শ্লৈষ্মিক অর্শোরোগের হেতু ॥ ৫ ॥

দোষদ্বয়ের নিদান ও লক্ষণসংযোগে দ্বন্দ্বজ অর্থাৎ বাতপিত্তজ, বাতশ্লেষ্মজ ও পিত্তশ্লেষ্মজ অর্শঃ নির্দ্দেশ করিবে এবং বাতজাদি প্রত্যেক অর্শের যে সকল হেতু উক্ত হইয়াছে, সেই সকল হেতুই ত্রিদোষজ অর্শের জানিবে। এই ত্রিদোষজ অর্শের লক্ষণ, সহজ অর্শের লক্ষণের সমান জানিবে * ॥ ৬ ॥

* সুশ্রুত-গ্রন্থে সহজ অর্শের লক্ষণ এইরূপ লিখিত আছে; যথা— মাংসাঙ্কুর সকল দুর্দ্দর্শন, কর্কশ, অরুণ বা পাণ্ডুবর্ণ ও বিকট অন্তর্মুখ-বিশিষ্ট হয়। রোগী কৃশ, অল্পাহারী, শিরাব্যাপ্তদেহ, অল্পপ্রজ, ক্ষীণরেতাঃ, ক্ষীণস্বর, ক্রোধালু, অল্পাগ্নি এবং চক্ষুঃ কর্ণ নাসিকা ও শিরোরোগে পীড়িত, তদ্ভিন্ন অন্ত্রকূজন, আটোপ, হৃদয়লেপ ও অরুচি প্রভৃতি উপদ্রব দ্বারা উপদ্রুত হইয়া থাকে।

বাতোদ্ভব অর্শঃ স্রাবরহিত, চিমি চিমি বেদনাবিশিষ্ট, ম্লানভাবাপন্ন, ধূম্র বা অরুণ বর্ণ, কঠিন, অপিচ্ছিল (ধূলিস্পর্শবৎ), কর্কশ (গোজিহ্বাস্পর্শবৎ), খর (কাঁকরোল-ফলবৎ সূক্ষ্ম সূক্ষ্ম কণ্টকাকীর্ণ), পরস্পর বিভিন্নরূপ, বক্র, তীক্ষ্ণাগ্র ও স্ফুটিত-মুখ হইয়া থাকে। ইহাদের কাহারও আকার তেলাকুচ ফলের বা খর্জ্জুরের ন্যায়, কাহারও আকার কুলের ন্যায়, কাহারও আকার বনকার্পাসীফলের ন্যায়, কাহারও আকার কদম্বপুষ্পের ন্যায়, কাহারও আকার বা শ্বেতসর্ষপের ন্যায় হইয়া থাকে।

বাতার্শোরোগে—মস্তক, পার্শ্ব, স্কন্ধ, কটী, উরু ও বঙ্ক্ষণ প্রভৃতিতে অত্যন্ত বেদনা, হাঁচি, উদ্গার, উদরভার, বক্ষোবেদনা, অরুচি, কাস, শ্বাস, অগ্নি-বৈষম্য, কর্ণনাদ ও ভ্রম এই সকল লক্ষণ প্রকাশিত হইয়া থাকে। ইহাতে আমাশয় রোগের লক্ষণ উপস্থিত হয়। এবং পিচ্ছিল, ফেনবিশিষ্ট, বদ্ধ গুটলে মল অল্প অল্প নির্গত হয়। মলত্যাগ কালে অত্যন্ত যাতনা ও শব্দ হইয়া থাকে। পীড়িত ব্যক্তির ত্বক্, নখ, মল, মূত্র, নেত্র ও বক্ত্র কৃষ্ণবর্ণ হয়। পরে এই পীড়া হইতে গুল্ম, প্লীহা, উদর (উদরী) ও অষ্ঠীলারোগ জন্মিতে পারে॥ ৭। ৮॥

পিত্তোদ্ভব অর্শের মাংসাঙ্কুর সকল নীলাগ্র, রক্ত পীত বা কৃষ্ণবর্ণ, তরলরক্ত-স্রাবী, আমগন্ধি, অল্পপরিমিত, কোমল ও লম্ববান্, শুকের জিহ্বা যকৃতের খণ্ড বা জোঁকের মুখের ন্যায় আকৃতিবিশিষ্ট, যবের ন্যায় মধ্যস্থূল ও উষ্মবিশিষ্ট। ইহাতে দাহ, পাক, জ্বর, ঘর্ম্মাগম, তৃষ্ণা, মূর্চ্ছা, অরুচি ও মোহ উপস্থিত হয় এবং নীল, পীত বা রক্তবর্ণ তরল উষ্ণ অপক্ব মল ভেদ হইয়া থাকে। রোগির ত্বক্, নখ মল, নেত্র ও বক্ত্র, হরিত পীত (হরিতাল) বা হরিদ্রাবর্ণ হয়॥ ৯॥

শ্লেষ্মোদ্ভব অর্শের অঙ্কুর সকল মহামূল (ইহাদের মূল অনেক দূর পর্য্যন্ত অবগাহন করে), ঘন অর্থাৎ নিবিড়াবয়ব, অল্পবেদনাবিশিষ্ট, শ্বেতবর্ণ, দীর্ঘা-কৃতি, স্থূল, তৈলাভ্যক্তবৎ স্নিগ্ধ, অনম্র, বর্ত্তুলাকৃতি, গুরুদ্রব্যাক্রান্তবৎ ভারী, নিশ্চল, পিচ্ছিল, আর্দ্রবস্ত্রাচ্ছাদিতবৎ অনুভূত, মসৃণ, অত্যন্তকণ্ডুবিশিষ্ট ও সুখ-স্পর্শ; ইহাদের আকার বংশাঙ্কুর, কাঁঠালবীজ বা গোস্তনসদৃশ। এই অর্শে বঙ্ক্ষণদ্বয়ে বন্ধনবৎ পীড়া এবং গুহ্যদেশে বস্তিতে ও নাভিস্থানে আকর্ষণবৎ বেদনা, শ্বাস, কাস, বমনবেগ, মুখস্রাব বা গুহ্যস্রাব, অরুচি, পীনস, মেহ, মূত্র-কৃচ্ছ্র, মস্তকের জড়তা, শীতজ্বরোৎপত্তি, ক্লীবতা, অগ্নিমান্দ্য, বমি, অতিসার-গ্রহণ্যাদি আমবহুল পীড়ার উৎপত্তি, এবং প্রবাহিকা লক্ষণাক্রান্ত, বসাসদৃশ কফমিশ্রিত বহু মল নির্গম, এই সকল লক্ষণ দৃষ্ট হয়। ইহা হইতে ক্লেদ-রক্তাদি স্রাব হয় না এবং মলের কাঠিন্য থাকাতেও অর্শের অঙ্কুর সকল বিদীর্ণ হয় না। রোগির ত্বক্ ও মলাদি তৈলাভ্যক্তবৎ স্নিগ্ধ ও পাণ্ডুবর্ণ হইয়া থাকে॥ ১০॥

বাতিক পৈত্তিক ও শ্লৈষ্মিক অর্শের যে সকল লক্ষণ লিখিত হইয়াছে, সান্নি-পাতিক ও সহজ অর্শেও সেই সকল লক্ষণ সংঘটিত হইয়া থাকে॥ ১১॥

রক্তার্শের লক্ষণ, পিত্তার্শোলক্ষণের ন্যায় জানিবে। ইহার মাংসাঙ্কুর সকলের আকৃতি বটাঙ্কুরসদৃশ, বর্ণ কুঁচ বা প্রবালের ন্যায় লোহিত, ইহারা মলের কাঠিন্যবশতঃ পেষিত হইলে, সহসা অধিক পরিমাণে দুষ্ট ও উষ্ণ রক্তস্রাব করে এবং সেই রক্তের অতিস্রাবহেতু রোগী ভেকবৎ পীতবর্ণ ও রক্তক্ষয়-জনিতরোগে পীড়িত এবং বিবর্ণ, কৃশ, হীনোৎসাহ, দুর্ব্বল ও বিকৃতেন্দ্রিয় হইয়া থাকে। ইহাতে মল শ্যাববর্ণ কঠিন ও রুক্ষ হয় এবং অধোবায়ু নির্গত হয় না॥ ১২॥

রক্তার্শঃ যদি রুক্ষ হেতু হইতে উৎপন্ন হইয়া থাকে এবং রক্ত যদি পাতলা অরুণবর্ণ ও ফেনযুক্ত হয়, আর যদি কটি উরু ও গুহ্য দেশে বেদনা এবং শারীরিক দৌর্ব্বল্য অধিক থাকে, তাহা হইলে সেই রক্তার্শে বায়ুর অনুবন্ধ আছে জানিবে।

আর রক্তার্শঃ যদি গুরু স্নিগ্ধ হেতু হইতে উৎপন্ন হইয়া থাকে এবং মল যদি শিথিল শ্বেত বা পীতবর্ণ, স্নিগ্ধ গুরু ও শীতল হয়, রক্ত যদি ঘন, তন্তুবিশিষ্ট, পাণ্ডুবর্ণ ও পিচ্ছিল হয়, আর গুহ্যদেশ যদি পিচ্ছিল ও স্তিমিত হয়, তাহা হইলে সেই রক্তার্শে শ্লেষ্মানুবন্ধ আছে, বুঝিতে হইবে *॥ ১৩॥

অর্শোরোগ উৎপন্ন হইবার পূর্ব্বে এই সকল লক্ষণ প্রকাশিত হইয়া থাকে। যথা—ভুক্তদ্রব্য পরিপাক না হওয়ায় উদর ভার, দৌর্ব্বল্য, কুক্ষিতে গুড় গুড় শব্দোৎপত্তি, কৃশতা, উদ্গার-বাহুল্য, জঙ্ঘার অবসাদ, অসম্যক্‌মলনির্গম এবং গ্রহণী, পাণ্ডু ও উদররোগ উৎপন্ন হইবার আশঙ্কা॥ ১৪॥

প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান এই পঞ্চাত্মা বায়ু; আলোচক, রঞ্জক, সাধক, পাচক ও ভ্রাজক এই পঞ্চাত্মক পিত্ত; অবলম্বক, ক্লেদক, বোধক, তর্পক ও শ্লেষক এই পঞ্চাত্মক কফ এবং গুহ্যস্থ প্রবাহণী, বিসর্জ্জনী ও সংবরণী নামক বলিত্রয় এই সমস্তই কুপিত হইয়া অর্শোরোগ উৎপাদন করে, তজ্জন্যই অর্শোরোগ অতি কষ্টদায়ক, বহুরোগোৎপাদক, সর্ব্বদেহপীড়ক এবং প্রায় কষ্টসাধ্যতম হইয়া থাকে॥ ১৫॥

বাহ্যবলিতে জাত, একদোষোল্বণ, অচিরোৎপন্ন অর্থাৎ বর্ষাভ্যন্তর-জাত অর্শঃ সকল সুখসাধ্য।

মধ্যবলিতে জাত বা বর্ষাতীত অথবা দ্বিদোষোল্বণ অর্শঃ সকল কষ্টসাধ্য।

আজন্মজাত বা সান্নিপাতিক, কিংবা অভ্যন্তর বলিতে উৎপন্ন অর্শঃ সকল অসাধ্য॥ ১৬॥

যদি আয়ুর কিঞ্চিৎ শেষ ও কায়াগ্নির বল থাকে এবং যদি উপযুক্ত চিকিৎসক, উপযুক্ত ঔষধ, উপযুক্ত পরিচারক ও নিয়মাদিপালনক্ষম রোগী, এই পাদচতুষ্টয়ের সংযোগ হয়, তাহা হইলে অর্শোরোগ যাপ্য নতুবা অসাধ্য জানিবে॥ ১৭॥

* পিত্তানুবন্ধ রক্তার্শের লক্ষণ এস্থানে বলিবার প্রয়োজন নাই; কারণ পূর্ব্বেই উক্ত হইয়াছে যে, রক্তার্শঃ পিত্তার্শোলক্ষণযুক্ত, সেই পিত্তার্শোলক্ষণ দ্বারাই পিত্তানুবন্ধ বুঝিবে।

যে অর্শোরোগির হস্তে পদে মুখে নাভিতে গুহ্যদেশে ও বৃষণদ্বয়ে (অণ্ড-কোষে) শোথ এবং হৃদয়ে ও পার্শ্বদেশে শূলবদ্ বেদনা হয়, সে রোগী ত্যাজ্য (হস্তপদাদিশোথ একত্র সংঘটিত হইলে অসাধ্য জানিবে) এবং যাহার হৃদয়ে ও পার্শ্বদেশে শূল, মূর্চ্ছা, বমি, সর্ব্বাঙ্গবেদনা, জ্বর, তৃষ্ণা ও গুহ্যপাক এই সকল উপদ্রব উপস্থিত হয়, সে অর্শোরোগিকেও গতায়ু জানিবে। আর তৃষ্ণা, অরুচি, শূল, অত্যন্ত রক্তস্রাব, শোথ ও অতিসার এই উপদ্রব গুলিকেও অরিষ্ট লক্ষণ বলিয়া জানিবে (হৃৎপার্শ্বশূলাদি লক্ষণগুলি মিলিত বা স্বতন্ত্র স্বতন্ত্রও মারাত্মক হয়)॥ ১৮॥

লিঙ্গাদিস্থানে ও নাভিতে যে অর্শের অঙ্কুর হয়, তাহার আকার কেঁচোর মুখসদৃশ এবং তাহা পিচ্ছিল ও কোমল। ইহারাও গুহ্যার্শের ন্যায় বাতাদিভেদে ভিন্ন ভিন্ন লক্ষণাক্রান্ত হইয়া থাকে॥ ১৯॥

ব্যান বায়ু কফকে আশ্রয় করিয়া ত্বকের উপরে কীল (গোঁজ) সদৃশ, নিশ্চল, কর্কশ, মাংসাঙ্কুর উৎপাদন করে—তাহাকে চর্ম্মকীল কহে। তাহা বাতজ হইলে সূচীবেধবদ্ বেদনা বিশিষ্ট ও কর্কশ; পিত্তজ হইলে কৃষ্ণবর্ণ মুখ এবং শ্লেষ্মজ হইলে স্নিগ্ধ, গ্রন্থিল ও ত্বক্‌সমবর্ণ হইয়া থাকে॥ ২০।২১॥

অর্শোনিদান সমাপ্ত।

অগ্নিমান্দ্য, অজীর্ণ, বিসূচিকা, অলসক ও বিলম্বিকা নিদান।

দোষের তারতম্যানুসারে জঠরাগ্নি চারি প্রকার হইয়া থাকে, অর্থাৎ কফের আধিক্যে মন্দাগ্নি, পিত্তের আধিক্যে তীক্ষ্ণাগ্নি ও বায়ুর আধিক্যে বিষমাগ্নি এবং বায়ু পিত্ত ও কফ এই দোষত্রয়ের সাম্যাবস্থায় সমাগ্নি হয়॥ ১॥

জঠরাগ্নি বিষম হইলে বাতজনিত, তীক্ষ্ণ হইলে পিত্তজনিত ও মন্দ হইলে কফজনিত রোগ সকল আনয়ন করে॥ ২॥

যে অগ্নিদ্বারা পরিমিত আহার সম্যগ্‌রূপে পরিপাক হয়, তাহাকে সমাগ্নি; যাহা দ্বারা অত্যল্প আহারও সম্যক্ পরিপাক হয় না, তাহাকে মন্দাগ্নি; এবং যাহা দ্বারা আহার কখন সম্যগ্‌রূপে পরিপাক হয়, কখন বা হয় না, তাহাকে বিষমাগ্নি, আর যাহা দ্বারা পরিমিত বা অপরিমিত আহার অনায়াসেই পরিপাক হয়, তাহাকে তীক্ষ্ণাগ্নি * কহে। উল্লিখিত চারি প্রকার অগ্নির মধ্যে সমাগ্নিই শ্রেষ্ঠ॥ ৩॥

---

* তীক্ষ্ণাগ্নি অতি প্রবল হইলেই তাহাকে ভস্মকাগ্নি কহে। মনুষ্যের কফ অতিশয় ক্ষীণ হইলে পিত্ত কুপিত ও বাতানুগত হইয়া স্বকীয় উষ্মদ্বারা অগ্নিস্থানে অগ্নির বল প্রদান করে। এইরূপে সবাতজঠরাগ্নি লব্ধ-বল হইয়া দেহকে বিকৃত এবং স্বকীয় অতিতীক্ষ্ণতা দ্বারা মুহুর্মুহুঃ ভুক্ত অন্নকে পরিপাক করিয়া ফেলে। রোগী যত বার যত আহার করে, ভস্মাগ্নি দ্বারা তৎক্ষণাৎ সেই ভুক্তান্ন

প্রধানতঃ অজীর্ণ তিন প্রকার। কফপ্রকোপহেতু আমাজীর্ণ, পিত্তপ্রকোপ হেতু বিদগ্ধাজীর্ণ এবং বায়ুপ্রকোপহেতু বিষ্টব্ধাজীর্ণ হয়। আর কেহ কেহ রসশেষ-হেতু রসশেষাজীর্ণ নামে আর এক প্রকার অজীর্ণও স্বীকার করিয়া থাকেন। পরিপক্ক ভুক্তদ্রব্যের সারভূত দ্রব পদার্থকে রস কহে। এই রস পরিপাক প্রাপ্ত হইয়া রক্তাদিরূপে পরিণত হয়, যদি সমুদায় আহার-রস জীর্ণ না হইয়া তাহার কিয়দংশ অবশিষ্ট থাকে, তাহা হইলে সেই অপরিপক্ক রসশেষ দ্বারা রসশেষাজীর্ণ নামে চতুর্থ প্রকার অজীর্ণরোগ উপস্থিত হয়। অর্থাৎ আমবিদগ্ধাদি অজীর্ণত্রয় অন্নজ ; রসশেষাজীর্ণ আহার-রসজ। আহারের পরিমাণ, কাল ও সাত্ম্যাদির ব্যতিক্রম ঘটিলে, ভুক্তদ্রব্য উপযুক্ত সময়ে পরিপাক প্রাপ্ত না হইয়া সমস্ত দিবা-রাত্রে জীর্ণ হয়, ইহাকেই দিনপাকি নামে পঞ্চম অজীর্ণ কহে। এই অজীর্ণরোগে উদরাধ্মানাদি উপদ্রব উপস্থিত হয় না।

কেহ কেহ বলেন—প্রতিদিন ভুক্তদ্রব্য যে পর্য্যন্ত না পরিপাক প্রাপ্ত হয়, সে পর্য্যন্ত তাহাকেও অজীর্ণ বলা যাইতে পারে। কিন্তু ইহা (প্রাকৃত প্রতিবাসর নামক ষষ্ঠ অজীর্ণ) অবৈকারিক, অর্থাৎ উদরাধ্মানাদি পীড়াকর নহে। যাহা হউক, এই শেষোক্ত পঞ্চম ও ষষ্ঠ অজীর্ণদ্বয়কে রোগ মধ্যে পরিগণিত না করিলেও চলে, তবে রাত্রিভোজন নিষেধার্থ পঞ্চমাজীর্ণ ও বামপার্শ্বে শয়নাদি সুখপরিপাকোপ-যোগী নিয়ম সকল প্রতিপালন জন্য এই ষষ্ঠাজীর্ণ কথিত হইয়াছে ॥ ৪ ॥

অধিক জলপান, বিষম ভোজন (অল্প ভোজন বহু ভোজন বা অসময়ে ভোজন), মলমূত্রাদির বেগধারণ, দিবানিদ্রা ও রাত্রিজাগরণ এই সকল কারণে অজীর্ণ রোগ উপস্থিত হয়। এই রোগ উপস্থিত হইলে, তখন উপযুক্ত সময়ে দেহানুকূল লঘু আহারও পরিপাক প্রাপ্ত হয় না ॥ ৫ ॥

পূর্ব্বোক্ত অজীর্ণ সমূহের মধ্যে আমাজীর্ণ রোগে দেহের গুরুতা, বমনবেগ, গণ্ড ও অক্ষিগোলকে শোথ এবং যথাভুক্ত অবিদগ্ধ উদ্গার অর্থাৎ আহারানুরূপ মধুরাদি উদ্গার এই সকল লক্ষণ উপস্থিত হয়। বিষ্টব্ধাজীর্ণরোগে শূল, উদরাধ্মান, বাতকৃত বিবিধ পীড়া, মল ও বায়ুর অনির্গম, স্তব্ধতা, মূর্চ্ছা ও অঙ্গবেদনা এই সকল লক্ষণ প্রকাশিত হয়। বিদগ্ধাজীর্ণে ভ্রম, তৃষ্ণা, মূর্চ্ছা, পিত্তকৃত নানাবিধ পীড়া, ধূমনির্গমবৎ অম্লোদ্গার, ঘর্ম্ম ও দাহ এই সকল লক্ষণ দৃষ্ট হয়। রসশেষাজীর্ণে অন্নবিদ্বেষ এবং হৃদয়ের অশুদ্ধি ও গুরুতা হইয়া থাকে ॥ ৬ ॥

অজীর্ণ হইতে মূর্চ্ছা, প্রলাপ, বমি, মুখস্রাব, অবসন্নতা ও ভ্রম এই সকল উপদ্রব সঞ্জাত হয়। অতি প্রবৃদ্ধ অজীর্ণে মৃত্যুপর্য্যন্তও ঘটিয়া থাকে ॥ ৭ ॥

ভস্মীভূত হইয়া যায়। এবং অন্নপাকানন্তর অন্য পাচ্য দ্রব্যের অভাবে রক্তাদি ধাতু সমুদায়কেও পাক করিতে থাকে। সুতরাং রোগী ক্রমশঃ দুর্ব্বল ও নানাবিধ রোগে আক্রান্ত হইয়া মৃত্যুমুখে পতিত হয়। এই রোগে রোগী আহার করিলেই ক্ষণিক স্বাস্থ্য অনুভব করে, কিন্তু জীর্ণমাত্রেই অত্যগ্নিহেতু অসহ্য তৃষ্ণা, কাস, দাহ ও মূর্চ্ছায় কাতর হইয়া পড়ে।

লোভপরায়ণ ঔদরিক ও পশুবুদ্ধি যে সকল ব্যক্তি অপরিমিত আহার করে; তাহারাই নানারোগের মূলস্বরূপ অজীর্ণরোগে আক্রান্ত হয় ॥ ৮ ॥

আম বিষ্টব্ধ ও বিদগ্ধ এই যে তিন প্রকার অজীর্ণের উল্লেখ হইল, ইহাদিগের হইতেই বিসূচী, অলসক ও বিলম্বিকা রোগ উৎপন্ন হইয়া থাকে ॥ ৯ ॥

বিসূচীর নিরুক্তি ;—এই পীড়ায় অজীর্ণবশতঃ বায়ু অতি কুপিত হইয়া গাত্র সকলকে অন্যান্য বেদনা অপেক্ষা সূচীবেধবৎ বেদনায় অধিকতর অস্থির করে বলিয়া, বৈদ্যেরা ইহাকে বিসূচী নামে ব্যাখ্যা করিয়া থাকেন। চলিত ভাষায় ইহাকে ওলাউঠা কহে। আয়ুর্ব্বেদশাস্ত্রজ্ঞ পরিমিতাহারী ব্যক্তিগণের এই রোগ হয় না। যাহারা ভক্ষ্যাভক্ষ্যানভিজ্ঞ অজিতেন্দ্রিয় ও অশনলোলুপ, তাহা-দেরই ইহা হইয়া থাকে ॥ ১০ ॥

মূর্চ্ছা, ভেদবমি, পিপাসা, শূলবদ্‌বেদনা, ভ্রম, হস্তপদে খালি ধরা, জৃম্ভা (হাই), গাত্রদাহ, বিবর্ণতা, কম্প, বক্ষোবেদনা ও শিরঃশূল, এইগুলি বিসূচীরোগের লক্ষণ ॥ ১১ ॥

অলসক রোগে কুক্ষিতে অতি কষ্টদায়ক আধ্মান উপস্থিত হয়, রোগী যাতনায় আর্ত্তনাদ করে ও মূর্চ্ছা যায় এবং অজীর্ণবশতঃ কুক্ষিদেশস্থ বায়ু, অধঃপ্রতিরুদ্ধগতি হইয়া উপরিভাগে অর্থাৎ হৃদয় ও কণ্ঠাদি স্থানে বিচরণ করে। এই রোগে মল মূত্র বিশেষরূপে নিরুদ্ধ হইয়া থাকে এবং তৃষ্ণা ও উদ্গার হয়। ভুক্ত দ্রব্য অধঃ বা উর্দ্ধে গমন করিতে না পারিয়া অপকাবস্থায় আমাশয়েই অলসীভূত হইয়া থাকে বলিয়া, এই ব্যাধিকে অলসক কহে * ॥ ১২ ॥

যে রোগে ভুক্তান্ন, কুপিত বায়ু ও কফদ্বারা দুষ্ট হইয়া ঊর্দ্ধ বা অধঃ কোন দিক্ দিয়াই নির্গত হয় না, প্রাচীন পণ্ডিতেরা তাহাকেই বিলম্বিকা রোগ কহিয়া থাকেন। ইহা অতি দুশ্চিকিৎস্য ॥ ১৩ ॥

অজীর্ণ হেতু উৎপন্ন আম (অপক্ক অন্নরস) শরীরের যে স্থানে অবস্থিতি করে, সেই স্থানে বাতাদিদোষ তোদদাহাদি দ্বারা বিশেষরূপে পীড়া দেয় অর্থাৎ শরীর যদি দুষ্ট বায়ু দ্বারা ব্যাপ্ত হয়, তাহা হইলে তোদাদি (সূচীবেধবৎ বেদনাদি) বাতলক্ষণ দ্বারা; পিত্তদ্বারা ব্যাপ্ত হইলে দাহাদি পিত্তলক্ষণদ্বারা, কফদ্বারা ব্যাপ্ত হইলে গৌরবাদি কফলক্ষণ দ্বারা পীড়া দিয়া থাকে এবং সেই সঙ্গে

* দণ্ডালসক রোগে বায়ুর প্রাধান্য থাকিলে কম্প, গাত্রঘূর্ণন, আনাহ ও শূল ; পিত্তের প্রাধান্য থাকিলে জ্বর, অতিসার, দাহ ও ঘর্ম্মাদি ; কফের প্রাধান্য থাকিলে দেহের গুরুতা, বমি বাগ্‌রোধ ও নিষ্ঠীবন হয়, এবং বাতাদি দোষত্রয়েরই প্রকোপ থাকিলে বমন ও মল রেচন একেবারে বন্ধ হইয়া যায়, তীব্র শূলাদি উপস্থিত হয় ও স্রোতঃ সকল রুদ্ধ হইয়া থাকে। এই রোগে দোষত্রয় তির্য্যগ্‌গত হইয়া শরীরকে দণ্ডবৎ স্তব্ধ করে, তজ্জন্য ইহাকে দণ্ডালসক কহে। দণ্ডালসক রোগ অসাধ্য।

আমসমুদ্ভূত অপাক অলসকাদি বিকার সমূহ উৎপাদন করিয়াও রোগিকে যন্ত্রণা দেয় ॥ ১৪ ॥

বিসূচী ও অলসক রোগে যদি রোগির দন্ত, ওষ্ঠ ও নখ শ্যাববর্ণ, সংজ্ঞা লুপ্তপ্রায়, অত্যন্ত বমি, নেত্রদ্বয় কোটরগত, স্বর অতিক্ষীণ এবং সন্ধি সকল শিথিল হয়, তাহা হইলে রোগির মৃত্যু অনিবার্য্য ॥ ১৫ ॥

নিদ্রানাশ, চিত্তের অস্থিরতা, কম্প, মূত্রাঘাত ও সংজ্ঞাহীনতা, বিসূচী রোগে এই পাঁচটি ভয়ঙ্কর উপদ্রব ॥ ১৬ ॥

উদ্গারশুদ্ধি (ধূমাম্লাদিরাহিত্য), উৎসাহ (শরীর ও মনের বল) যথোচিত মলমূত্রের বেগ ও নির্গম, দেহের বিশেষতঃ কোষ্ঠের লঘুতা ক্ষুধা ও পিপাসার যথোচিত উদয়, এই গুলি জীর্ণাহারের লক্ষণ ॥ ১৭ ॥

অগ্নিমান্দ্য-অজীর্ণ-বিসূচিকাদি-নিদান সমাপ্ত।

ক্রিমি-নিদান।

বাহ্য ও অভ্যন্তর ভেদে, প্রধানতঃ ক্রিমি দুই প্রকার অর্থাৎ কতকগুলি বাহ্য ক্রিমি, কতকগুলি আভ্যন্তর ক্রিমি, এবং জন্ম-ভেদে তাহাদিগকে চারি ভাগে বিভক্ত করা যাইতে পারে। যথা—বহির্মলোৎপন্ন, কফোৎপন্ন, রক্তোৎপন্ন, পুরীষোৎপন্ন ক্রিমি। আর নামভেদে তাহারা বিংশতি প্রকারে পরিগণিত হইতে পারে। এই বিংশতি প্রকার নাম ক্রমশঃ বলা যাইতেছে।

বাহ্য ক্রিমি সকল গাত্রমল ও স্বেদ হইতে উৎপন্ন, ইহাদের পরিমাণ, আকৃতি ও বর্ণ তিলের ন্যায়। ইহারা যূক ও লিক্ষা নামে অভিহিত। যূকগণ বহুপাদবিশিষ্ট কৃষ্ণবর্ণ ও কেশাশ্রয়ী এবং লিক্ষা সকল সূক্ষ্ম, শ্বেতবর্ণ এবং বস্ত্রাশ্রয়ী। এই বাহ্য ক্রিমিদ্বয় কোঠ, পিড়কা, কণ্ডূ ও গণ্ডরোগ উৎপাদন করে ॥ ১ ॥

অজীর্ণে ভোজন, নিত্য মধুর ও অম্লরস ভোজন, দ্রবদ্রব্যের অতিপান, পিষ্টক ও গুড় ভোজন, ব্যায়াম পরিবর্জ্জন, দিবানিদ্রা এবং মিলিত ক্ষীরমৎস্যাদি বিরুদ্ধভোজন এই সকল কারণে আভ্যন্তর ক্রিমি জন্মিয়া থাকে ॥ ২ ॥

মাষ, পিষ্টক, অম্ল, লবণ, গুড় ও শাক ভক্ষণে পুরীষজ ক্রিমি; মাংস, মৎস্য, গুড়, ক্ষীর, দধি ও শুক্ত (আচার বিশেষ) ভোজনে কফজ ক্রিমি; এবং ক্ষীরমৎস্যাদি বিরুদ্ধভোজন, অজীর্ণভোজন ও শাকাদিভোজনে রক্তজ ক্রিমি জন্মে ॥ ৩ ॥

আভ্যন্তর ক্রিমি সকল জন্মিলে জ্বর, বিবর্ণতা, শূল, হৃদ্রোগ, অবসাদ, ভ্রম, অন্নদ্বেষ ও অতিসার এই সকল লক্ষণ প্রকাশিত হয় ॥ ৪ ॥

কফজনিত ক্রিমি সকল আমাশয়ে জাত ও পরিবর্দ্ধিত হইয়া উদরের ইতস্ততঃ বিচরণ করে। ইহাদের কতকগুলি স্থূল, কতকগুলি চর্ম্মলতাসদৃশ, কতকগুলি কিঞ্চুলুক (কেঁচো) সদৃশ, কতকগুলি ধান্যাঙ্কুরের ন্যায়, কতকগুলি সূক্ষ্ম অথচ দীর্ঘাকৃতি, কতকগুলি অতি ক্ষুদ্র, কতকগুলি শ্বেতবর্ণ, কতকগুলি তাম্রবর্ণ। ইহারা নামভেদে সপ্তবিধ, যথা—অন্ত্রাদ, উদরাবেষ্ট, হৃদয়াদ, মহাগুদ, চুরু, দর্ভকুসুম ও সুগন্ধ। কফজ ক্রিমি জন্মিলে বমনবেগ, মুখ হইতে জলস্রাব, অপাক, অরুচি, মূর্চ্ছা, বমি, জ্বর, আনাহ (বায়ু কর্ত্তৃক উদর ও মলমূত্র আকৃষ্ট হইয়া থাকা), কৃশতা, হাঁচি ও পীনস এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ৫।৬ ॥

রক্তজ ক্রিমি সকল, রক্তবাহি-শিরায় অবস্থিতি করে। ইহারা অতি সূক্ষ্ম, পাদ-রহিত, গোলাকার ও তাম্রবর্ণ. ইহাদের মধ্যে কতকগুলি এরূপ সূক্ষ্ম যে দৃষ্টির গোচর হয় না। ইহারা নাম ভেদে ছয় প্রকার, যথা—কেশাদ, রোমবিধ্বংস, রোমদ্বীপ, উড়ুম্বর, সৌরসনামা ও মাতৃনামা। একমাত্র কুষ্ঠোৎপাদনই ইহাদের প্রধান কর্ম্ম ॥ ৭ ॥

পুরীষজ ক্রিমিগণ পক্কাশয়ে জন্মে। ইহারা অধোগমনশীল, কিন্তু যখন অতিপ্রবৃদ্ধ হইয়া আমাশয়ের দিকে উত্থানোন্মুখ হয়, তখন রোগির উদ্গার ও নিশ্বাসে বিষ্ঠার গন্ধ অনুভূত হইয়া থাকে। ইহাদের কতকগুলি পৃষ্ঠাকৃতি, কতকগুলি গোলাকার, কতকগুলি সূক্ষ্ম ও কতকগুলি স্থূল, এবং কেহ শ্যাব, কেহ পীত, কেহ শ্বেত, কেহ বা কৃষ্ণবর্ণ। নামভেদে তাহারা পাঁচ প্রকার, যথা—ককেরুক, মকেরুক, সৌসুরাদ, সশূলাখ্য ও লেলিহ। ইহারা বিমার্গগামী হইলে মলভেদ, শূল, উদরের স্তব্ধতা, কৃশতা. পরুষতা, পাণ্ডুবর্ণতা, রোমাঞ্চ, অগ্নিমান্দ্য ও গুহ্যদেশে কণ্ডু এই সকল উপদ্রব উপস্থিত হয় ॥ ৮ ॥

ক্রিমি-নিদান সমাপ্ত।

পাণ্ডু, কামলা, কুম্ভকামলা ও হলীমক-নিদান।

পাণ্ডুরোগ পাঁচপ্রকার। যথা—বাতজ, পিত্তজ, কফজ, সন্নিপাতজ ও মৃদ্ভক্ষণজ ॥ ১ ॥

ব্যায়াম (ব্যায়াম স্থলে ব্যবায় এই পাঠও দৃষ্ট হয়, ব্যবায় অর্থাৎ মৈথুন), অম্ল, লবণ, মদ্য, মৃত্তিকা, দিবানিদ্রা, তীক্ষ্ণবীর্য দ্রব্য (লঙ্কা মরিচ ও রাইসর্ষপাদি) এই সকল বাহুল্যরূপে সেবন করিলে বাতাদি দোষত্রয় রক্তকে দূষিত করিয়া ত্বক্‌কে পাণ্ডুবর্ণ করে ॥ ২ ॥

পাণ্ডুরোগ উপস্থিত হইবার পূর্ব্বে ত্বকের স্ফুটন (ফাটা ফাটা), মুখ দিয়া জল উঠা, শরীরের অবসন্নতা, মৃদ্ভক্ষণের ইচ্ছা, অক্ষিগোলকে শোথ, মলমূত্রের পীতবর্ণতা ও অপাক এই সকল লক্ষণ ঘটিয়া থাকে ॥ ৩ ॥

বাতজ পাণ্ডুরোগে ত্বক্‌ মূত্র ও নয়নাদি রুক্ষ কৃষ্ণ বা অরুণ বর্ণ হয় এবং কম্প, সূচীবেধবদ্‌ বেদনা, আনাহ ও ভ্রম প্রভৃতি লক্ষণ উপস্থিত হইয়া থাকে ॥ ৪ ॥

পৈত্তিক পাণ্ডুরোগে সমস্ত দেহ এবং মল মূত্র ও নেত্র পীত বর্ণ হয়। ইহাতে দাহ, তৃষ্ণা, জ্বর ও ভাঙ্গামল-নির্গম এই সকল লক্ষণ সংঘটিত হইয়া থাকে ॥ ৫ ॥

শ্লেষ্মজ পাণ্ডুরোগে মুখ ও নাসিকা হইতে জলস্রাব, শোথ, তন্দ্রা, আলস্য, দেহের অতি গুরুতা এবং ত্বক্‌ মূত্র নয়ন ও আনন শুক্লবর্ণ হয় ॥ ৬ ॥

সান্নিপাতিক পাণ্ডুরোগে, উক্ত বাতাদিলক্ষণ সকল সংঘটিত হয়। ইহাতে জ্বর, অরুচি, বমির বেগ, বমি, তৃষ্ণা, ক্লান্তি, ক্ষীণতা এবং ইন্দ্রিয়শক্তিনাশ এই সকল উপদ্রব ঘটিলে রোগিকে ত্যাগ করিবে ॥ ৭ ॥

মৃত্তিকাভক্ষণশীল ব্যক্তির বাতাদিদোষত্রয়ের মধ্যে কোন একটি দোষ কুপিত হয় অর্থাৎ কষায়রসবিশিষ্ট মৃত্তিকা বায়ুকে, ক্ষারবিশিষ্টমৃত্তিকা পিত্তকে ও মধুর রসবিশিষ্ট মৃত্তিকা কফকে কুপিত করিয়া থাকে। ভুক্তমৃত্তিকা নিজ রৌক্ষ্যগুণে, রসাদি ধাতুসমূহকে ও ভুক্ত অন্নকে রুক্ষ করিয়া তুলে এবং ঐ মৃত্তিকা অজীর্ণ অবস্থাতেই রসবহাদিস্রোতঃসকলকে পূর্ণ ও রুদ্ধ করিয়া ইন্দ্রিয়শক্তি, দীপ্তি, বীর্য্য ও সর্ব্বধাতুসার ওজঃ পদার্থের বিনাশপূর্ব্বক আশু বলবর্ণাগ্নি নাশ করিয়া পাণ্ডুরোগ উৎপাদন করে ॥ ৮ ॥

পাণ্ডুরোগির কোষ্ঠে ক্রিমি জন্মিলে অক্ষিগোলক, গণ্ড, ভ্রূ, পাদ, নাভি ও লিঙ্গে শোথ হয় এবং রোগী রক্ত ও কফের সহিত মলত্যাগ করে ॥ ৯ ॥

দীর্ঘকালজাত পাণ্ডুরোগ কালাধিক্যবশতঃ খরীভূত (রুক্ষিতসর্ব্বধাতু) হইলে অসাধ্য হয়। পাণ্ডুরোগী যদি শোথযুক্ত হইয়া সমস্ত বস্তু পীতবর্ণ দেখে, তাহা হইলেও সেই রোগ অসাধ্য জানিবে ॥ ১০ ॥

পাণ্ডুরোগির মল যদি বদ্ধ, অল্প, হরিতবর্ণ ও কফযুক্ত হয়, তাহা হইলেও অসাধ্য জানিবে ॥ ১১ ॥

পাণ্ডুরোগী যদি শ্বেতবর্ণদ্বারা অতিলিপ্তাঙ্গবৎ প্রতিভাত ও দোষজ গ্লানিতে পরিপূর্ণ এবং বমি মূর্চ্ছা ও পিপাসায় কাতর হয়, তাহা হইলে তাহার মৃত্যু অনিবার্য্য। কিংবা রক্তক্ষয়হেতু যাহার শরীর অতিশয় শুভ্রবর্ণ হয়, তাহারও জীবনাশা কম। অথবা যাহার দন্ত, নখ ও নেত্র পাণ্ডুবর্ণ এবং যে বাহ্যবস্তু সমস্তই পাণ্ডুবর্ণ দর্শন করে, তাহাকেও গতাসু জানিবে ॥ ১২ ॥

পাণ্ডুরোগির যদি হাত, পা ও মুখ শোথযুক্ত এবং মধ্যদেহ ক্ষীণ, অথবা মধ্যভাগ শোথযুক্ত ও হস্তপদাদি ক্ষীণ হয় তাহা হইলে সে রোগী ত্যাজ্য। কিংবা যাহার গুহ্যদেশে, লিঙ্গে ও অণ্ডকোষে শোথ এবং মূর্চ্ছা, সংজ্ঞালোপ, অতিসার ও জ্বর উপস্থিত হয়, তাহাকে যশোলিপ্সু চিকিৎসক ত্যাগ করিবেন ॥ ১৩ ॥

কামলা রোগ।

যে পাণ্ডুরোগী বাহুল্যরূপে পিত্তকর দ্রব্য সকল সেবন করে, তাহার কুপিত পিত্ত, রক্ত ও মাংসকে দূষিত করিয়া কামলা রোগ (ন্যাবা) উৎপাদন করে। এই কামলারোগে রোগির নেত্র ত্বক্ নখ ও আনন অত্যন্ত হরিদ্রা বর্ণ, মলমূত্র পীত বা রক্তবর্ণ, শরীর বর্ষাকালের ভেকের ন্যায় পীতবর্ণ হয়। এবং ইন্দ্রিয়শক্তিলোপ, দাহ, অপরিপাক, দৌর্ব্বল্য, অবসাদ ও অরুচি হইয়া থাকে। সঞ্চিত বহুপিত্ত হইতে কামলার উৎপত্তি হয়। ইহা দুই প্রকার, এক প্রকার কোষ্ঠাশ্রয়া, অপর প্রকার রক্তাদিধাত্বাশ্রয়া ॥ ১৪ ॥

কালাধিক্যে, কামলারোগ খরীভূত হইয়া কুম্ভকামলারূপে পরিণত হয়। ইহা অতি কষ্টসাধ্য ॥ ১৫ ॥

কামলা রোগে যদি অত্যন্ত শোথ ও মূর্চ্ছা এবং বক্তু, নেত্র ও বমি রক্তবর্ণ; মল মূত্র, কৃষ্ণ পীত বা লোহিত বর্ণ হয় : কিংবা এই রোগে যদি দাহ, অরুচি, পিপাসা, আনাহ, তন্দ্রা, মূর্চ্ছা, অগ্নিমান্দ্য ও সংজ্ঞালোপ হয়, তাহা হইলে রোগির মৃত্যু অতি নিকট জানিবে ॥ ১৬।১৭ ॥

কুম্ভকামলারোগে বমি, অরুচি, বমনবেগ, জ্বর, দোষজগ্লানি, শ্বাস, কাস ও মলভেদ এই সকল উপদ্রব উপস্থিত হইলে রোগির মৃত্যু হয় ॥ ১৮ ॥

যখন পাণ্ডুরোগির বর্ণ হরিত, শ্যাব বা পীত হয় এবং বল ও উৎসাহের হ্রাস, তন্দ্রা, অগ্নিমান্দ্য, মৃদুজ্বর, রতিক্রিয়ায় অনিচ্ছা, অঙ্গবেদনা, দাহ, তৃষ্ণা, অরুচি ও ভ্রম এই সকল উপদ্রব ঘটে, তখন পাণ্ডুরোগ হলীমক নামে অভিহিত হইয়া থাকে। ইহা বায়ু ও পিত্ত হইতে উৎপন্ন হয় ॥ ১৯ ॥

পাণ্ডু, কামলা, কুম্ভকামলা ও হলীমক নিদান সমাপ্ত।

রক্তপিত্ত-নিদান।

আতপ, ব্যায়াম, শোক, পথপর্য্যটন, মৈথুন, মরিচাদিতীক্ষ্ণবীর্য্যদ্রব্য, অগ্নিতাপ, ক্ষার, লবণ, অম্ল ও কটুদ্রব্য, এই সমস্ত অতিসেবিত হইলে পিত্ত বিদগ্ধ হইয়া, তীক্ষ্ণোষ্ণপূতিত্বাদি নিজ গুণ দ্বারা রক্তকে শীঘ্র দূষিত করিয়া ফেলে। তদনন্তর সেই পিত্তদুষ্ট-রক্ত, চক্ষুঃ, কর্ণ, নাসিকা ও মুখরূপ ঊর্দ্ধমার্গ দিয়া, অথবা লিঙ্গ, যোনি ও গুহ্যরূপ অধোমার্গ দ্বারা কিংবা ঊর্দ্ধাধঃ উভয়মার্গ দ্বারাই বহির্গত হইয়া থাকে এবং অতিকুপিত হইলে সমস্ত লোমকূপ দিয়াও নির্গত হয় ॥ ১ ॥

রক্তপিত্তরোগ উৎপন্ন হইবার পূর্ব্বে অবসন্নতা, শৈত্যাভিলাষ, কণ্ঠ হইতে ধূমনির্গমবৎ প্রতীতি, বমি ও লৌহগন্ধি নিশ্বাস এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ২ ॥

রক্তপিত্ত কফান্বিত হইলে ঘন, ঈষৎপাণ্ডুবর্ণ, অল্পস্নিগ্ধ ও পিচ্ছিল রক্ত; বাতোল্বণ হইলে শ্যাব বা অরুণবর্ণ, ফেনযুক্ত, পাত্‌লা ও রুক্ষ রক্ত এবং পিত্তোল্বণ হইলে কষায়াভ (বটপটোলাদির ক্বাথবৎ বর্ণ) বা কৃষ্ণবর্ণ, গোমূত্রাভ, চিক্কণ-কৃষ্ণ বা আগারধূমবৎ (ঝুল) বর্ণ অথবা সৌবীরাঞ্জন সদৃশ বর্ণ বিশিষ্ট রক্ত নির্গত হয়।

শ্লেষ্মাদিদোষভেদে রক্তপিত্তের যে পৃথক্ পৃথক্ লক্ষণ কথিত হইল, তাহাদের দুই প্রকারের লক্ষণ একত্র সংঘটিত হইলে দ্বন্দ্বজ এবং তিন প্রকারেরই লক্ষণ মিলিত হইলে সান্নিপাতিক রক্তপিত্ত বলিয়া জানিবে ॥ ৩ ॥

কফসংসৃষ্ট রক্তপিত্ত ঊর্দ্ধমার্গগামী ও বাতানুগ রক্তপিত্ত অধোমার্গ-নিঃসারী এবং বাতশ্লেষ্মসংসৃষ্ট রক্তপিত্ত ঊর্দ্ধাধঃ উভয়মার্গগামী হইয়া থাকে ॥ ৪ ॥

ঊর্দ্ধগ রক্তপিত্ত সাধ্য, অধোগ যাপ্য এবং ঊর্দ্ধাধঃ উভয়মার্গপ্রবৃত্ত রক্তপিত্ত অসাধ্য ॥ ৫ ॥

রোগির যদি বল থাকে এবং রক্তপিত্তরোগ যদি অচিরজাত, অল্পবেগসম্পন্ন, নিরুপদ্রব ও কেবল ঊর্দ্ধমার্গনিঃসারী হয় এবং কালও যদি উপযুক্ত অর্থাৎ হেমন্ত বা শিশির ঋতু হয়, তাহা হইলে সেই রক্তপিত্ত চিকিৎসিত হইলে সাধ্য হইবে।

দোষভেদে সাধ্যাসাধ্য। একদোষজাত রক্তপিত্ত সাধ্য, দ্বিদোষজ যাপ্য ও ত্রিদোষজাত অসাধ্য। মন্দাগ্নিপীড়িত, নানাব্যাধি দ্বারা ক্ষীণদেহ, বৃদ্ধ বা আহারশক্তিহীন রোগিরও অতিবেগবান্ রক্তপিত্ত দুর্নিবার্য্য ॥ ৬ ॥

দৌর্ব্বল্য, শ্বাস, কাস, জ্বর, বমি, মত্ততা, পাণ্ডুতা, দাহ, মূর্চ্ছা, ভুক্তান্নের বিদাহ, সতত অধৈর্য্য, হৃদয়ে অতুল্য পীড়া, তৃষ্ণা, মলভেদ, মস্তকে তাপ, দুর্গন্ধ-নিষ্ঠীবন (পচা গয়ের), আহারে দ্বেষ ও আহারাপাক এই গুলি এবং পরশ্লোকোক্ত মাংসপ্রক্ষালনজলসদৃশবর্ণাদি যাবতীয় রক্তবিকৃতি, রক্তপিত্তরোগের উপসর্গ জানিবে ॥ ৭ ॥

রক্তপিত্তরোগে রক্ত যদি মাংসপ্রক্ষালনজলসদৃশ বা অতি পচা দুর্গন্ধযুক্ত কিংবা কর্দ্দমাক্ত জলবৎ অথবা মেদঃ পূয রক্ততুল্য বা যকৃৎখণ্ডসদৃশ কিংবা পাকা জামের ন্যায় স্নিগ্ধ কৃষ্ণবর্ণ অথবা কৃষ্ণ নীল বা ইন্দ্রধনুর ন্যায় নানাবর্ণ বিশিষ্ট শবদুর্গন্ধি হয় কিংবা যদি দৌর্ব্বল্যশ্বাসকাসাদি উপরি শ্লোকোক্ত উপদ্রব সমূহ ঘটে, তাহা হইলে রোগ অসাধ্য জানিবে ॥ ৮ ॥

যে রক্তপিত্তরোগাক্রান্ত ব্যক্তি, ঘটপটাদিদৃশ্যপদার্থকে এবং আকাশকেও রক্তবর্ণ দর্শন করে, তাহার রোগ অসাধ্য। অথবা যে বারংবার রক্ত বমন করে, কিংবা আপন উদ্গার লালবর্ণ দেখে বা যাহার চক্ষুঃ রক্তবর্ণ হয়, তাহার মৃত্যু নিশ্চয় ॥ ৯ ॥

রক্তপিত্ত-নিদান সমাপ্ত।

রাজযক্ষ্মক্ষতক্ষীণ-নিদান।

বাত মূত্র ও পুরীষের বেগধারণ, মৈথুন ও উপবাসাদিধাতুক্ষয়কারক কর্ম্ম, বলবান্ ব্যক্তির সহিত মল্লযুদ্ধাদি-মহাসাহসের কার্য্য ও বিষমাশন (অল্প অধিক বা অকালে ভোজন) এই চারি প্রকার হেতু হইতে যক্ষ্মারোগের উৎপত্তি হইয়া থাকে। ইহা সান্নিপাতিক ব্যাধি। তন্ত্রান্তরে যক্ষ্ম-রোগের বহুসংখ্যক হেতু উক্ত আছে, কিন্তু তৎসমুদায়ই এই কারণ-চতুষ্টয়ের অন্তর্ভূত জানিবে॥ ১॥

কফপ্রধান-বাতাদিদোষত্রয় দ্বারা রসবাহিনী নাড়ী সকল রুদ্ধ হইলে রক্ত, মাংস, মেদঃ, অস্থি, মজ্জা ও শুক্রধাতু ক্ষীণ হইতে থাকে। কারণ রসই সকল ধাতুর পোষক, সেই রসের গতি রুদ্ধ হওয়াতে পোষকাভাবে কোন ধাতুই পুষ্ট হইতে না পারিয়া ক্ষয় প্রাপ্ত হয়। এই জন্যই মানব শুষ্ক হইয়া থাকে। এইরূপ ক্ষয়কে অনুলোম ক্ষয় কহে। আর অতিমৈথুনদ্বারা শুক্রধাতু ক্ষীণ হইলেও পূর্ব্ব পূর্ব্ব ধাতুগুলি ক্রমশঃ ক্ষয়প্রাপ্ত হইতে থাকে। অর্থাৎ শুক্রক্ষয় হইলে বায়ুপ্রকোপহেতু তৎপূর্ব্বধাতু মজ্জা ক্ষয় হয় এবং মজ্জাক্ষয়ে, বায়ুর অতি-কোপ হেতু তৎপূর্ব্ব ধাতু অস্থি ক্ষয় প্রাপ্ত হয়, এইরূপে বিলোমভাবে মেদঃ, মাংস, রক্ত ও রসধাতুর ক্ষয় হইয়া থাকে। এই প্রকার ক্ষয়কে বিলোম ক্ষয় কহে। ধাতুক্ষয় হওয়াতে মনুষ্যও শুষ্ক হইয়া যায়॥ ২॥

রাজযক্ষ্মা উৎপন্ন হইবার পূর্ব্বে শ্বাস, অঙ্গবেদনা, কফস্রাব, তালুশোষ, বমি, অগ্নিমান্দ্য, মত্ততা, পীনস (নাসারোগ), কাস ও নিদ্রাধিক্য এই সকল লক্ষণ উপস্থিত হয় এবং রোগাক্রম্য ব্যক্তি শুক্লনেত্র, মাংসপ্রিয় ও মৈথুনেচ্ছু হইয়া থাকে। আর সে এইরূপ স্বপ্ন দেখে যেন কাক, শুক, শল্লকী (সজারু), ময়ূর, গৃধ্র (শকুনি), বানর ও কৃকলাস ইহারা তাহাকে প্রাপ্ত হইতেছে অথবা বহন করিয়া লইয়া যাইতেছে এবং নদী সকল যেন জল শূন্য হইয়াছে, শুষ্কবৃক্ষগণ ঝড় বাতাস ধূম ও দাবাগ্নিদ্বারা যেন আকুলিত হইতেছে॥ ৩॥

স্কন্ধ ও পার্শ্বদ্বয়ে বেদনা, হস্তে ও পদে সন্তাপ এবং সর্ব্বগতজ্বর এই তিনটি রাজযক্ষ্মার লক্ষণ॥ ৪॥

যক্ষ্মা রোগে বাতাধিক্য থাকিলে স্বরভঙ্গ, স্কন্ধ ও পার্শ্বদেশের সঙ্কোচ এবং শূলবদ্‌বেদনা; পিত্তাধিক্য থাকিলে জ্বর, দাহ, অতীসার ও রক্তনিষ্ঠীবন এবং কফাধিক্য থাকিলে মস্তকের পরিপূর্ণতা (মাথাভার), অরুচি, কাস, কণ্ঠের উদ্ধংস (গলা সুড়্‌সুড়্ করা, কার্ত্তিকের মতে উৎকাসিকা) এই সকল লক্ষণ প্রকাশিত হয়॥ ৫॥

উপরি লিখিত একাদশ প্রকার সমস্ত লক্ষণাক্রান্ত অথবা ছয় প্রকার অর্থাৎ সুশ্রুতোক্ত অন্নদ্বেষ, জ্বর, শ্বাস, কাস, রক্তনিষ্ঠীবন ও স্বরভেদ এই ছয় প্রকার লক্ষণযুক্ত যক্ষ্মা রোগকে যশোলাভেচ্ছু চিকিৎসকের পরিত্যাগ করা কর্ত্তব্য।

যক্ষ্মরোগে যদি কাস, অতিসার, পার্শ্ববেদনা, স্বরভঙ্গ, অরুচি ও জ্বর এই ছয় প্রকার অথবা, কাস, শ্বাস ও রক্তনিষ্ঠীবন এই তিন প্রকার লক্ষণ প্রকাশিত হয়, তাহা হইলেও যক্ষ্মা অনিবার্য্য।

এস্থলে বক্তব্য—রোগির যদি বলমাংসক্ষয় হয়, তাহা হইলেই একাদশ প্রকার সমস্ত লক্ষণাক্রান্ত বা তদর্দ্ধ ছয় প্রকার লক্ষণবিশিষ্ট কিংবা তদর্দ্ধ তিন প্রকার লক্ষণযুক্ত যক্ষ্মরোগী ত্যাজ্য, কিন্তু যদি বল ও মাংস থাকে, তাহা হইলে সর্ব্বলক্ষণাক্রান্ত রোগীও চিকিৎস্য।

যে যক্ষ্মা রোগী প্রচুর পরিমাণে আহার করে অথচ ক্রমশঃ ক্ষীণ হইতে থাকে এবং যে অতীসার উপদ্রবে পীড়িত ও যাহার অণ্ডকোষে ও উদরে শোথ উৎপন্ন হয়, সে রোগিকে ত্যাগ করিবে॥ ৬॥

যক্ষ্মরোগির চক্ষুঃ শুক্লবর্ণ, অন্নে বিদ্বেষ, ঊর্দ্ধশ্বাস ও অতি যাতনার সহিত বহুশুক্রক্ষরণ এই কয়েকটি উপদ্রবের প্রত্যেকটিকে অসাধ্য লক্ষণ বলিয়া জানিবে॥ ৭॥

রোগী যদি বলবান্, চিকিৎসাদির নিয়মসহনক্ষম, যত্নবান্, দীপ্তাগ্নি ও অকৃশ হয় এবং তাহার জ্বর যদি নিয়ত না থাকে, তাহা হইলে তাহার চিকিৎসা করিবে॥ ৮॥

ব্যবায় (মৈথুন), শোক, বার্দ্ধক্য, ব্যায়াম, পথপর্য্যটন, ব্রণ (ক্ষত) ও উরঃ-ক্ষত এই সপ্ত কারণোৎপন্ন ক্ষয়কেও অন্যে শোষরোগ কহিয়া থাকেন। তাহাদের প্রত্যেকের লক্ষণ লিখিত হইতেছে॥ ৯॥

ব্যবায়দ্বারা যে শোষরোগ উৎপন্ন হয়, তাহাকে ব্যবায়শোষ কহে। ব্যবায়-শোষরোগী, শুক্রক্ষয়জনিত লক্ষণে অর্থাৎ লিঙ্গ ও অণ্ডকোষে বেদনা, মৈথুনে অসামর্থ্য ও বিলম্বে শুক্রের বা রক্তের অল্প ক্ষরণ এই সকল উপদ্রবে উপদ্রুত ও পাণ্ডুবর্ণ হয় এবং শুক্রক্ষয়হেতু বায়ুপ্রকোপে তাহার অস্থি মজ্জা প্রভৃতি ধাতু-সকল বিলোমভাবে ক্ষয় প্রাপ্ত হইতে থাকে॥ ১০॥

শোকজনিতশোষরোগী প্রধ্যানশীল অর্থাৎ যাহার বিয়োগে শোক উৎপন্ন হইয়াছে, সর্ব্বদা তচ্চিন্তারত ও শিথিলাঙ্গ হয় এবং শুক্রক্ষয়-লক্ষণ ভিন্ন পূর্ব্বোক্ত ব্যবায়শোষের যাবতীয় উপদ্রবে উপদ্রুত হইয়া থাকে॥ ১১॥

জরা অর্থাৎ বার্দ্ধক্যহেতু যে শোষ হয়, তাহাকে জরাশোষ কহে। ইহাতে শরীরের কৃশতা এবং বীর্য্য বুদ্ধি বল ও ইন্দ্রিয়শক্তির অল্পতা, কম্প, অরুচি, ভগ্নকাংস্যপাত্রের ন্যায় স্বর, শ্লেষ্মহীন শুষ্ককাস, দেহের গুরুতা, চিত্তের অস্থিরতা, মুখ, নাক ও চক্ষু দিয়া জলস্রাব, শুষ্কমল ও রুক্ষদেহ এই সকল লক্ষণ উপস্থিত হয়॥ ১২॥

অধিক পথপর্য্যটন করাতে যে শোষরোগ হয়, তাহাকে অধ্বশোষ কহে। এই রোগে অঙ্গ শিথিল, দেহের কান্তি ভৃষ্ট অর্থাৎ ভাজা দ্রব্যের ন্যায় রুক্ষ, অবয়ব সকল স্পর্শশক্তিবিহীন এবং ক্লোম, কণ্ঠ ও মুখ শুষ্ক হইয়া থাকে॥ ১৩॥

ব্যায়ামজনিতশোষরোগে, শিথিলাঙ্গতাদি অধ্বশোষলক্ষণসমূহ বাহুল্যভাবে লক্ষিত হয় এবং ক্ষত ব্যতিরেকে উরঃক্ষতের অপর সমস্ত লক্ষণ বিদ্যমান থাকে ॥ ১৪ ॥

কোন বিশেষ ক্ষত নিবন্ধন রক্তস্রাব, বেদনা ও আহার যন্ত্রণা হেতু যে শোষ হয়, তাহাকে ব্রণশোষ কহে। এই শোষ অসাধ্যতম ॥ ১৫ ॥

সতত জ্যারোপণ, ধনুরাকর্ষণ ও গুরুভারবহন, বলবানের সহিত মল্লযুদ্ধ, বিষম উচ্চস্থান হইতে পতন, ধাবমান বৃষ অশ্ব বা গজোষ্ট্রাদিদমনার্হ পশুর বলপূর্ব্বক বিধারণ, শিলা (দীর্ঘ প্রস্তর) খণ্ড, কাষ্ঠ বা নির্ঘাত নামক অস্ত্র বিশেষের সবলে নিক্ষেপ, শক্রতাড়ন, অতি উচ্চৈঃস্বরে অধ্যয়ন, দ্রুতবেগে বা বহুদূর গমন, সন্তরণদ্বারা বড় বড় নদী উত্তরণ, ধাবমান অশ্বের সহিত ধাবন, দূরলম্ফন ও শীঘ্র শীঘ্র নর্ত্তন, এই সকল কারণে এবং এই প্রকার অন্যান্য কঠোর কর্ম্ম সম্পাদনে, বক্ষঃস্থল ক্ষত হইলে, অথবা অত্যন্ত স্ত্রীসঙ্গম ও রুক্ষাল্পভোজন করিলে বায়ু কুপিত হওয়ায় ভয়ঙ্কর উরঃক্ষতরোগ উৎপন্ন হয়। এই রোগে বক্ষঃস্থল যেন ভগ্ন, বিদীর্ণ বা দ্বিধা বিভক্তবৎ বলিয়া অনুমিত হয় এবং পার্শ্বদ্বয়ে বেদনা, অঙ্গশোষ ও কম্প উপস্থিত হয়। ক্রমে বীর্য্য-বল-বর্ণ রুচি ও অগ্নিহীনতা, জ্বর, ব্যথা, মনোদৈন্য, মলভেদ ও অগ্নিলোপ হইতে থাকে। কাসের সহিত পচা দুর্গন্ধ, শ্যাব বা পীতবর্ণ, গ্রন্থিল, সরক্ত কফ নিরন্তর বহু পরিমাণে নির্গত হয়। বক্ষঃক্ষত বিশেষতঃ স্ত্রী-সেবনাদি দ্বারা শুক্র ও ওজঃ ক্ষয়হেতু উরঃক্ষতরোগী অত্যন্ত ক্ষীণ হইয়া পড়ে ॥ ১৬ ॥

উরঃক্ষত রোগ উৎপন্ন হইলে যে সমস্ত লক্ষণ প্রকাশিত হয়, উৎপন্ন হইবার পূর্ব্বেও সেই সকল লক্ষণই অল্প ব্যক্ত হইয়া থাকে। সেই অনভিব্যক্ত লক্ষণকেই উরঃক্ষত রোগের পূর্ব্বরূপ বলা যায়। জ্বরাদির ন্যায় ইহার স্বতন্ত্র পূর্ব্বরূপ নাই ॥ ১৭ ॥

উরঃক্ষত রোগির বক্ষোবেদনা, রক্তবমন ও অতিশয় কাস হয়, আর রোগী যদি রক্ত, কফ, শুক্র ও সর্ব্বধাতুসার ওজঃ পদার্থের ক্ষয় হেতু ক্ষীণ হয়, তাহা হইলে তাহার সরক্ত প্রস্রাব এবং পার্শ্ব ও কটিতে বেদনা হয় ॥ ১৮ ॥

অল্পলক্ষণাক্রান্ত দীপ্তাগ্নিসম্পন্ন বলবান্ ব্যক্তির অচিরোৎপন্ন উরঃক্ষত রোগ সাধ্য, বর্ষাতীত হইলে যাপ্য এবং সর্ব্বরূপ-সম্পন্ন হইলে অসাধ্য ॥ ১৯ ॥

রাজযক্ষ্মক্ষতক্ষীণ-নিদান সমাপ্ত।

কাস-নিদান।

মুখ ও নাসাপথে ধূম বা ধূলি প্রবেশ, বায়ু দ্বারা আম রসের ঊর্দ্ধগতি, ব্যায়াম, রুক্ষান্ন ভোজন, আহারের বিমার্গগমন (দ্রুত ভোজনাদিহেতু আহারের শ্বাসপথে প্রবেশ), মলমূত্রাদির ও হাঁচির বেগরোধ, এই সকল কারণে কুপিত প্রাণবায়ু, দুষ্ট উদানবায়ুর অনুগত ও কফপিত্তের সহিত মিলিত এবং ভগ্নকাংস্য-পাত্রের ন্যায় শব্দবিশিষ্ট হইয়া সহসা মুখ হইতে নির্গত হয়, ইহাকেই পণ্ডিতেরা কাসরোগ বলেন ॥ ১ ॥

বায়ু, পিত্ত, কফ, উরঃক্ষত ও ধাতুক্ষয় এই পাঁচপ্রকার কারণে পাঁচপ্রকার কাস উৎপন্ন হয়। তদ্ব্যতীত জরানিবন্ধনও এক প্রকার কাস জন্মে, তাহা বাতাদি দোষজ কাসেরই অন্তর্ভূত জানিবে। সকল প্রকার কাসই উপেক্ষিত অর্থাৎ অচিকিৎসিত হইলে ক্রমশঃ বলবান্ হইয়া শেষে ধাতুক্ষয়কারক হইয়া উঠে ॥ ২ ॥

কাসরোগ উৎপন্ন হইবার পূর্ব্বে মুখ ও কণ্ঠদেশ যবাদির শুঁয়াদ্বারা ব্যাপ্ত বলিয়া অনুভূত হয় এবং গলার মধ্যে কণ্ডু ও আহারদ্রব্য গিলনে কণ্ঠব্যথা হইয়া থাকে ॥ ৩ ॥

বাতিককাসে, হৃদয়, শঙ্খদেশ (ললাটৈকদেশ), পার্শ্বদ্বয়, উদর ও মস্তকে শূলবদ্‌বেদনা, মুখের শুষ্কতা, বল স্বর ও ওজঃ পদার্থের ক্ষীণতা, নিরন্তর কাসবেগ, স্বরভঙ্গ ও শ্লেষ্ম বিরহিত শুষ্ককাস এই সকল লক্ষণ প্রকাশিত হয় ॥ ৪ ॥

পৈত্তিককাসে, হৃদয়ের দাহ, জ্বর, মুখের শোষ ও তিক্ততা, পিপাসা, পীত-বর্ণ কটুস্বাদ-বমন, দেহের পাণ্ডুবর্ণতা ও কাসকালে কণ্ঠদাহ এই সকল লক্ষণ লক্ষিত হয় ॥ ৫ ॥

শ্লৈষ্মিককাসে, রোগী শ্লেষ্মলিপ্তমুখ, অবসন্ন, শিরোবেদনাযুক্ত, কফপূর্ণদেহ, আহারবিমুখ, দেহভারাক্রান্ত ও কণ্ডুযুক্ত এবং নিরন্তর বেগে কাসিতে থাকে। কাসের সময় অতিশয় ঘন কফ নির্গত হয় ॥ ৬ ॥

অতি মৈথুন, গুরুভারবহন, অধিক পথপর্য্যটন, যুদ্ধাশ্ব ও গজের বিধারণ (বলপূর্ব্বক ধারণাদি) এই সকল কারণে শরীর রুক্ষীভূত ও বক্ষঃস্থল [ফুসফুস্] ক্ষত হইলে, বায়ু সেই ক্ষতকে আশ্রয় করিয়া কাসরোগ উপস্থিত করে। এই কাসে প্রথমে শ্লেষ্মহীন শুষ্ককাস, পরে কাসাভিঘাতে হৃদয়বিদারণ হেতু সরক্ত নিষ্ঠীবন হয়। কণ্ঠদেশে অত্যন্ত বেদনা, বক্ষঃস্থলে ভঙ্গবদ্‌ব্যথা, তীক্ষ্ণ-সূচীবেধবৎ যাতনা ও শূলনিখাতবৎ অসহ্য ক্লেশ অনুভূত হয় এবং পার্শ্বাদি স্থানেও দুঃখস্পর্শ, ভঙ্গবৎ পীড়াদায়ক শূল যন্ত্রণা উপস্থিত হয়। তদ্ব্যতীত পর্ব্বভেদ, জ্বর, শ্বাস, তৃষ্ণা ও স্বরভঙ্গ এই সকল লক্ষণ লক্ষিত হইয়া থাকে। কাসিবার কালে, কপোতধ্বনির ন্যায় শব্দ নির্গত হয় ॥ ৭ ॥

বিষম ও অননুকূল ভোজন, অতিমৈথুন, মলমূত্রাদির বেগধারণ এবং আহার অভাবে আত্ম-ধিক্কার ও শোককরণ এই সকল কারণে পাচকাগ্নি বিকৃত হইলে, বাতাদিদোষত্রয় কুপিত হইয়া দেহক্ষয়কর ক্ষয়জ কাস উৎপাদন করে। এই ক্ষয়জনিত কাসে গাত্রশূল, জ্বর, দাহ, মূর্চ্ছা বা মৃত্যু পর্য্যন্তও উপস্থিত হয়; রোগী ক্রমশঃ শুষ্ক, দুর্ব্বল ও ক্ষীণমাংস হয় এবং কাসের সহিত পূযরক্ত নিষ্ঠীবন করে। চিকিৎসকেরা সর্ব্বদোষলক্ষণাক্রান্ত এই ক্ষয়কাসকে অতি দুশ্চিকিৎস্য বলিয়া বর্ণন করেন ॥ ৮ ॥

ক্ষয়জ ও ক্ষতজকাস ক্ষীণব্যক্তিদের দেহ নাশ করে; কিন্তু রোগির বল থাকিলে উভয়ই সাধ্য বা যাপ্য হইতে পারে। আর এই কাসদ্বয় যদি অচিরোৎপন্ন হয় এবং ভাগ্যক্রমে যদি সুচিকিৎসক, উপযুক্ত ঔষধ, উপযুক্ত পরিচারক ঘটে ও রোগীও যদি সত্ত্ববলাদি যুক্ত হয়, তাহা হইলে কখন বা সুফল লাভ অর্থাৎ রোগের শান্তি লাভ হইতে পারে।

বৃদ্ধ ব্যক্তিদিগের জরা নিবন্ধন যে কাস হয়, তাহাকে জরাকাস কহে। সর্ব্ব প্রকার জরাকাসই যাপ্য। বাতজ, পিত্তজ ও কফজ কাস সাধ্যভাবাপন্ন হইলে সুচিকিৎসাদি দ্বারা তাহাদিগকে প্রশমিত করিবে। কিন্তু যদি যাপ্যভাবাপন্ন হয়, তাহা হইলে চিকিৎসা ও পথ্যাদিসুনিয়মে তাহাদিগকে যাপিত রাখিবে। নতুবা তাহারা অসাধ্য হইয়া উঠিবে ॥ ৯ ॥

কাস-নিদান সমাপ্ত।

হিক্কা ও শ্বাস নিদান।

বিদাহী (যাহা আহারে জ্বালা উপস্থিত হয়), গুরুপাক, বিষ্টম্ভজনক, রুক্ষ ও কফজনক ভোজন এবং শীতল দ্রব্যের পান ও ভোজন, শীতল স্থানে বাস, নাসিকাদি পথে ধূলি ও ধূম প্রবেশ, আতপ ও প্রবল বায়ু সেবন, ধনুরাকর্ষণাদি ব্যায়ামকর্ম্ম, গুরুভারবহন, অধিকপথপর্য্যটন, মলমূত্রাদির বেগধারণ ও অনশনাদি অপতর্পণক্রিয়া এই সমস্ত কারণে হিক্কা, শ্বাস ও কাস রোগ উৎপন্ন হয় ॥ ১ ॥

প্রাণ ও উদানবায়ু শব্দবিশিষ্ট হইয়া অর্থাৎ হিক্ হিক্ শব্দ করিয়া মুহুর্মুহুঃ ঊর্দ্ধ দিকে উপস্থিত হয়। এই বায়ু-নির্গমকালে এইরূপ বোধ হয়, যেন যকৃৎ প্লীহা ও অন্ত্র সকল মুখ দিয়া বহির্গত হইয়া পড়িল। ইহা আশু প্রাণ হিংসা ও হিক্ হিক্ শব্দ করে বলিয়া পণ্ডিতেরা ইহাকে হিক্কা বলিয়া থাকেন ॥ ২ ॥

বায়ু কফানুগত হইয়া, অন্নজা, যমলা, ক্ষুদ্রা, গম্ভীরা ও মহতী নামে পঞ্চ প্রকার হিক্কা উৎপাদন করে ॥ ৩ ॥

হিক্কারোগ উৎপন্ন হইবার পূর্ব্বে কণ্ঠ ও বক্ষঃস্থলে ভারিবোধ, মুখে কষায়া-

শ্বাস এবং কুক্ষিদেশে আটোপ অর্থাৎ গুড়্‌গুড়্‌ শব্দোৎপত্তি, এই সকল লক্ষণ উপস্থিত হয়॥ ৪॥

অপরিমিত পান ও ভোজনদ্বারা বায়ু সহসা পীড়িত ও উর্দ্ধগত হইয়া যে হিক্কা উৎপাদন করে, তাহাকে অন্নজা হিক্কা কহে॥ ৫॥

যে হিক্কা, মস্তক ও গ্রীবাদেশ কাঁপাইয়া বিলম্বে বিলম্বে যমলবেগে অর্থাৎ যোড়া যোড়া প্রবর্ত্তিত হয়, তাহাকে যমলা হিক্কা কহে॥ ৬॥

যে হিক্কা, জত্রুমূল (কণ্ঠ ও বক্ষঃস্থলের সন্ধি) হইতে বিলম্বে বিলম্বে মন্দ মন্দ বেগে উদ্গত হয়, তাহাকে ক্ষুদ্রিকা হিক্কা কহে॥ ৭॥

যে হিক্কা, নাভিস্থল হইতে উৎপন্ন হইয়া তৃষ্ণাজ্বরাদি নানা উপদ্রব ঘটাইয়া অতি ঘোর গম্ভীরস্বরে প্রবর্ত্তিত হয়, তাহাকে গম্ভীরা হিক্কা কহে॥ ৮॥

যে হিক্কা উদ্গত হইবার সময় সর্ব্বশরীর কম্পিত হয়, এবং বোধ হয় যেন, বস্তি, হৃদয় ও মস্তক প্রভৃতি প্রধান প্রধান মর্ম্মস্থল সকল বিদীর্ণ হইয়া যাইতেছে, তাহাকে মহাহিক্কা কহে। এই হিক্কা নিরন্তর উদ্গত হইতে থাকে॥ ৯॥

হিক্কার সময় যাহার সমস্ত দেহ বিস্তৃত বা আকুঞ্চিত হয় এবং দৃষ্টি উর্দ্ধগত হইয়া থাকে তাহাকে অথবা যে রোগী ক্ষীণ, অন্নদ্বেষ্টা ও অতিমাত্র হিক্কাযুক্ত, সেই রোগিকে কিংবা যে রোগী গম্ভীরা বা যে রোগী মহতী হিক্কা দ্বারা আক্রান্ত, সেই দুই প্রকার হিক্কা রোগিকে গতাসু বলিয়া স্থির করিবে॥ ১০॥

অতিসঞ্চিত বাতাদিদোষে যে ব্যক্তি আক্রান্ত, কিংবা যে অনাহারে বা বহুবিধ পীড়ায় ক্ষীণদেহ; অথবা বৃদ্ধ বা অতিমৈথুনশীল, তাহাদের এই পঞ্চবিধ হিক্কার মধ্যে যে কোন হিক্কা উপস্থিত হয়, তাহাই আশু প্রাণ নাশ করে॥ ১১॥

যমলাহিক্কায়, প্রলাপ, দাহ, মূর্চ্ছা ও তৃষ্ণা উপস্থিত হইলে তাহাও মারাত্মক হয়। কিন্তু রোগী যদি বলবান্‌, প্রসন্নমনাঃ, স্থিরধাতু ও নৈসর্গিক ইন্দ্রিয়-শক্তিযুক্ত হয়, তাহা হইলে এই যমলাও সাধ্য হইয়া থাকে। ইহার বিপরীত হইলে অসাধ্য জানিবে॥ ১২॥

শ্বাসরোগ-নিদান।

যে সকল কারণে হিক্কা রোগ উৎপন্ন হয়, সেই সকল কারণই প্রবলতর হইলে অতীব ভয়ঙ্কর শ্বাসব্যাধি জন্মিয়া থাকে। সেই এক মহাব্যাধি শ্বাস, বিশেষ বিশেষ হেতু ও বিশেষ বিশেষ লক্ষণ ভেদে মহান্‌, উর্দ্ধ, ছিন্ন, তমক ও ক্ষুদ্র এই পাঁচ প্রকার নামে অভিহিত হইয়া থাকে॥ ১৩॥

শ্বাস রোগ উৎপন্ন হইবার পূর্ব্বে হৃৎপীড়া, শূল, উদরাধ্মান, আনাহ (মল মূত্রের বিবদ্ধতা), মুখবিস্বাদ ও শঙ্খদেশে সূচীবেধবৎ বেদনা হইয়া থাকে॥ ১৪॥

কফোল্বণ বায়ু যখন প্রাণ ও উদানবহ স্রোতঃসকলকে রুদ্ধ করিয়া, নিজে কফ কর্তৃক অবরুদ্ধ অর্থাৎ বিমার্গগত হইয়া ইতস্ততঃ বিচরণ করে, তখনই শ্বাস রোগ উৎপাদন করিয়া থাকে॥ ১৫।

মহাশ্বাস। মত্তবৃষ সংরুদ্ধ হইলে, যেমন আস্ফালন পূর্ব্বক নিরন্তর শব্দ করে; মহাশ্বাসে বায়ু উর্দ্ধগত হওয়াতে রোগীও অতিক্লিষ্ট হইয়া সেইরূপ সশব্দ দীর্ঘশ্বাস পরিত্যাগ করিতে থাকে। এই রোগে জ্ঞান বিজ্ঞান নষ্ট, লোচনদ্বয় চঞ্চল ও বিস্তৃত, মুখ বিবৃত, মলমূত্র বিবদ্ধ, বাক্য বিশীর্ণ ও মনঃ ক্লান্ত হইয়া থাকে। মহাশ্বাসাক্রান্ত রোগির শ্বাস-শব্দ দূর হইতে স্পষ্ট শুনিতে পাওয়া যায়। এই রোগে শীঘ্রই বিপদ্ ঘটিয়া থাকে॥ ১৬॥

উর্দ্ধশ্বাস। এই শ্বাসে রোগী যেরূপ দীর্ঘ উর্দ্ধশ্বাস গ্রহণ করে, সেরূপ বেগে অধঃশ্বাস পরিত্যাগ করিতে পারে না। তাহার মুখ ও স্রোতঃ সকল, শ্লেষ্মদ্বারা আবৃত হওয়াতে বায়ু প্রকুপিত হইয়া বিশেষ যাতনা উপস্থিত করে। রোগী উর্দ্ধদৃষ্টি ও বিভ্রান্তলোচন হইয়া ইতস্ততঃ বিকৃতি দর্শন করিতে থাকে এবং মূর্চ্ছা, বেদনাবিশেষ, শুষ্কাস্যতা ও চিত্ত-বৈকল্যাদি উপদ্রবে উপদ্রুত হয়। এই রোগে উর্দ্ধশ্বাস প্রকুপিত হওয়ায়, অধঃশ্বাস রুদ্ধ হয়, তজ্জন্য রোগী গ্লানিযুক্ত ও মূর্চ্ছিত হইয়া প্রাণত্যাগ করে॥ ১৭॥

ছিন্নশ্বাস। এই শ্বাসে রোগী অতি কষ্টে যাবদ্বলে (জোর করিয়া) বিচ্ছিন্নভাবে অর্থাৎ মধ্যে মধ্যে থামিয়া থামিয়া শ্বাস গ্রহণ করে, কিংবা নিশ্বাস আকর্ষণ করিতেই পারে না। তজ্জন্যই অতীব দুঃখার্ত্ত ও হৃদয়চ্ছেদবদ্‌বেদনায় পীড়িত হয়। ইহাতে আনাহ, ঘর্ম্মোদ্গম, মূর্চ্ছা, বস্তিদাহ, নেত্রচাঞ্চল্য বা সজলনেত্রতা, দেহের ক্ষীণতা, চক্ষুর্দ্বয়মধ্যে কোন একটি চক্ষুর রক্তবর্ণতা (ব্যাধিপ্রভাবেই এইরূপ ঘটিয়া থাকে, দোষবশতঃ হইলে উভয় চক্ষুরই লৌহিত্য সম্ভব), উদ্বিগ্নচিত্ততা, মুখশোষ, বৈবর্ণ্য ও প্রলাপ এই সকল উপদ্রব উপস্থিত হইয়া থাকে। ছিন্নশ্বাসপীড়িত রোগী শীঘ্রই প্রাণত্যাগ করে॥ ১৮॥

তমকশ্বাস। বায়ু যখন প্রতিলোমভাবে স্রোতঃসমূহকে প্রাপ্ত হয়, তখন উহা গ্রীবা ও মস্তকে বেদনা জন্মাইয়া এবং শ্লেষ্মাকে বর্দ্ধিত করিয়া ও স্বয়ং সেই শ্লেষ্মদ্বারা রুদ্ধ হইয়া পীনস (নাসাস্রাব) এবং কণ্ঠে ঘুর্ ঘুর্ শব্দ বিশিষ্ট হৃদয়-বিদারক অতীব তীব্রবেগ শ্বাস উৎপাদন করে। ইহাতে রোগী চতুর্দ্দিক্ অন্ধকারবদ্দর্শন করে, তৃষ্ণার্ত্ত হয় ও চেষ্টারহিত হইয়া থাকে। কাসিতে কাসিতে মুহুর্ম্মুহুঃ মূর্চ্ছা যায়, শ্লেষ্মা যতক্ষণ নির্গত না হয়, ততক্ষণ অতিশয় ক্লেশানুভব করে, নির্গত হইলে ক্ষণকাল সুখবোধ করে। কণ্ঠে কণ্ডুয়ন (গলা সুড়্ সুড়্), অতি কষ্টে বাক্য কথন, অনিদ্রা, শয়ন করিলে শ্বাসযন্ত্রণা ও পার্শ্বদ্বয়ে বেদনা হইয়া থাকে। উপবেশন করিলে কিছু আরাম বোধ করে। তদ্ভিন্ন উষ্ণাভিলাষ, নয়নের স্ফীততা, ললাটে ঘর্ম্ম, যন্ত্রণার আতিশয্য, মুখের শুষ্কতা, মুহুর্ম্মুহুঃ শ্বাস ও গজারূঢ়ব্যক্তির ন্যায় সর্ব্বগাত্রের সঞ্চালন এই সকল লক্ষণ লক্ষিত হয়। এই তমক শ্বাস মেঘ, বৃষ্টি, শীত ও পূর্ব্ববায়ু এবং শ্লেষ্মজনক দ্রব্য সমূহ দ্বারা বর্দ্ধিত হইয়া থাকে। ইহা যাপ্যরোগ, কিন্তু অচিরোৎপন্ন হইলে কখন কখন বা সাধ্যও হইয়া থাকে॥ ১৯॥

প্রতমকশ্বাস। তমকশ্বাসে জ্বর ও মূর্চ্ছা থাকিলে তাহাকে প্রতমকশ্বাস কহে ॥ ২০ ॥

উদাবর্ত্তরোগ, নাসিকাদি-পথে ধূলিপ্রবেশ, আমাজীর্ণ, বিদগ্ধাজীর্ণ, মলমূত্রাদির বেগরোধ এই সকল কারণেও প্রতমক শ্বাস উৎপন্ন হয়। এই শ্বাস তমোময় স্থানে অথবা তমোগুণে অত্যন্ত বৃদ্ধি প্রাপ্ত হয় এবং শীতল ক্রিয়ায় আশু প্রশমিত হইয়া থাকে। ইহাতে রোগী আপনাকে অন্ধকার-প্রবিষ্টের ন্যায় বোধ করে। প্রতমকেরই অপর নাম সন্তমক ॥ ২১ ॥

ক্ষুদ্র শ্বাস। রুক্ষদ্রব্য সেবন ও পরিশ্রম দ্বারা কোষ্ঠস্থিত বায়ু কুপিত ও ঊর্দ্ধগত হইয়া শ্বাস রোগ উৎপাদন করে। অল্পহেতু ও অল্পলক্ষণাক্রান্ত বলিয়া ইহাকে ক্ষুদ্র শ্বাস কহে। মহাশ্বাসাদির ন্যায়, এই ক্ষুদ্রশ্বাস দেহের বিশেষ কষ্টদায়ক, প্রবাধক বা বিনাশক নহে। ইহা দ্বারা পান ভোজনের উচিত গতি রুদ্ধ হয় না এবং ইন্দ্রিয়াদিরও কোনও প্রকার পীড়া বা যন্ত্রণা উৎপন্ন হয় না। রোগির বল থাকিলে, এই ক্ষুদ্র শ্বাস এবং অনভিব্যক্ত লক্ষণাক্রান্ত সকল প্রকার শ্বাসই সাধ্য হইয়া থাকে ॥ ২২ ॥

ক্ষুদ্রশ্বাসে বায়ুর আধিক্য, তমক শ্বাসে কফের আধিক্য এবং ছিন্নশ্বাসে কফবাতের আধিক্য ও পিত্তের সংসর্গ থাকে এবং মহাশ্বাস ও উদ্ধশ্বাসে বায়ুর অতি প্রকোপ দৃষ্ট হয়। যে পাঁচ প্রকার শ্বাসের উল্লেখ হইল, তন্মধ্যে ক্ষুদ্র শ্বাস অনায়াস-সাধ্য, তমকশ্বাস কষ্টসাধ্য এবং মহাশ্বাস, উদ্ধশ্বাস ও ছিন্নশ্বাস সম্পূর্ণ লক্ষণযুক্ত হইলে অসাধ্য, আর দুর্ব্বল ব্যক্তির তমকশ্বাসও অসাধ্য জানিবে ॥ ২৩ ॥

সন্নিপাত জ্বরাদি এমন অনেক রোগ আছে, যাহারা উপেক্ষিত বা অসম্যক্ চিকিৎসিত হইলে প্রাণ নাশ করিতে পারে সত্য, কিন্তু হিক্কা ও শ্বাস এই দুইটা উপেক্ষিত বা অসম্যক্ চিকিৎসিত হইলে যেরূপ আশু প্রাণনাশক হয়, তাহারা সেরূপ নহে ॥ ২৪ ॥

হিক্কাশ্বাস-নিদান সমাপ্ত।

স্বরভেদ-নিদান।

অতি উচ্চৈঃস্বরে কথোপকথন ও বেদাদিপাঠ এবং বিষপান ও কণ্ঠদেশে আঘাত এই সকল কারণে ও এবংবিধ অন্যকারণে বাতাদিদোষ প্রকুপিত হইয়া স্বরবহ-ধমনী-চতুষ্টয়ে অধিগত হইয়া স্বর নষ্ট করে। ইহাতেই স্বরভেদ রোগ উৎপন্ন হয়। স্বরভেদ ছয় প্রকার; যথা—বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, সান্নিপাতিক, মেদোজ ও ক্ষয়জ ॥ ১ ॥

বাতিক স্বরভেদে মল, মূত্র, নয়ন ও আনন কৃষ্ণবর্ণ হয় এবং গর্দ্দভের স্বরের ন্যায় কর্ণোদ্বেজক স্বর অল্পে অল্পে নির্গত হইয়া থাকে ॥ ২ ॥

পৈত্তিক স্বরভেদে মল, মূত্র, নয়ন ও আনন পীতবর্ণ হয় এবং বাক্য-কথনের সময় গলদেশে দাহ উপস্থিত হইয়া থাকে॥ ৩॥

শ্লৈষ্মিক স্বরভেদে কণ্ঠদেশ সতত শ্লেষ্মদ্বারা রুদ্ধ থাকায় অতি অল্প অল্প বাক্য নিঃসৃত হয়, কিন্তু দিবাভাগে সূর্য্যরশ্মিদ্বারা কফের মন্দীভাব হওয়াতে রোগী অপেক্ষাকৃত ভালরূপ কথা কহিয়া থাকে॥ ৪॥

সান্নিপাতিক স্বরভেদে উক্ত বাতাদি দোষত্রয়েরই লক্ষণ প্রকাশিত হয়। এই স্বরভেদকে ঋষিরা অসাধ্য কহিয়া থাকেন॥ ৫॥

ধাতুক্ষয় জনিত স্বরভেদে বাক্য ক্ষয় প্রাপ্ত হয় এবং রোগির বোধ হয়, যেন উহা ধূমের সহিত নির্গত হইতেছে, অর্থাৎ কণ্ঠদেশ হইতে ধূম নির্গমকালে যেরূপ বেদনা অনুভব হয়, বাক্যনিঃসরণকালেও তদ্বেদনা অনুভূত হইয়া থাকে। ক্ষয়জনিত স্বরভেদরোগে রোগী যখন হতবাক অর্থাৎ বাক্যকথনে অসমর্থ হয়, তখন তাহাকে ত্যাগ করিবে॥ ৬॥

মেদোজ স্বরভেদে গলদেশ শ্লেষ্মা বা মেদোদ্বারা লিপ্ত হয়, সুতরাং রোগী কণ্ঠলগ্ন অস্পষ্টবাক্য বিলম্বে বিলম্বে উচ্চারণ করে ও পিপাসায় কাতর হয়॥ ৭॥

দুর্ব্বল বৃদ্ধ ও কৃশব্যক্তির স্বরভেদ, দীর্ঘকালোৎপন্ন স্বরভেদ, জন্মাবধিজাত স্বরভেদ, মেদস্বী অর্থাৎ অতিস্থূল ব্যক্তির স্বরভেদ এবং সর্ব্বলক্ষণাক্রান্ত সান্নিপাতিক স্বরভেদ অসাধ্য॥

স্বরভেদ-নিদান সমাপ্ত।

অরোচক-নিদান।

অরোচক পাঁচ প্রকার। যথা—বাতজ, পিত্তজ, শ্লেষ্মজ ও সন্নিপাতজ এবং শোক, ভয়, অতিলোভ, অতিক্রোধ ও ঘৃণাজনক আহার, ঘৃণাজনক রূপ, ঘৃণাজনক গন্ধ এই সকল আগন্তুকারণে উৎপন্ন আগন্তুজ। তন্মধ্যে বাতজ অরোচকে মুখ কষায়রসবিশিষ্ট এবং দন্ত, অম্লভোজনের ন্যায় হর্ষযুক্ত হইয়া থাকে॥ ১॥

পৈত্তিক অরোচকে মুখ তিক্ত, অম্ল, বিস্বাদ, দুর্গন্ধ ও উষ্ণ এবং শ্লৈষ্মিক অরোচকে মুখ লবণ মধুর পিচ্ছিল গুরু শীতল আহারাক্ষম ও কফলিপ্ত হইয়া থাকে॥ ২॥

শোক, ভয়, অতিলোভ, ক্রোধাদি এবং অহৃদ্য ও অপবিত্রগন্ধ এই সকল আগন্তুকারণ-জাত অরোচকে মুখ স্বাভাবিক রসবিশিষ্ট থাকে, অর্থাৎ আস্বাদের কোনরূপ ব্যতিক্রম ঘটে না, কিন্তু অরুচি হয়। ত্রিদোষজ অরোচকে মুখ একরূপ রসবিশিষ্ট হইয়া থাকে না। বাতজাদি-অরোচকোক্ত সকল প্রকার রসই উৎপন্ন হইয়া থাকে॥ ৩॥

বাতজনিত অরোচকে হৃদয় শূলবেদনাযুক্ত; পৈত্তিক অরোচকে তৃষ্ণা, দাহ ও চূষণবৎ পীড়া; শ্লৈষ্মিক অরোচকে কফপ্রসেক হয়; এবং ত্রিদোষজ অরোচকে বাতজাদি ত্রিবিধ অরোচকেরই লক্ষণ সকল ঘটিয়া থাকে। আগন্তুজে

অর্থাৎ শোকাদি আগন্তু কারণ জাত অরোচকে, ব্যাকুলচিত্ততা, মোহ ও জড়তা উপস্থিত হয় * ॥ ৪ ॥

অরোচক-নিদান সমাপ্ত।

ছর্দ্দি-(বমন)-নিদান।

কুপিত বায়ু, পিত্ত, কফ ও মিলিতদোষত্রয় এবং বীভৎসালোচনাদি (বিকৃতি দর্শন, অপ্রিয়গন্ধঘ্রাণ ও অপ্রিয়বস্তুভোজনাদি) এই পঞ্চবিধ হেতুতে পঞ্চ প্রকার ছর্দ্দি (বমিরোগ) উৎপন্ন হয়। ইহাদের লক্ষণ পরে বলিতেছি। অতিদ্রব পান, অতিস্নিগ্ধ ভোজন, অহৃদ্য আহার, অধিক লবণ ভক্ষণ, অকালে ভোজন, অপরিমিত ভোজন, অসাত্ম্য [দেহের অননুকূল] ভোজন, দ্রুতভোজন এবং শ্রম, ভয়, উদ্বেগ, অজীর্ণ, ক্রিমিদোষ, গর্ভাবস্থা ও অপরাপর নানাবিধ বীভৎস বিষয় এই সকল কারণে দোষ, শীঘ্র উৎক্লিষ্ট (স্বস্থান হইতে বহির্গমনোন্মুখ) ও বেগে ধাবিত হইয়া মুখকে পীড়িত ও আচ্ছাদিত এবং অঙ্গে ভঙ্গবৎ পীড়া উৎপাদন করিয়া নির্গত হয়, ইহাকেই ছর্দ্দি † কহে ॥ ১ ॥

বমি হইবার পূর্ব্বে হৃল্লাস (বমনবেগ), উদ্গার রোধ, মুখ হইতে লবণাক্ত পাতলা জলস্রাব ও পানাহারে নিরতিশয় বিদ্বেষ, এই সকল লক্ষণ উপস্থিত হইয়া থাকে ॥ ২ ॥

বায়ুজনিত বমন রোগে, হৃদয় ও পার্শ্বদেশে বেদনা, মুখশোষ, মস্তকে ও নাভিস্থলে শূল, কাস, স্বরভেদ ও অঙ্গে সূচীবেধবদ্‌বেদনা, এই সকল লক্ষণ প্রকাশিত হয়। এবং রোগী অতি কষ্টে মহাবেগে প্রবল উদ্গার ও প্রবল শব্দ সহকারে সফেন, বিচ্ছিন্ন (মধ্যে মধ্যে বেগ রহিত), উষ্ণ, পাতলা, কষায়রস-বিশিষ্ট, অল্পমাত্র পদার্থ বমন করিয়া থাকে ॥ ৩ ॥

পিত্তজনিত বমিরোগে মূর্চ্ছা, পিপাসা, মুখশোষ, মস্তক, তালু ও চক্ষুতে সন্তাপ, অন্ধকার দর্শন ও ভ্রম এই সকল লক্ষণ দৃষ্ট হয়। এবং রোগী পীত হরিত বা ধূম্রবর্ণ (কৃষ্ণলোহিত), সতিক্ত, অতি উষ্ণ পদার্থ বমন করে, বমনকালে কণ্ঠাদিস্থান জ্বালা করে ॥ ৪ ॥

কফজনিত বমনরোগে তন্দ্রা, মুখমাধুর্য্য, কফপ্রসেক, সন্তোষ [ভোজনে অনিচ্ছা], নিদ্রা, অরুচি ও দেহের গুরুতা এই সকল লক্ষণ লক্ষিত হয়। রোগী স্নিগ্ধ, ঘন, স্বাদু ও শুক্লবর্ণ পদার্থ বমন করে, এবং বমন কালে রোমাঞ্চিত হইয়া থাকে। কফজ বমিতে যাতনা অল্প হয় ॥ ৫ ॥

---

* চরক, সুশ্রুত গ্রন্থে অরোচক ত্রিবিধ বলিয়া উক্ত আছে। যথা—অরুচি, অনন্নাভিনন্দন ও ভক্তদ্বেষ। অরুচি রোগের লক্ষণ এই যে— উহাতে ক্ষুধাসত্ত্বেও আহার করিতে পারা যায় না। অনন্নাভিনন্দন রোগে খাদ্য অভিলষিত হইলেও খাইতে পারা যায় না। আর ভক্তদ্বেষে, আহারের শ্রবণ, স্মরণ, দর্শন, ঘ্রাণ ও স্পর্শেও বিরক্তি জন্মে।

† অপবারণার্থ ছদ ও হিংসার্থ অর্দ্দ এই ধাতুদ্বয়ে ছর্দ্দি পদটি সিদ্ধ হইয়াছে।

ত্রিদোষজ বমনরোগে, শূল, অপরিপাক, অরুচি, দাহ, পিপাসা, শ্বাস ও মূর্চ্ছা, এই সকল লক্ষণ প্রবলভাবে প্রকাশিত হয় এবং রোগী, নিরন্তর অম্ল-লবণরসাক্ত নীল বা লোহিত বর্ণ ঘন ও উষ্ণ পদার্থ বমন করিয়া থাকে ॥ ৬ ॥

কুপিতবায়ু যখন মল, মূত্র, স্বেদ ও অম্বুবহ স্রোতঃ সকলকে রুদ্ধ করিয়া ঊর্দ্ধগত হয়, তখন সেই উদাগতদোষাক্রান্ত রোগির কোষ্ঠ হইতে পূর্ব্বসঞ্চিত পিত্ত কফ বা বাতদুষ্ট-স্বেদাদি-ধাতুমল সকল ঊর্দ্ধে নীয়মান হইয়া অতিবেগে উদ্গিরিত হইয়া থাকে এবং মলমূত্রাদি-বাহি-স্রোতঃসমূহের দুষ্টি হেতু ঐ বমনও মলমূত্রের সমান গন্ধবর্ণবিশিষ্ট হয়। এইরূপ বমনোরোগাক্রান্ত ব্যক্তি তৃষ্ণা শ্বাস ও হিক্কা দ্বারা পীড়িত এবং আশু বিনাশ প্রাপ্ত হইয়া থাকে ॥ ৭ ॥

বীভৎসজ (কুৎসিত ঘৃণাজনক হেতু জাত), দৌর্হৃদজ (দৌর্হৃদ লোভজ), আমজ (অজীর্ণজ), অসাত্ম্যজ (অনভ্যস্ত বা অননুকূল দ্রব্য ভোজন জনিত) ও ক্রিমিজ এই পাঁচ প্রকার বমিই আগন্তু কারণে উৎপন্ন হয় বলিয়া ইহারা এক মাত্র আগন্তুজ বমন নামে অভিহিত। অতএব পূর্ব্বোক্ত চারি প্রকার এবং এই আগন্তুজ এক প্রকার, সমুদায়ে পাঁচ প্রকার বমি গণনীয়। আগন্তুজ বমনরোগে বাতাদি যে দোষের লক্ষণ লক্ষিত হইবে, তাহাকে সেই দোষাক্রান্ত জানিয়া চিকিৎসা করিবে ॥ ৮ ॥

ক্রিমিজ বমিতে অত্যন্ত শূল ও অধিক বমনবেগ এবং ক্রিমিজাত হৃদ্রোগের তুল্য লক্ষণ সকল লক্ষিত হইয়া থাকে ॥ ৯ ॥

রোগী যদি ক্ষীণ হয় এবং নিরন্তর রক্তপূযযুক্ত বা ময়ূরপুচ্ছের চন্দ্রিকাসদৃশ আভাবিশিষ্ট বমন করে এবং কাসাদি উপদ্রবে উপদ্রুত হয়, তাহা হইলে অসাধ্য। কিন্তু উপদ্রব রহিত হইলে সাধ্য জানিয়া তাহার চিকিৎসা করিবে ॥১০॥

ছর্দ্দি-নিদান সমাপ্ত।

তৃষ্ণা-নিদান।

ভয়, শ্রম, বলক্ষয়াদি বাতপ্রকোপকহেতু দ্বারা অথবা কটু, অম্ল, ক্রোধ ও উপবাসাদি পিত্তবর্দ্ধক কারণে স্বস্থানসঞ্চিত কুপিত পিত্ত, বায়ুসহকারে ঊর্দ্ধপ্রসৃত এবং তালু ও ক্লোম নামক পিপাসার স্থানকে প্রাপ্ত হইয়া তৃষ্ণারোগ উৎপাদন করে। জলবাহি-স্রোতঃ সকলও বাতাদি দোষ কর্ত্তৃক দূষিত হইলে পিপাসা সঞ্জাত হয়। তৃষ্ণা সাতপ্রকার। যথা—বাতজ, পিত্তজ, কফজ, ক্ষতজ, ক্ষয়জ, আমজ ও অন্নজ। যথাক্রমে ইহাদের লক্ষণ লিখিত হইতেছে * ॥ ১২ ॥

* তালু, কণ্ঠ, ওষ্ঠ ও মুখের শোষ, দাহ, সন্তাপ, মূর্চ্ছা, ভ্রম ও প্রলাপ এই সকল লক্ষণ তৃষ্ণারোগে উৎপন্ন হইবার পূর্ব্বে প্রকাশিত হয়।

সতত জল পান করাতেও যাহার তৃপ্তি হয় না, বারংবার জলপানের আকাঙ্ক্ষা করে, তাহাকে তৃষ্ণারোগাক্রান্ত বলিয়া জানিবে।

বাতজ তৃষ্ণায় মুখের শুষ্কতা ও ম্লানত্ব, শঙ্খদেশে ও মস্তকে সূচীবেধবদ্ বেদনা, রস ও অম্বুবাহি-স্রোতঃ সকলের নিরোধ এবং মুখে বিকৃতাস্বাদ এই সকল লক্ষণ উপস্থিত হয়। শীতলজল পানে বাতজতৃষ্ণার বৃদ্ধি হইয়া থাকে॥ ৩॥

পিত্তজ তৃষ্ণায় মূর্চ্ছা, আহারে বিদ্বেষ, প্রলাপ, দাহ, রক্তনেত্রতা, অতীব মহতী তৃষ্ণা, শীতেচ্ছা, মুখতিক্ততা ও উপতাপ এই সকল লক্ষণ প্রকাশিত হয়॥ ৪॥

কফ শীতল ও দ্রবপদার্থ, ইহা হইতে পিপাসার উৎপত্তি অসম্ভব, অতএব যেরূপ কারণে কফ হইতে পিপাসা জন্মে, তাহা লিখিত হইতেছে।

কফ কর্তৃক জঠরাগ্নি উপরিভাগে আচ্ছাদিত হইলে, জাঠরোষ্মা অধোগত হইয়া জলবহস্রোতকে শুষ্ক করে, তাহাতেই পিপাসার উৎপত্তি হয়। কফজ তৃষ্ণায় নিদ্রাধিক্য, মুখে মিষ্টাস্বাদ ও দেহের অতিশয় শুষ্কতা উপস্থিত হইয়া থাকে। এই তৃষ্ণায় পীড়িত ব্যক্তি কৃশ হইয়া থাকে॥ ৫॥

শস্ত্রাদি দ্বারা ক্ষতাঙ্গ ব্যক্তির ক্ষতযন্ত্রণা ও ক্ষত হইতে রক্তস্রাবহেতু যে পিপাসা হয়, তাহাকে ক্ষতজ তৃষ্ণা কহে॥ ৬॥

রসক্ষয় হেতু যে তৃষ্ণা হয়, তাহাকে ক্ষয়জ তৃষ্ণা কহে। ক্ষয়জতৃষ্ণার্ত্ত ব্যক্তি দিবারাত্র মুহুর্মুহুঃ জল পান করে, তথাপি তৃপ্তিলাভ করিতে পারে না। কেহ কেহ এইরূপ তৃষ্ণাকে সন্নিপাতোৎপন্ন বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন। ইহাতে হৃৎপীড়া, কম্প, শোষ এবং শূন্যতা প্রভৃতি সুশ্রুতনির্দিষ্ট রসক্ষয় লক্ষণ সকলও উপস্থিত হয়।

আমজ তৃষ্ণায় হৃচ্ছূল, নিষ্ঠীবন, অবসাদ এবং বাতাদি ত্রিদোষজ লক্ষণ সমূহ প্রকাশিত হয়। কারণ আম অর্থাৎ অজীর্ণহেতু ত্রিদোষেরই প্রকোপ হইয়া থাকে॥ ৭॥

ঘৃত তৈলাদি স্নেহযুক্ত খাদ্য, অম্ল লবণ ও কটুরস এবং গুরুপাক অন্ন ভোজন করিলে শীঘ্র পিপাসা উপস্থিত হয়। ইহাকেই ভক্তোদ্ভবা অর্থাৎ অন্নজা তৃষ্ণা কহে॥ ৮॥

রোগের উপসর্গজাত তৃষ্ণাকে উপসর্গজা তৃষ্ণা কহে। ইহাতে স্বরের ক্ষীণতা, মূর্চ্ছা, ক্লান্তি মুখ, কণ্ঠ ও তালুশোষ হইয়া থাকে। ইহা শরীরশোষিণী এবং কষ্টসাধ্য। এই উপসর্গজা তৃষ্ণা, বাতজাদিদোষোদ্ভবা তৃষ্ণার অন্তর্ভূত বলিয়া ইহা অষ্টমী তৃষ্ণা বলিয়া পরিগণিত নহে॥ ৯॥

জ্বর, মূর্চ্ছা, ক্ষয়, কাস ও শ্বাসাদি রোগাক্রান্ত কৃশ ব্যক্তিদিগের বাতজাদি সর্ব্বপ্রকার তৃষ্ণাই, যদি অতিপ্রবল এবং রোগী যদি বমি ও মুখশোষাদি প্রবল উপদ্রবে উপদ্রুত হয়, তাহা হইলে সেই তৃষ্ণা জীবিতাপহারিণী জানিবে *॥ ১০॥

তৃষ্ণা-নিদান সমাপ্ত।

---

* তৃষ্ণারোগে তালু ওষ্ঠ ও কণ্ঠদেশে সূচীবেধবদ্ বেদনা ও দাহ, সর্ব্বাঙ্গে সন্তাপ ও দাহ এবং ভ্রম ও প্রলাপ উপস্থিত হইলে তৃষ্ণারোগির অকাল-মৃত্যু হয়। তৃষ্ণার্ত্ত ব্যক্তি ক্ষীণ বিকৃত বধির নির্গত-জিহ্ব হইলে তাহাকে তৎক্ষণাৎ পরিত্যাগ করিবে। জ্বর, মোহ, ক্ষয়, শ্বাস, কাস, বাধিয্য ও নির্গত-জিহ্বত্ব এই সাতটী রোগের উপদ্রব।

মূর্চ্ছা, ভ্রম ও সন্ন্যাস-নিদান।

বিরুদ্ধভোজন, মলমূত্রাদির বেগধারণ, লগুড়াদি দ্বারা অভিঘাত ও সত্ত্বগুণের অল্পতা এই সকল কারণে ক্ষীণ ও বহুদোষব্যাপ্তদেহ ব্যক্তির বাতাদি উগ্রদোষ সকল যখন মনোধিষ্ঠান চক্ষুরাদি-বাহ্যেন্দ্রিয়ে ও মনোবহ আভ্যন্তরস্রোতঃসকলে প্রবেশ করে, তখনই মানব মূর্চ্ছিত হইয়া থাকে। অথবা মনঃ, শিরাধমনী-স্রোতঃপ্রভৃতি যে সকল নাড়ীকে আশ্রয় করিয়া ইন্দ্রিয়াদি স্থান প্রাপ্ত হয়, সেই সকল সংজ্ঞাবহ নাড়ীও বাতাদিদোষ কর্ত্তৃক আবৃতা হইলে, সুখদুঃখনাশক অজ্ঞানহেতু তমোগুণ সহসা বর্দ্ধিত হয়। সুতরাং সুখদুঃখের নাশ হেতু, মনুষ্য মূর্চ্ছিত হইয়া কাষ্ঠবৎ ভূমিতে পতিত হইয়া থাকে। এই পীড়ার নাম মোহ বা মূর্চ্ছা। ইহা ছয় প্রকার। যথা—বাতজ, পিত্তজ, শ্লেষ্মজ, রক্তজ, মদ্যজ ও বিষজ। এই ছয় প্রকার মূর্চ্ছাতেই পিত্তের আধিপত্য থাকে, জানিবে॥ ১॥

মূর্চ্ছা উপস্থিত হইবার পূর্ব্বে, হৃদয়ে পীড়া, জৃম্ভা, গ্লানি, জ্ঞানের অল্পতা, এই সকল লক্ষণ প্রকাশিত হয়। মূর্চ্ছারোগের ব্যক্তাবস্থায়, যে দোষের লক্ষণ দৃষ্ট হইবে, তাহাকে তদ্দোষসম্বন্ধ বলিয়া জানিবে॥ ২॥

বাতমূর্চ্ছায়, রোগী নীল, কৃষ্ণ অথবা অরুণবর্ণ আকাশ দর্শন করিতে করিতে মূর্চ্ছিত হয় ও শীঘ্র সংজ্ঞালাভ করে এবং কম্প, অঙ্গমর্দ্দ (আলস্যত্যাগ করা, গা, ভাঙ্গা), হৃদয়ের পীড়া, দেহের কৃশতা ও শ্যাব বা অরুণবর্ণ কান্তি এই সকল লক্ষণ উপস্থিত হইয়া থাকে॥ ৩॥

পিত্তজ মূর্চ্ছায় রোগী রক্ত পীত অথবা হরিতবর্ণ আকাশ দর্শন করিতে করিতে মূর্চ্ছিত হয়। মূর্চ্ছাপনোদনকালে ঘর্ম্ম, (অধিক পাঠের অর্থ—পিপাসা, সন্তাপ, নয়নের রক্তবর্ণতা বা পীতবর্ণতা এবং চঞ্চলতা), ভাঙ্গামল ও পীতবর্ণ কান্তি এই সকল সংঘটিত হইয়া থাকে॥ ৪॥

শ্লেষ্মমূর্চ্ছায় রোগী আকাশকে মেঘাভ বা মেঘাচ্ছন্ন, অথবা ঘোর অন্ধকারাবৃত দর্শন করিতে করিতে মূর্চ্ছিত হয় ও বিলম্বে সংজ্ঞা লাভ করে। সংজ্ঞালাভ কালে আপন অঙ্গ সকল আর্দ্রচর্ম্মবেষ্টিতবদ্ গুরু বলিয়া বোধ করে এবং তাহার মুখস্রাব ও বমনবেগ হইয়া থাকে॥ ৫॥

যদিও সুশ্রুতগ্রন্থানুসারে এস্থলে মূর্চ্ছারোগ ছয় প্রকার বলিয়া উক্ত হইয়াছে, তথাপি চরকগ্রন্থে সান্নিপাতিক মূর্চ্ছার উল্লেখ থাকায় মাধবকর সেটিও সংগ্রহ করিয়াছেন, অতএব সান্নিপাতিক মূর্চ্ছার লক্ষণ লিখিত হইতেছে। এই মূর্চ্ছায় বাতজাদি ত্রিবিধ মূর্চ্ছারই লক্ষণ সংঘটিত হয় এবং রোগী অপস্মারবৎ প্রবল বেগে পতিত ও দীর্ঘকালে চেতনা প্রাপ্ত হয়। কিন্তু অপস্মারে যেরূপ ফেনবমন, দন্তঘট্টন ও নেত্রবিকৃতি প্রভৃতি ভয়ানক অঙ্গবৈকৃত্য বিদ্যমান থাকে, ইহাতে তাহা থাকে না, এইমাত্র প্রভেদ জানিবে॥ ৬॥

মৃত্তিকা ও জল উভয়ই তমোগুণ-বহুল, রক্তগন্ধও তদুভয় অর্থাৎ পৃথিবী-জলাত্মক, সুতরাং উহাতেও তমোগুণের আধিক্য আছে; এবং মানবও তমোগুণ-

ভূয়িষ্ঠ ; তজ্জন্যই রক্তগন্ধে তমোবহুল মানব মূর্চ্ছিত হইয়া থাকে। কেহ কেহ বলেন, দ্রব্যের স্বভাবই কারণ। যেহেতু গন্ধ আঘ্রাণ না করিলেও, কেবল দর্শনেই মূর্চ্ছা হইয়া থাকে। রক্তের এমনই স্বভাব যে, উহার ঘ্রাণে বা দর্শনেও মূর্চ্ছা উপস্থিত হয় ॥ ৭ ॥

লঘু, রূক্ষ, আশুকারী, বিশদ, ব্যবায়ী, তীক্ষ্ণ, বিকাশী, সূক্ষ্ম, উষ্ণ ও অনির্দ্দেশ্য রস এই দশটি বিষের গুণ, এই গুণ সকল তৈলাদিতেও আছে, কিন্তু সকল গুলি তীব্রভাবে নাই। বিষ ও মদ্যে এই দশটি গুণই তীব্রতররূপে বিদ্যমান আছে : তজ্জন্য তৈলাদির দ্বারা মূর্চ্ছা হয় না, বিষ ও মদ্যে মূর্চ্ছা হইয়া থাকে। বিষজ ও মদ্যজ মূর্চ্ছার বিষয় লিখিত হইতেছে ॥ ৮ ॥

রক্তজমূর্চ্ছায় অঙ্গ ও দৃষ্টি স্তব্ধীভূত এবং শ্বাসক্রিয়া অস্পষ্ট হইয়া থাকে। অধিক মদ্যপানজনিত মূর্চ্ছায় রোগী জ্ঞানরহিত ও বিভ্রান্তচিত্ত হইয়া ভূমিতে পড়িয়া হস্তপদাদি সঞ্চালন করে ও প্রলাপ বকিতে বকিতে মূর্চ্ছিত হয়। মদ্য যতক্ষণ না জীর্ণ হয়, ততক্ষণ মূর্চ্ছাপনোদন হয় না, জীর্ণ হইলে সংজ্ঞালাভ হইয়া থাকে। বিষজ মূর্চ্ছায় কম্প, নিদ্রা, তৃষ্ণা ও অন্ধকার দর্শন এই সকল লক্ষণ উপস্থিত হয় এবং কন্দ, মূল, ফল, পত্র ও ক্ষীরাদি বিষের যে সকল লক্ষণ সুশ্রুতের কল্পস্থানে লিখিত আছে, তাহাও তীব্রতর ভাবে প্রকাশিত হইয়া থাকে ॥ ৯॥

পিত্ত ও তমোগুণযোগে মূর্চ্ছা : বায়ু পিত্ত ও রজোগুণযোগে ভ্রম ; বায়ু কফ ও তমোগুণযোগে তন্দ্রা এবং শ্লেষ্মা ও তমোগুণযোগে নিদ্রা হইয়া থাকে ॥ ১০ ॥

ভ্রমরোগে নিজ শরীর বা বিশ্বস্থিত সমস্ত পদার্থ ঘূর্ণমান বোধ হয়, তজ্জন্যই রোগী দাঁড়াইতে পারে না, দাঁড়াইলেই ভূমিতে পড়িয়া যায়।

তন্দ্রার লক্ষণ—তন্দ্রা অতি প্রসিদ্ধ, ইহা সকলেই জানেন, বিশেষ বিবরণ লিখিবার প্রয়োজন নাই। (নিদ্রায় ইন্দ্রিয় ও মন উভয়েরই মোহ হয়। এবং ইন্দ্রিয়গণ রূপরসাদি নিজ নিজ বিষয় গ্রহণে সম্পূর্ণ অসমর্থ হইয়া থাকে) কিন্তু তন্দ্রায় কেবল ইন্দ্রিয় মোহ, ইন্দ্রিয় বিষয় সকলে অসম্যগ্ জ্ঞান ও নিদ্রার্ত্তব্যক্তির ন্যায় চেষ্টা এবং দেহের গৌরব, জৃম্ভা ও ক্লান্তি এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ১১॥

মদ (অপ্রবৃদ্ধ উন্মাদ) ও মূর্চ্ছারোগ সকলে ঔষধ প্রয়োগ না করিলেও বাতাদি দোষ বেগের শান্তি হইলে উহারা প্রশমিত হয়। কিন্তু সন্ন্যাস রোগ ঔষধ ব্যতিরেকে কখনই নিবৃত্ত হয় না ॥ ১২ ॥

সন্ন্যাসরোগে বাতাদিদোষ সকল অতিকুপিত হইয়া প্রাণস্থান হৃদয়কে আশ্রয় করিয়া বাক্য দেহ ও মনের চেষ্টা বিনাশপূর্ব্বক দুর্ব্বল মনুষ্যকে মূর্চ্ছিত করে। সেই সন্ন্যাস-পীড়িত ব্যক্তি কাষ্ঠবৎ নিষ্ক্রিয় ও মৃতবৎ সংজ্ঞাহীন হয়। এই রোগ উপস্থিত হইবামাত্র যদি সূচীবেধ, তীক্ষ্ণ অঞ্জনদান, তীক্ষ্ণ নস্য প্রয়োগ ও আলকুশী ঘর্ষণ প্রভৃতি সদ্যঃফলপ্রদ ক্রিয়া না করা যায়, তাহা হইলে রোগির শীঘ্রই মৃত্যু হইয়া থাকে ॥ ১৩ ॥

মূর্চ্ছাদি-নিদান সমাপ্ত।

পানাত্যয়, পরমদ, পানাজীর্ণ ও পানবিভ্রম নিদান।

মূর্চ্ছাধিকারে বিষের যে দশটি গুণ লিখিত হইয়াছে, মদ্যতেও সেই সকল গুণ বিদ্যমান আছে। অতএব অবৈধ মদ্যপান করিলে, উৎকট মদাত্যয় রোগ জন্মে ॥ ১ ॥

কিন্তু মনুষ্যের পক্ষে অন্নপান স্বভাবতঃ যেরূপ, মদ্যও তদ্বৎ জানিবে। অর্থাৎ ইহা অবিধিপূর্ব্বক সেবিত হইলে রোগকর হয়, কিন্তু যথাবিধি পীত হইলে অমৃততুল্য হইয়া থাকে। যে অন্ন প্রাণধারিদিগের প্রাণ, সে অন্নও অবৈধ সেবিত হইলে প্রাণনাশক হয়। আর প্রাণহর যে বিষ, তাহাও যুক্তি-পূর্ব্বক প্রযুক্ত হইলে রসায়ন অর্থাৎ জরাব্যাধিনাশক হইয়া থাকে। অতএব হিতজনক বস্তুও অবিধিপূর্ব্বক সেবিত হইলে অহিতকর এবং অহিতজনক দ্রব্যও যথাবিধি সেবিত হইলে হিতকর হয় ॥ ২ ॥

যথাবিধি, যথামাত্রায়, যথাসামর্থ্য ও যথাকালে অর্থাৎ গ্রীষ্মে শীতমধুর মাধ্বীকাদি, শীতে উষ্ণ তীক্ষ্ণ গৌড়িক ও পৈষ্টিকাদি মদ্য, প্রহৃষ্ট হইয়া, মদ্য-বিপরীতগুণবিশিষ্ট বক্ষ্যমাণ হিতজনক খাদ্যের সহিত সেবন করিলে, অমৃততুল্য গুণকারী হয় ॥ ৩ ॥

স্নিগ্ধ অন্ন ও মাংস প্রভৃতি ভক্ষ্যদ্রব্যের সহিত মদ্য পীত হইলে আয়ুর্ব্বর্দ্ধক বলকর ও দেহের পুষ্টিসাধক হয়। অপিচ বিধিবৎ সেব্যমান মদ্যে দেহের কম-নীয়তা (বা কমনীয় বস্তুতে মনোবৃত্তি), মনের তুষ্টি, উৎসাহ ও বিক্রম এই সকল গুণও বিদ্যমান আছে ॥ ৪ ॥

মাত্রাদিভেদে অর্থাৎ মত্ততার অবস্থা চারিভাগে বিভক্ত করিয়া প্রত্যেক ভাগের লক্ষণ লিখিত হইতেছে।

প্রথমমদ (মত্ততার প্রথমাবস্থা) বুদ্ধি স্মৃতি ও প্রীতিকর, সুখজনক, অধ্য-য়ন গান ও স্বরশক্তিবর্দ্ধক এবং পান ভোজন নিদ্রা ও রতিবর্দ্ধক অর্থাৎ আসক্তিদায়ক (কেহ কেহ মৈথুন অর্থে রতি শব্দের ব্যাখ্যা করেন)। প্রথম মদ অতি মনোরম ॥ ৫ ॥

দ্বিতীয়মদে বুদ্ধি, স্মৃতি ও বাক্যের স্ফূর্ত্তি থাকে না, মদ্যপায়ী আকারে ও কার্য্যে উন্মত্তের ন্যায় ও প্রচণ্ড হয় এবং মুহুর্ম্মুহুঃ আলস্য ও নিদ্রার অভিভূত হইতে থাকে ॥ ৬ ॥

তৃতীয়মদে মনুষ্য জ্ঞানহীন হইয়া অগম্য-গুরুপত্ন্যাদিতে গমন, অভক্ষ্য-ভোজন, গুরুজনের অবমাননা ও হৃদয়ের অতিগুহ্য কথা সকলও প্রকাশ করিয়া থাকে। এ অবস্থায় মানব নিজায়ত্ত থাকে না, নিতান্ত মদপরবশ হয় ॥ ৭ ॥

চতুর্থমদে মনুষ্য নিতান্ত জ্ঞানশূন্য, ভগ্নকাষ্ঠবৎ নিষ্ক্রিয় ও কর্ত্তব্যাকর্ত্তব্য-বোধ-রহিত হয়। ফলতঃ চতুর্থ মদমত্ত ব্যক্তি, অবিকল মৃতবৎ পড়িয়া থাকে। হিতাহিত-জ্ঞানশালী, আত্মবান্, কৃতী এমন কোন্ ব্যক্তি, হিংস্র-প্রাণিসঙ্কুল-

দুর্গমপথ-সদৃশ বিপজ্জনক এরূপ ভয়ঙ্কর অর্থাৎ মূর্ত্তিমান উন্মাদস্বরূপ মদ ইচ্ছাপূর্ব্বক প্রাপ্ত হইয়া থাকে ॥ ৮ ॥

পূর্ব্বোক্ত বিধি অতিক্রম করিয়া একাকী নিত্য অন্নহীন (চাট্ শূন্য) মদ্য পান করিলে কৃচ্ছ্রসাধ্য অতি কষ্টতম রোগ সকল উৎপন্ন হয়। শেষে মৃত্যু পর্য্যন্ত ঘটিয়া থাকে ॥ ৯ ॥

ক্রুদ্ধ, ভীত, পিপাসিত, শোকার্ত্ত বা বুভুক্ষিত হইয়া অথবা ব্যায়াম ভার-বহন বা পথপর্য্যটনে ক্লান্ত হইয়া কিংবা মলমূত্রাদির বেগধারণে নিতান্ত কাতর হইয়া বা অপরিমিত পান-ভোজনে পূর্ণোদর হইয়া অথবা অজীর্ণে ভোজন করিয়া কিংবা দুর্ব্বলাবস্থায় বা উত্তাপে তাপিত হইয়া মদ্যপান করিলে বিবিধ পীড়া অর্থাৎ পানাত্যয়, পরমদ, পানাজীর্ণ ও উৎকট পানবিভ্রমরোগ জন্মিয়া থাকে। ইহাদের প্রত্যেকের লক্ষণ লিখিত হইতেছে ॥ ১০ ॥

বাতোল্বণমদাত্যয়রোগে হিক্কা, শ্বাস, শিরঃকম্প, পার্শ্বশূল, নিদ্রানাশ ও বহু প্রলাপ, এই সকল লক্ষণ উপস্থিত হয়। পিত্তোল্বণমদাত্যয়ে তৃষ্ণা, দাহ, জ্বর, ঘর্ম্ম, মোহ, অতিসার, বিভ্রম ও দেহের হরিতবর্ণতা, এই সকল লক্ষণ লক্ষিত হয় এবং কফোল্বণমদাত্যয়ে বমি, অরুচি, বমির বেগ, তন্দ্রা, আর্দ্রবস্ত্রাবৃতবৎ জ্ঞান, দেহের গুরুতা ও অতিশয় শীত, এই সকল লক্ষণ প্রকাশিত হইয়া থাকে। আর সান্নিপাতিকমদাত্যয়ে, উল্লিখিত বাতোল্বণাদি ত্রিবিধ মদাত্যয়েরই লক্ষণ-সমূহ সংঘটিত হয় * ॥ ১১ ॥

পরমদনামক রোগে শ্লেষ্মাধিক্য (নাসাস্রাবাদি), দেহের ভার, মুখবৈরস্য, মলমূত্ররোধ, তন্দ্রা, অরুচি, তৃষ্ণা, মস্তকবেদনা ও সন্ধিস্থানে ভঙ্গবৎপীড়া এই সকল লক্ষণ দৃষ্ট হইয়া থাকে ॥ ১২ ॥

পানাজীর্ণ রোগে অতি উগ্র উদরাধ্মান, বমি বা উদ্গার, উদরে বিদাহ এবং পীতমদ্যের অপরিপাক, এই সকল লক্ষণ সঞ্জাত হয় ॥ ১৩ ॥

পানবিভ্রমরোগে সমস্ত গাত্রে বিশেষতঃ হৃদয়ে সূচীবেধবদ্বেদনা, কফস্রাব, কণ্ঠ হইতে ধূমনির্গমবৎ পীড়া, মূর্চ্ছা, বমি, জ্বর, শিরঃশূল, মুখের কফলিপ্ততা এবং সুরাবিকারে (সুরাজাত খাদ্যে) ও অন্নবিকারে (পিষ্টকলড্ডুকাদিতে) দ্বেষ, এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ১৪ ॥

মদাত্যয়াদিরোগাক্রান্ত ব্যক্তির উপরিতন ওষ্ঠ যদি ঝুলিয়া পড়ে এবং বাহ্যাঙ্গে অতিশীত, অথচ অন্তরে দাহ ও মুখ তৈলাক্তবৎ হয় কিংবা জিহ্বা, ওষ্ঠ ও দন্ত, কৃষ্ণ বা নীল এবং চক্ষুঃ পীত বা রক্তবর্ণ হয়, তাহা হইলে সে রোগিকে ত্যাগ করিবে ॥ ১৫ ॥

হিক্কা, জ্বর, বমি, কম্প, পার্শ্বশূল, কাস ও ভ্রম এইগুলি মদাত্যয়াদিরোগের উপদ্রব ॥ ১৬ ॥

পানাত্যয়, পরমদ, পানাজীর্ণ ও পানবিভ্রম নিদান সমাপ্ত।

---

* মদাত্যয়ে দুই দোষের লক্ষণ দৃষ্ট হইলে, তাহাকে দ্বিদোষজ বলিয়া জানিবে।

দাহ-নিদান।

মদ্যজ দাহ।—মদ্যপানে কুপিত পিত্তোষ্মা, পিত্ত ও রক্তকর্তৃক অতিমূর্চ্ছিত ও ত্বক্‌কে প্রাপ্ত হইয়া অতি ঘোর দাহ উৎপাদন করে। ইহাকে মদ্যজ দাহ কহে * ॥ ১ ॥

রক্তজদাহ।—সর্ব্বশরীরানুগত রক্ত অতি বৃদ্ধ হইলে নিশ্চয়ই দাহ উপস্থিত হয়। এই দাহকে রক্তজ দাহ কহে। ইহাতে রোগী তৃষ্ণার্ত্ত তাম্রাভ ও তাম্রলোচন হয়। তাহার সমস্ত অঙ্গ বিশেষতঃ বদন, লৌহ বা রক্তগন্ধবিশিষ্ট হইয়া থাকে এবং সে আপনাকে চতুর্দ্দিকে অগ্নিব্যাপ্ত বলিয়া বোধ করে ও তদ্বৎ সন্তাপিতও হয় ॥ ২ ॥

পিত্তজনিত দাহের লক্ষণ ও চিকিৎসা পিত্তজ্বরের ন্যায় জানিবে। প্রভেদ এই যে, পিত্তজ্বরের ন্যায় ইহাতে অনবস্থিত-চিত্তত্ব ও আমাশয়-দুষ্ট্যাদি থাকে না ॥ ৩ ॥

তৃষ্ণানিরোধজ দাহ।—পিপাসা-নিগ্রহহেতু শরীরস্থ জলীয়ধাতু ক্ষীণ হওয়াতে তেজঃ (পিত্তোষ্মা) বর্দ্ধিত হইয়া, দেহের বাহিরে ও ভিতরে দাহ উপস্থিত করে। এই দাহে গল, তালু ও ওষ্ঠ শুষ্ক হয় এবং রোগী জিহ্বা বাহির করিয়া কাঁপিতে থাকে ॥ ৪ ॥

প্রগাঢ় অস্ত্রাঘাতে, হৃদয়াদি কোষ্ঠ রক্তপূর্ণ হইলে, ভয়ঙ্কর দাহ উপস্থিত হয়। এইরূপ দাহকে রক্তপূর্ণকোষ্ঠজ দাহ কহে। পূর্ব্বে যে রক্তজ দাহের উল্লেখ হইয়াছে, তাহা সর্ব্বদেহানুগত অতিবৃদ্ধ রক্ত হইতে উদ্ভূত হইয়া থাকে। সুতরাং এস্থলে আবার এবম্ভূত রক্তজ দাহের উল্লেখ হওয়ায় পৌনরুক্ত্যদোষ হয় নাই ॥ ৫ ॥

ধাতুক্ষয়জ দাহ—রসরক্তাদি ধাতুক্ষয় হইলে যে দাহ উপস্থিত হয়, তাহাতে রোগী মূর্চ্ছিত, তৃষ্ণার্ত্ত, ক্ষীণস্বর ও নিশ্চেষ্ট হয় এবং চিকিৎসাহীন হইলে, এই ধাতুক্ষয়জনিত দাহে মৃত্যু পর্য্যন্তও ঘটিয়া থাকে ॥ ৬ ॥

মস্তক হৃদয় ও বস্ত্যাদি মর্ম্মস্থান সকল দারুণ আঘাতে আহত হইলে যে দাহ উপস্থিত হয়, তাহাকে মর্ম্মাভিঘাতজ দাহ কহে; ইহা অসাধ্য। দাহরোগে রোগী যদি শীতগাত্র অথচ দাহপীড়িত হয়, তাহা হইলে তাহার সর্ব্বপ্রকার দাহই অসাধ্য ॥ ৭ ॥

দাহ-নিদান সমাপ্ত।

* তীক্ষ্ণগুণান্বিত উষ্ণবীর্য্য মদ্যপানে দাহ রোগ জন্মে। আয়ুর্ব্বেদশাস্ত্রে দাহ রোগ সপ্তবিধ বলিয়া উক্ত হইয়াছে।

উন্মাদ-নিদান।

প্রবৃদ্ধ-বাতাদি দোষ সকল, উন্মার্গ আশ্রয় করিয়া অর্থাৎ বিমার্গগামী হইয়া মদ (চিত্তবিভ্রম) জন্মায় বলিয়া ইহাকে উন্মাদ কহে। উন্মাদ মানসব্যাধি॥ ১॥

অতি কুপিত বায়ু, পিত্ত, কফ ও মিলিত দোষত্রয় এবং মানসিক দুঃখ ও বিষসেবন এই ছয় কারণে ছয় প্রকার উন্মাদ রোগ জন্মিয়া থাকে। অচিরোৎপন্ন অপ্রবৃদ্ধ উন্মাদ, মদ নামে অভিহিত হয়। মানসদুঃখ ও বিষসেবনজনিত উন্মাদে যে দোষের অনুবন্ধ থাকিবে, সেই দোষেরই চিকিৎসা করিবে। বিষজ উন্মাদে বিষঘ্ন ঔষধ প্রযোজ্য *॥ ২॥

মিলিত ক্ষীর-মৎস্যাদি বিরুদ্ধভোজন, বিষসংযুক্ত অন্নাদিভোজন, অশুচি ভোজন, দেবতা গুরু ও ব্রাহ্মণগণের অবমাননা, ভয় বা হর্ষ হেতুক চিত্তবিঘাত এবং বিষমাঙ্গন্যাস ও বলবান্ ব্যক্তির সহিত যুদ্ধকরণাদি বিষম চেষ্টা, এইগুলি উন্মাদ রোগের হেতু বলিয়া কীর্ত্তিত হয়॥ ৩॥

অল্পসত্ত্বগুণ-বিশিষ্ট ব্যক্তির, বাতাদি দোষত্রয় পূর্ব্বোক্ত কারণসমূহ দ্বারা প্রকৃষ্টরূপে দুষ্ট হইয়া, বুদ্ধির স্থান হৃদয়কে ও হৃদয়াশ্রিত মনোবহা দশটি ধমনীকে দূষিত করিয়া শীঘ্র মনুষ্যের চিত্তকে বিকৃত করিয়া ফেলে॥ ৪॥

বুদ্ধিভ্রম, চিত্তচাঞ্চল্য, পর্য্যাকুলা দৃষ্টি, অস্থিরতা, অসম্বন্ধবাক্যকথন ও হৃদয়ের শূন্যতা, এইগুলি সর্ব্বপ্রকার উন্মাদের সাধারণ লক্ষণ॥ ৫॥

বাতিক উন্মাদের নিদান ও লক্ষণ। রুক্ষ শীতল ও অতি অল্পমাত্র অন্ন-ভোজন, বিরেচন, ধাতুক্ষয় এবং উপবাস এই সকল কারণে বায়ু অতি কুপিত হইয়া চিন্তাদি দুষ্ট হৃদয়কে দূষিত করিয়া শীঘ্রই মনুষ্যের বুদ্ধি ও স্মৃতিকে নষ্ট করিয়া বাতোন্মাদ উপস্থিত করে। এই রোগে রোগী অনুপযুক্ত স্থলে হাস্য, ঈষদ্ধাস্য, নৃত্য, গীত, বাক্য, অঙ্গবিক্ষেপ ও রোদন করিয়া থাকে এবং তাহার দেহ রুক্ষ, কৃশ ও অরুণবর্ণ হয়। আহার পরিপাক হইলে বাতোন্মাদের বল বৃদ্ধি পাইয়া থাকে॥ ৬॥

পিত্তোন্মাদের নিদান ও লক্ষণ। কটু অম্ল বিদাহি উষ্ণ ও অজীর্ণভোজনহেতু হিতাহিত-জ্ঞান-বিহীন অজিতেন্দ্রিয় ব্যক্তির পূর্ব্বসঞ্চিত পিত্ত উদীর্ণবেগ হইয়া পূর্ব্ববৎ অর্থাৎ চিন্তাদি-দুষ্ট হৃদয়কে দূষিত এবং বুদ্ধি ও স্মৃতিকে প্রনষ্ট করিয়া, শীঘ্রই অতি উগ্র পৈত্তিক উন্মাদ জন্মাইয়া থাকে। এই উন্মাদে অসহিষ্ণুতা, আড়ম্বরকরণ, বিবস্ত্রতা, তর্জ্জন গর্জ্জন (পরত্রাসন), দ্রুতবেগে পলায়ন, গাত্র-

---

* মোহ, মনের উদ্বেগ, কর্ণে নানাবিধ ধ্বনি, গাত্রের অপকর্ষণ, কার্য্যে অত্যুৎসাহ, অন্নে অরুচি, স্বপ্নে অপবিত্র ভোজন, বায়ু দ্বারা হৃদয়ে মন্থনবদ্বেদনা ও গাত্রঘূর্ণন এই গুলি উন্মাদ রোগের পূর্ব্বরূপ।

সন্তাপ, ক্রোধ প্রকাশ, শীতল-ছায়া-সেবনেচ্ছা এবং শীতল-পান-ভোজনে অভিলাষ ও দেহের পীতবর্ণতা এই সকল লক্ষণ লক্ষিত হয় ॥ ৭ ॥

কফজ উন্মাদের নিদান ও লক্ষণ। শ্রমহীন ব্যক্তির সপিত্ত কফ অতিভোজনাদি দ্বারা হৃদয়ে প্রবৃদ্ধ হইয়া বুদ্ধি-স্মৃতিবিনাশপূর্ব্বক চিত্তের মোহ জন্মাইয়া উন্মাদ-রোগ উৎপাদন করে। এই কফজ উন্মাদে বাক্‌চেষ্টার অল্পতা, অরুচি, নারী-প্রিয়তা, বিজনপ্রিয়তা, নিদ্রা, বমি, লালাস্রাব, ত্বঙ্‌মূত্রনেত্রনখাদির শুক্লবর্ণতা ও ভোজনান্তে ব্যাধির বল, এই সকল লক্ষণ সংঘটিত হয় ॥ ৮ ॥

সান্নিপাতিক উন্মাদের নিদান ও লক্ষণ। বাতাদিদোষত্রয়, নিজ নিজ বহু প্রকোপণ হেতুতে প্রকুপিত হইয়া, অতিভয়ঙ্কর সান্নিপাতিক উন্মাদ রোগ উৎপাদন করে। ইহাতে পূর্ব্বোক্ত বাতজাদি ত্রিবিধ উন্মাদেরই লক্ষণ সকল বিদ্যমান থাকে। ইহা অসাধ্য ব্যাধি। অন্যান্য সান্নিপাতিক রোগে যদিও পরস্পর-বিরুদ্ধধর্ম্মী বলিয়া একদোষের শান্তি করিতে অপর দোষের বৃদ্ধি হয়, সুতরাং প্রত্যেক দোষের স্বতন্ত্র স্বতন্ত্র চিকিৎসায় ব্যাধির শান্তি হয় না, তথাপি আমলক্যাদি এমন কয়েকটি ত্রিদোষঘ্ন দ্রব্য আছে, যদ্দ্বারা সেই সকল সান্নিপাতিক রোগের উপশম হইতে পারে, কিন্তু সান্নিপাতিক উন্মাদের, ত্রিদোষ দ্বারা এরূপ সম্প্রাপ্তি বিশেষ হয় যে, তাহা ত্রিদোষঘ্ন কোন ঔষধেই সাধ্য হয় না। অতএব ত্রিদোষজ উন্মাদ বর্জ্জনীয় ॥ ৯ ॥

চৌর, রাজপুরুষ, শত্রু বা তদ্বিধ অপর কাহারও দ্বারা বিশেষরূপে ত্রাস জন্মিলে, অথবা ধনক্ষয়, বন্ধুনাশ বা অভিলষিত কামিনীর অপ্রাপ্তি হেতু মন প্রগাঢ়রূপে আহত হইলে, উৎকটতর শোকজ উন্মাদ জন্মিয়া থাকে। ইহাতে রোগী বিপরীত-জ্ঞান অর্থাৎ কর্ত্তব্যবিমূঢ় হয় ও অতিগোপনীয় বিবিধ মনের কথা সকলও প্রকাশ করিতে থাকে এবং কখন গান করে, কখন হাসে, কখন বা কান্দিতে থাকে ॥ ১০ ॥

বিষজনিত উন্মাদ রোগে, রোগী রক্তলোচন, শ্যাবানন, দৈন্যভাবাপন্ন, চেতনা-শূন্য এবং বল ইন্দ্রিয় ও কান্তি বিহীন হয় ॥ ১১ ॥

উন্মাদ রোগে যে রোগী সর্ব্বদা ঊর্দ্ধমুখ বা অধোমুখ হইয়া থাকে এবং অতিশয় কৃশ, দুর্ব্বল ও নিদ্রারহিত হয়, তাহার মৃত্যু নিঃসংশয় আসন্নতর জানিবে ॥ ১২ ॥

ভূতোন্মাদরোগে রোগির বাক্য, বিক্রম, শক্তি ও শারীর চেষ্টা সকল অমানুষিক হইয়া থাকে; এবং তাহার তত্ত্বজ্ঞান ও শিল্পজ্ঞানাদি বিষয়ক ক্ষমতা এরূপ বর্দ্ধিত হয় যে, মনুষ্যে সেরূপ কখনই সম্ভবে না। বাতিকাদি উন্মাদ রোগের যেমন বৃদ্ধিকাল নির্দ্দিষ্ট আছে, ভূতোন্মাদ রোগের তেমন কোন নির্দ্দিষ্ট বৃদ্ধিকাল নাই ॥ ১৩ ॥

দেবগ্রহজনিত উন্মাদ রোগে রোগী সর্ব্বদাই সন্তুষ্ট, শুদ্ধাচার, দিব্যমাল্যের ন্যায় গন্ধবিশিষ্ট, অনিদ্র, সত্যসংস্কৃতভাষী, তেজস্বী, স্থিরনয়ন, বরদাতা ও ব্রাহ্মণানুরক্ত হইয়া থাকে ॥ ১৪ ॥

অসুরগ্রহজনিত উন্মাদ রোগে রোগী ঘর্ম্মাক্ত-কলেবর, ব্রাহ্মণ গুরু দেবগণের দোষবক্তা, কুটিল-নেত্র, ভয়হীন, বিমার্গ-দৃষ্টি, দুষ্টাত্মা ও প্রচুর পান ভোজনেও অসন্তুষ্টচিত্ত হয়॥ ১৫॥

গন্ধর্ব্বগ্রহজনিত উন্মাদ রোগে রোগী হৃষ্টাত্মা, পুলিন-সেবী, বনমধ্যবিহারী, অনিন্দিতাচারী, সঙ্গীতপ্রিয় ও গন্ধমাল্যানুরক্ত হয় এবং মনোহর নৃত্য করিতে করিতে সুমধুর হাস্ত করিতে থাকে॥ ১৬॥

যক্ষগ্রহজনিত উন্মাদ রোগে রোগী তাম্রনেত্র, অতি সুন্দর সূক্ষ্মরক্তবস্ত্রধারী, গম্ভীরপ্রকৃতি, দ্রুতগামী, অল্পভাষী, সহিষ্ণু ও তেজস্বী হয় এবং কাহাকে কি দান করিব এই কথা বারংবার বলিতে থাকে॥ ১৭॥

পিতৃগ্রহজনিত উন্মাদ রোগে রোগী বামোত্তরীয় হইয়া শান্তচিত্তে কুশপত্র রচিত আস্তরণে মৃতপিতৃগণের উদ্দেশে পিণ্ড ও জল প্রদান করে। এই পিতৃগ্রহজুষ্ট ব্যক্তি একান্ত পিতৃভক্ত এবং মাংস-তিল-গুড়-পায়সাভিলাষী হয়॥ ১৮

নাগগ্রহজনিত উন্মাদরোগে রোগী, কদাচিৎ সর্পের ন্যায় বুকে ভর দিয়া ভূমিতে পরিসর্পণ ও জিহ্বা দ্বারা মুহুর্মুহুঃ ওষ্ঠপ্রান্তদ্বয় লেহন করে। এই ভুজঙ্গমজুষ্ট ব্যক্তি ক্রোধালু এবং গুড় মধু দুগ্ধ ও পায়সাভিলাষী হয়॥ ১৯॥

রাক্ষসগ্রহজনিত উন্মাদ রোগে রোগী মাংস রক্ত এবং সুরাজাত বিবিধ-ভোজ্যদ্রব্যপ্রিয়, অত্যন্ত নির্লজ্জ, অতিশয় নিষ্ঠুর, অতিশূর, ক্রোধালু, বিপুলবলশালী, নিশাবিহারী ও শৌচবিদ্বেষী হইয়া থাকে। (রাক্ষস শব্দে ব্রহ্মরাক্ষসাদিও বুঝিতে হইবে)॥ ২০॥

পিশাচগ্রহজনিত উন্মাদ রোগে, রোগী উদ্ধবাহু (কোন কোন গ্রন্থে উদ্বস্ত্র অর্থাৎ উলঙ্গ এরূপ পাঠও দৃষ্ট হয়), কৃশ, রুক্ষাঙ্গ, সদা প্রলাপভাষী, দুর্গন্ধদেহ, অতি অশুচি, অন্নপানাদিতে বড় লোলুপ, বহুভোজী, জনশূন্য বনস্থলে ভ্রমণশীল, বিরুদ্ধাচারী ও রোদনপরায়ণ হইয়া থাকে এবং সর্ব্বদা ইতস্ততঃ ভ্রমণ করিয়া বেড়ায়॥ ২১॥

গ্রহগণ, হিংসার্থ বা ক্রীড়ার্থ অথবা পূজাপ্রাপ্তির জন্য মনুষ্য দেহে প্রবেশ করে। হিংসার্থগৃহীতব্যক্তি স্থূলাক্ষ, দ্রুতগমনশীল, ফেনলেহনকারী ও নিদ্রালু হয় এবং পতিত হইয়া কাঁপিতে থাকে। এরূপ রোগিকে অসাধ্য জানিবে। কিংবা যে পর্ব্বত, হস্তি-পৃষ্ঠ বা বৃক্ষাদি উচ্চস্থান হইতে পতিত হইয়াই গ্রহকর্ত্তৃক গৃহীত হয়, তাহাকেও ত্যাজ্য জ্ঞান করিবে এবং ত্রয়োদশ বৎসর অতীত হইলে সকল প্রকার উন্মাদ রোগকেই চিকিৎসার বহির্ভূত মনে করিবে॥ ২২॥

দেবগ্রহগণ প্রায় পূর্ণিমা তিথিতে, অসুরেরা সন্ধ্যাদ্বয়ে, গন্ধর্ব্বগণ অষ্টমীতে, যক্ষগণ প্রতিপদে, পিতৃগ্রহগণ অমাবস্তায়, নাগগ্রহগণ পঞ্চমীতে, রাক্ষস গ্রহগণ রাত্রিতে, পিশাচেরা চতুর্দ্দশীতে নরদেহে প্রবেশ করে। যেরূপ প্রতি-

বিম্ব দর্পণাদিতে, শীতোষ্ণ প্রাণিগণে, সূর্য্যরশ্মি সূর্য্যকান্ত মণিতে এবং জীবাত্মা জীবশরীরে প্রবেশ করে অথচ তাহারা কাহারও দৃশ্য হয় না, সেইরূপ গ্রহগণও মনুষ্য-শরীরে কখন প্রবেশ করে—তাহা কাহারও দৃষ্টিগোচর হয় না, তাহারা শরীরে প্রবেশ করিয়া তৎক্ষণাৎ দুঃসহ পীড়া উৎপাদন করে ॥ ২৩।২৪ ॥

উন্মাদ-নিদান সমাপ্ত।

অপস্মার-নিদান।

চিন্তাশোকাদি দ্বারা প্রকুপিত বাতাদি দোষ সকল, হৃদয়স্রোতে অবস্থান-পূর্ব্বক স্মৃতি নাশ করিয়া এই ঘোরতর ব্যাধি উৎপাদন করে বলিয়া ইহার নাম অপস্মার (মৃগীরোগ)। এই ভয়ঙ্কর অপস্মার রোগ চারি প্রকার। অন্ধকার দর্শন (জ্ঞানাভাব) ও সংরম্ভ (নেত্রবিকৃতি ও হস্তপদাদিবিক্ষেপ), সকল অপস্মারেরই সাধারণ লক্ষণ ॥ ১ ॥

অপস্মাররোগ উৎপন্ন হইবার পূর্ব্বে হৃদয়ের কম্পন ও শূন্যতা, ঘর্ম্মাগম, অতিচিন্তা, মনোমোহ, ইন্দ্রিয়মোহ ও নিদ্রানাশ এই সকল পূর্ব্বরূপ প্রকাশিত হইয়া থাকে ॥ ২ ॥

অনিলজ অপস্মার রোগে রোগী কাঁপে, দন্তদ্বারা দন্ত দংশন ও ফেন বমন করে, ঘন ঘন নিশ্বাস ফেলিতে থাকে এবং অরুণ বা কৃষ্ণবর্ণ রুক্ষদেহ বিশিষ্ট অবাস্তবিক বস্তু সকল দর্শন করে ॥ ৩ ॥

পৈত্তিক অপস্মারে রোগির মুখ-নিঃসৃত ফেন এবং সর্ব্বাঙ্গ বিশেষতঃ মুখ ও চক্ষুঃ পীতবর্ণ হয়। সে পীত বা লোহিত বর্ণ অবাস্তবিক রূপ দর্শন করে, সমস্ত বস্তুকেও পীত বা লোহিতবর্ণ দেখে এবং তৃষ্ণার্ত্ত ও উষ্ণদেহ হইয়া থাকে। আর তাহার বোধ হয়, যেন সমস্ত জগৎ অনলব্যাপ্ত হইয়াছে ॥ ৪ ॥

শ্লৈষ্মিক অপস্মারে রোগির ফেন এবং অঙ্গ বিশেষতঃ মুখ ও চক্ষুঃ শুক্লবর্ণ, গাত্র শীতল গুরু ও রোমাঞ্চিত হয়। সে শুক্লবর্ণ অবাস্তবিক প্রাণী সকল দর্শন করে। বাতজ পিত্তজ অপস্মার অপেক্ষা ইহাতে অনেক বিলম্বে চেতনা লাভ হইয়া থাকে ॥ ৫ ॥

যাহাতে বাতজাদি ত্রিবিধ অপস্মারেরই লক্ষণ সকল দৃষ্ট হইবে, তাহাকে ত্রিদোষজ অপস্মার বলিয়া বিবেচনা করিবে। এই ত্রিদোষজ অপস্মার এবং ক্ষীণ ব্যক্তির অপস্মার ও দীর্ঘকালজাত অপস্মার অসাধ্য জানিবে ॥ ৬ ॥

আর অপস্মার রোগে যদি বারংবার গাত্রস্ফুরণ, ক্ষীণতা, ভ্রূদ্বয়ের সঙ্কলন ও নেত্রবিকৃতি উপস্থিত হয়, তাহা হইলে রোগির মৃত্যু আসন্নতর জানিবে ॥ ৭ ॥

কুপিত দোষ সকল পক্ষান্তে, দ্বাদশাহান্তে, মাসান্তে অথবা ইহাদের কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ কালে অপস্মারের বেগ আনয়ন করে। এস্থলে জিজ্ঞাস্য হইতে পারে, যদি রোগোৎপাদক বাতাদিদোষের সদ্ভাব নিয়ত থাকে, তবে অপস্মারের বেগ কেন নিরন্তর থাকে না? আর যদি দোষ সকল শান্তবেগই

হয়, তবে অপস্মার একবারে নিবৃত্ত না হইয়া কেনই বা পুনরুদ্ভূত হইয়া থাকে? ইহার উত্তর এই—যেমন বৃষ্টি হইলেও ভূমিপতিত কোন কোন বীজ বর্ষাকালে অঙ্কুরিত না হইয়া শরৎকালে অঙ্কুরিত হয় অর্থাৎ তেজঃ, পৃথিবী, বায়ু ও জল প্রভৃতি উপাদান সত্বেও অন্যান্য বীজের ন্যায় বর্ষাকালে অঙ্কুরিত না হইয়া শরৎকাল-সাপেক্ষ হয়, তদ্রূপ রোগারম্ভক দোষ সকলের প্রকোপ সত্বেও কতকগুলি রোগ কালসাপেক্ষ হইয়া নির্দ্দিষ্ট সময়েই উদ্ভূত হইয়া থাকে। অপস্মারের ন্যায় চতুর্থক জ্বরাদিকেও কাল সাপেক্ষ বলিয়া জানিবে। এই সকল রোগ বিষয়ে অন্যান্য উৎপাদক হেতুর ন্যায় যথানির্দ্দিষ্ট কালকেও একটি প্রধান হেতু বলিয়া জানিবে॥ ৮॥

অপস্মার-নিদান সমাপ্ত।

বাতব্যাধি-নিদান।

রুক্ষ, শীতল, লঘু বা অল্পপরিমিত অন্ন ভোজন; অতিমৈথুন, অধিক রাত্রি-জাগরণ, বিষম উপচার (বস্ত্যাদি পঞ্চকর্ম্মের বিরুদ্ধোপচার অথবা অনিষ্টার্থ শত্রুকৃত যাগাদি কিংবা শীতোষ্ণাদি পরস্পর-বিরুদ্ধ বিষয়ের যুগপৎ সেবন ইত্যাদি) এবং অতিশয় বমনবিরেচনাদি, অধিক রক্তস্রাব, সাধ্যাতীত উল্লম্ফন, জলসন্তরণ, পথপর্য্যটন ও ব্যায়ামাদি শারীরিক কর্ম, ধাতুক্ষয়, চিন্তা, শোক ও রোগদ্বারা অতিকর্ষণ, মলমূত্রাদির বেগধারণ, আমরস দ্বারা মার্গরোধ, আঘাতপ্রাপ্তি, উপবাস, মর্ম্মস্থানে আঘাত এবং গজ উষ্ট্র অশ্ব প্রভৃতি দ্রুত যান হইতে পতন, এই সকল কারণে দৈহিক স্রোতঃসমূহ রিক্ত অর্থাৎ অনুকূল পদার্থ-শূন্য হইলে, কুপিত বায়ু তাহাদিগকে পূর্ণ করিয়া সার্ব্বাঙ্গিক বা ঐকাঙ্গিক বিবিধ ব্যাধি উৎপাদন করে॥ ১॥

বাতব্যাধি উৎপন্ন হইলে যে সকল লক্ষণ প্রকাশিত হয়, উৎপন্ন হইবার পূর্ব্বেও কেবল সেই সকল লক্ষণই ঈষদ্ব্যক্ত হইয়া থাকে। সেই অনভিব্যক্ত লক্ষণগুলিই বাতব্যাধির পূর্ব্বরূপ। জ্বরাদির ন্যায় ইহার অন্য কোন বিশেষ পূর্ব্বরূপ নাই। আর বাতাদিদোষভেদে স্তম্ভ, সঙ্কোচ, কম্প ও আক্ষেপাদি যে সকল লক্ষণ সম্যক্ ব্যক্ত হয় তাহা, ও বায়ুর চপলত্বহেতু ঐ সকল লক্ষণের কথনও বা অভাব এবং বায়ুকর্ত্তৃক সর্ব্বধাতুর শোষণ জন্য দেহের লঘুতা, এই গুলি বাতব্যাধির রূপ॥ ২॥

প্রথম শ্লোকে উক্ত হইয়াছে যে বায়ু কুপিত হইয়া সর্ব্বাঙ্গিক বা ঐকাঙ্গিক বিবিধ পীড়া উৎপাদন করে। অতএব যে যে ব্যাধি উৎপাদন করে, এস্থলে তাহা লিখিত হইতেছে—পর্ব্ব সকলের সঙ্কোচ ও স্তব্ধতা, অস্থি ও পর্ব্বসমূহে ভঙ্গবৎ পীড়া, রোমাঞ্চ, প্রলাপ, হস্তে পৃষ্ঠদেশে ও মস্তকে বেদনা খঞ্জতা, পঙ্গুতা, কুব্জতা, অঙ্গশোষ, নিদ্রাভাব বা অল্পনিদ্রা, গর্ভ এবং শুক্র ও রজো-

নাশ বা ইহাদের বিকৃতি, কম্পন, গাত্রসুপ্ততা অর্থাৎ স্পর্শশক্তির লোপ, মস্তক নাসিকা চক্ষুঃ জত্রু (বক্ষঃ ও গ্রীবার সন্ধিস্থল) ও গ্রীবার হুণ্ডন অর্থাৎ অন্তঃপ্রবেশ বা বক্রতা (কিন্তু কেহ কেহ হুণ্ডন শব্দের এইরূপ অর্থ করিয়া থাকেন, শিরোহুণ্ডন—কেশভূমি স্ফুটন ও শঙ্খ ললাটে ভঙ্গবদ্‌বেদনা, নাসাহুণ্ডন—ঘ্রাণশক্তিলোপ; অক্ষিহুণ্ডন,—অক্ষিনাশ, জত্রুহুণ্ডন—বক্ষ উপরোধ, গ্রীবাহুণ্ডন—গ্রীবাস্তম্ভ) এবং দন্ত ওষ্ঠ ও কট্যাদিতে ভঙ্গবদ্‌বেদনা, শূল, পাদ পার্শ্বদেশ কর্ণ চক্ষুঃ ও বক্ষঃস্থলে পীড়া-বিশেষ, মুহুর্মুহুঃ আক্ষেপ ও শ্রান্তিবোধ, এবংবিধ বহু বিকার এবং হেতুবিশেষে ও স্থানবিশেষে অন্যান্য বিশেষ বিশেষ রোগ উৎপাদন করে ॥ ৩ ॥

কুপিত বায়ু আমাশয়াদি কোষ্ঠকে আশ্রয় করিলে মল-মূত্রের অপ্রবর্ত্তন, ব্রধ্নরোগ (কুঁচ্‌কিতে শোথ), হৃৎপীড়া, গুল্ম, অর্শঃ ও পার্শ্বশূল এবং উহা সর্ব্বাঙ্গ আশ্রয় করিলে, গাত্রের স্ফুরণ ও ভঙ্গবৎ পীড়া, দেহে বেদনাব্যাপ্তি ও সন্ধিস্থল সকলে স্ফুটনবদ্‌ব্যথা এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ৪ ॥

কুপিত বায়ু মলাশয়কে আশ্রয় করিলে, মল মূত্র ও অধোবায়ুর অপ্রবর্ত্তন, শূল, উদরাধ্মান, অশ্মরী (পাথরী রোগ), শর্করা (প্রস্রাবে চিনি হওয়া) এবং জঙ্ঘা, উরু, ত্রিক (মেরুদণ্ডের অধঃপ্রান্ত), পাদ ও পৃষ্ঠদেশে শূলাদি পীড়া ও শোষ হইয়া থাকে। আমাশয়কে আশ্রয় করিলে, পার্শ্বদ্বয় উদর হৃদয় ও নাভিদেশে বেদনা; তৃষ্ণা, উদ্গার, বিসূচিকা, কাস, কণ্ঠ ও মুখশোষ এবং শ্বাস হইয়া থাকে। পক্বাশয়কে আশ্রয় করিলে, অন্ত্রকূজন (আঁত্‌ডাকা), উদরে শূল ও আটোপ (বায়ুর ক্ষুব্ধত্ব), মলমূত্রের কৃচ্ছ্রতা, আনাহ (মুদ), ত্রিকস্থানে বেদনা এবং শ্রোত্রাদি ইন্দ্রিয় সমূহকে আশ্রয় করিলে ইন্দ্রিয়শক্তির লোপ এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ৫ ॥

কুপিত বায়ু ত্বগ্‌গত হইলে, ত্বক্ রূক্ষ, স্ফুটিত, স্পর্শশক্তিহীন, শীর্ণ, কৃষ্ণ বা ঈষৎ রক্তবর্ণ, সূচীবেধবদ্‌বেদনা বিশিষ্ট ও বিস্তীর্ণবৎ হয় এবং পর্ব্ব সকলে বেদনা হইয়া থাকে ॥ ৬ ॥

কুপিত বায়ু রক্তগত হইলে সর্ব্বাঙ্গে তীব্র বেদনা, সন্তাপ, বিবর্ণতা, কৃশতা, অরুচি, গাত্রে পিড়কোৎপত্তি ও ভুক্তদ্রব্যের স্তব্ধতা, এই সকল লক্ষণ সংঘটিত হয় ॥ ৭ ॥

কুপিত বায়ু মাংস বা মেদোগত হইলে, অঙ্গ সকল অতিশয় গুরু বেদনাযুক্ত ও বিনাশ্রমে অত্যন্ত শ্রান্ত হয় এবং বোধ হয় যেন সূচীদ্বারা বিদ্ধ বা দণ্ডমুষ্ট্যাদিদ্বারা আহত হইতেছে ॥ ৮ ॥

কুপিত বায়ু মজ্জা বা অস্থিকে আশ্রয় করিলে অস্থি ও পর্ব্ব সকলে ভঙ্গবৎ পীড়া, সন্ধিশূল, বলমাংসক্ষয়, অনিদ্রা ও নিরন্তর বেদনা উপস্থিত হয় ॥ ৯ ॥

কুপিত বায়ু শুক্রগত হইলে, শুক্র ও গর্ভকে হয় শীঘ্র মোচন করে, না হয় দীর্ঘকাল রুদ্ধ করিয়া রাখে, অথবা বিকৃত করিয়া ফেলে ॥ ১০ ॥

কুপিত বায়ু শিরাগত হইলে শূল, শিরার সঙ্কোচ ও পূরণ (স্থূলত্ব), বাহ্যায়াম, অন্তরায়াম, খল্লী (খাইল্‌ধরা) ও কুব্জতা উপস্থিত করে ॥ ১১ ॥

কুপিত বায়ু স্নায়ুগত হইলে সার্ব্বাঙ্গিক বা ঐকাঙ্গিক রোগ সকল আনয়ন করে। উহা সন্ধিগত হইলে, সন্ধিনাশ (বিশ্লেষ স্তব্ধাদি), শূল ও শোথ উপস্থিত করে ॥ ১২ ॥

এক্ষণে প্রাণ অপানাদি পঞ্চবায়ু পিত্ত ও কফ দ্বারা আবৃত হইলে তাহাতে যেরূপ লক্ষণ সকল উপস্থিত হয়, তাহা লিখিত হইতেছে—

প্রাণ বায়ু পিত্তদ্বারা আবৃত হইলে বমি দাহ; কফাবৃত হইলে দৌর্ব্বল্য, অবসন্নতা, তন্দ্রা ও মুখবৈরস্য উৎপাদন করে।

উদান বায়ু পিত্তযুক্ত হইয়া দাহ, মূর্চ্ছা, ভ্রম ও ক্লান্তি এবং কফাবৃত হইয়া ঘর্ম্মাভাব, রোমাঞ্চ, অগ্নিমান্দ্য ও গাত্রের শীতলতা বা শীত উৎপাদন করে।

সমান বায়ু পিত্তসংযুক্ত হইলে স্বেদ, দাহ, গাত্রের উষ্ণতা ও মূর্চ্ছা এবং কফযুক্ত হইলে মলমূত্র-রোধ ও রোমাঞ্চ উপস্থিত হয়।

অপানবায়ু পিত্তাবৃত হইলে দাহ, দেহের উষ্ণতা ও রক্তস্রাব; এবং কফাবৃত হইলে শরীরের অধোভাগে গুরুত্ব ও শৈত্য উপস্থিত হয়।

ব্যানবায়ু পিত্তাবৃত হইলে দাহ, গাত্রবিক্ষেপ ও ক্লান্তি বোধ এবং কফাবৃত হইলে শরীরের গুরুতা অথবা দণ্ডবৎ অবস্থান এবং শূল ও শোথ এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ১৩ ॥

কুপিত বায়ু যখন ঊর্দ্ধ অধঃ ও তির্য্যগ্ গামিনী ধমনী সকলকে প্রাপ্ত হয়, তখনই আক্ষেপক রোগ উপস্থিত করে অর্থাৎ বায়ু মুহুর্ম্মুহুঃ সঞ্চরণ করিয়া মুহুর্ম্মুহুঃ অঙ্গকে ইতস্ততঃ চালিত করিতে থাকে ॥ ১৪ ॥

অপতন্ত্রক। এই রোগে রুক্ষাদি স্বহেতু-কুপিত বায়ু স্বস্থান (পক্বাশয়) হইতে ঊর্দ্ধাভিমুখে হৃদয় মস্তক ও শঙ্খ দেশে যাইয়া তত্তৎস্থানকে প্রপীড়িত করিয়া দেহকে ধনুকের ন্যায় নত ও আক্ষিপ্ত করে। তাহাতে রোগী মূর্চ্ছিত, স্তব্ধাক্ষ বা নিমীলিত-নেত্র ও সংজ্ঞাহীন হয় এবং অতি কষ্টে শ্বাস পরিত্যাগ করে ও কপোতের ন্যায় শব্দ করিতে থাকে।

অপতানক নামে আর এক প্রকার ব্যাধি আছে। তাহাতে দৃষ্টিশক্তিনাশ ও সংজ্ঞালোপ হয়। কণ্ঠ হইতে এক প্রকার অব্যক্ত শব্দ বহির্গত হইয়া থাকে। বায়ু যখন হৃদয় হইতে চলিয়া যায়, তখন রোগী সুস্থ এবং যখন হৃদয়কে আক্রমণ করে, তখন পুনর্ব্বার মূর্চ্ছিত হয়। এই অপতানকরোগ অতীব ভয়ঙ্কর ॥ ১৫ ॥

কুপিত বায়ু অত্যন্ত কফযুক্ত হইয়া দেহস্থ ধমনী সকলকে আশ্রয় করিয়া দণ্ডাপতানক নামে আর এক প্রকার ব্যাধি উৎপাদন করে, তাহাতে দেহ দণ্ডের ন্যায় স্তম্ভিত অর্থাৎ আকুঞ্চনাদি-শক্তি-রহিত হইয়া থাকে ॥ ১৬ ॥

যে রোগে দেহ ধনুকের ন্যায় নত হয়, তাহাকে ধনুঃস্তম্ভ কহে। ইহা দ্বিবিধ অন্তরায়াম ও বহিরায়াম ॥ ১৭ ॥ *

অতি কুপিত বেগবান্ বায়ু যখন অঙ্গুলি, গুল্ফ, জঠর, বক্ষঃস্থল (বাহুদ্বয়ের অন্তরগত স্থান), হৃদয় (বক্ষঃস্থলের অভ্যন্তরে দুই অঙ্গুলি পরিমিত স্থান) ও গলদেশে অবস্থিত হইয়া স্নায়ুসমূহকে আকর্ষণ করে, তখনই মানব অভ্যন্তরে ক্রোড়নত হয়। ইহাকেই আভ্যন্তরায়াম কহে। ইহাতে রোগির চক্ষুর্দ্বয় স্তব্ধ, হনু (চোয়াল) বদ্ধ, পার্শ্বদ্বয় ভগ্ন ও কফ উদগীর্ণ হয়। আর যদি ঐ বায়ু পশ্চাদ্ভাগে বাহুস্নায়ুসমূহে অবস্থিতি করিয়া তাহাদিগকে আকর্ষণ করে, তাহা হইলে মানব বহির্ভাগে পৃষ্ঠনত হয়। ইহাকে বহিরায়াম কহে। বহিরায়ামে বক্ষঃ কটি ও উরুদেশে ভঙ্গবদ্ বেদনা হয়। এই রোগ প্রায় অসাধ্য হইয়া থাকে ॥ ১৮ ॥

কুপিত বায়ু স্বয়ং বা কফপিত্তান্বিত হইয়া অন্য এক প্রকার আক্ষেপ রোগ উৎপাদন করে। কেহ্জড় তাহাকে দণ্ডাপতানক বলিয়াই ব্যাখ্যা করিয়াছেন। তাহাতে কফপিত্তের অনুবন্ধ থাকিলে শৈত্য শোথ ও গুরুত্বাদি লক্ষণ সকলও উপস্থিত হইয়া থাকে। দণ্ডাদির অভিঘাতহেতু বায়ু কুপিত হইয়া যে আক্ষেপ রোগ আনয়ন করে, তাহাকে অভিঘাতজ আক্ষেপ কহে। আক্ষেপ চারি প্রকার, যথা—দণ্ডাপতানক, অন্তরায়াম, বহিরায়াম এবং অভিঘাতজ ॥ ১৯ ॥

গর্ভপাত, অতিশয় রক্তস্রাব ও অভিঘাতহেতু যে অপতানক উৎপন্ন হয়, তাহা অসাধ্য ॥ ২০ ॥

দুষ্ট বায়ু দেহের অর্দ্ধভাগকে আক্রমণ ও তদ্ভাগস্থ শিরা ও স্নায়ু সকলকে বিশোষণ করিয়া সন্ধিবন্ধবিশ্লেষপূর্ব্বক বাম বা দক্ষিণ একতর পক্ষকে বিনষ্ট (শক্তিহীন) করে, সুতরাং সেই পক্ষ অকর্ম্মণ্য ও বিচেতন-প্রায় হইয়া থাকে। এই ব্যাধিকে কেহ একাঙ্গরোগ কেহ বা পক্ষবধ (পক্ষাঘাত) কহে। আর যদি ঐ দুষ্টবায়ু সমস্ত শরীরকে আক্রমণ ও সর্ব্বশরীরস্থ শিরা ও স্নায়ু সকলকে বিশোষণ করিয়া সন্ধিবিশ্লেষপূর্ব্বক সমস্ত শরীরকে অকর্ম্মণ্য ও বিচেতন প্রায় করে, তাহা হইলে তাহাকে সর্ব্বাঙ্গরোগ কহিয়া থাকে ॥ ২১ ॥

বায়ু পিত্তযুক্ত হইয়া পক্ষাঘাতরোগ উৎপাদন করিলে তাহাতে দাহ, সন্তাপ ও মূর্চ্ছা; এবং কফযুক্ত হইয়া উহা আনয়ন করিলে তাহাতে শৈত্য, শোথ ও দেহের গুরুতা এই সকল লক্ষণ লক্ষিত হয়। বায়ু কফ বা পিত্তসংযুক্ত হইয়া যে পক্ষাঘাত উৎপাদন করে, তাহা সাধ্য, কিন্তু কেবল বাতদ্বারা যে পক্ষাঘাত জন্মে, তাহা অতি কষ্টসাধ্য। আর ধাতুক্ষয়কুপিত কেবল বায়ুজনিত যে পক্ষাঘাত, তাহা অসাধ্য ॥ ২২ ॥ †

---

* ধনুঃস্তম্ভ রোগে যদি মুখ বিবর্ণ ও বিবদ্ধ, অঙ্গ শিথিল, সংজ্ঞা নষ্ট ও ঘর্ম্ম প্রস্রুত হয়, তাহা হইলে জানিবে, সেই রোগী দশ দিনের মধ্যে মৃত্যুমুখে পতিত হইবে।

† গর্ভিণী, সূতিকা, বালক, বৃদ্ধ ও ক্ষীণ ব্যক্তিদিগের রক্তক্ষয় হেতু যে পক্ষাঘাত হয়, তাহা ত্যাজ্য এবং বেদনারহিত যে পক্ষাঘাত, তাহাও ত্যাগ করিবে।

নিরন্তর অতি উচ্চৈঃস্বরে বাক্যকথন, কঠিন দ্রব্য চর্ব্বণ, হাস্য, জৃম্ভা, ভারবহন ও বিষমভাবে শয়ন এই সকল কারণে বায়ু কুপিত এবং শিরঃ নাসা ওষ্ঠ-চিবুক-ললাট ও নেত্রসন্ধিতে উপস্থিত হইয়া মুখকে অর্দ্দিত অর্থাৎ পীড়িত করে, এই জন্যই ইহাকে অর্দ্দিতরোগ কহে। এই রোগে মুখের অর্দ্ধভাগ ও গ্রীবা বক্রীভূত হয় এবং শিরঃকম্প, বাক্যনিরোধ ও নেত্রাদির বৈকৃত্য জন্মে এবং মুখের যে পার্শ্বে অর্দ্দিত হয়, সেই পার্শ্বে গ্রীবা, চিবুক ও দন্তে বেদনা হইয়া থাকে। অর্দ্দিত রোগ উৎপন্ন হইবার পূর্ব্বে রোমাঞ্চ, কম্প, নেত্রের আবিলতা, বায়ুর ঊর্দ্ধগতি, স্পর্শানভিজ্ঞতা, সূচীবেধবদ্ বেদনা, মন্যাগ্রহ ও হনুগ্রহ এই সকল লক্ষণ প্রকাশ পায় ॥২৩॥

অর্দ্দিত রোগাক্রান্ত ব্যক্তি যদি অতি ক্ষীণ, নিমেষশূন্য ও কণ্ঠলগ্ন-অব্যক্তভাষী অথবা কম্পযুক্ত হয়, কিংবা রোগটি যদি গাঢ় অর্থাৎ তিন বৎসরের অধিক দিনের হয়, তাহা হইলে অসাধ্য জানিবে ॥ ২৪ ॥

আক্ষেপকাদি সর্ব্বপ্রকার বাতব্যাধিতে বায়ুর বেগ শান্ত হইলেই রোগী স্বাস্থ্যলাভ করে অর্থাৎ তাহার পীড়ার লাঘব হইয়া থাকে ॥ ২৫ ॥

জিহ্বা নির্লেখন (অধিক জিব্ ছোলা), কঠিন দ্রব্য চর্ব্বণ ও আঘাতপ্রাপ্তি এই সকল কারণে হনু-(চোয়াল)-মূলস্থ বায়ু কুপিত হইয়া ঐ হনুকে শিথিল অর্থাৎ অধঃকৃত করে। তাহাতে রোগী বিবৃতমুখ সংবৃত (বুজিতে) ও সংবৃতমুখ বিবৃত (হাঁ) করিতে পারে না। ইহাকেই হনুগ্রহ কহে। এই রোগে রোগী অতি কষ্টে চর্ব্বণ করিতে ও কথা কহিতে পারে।

আর দিবানিদ্রা, বিষমভাবে গ্রীবা স্থাপন, বিবৃত বা ঊর্দ্ধনেত্রে নিরীক্ষণ এই সকল কারণে কুপিত বায়ু কফাবৃত হইয়া মন্যা-(গ্রীবাদেশস্থ বৃহৎ শিরাদ্বয়)-স্তম্ভ উপস্থিত করে, তাহাতে গ্রীবা ফিরাইতে ঘুরাইতে পারা যায় না ॥ ২৬ ॥

কুপিত বায়ু বাগ্‌বাহিনী শিরায় অবস্থিত হইয়া জিহ্বাস্তম্ভ করে। জিহ্বাস্তম্ভ রোগে রোগী পান ভোজন ও বাক্যকথনে অসমর্থ হয় ॥ ২৭ ॥

কুপিত বায়ু রক্তকে আশ্রয় করিয়া গ্রীবাদেশস্থ শিরোধর যাবতীয় শিরাকে বিকৃত করিয়া শিরাগ্রহ রোগ উপস্থিত করে; ইহাতে ঐ শিরা সকল রুক্ষ, বেদনাযুক্ত ও কৃষ্ণবর্ণ হয়। এই শিরাগ্রহ রোগে মস্তকেরও চালনাদি ক্রিয়া রহিত হয় বলিয়া কোন কোন গ্রন্থকার ইহাকে শিরোগ্রহও বলিয়া থাকেন। এই রোগ স্বভাবতই অসাধ্য ॥ ২৮ ॥

গৃধ্রসী নামক বাতব্যাধিতে প্রথমে স্ফিক্ (প্রোথ, নিতম্ব), তদনন্তর বৃদ্ধিক্রমে অর্থাৎ রোগের যেমন বৃদ্ধি হয়, তদনুসারে ক্রমে কটী পৃষ্ঠ উরু জানু জঙ্ঘা ও পাদদেশে স্তব্ধতা, বেদনা ও সূচীবেধবৎ যন্ত্রণা উপস্থিত হইয়া থাকে। এই রোগে বাতাধিক্য থাকিলে মুহুর্মুহুঃ স্পন্দন এবং বাতকফাধিক্য থাকিলে উক্ত বাতলক্ষণ, অধিকন্তু তন্দ্রা, দেহের গুরুতা ও অরুচি হইয়া থাকে ॥ ২৯ ॥

বাহুর পশ্চাদ্‌ভাগ হইতে যে সকল কণ্ডরা (মহতী শিরা) অঙ্গুলিতল পর্য্যন্ত আসিয়াছে, তাহাদিগকে দূষিত করিয়া, কুপিতবায়ু বাহুকে অকর্ম্মণ্য অর্থাৎ

আকুঞ্চন-প্রসারণাদি ক্রিয়া রহিত করে। ইহাকেই বিশ্বচী রোগ কহে। ইহা কখন এক বাহুতে, কখন বা বাহুদ্বয়েই হইয়া থাকে ॥ ৩০ ॥ *

কুপিত বায়ু ও দুষ্ট রক্ত মিলিত হইয়া, জানুমধ্যে অতি বেদনাদায়ক শোথ উৎপাদন করে। এই শোথ ক্রোষ্টুকের শীর্ষের ন্যায় অর্থাৎ শৃগালের মস্তক-সদৃশ হয় বলিয়া, ইহাকে ক্রোষ্টুকশীর্ষ কহে ॥ ৩১ ॥

কট্যাশ্রিত কুপিত বায়ু যখন এক পায়ের ঊর্দ্ধ জঙ্ঘার কণ্ডরাকে (মহতী শিরাকে) আকর্ষণ করিয়া রাখে, তখন মনুষ্য খঞ্জ (খোঁড়া), আর যখন দুইটি জঙ্ঘারই কণ্ডরাকে আক্ষিপ্ত করে, তখন পঙ্গু হইয়া থাকে ॥ ৩২ ॥

যে ব্যক্তি গমন আরম্ভ করিবার সময় কাঁপিয়া কাঁপিয়া পরে খঞ্জের ন্যায় গমন করে, তাহাকে কলায়খঞ্জ কহে। এই রোগে সন্ধিস্থল সকল শিথিল হইয়া থাকে ॥ ৩৩ ॥

উচ্চাবচ স্থানে পাদন্যাস বা অধিক শ্রমহেতু কুপিত বায়ু গুল্ফদেশে বেদনা জন্মাইয়া থাকে, তাহাকেই বাতকণ্টক (খুড়ুকাবাত) কহে ॥ ৩৪ ॥

পিত্ত ও রক্তসংযুক্ত কুপিত বায়ু পাদ-দাহ রোগ উপস্থিত করে। নিয়ত ভ্রমণকারি ব্যক্তির এই পাদ-দাহ অতি প্রবলতর হইয়া থাকে ॥ ৩৫ ॥

বাতশ্লেষ্মার প্রকোপ হেতু পাদহর্ষ রোগ জন্মিয়া থাকে। ইহাতে পাদদ্বয় স্পর্শশক্তিহীন ও রোমাঞ্চপ্রায় অর্থাৎ ঝিনিঝিনিবদ্ বেদনা বিশিষ্ট হয়, ইহাকেই পাদহর্ষ কহে। কিন্তু সাধারণতঃ যে ঝিনিঝিনি বেদনা উপস্থিত হইয়া থাকে, তাহা অপেক্ষা পাদহর্ষ অধিককালস্থায়ী ॥ ৩৬ ॥

অংস অর্থাৎ স্কন্ধদেশস্থিত কুপিত বায়ু স্কন্ধের বন্ধনস্বরূপ শ্লেষ্মাকে শুষ্ক করিয়া অংসশোষ রোগ উৎপাদন করে। ইহা বাতজ। আর ঐ স্কন্ধস্থিত বায়ু যদি শিরা সকলকে আকুঞ্চিত করে, তাহা হইলে অববাহুক রোগ উৎপন্ন হয়; এই রোগ কফবাতজ ॥ ৩৭ ॥

কফযুক্ত বায়ু শব্দবাহিনী ধমনী সকলকে আবৃত করিয়া মনুষ্যকে অক্রিয়ক অর্থাৎ হয় বোবা, না হয় খনা, না হয় গদ্‌গদভাষী করিয়া থাকে ॥ ৩৮ ॥

মলাশয় বা মূত্রাশয় হইতে যে বেদনা উত্থিত হইয়া গুহ্যদেশ ও উপস্থকে (লিঙ্গ বা যোনি) বিদারণবৎ পীড়ায় পীড়িত করিয়া অধোগামিনী হয়, তাহাকে তূণী কহে ॥ ৩৯ ॥

তূণী-লক্ষণের বৈপরীত্য ঘটিলে, অর্থাৎ গুহ্যদেশ বা উপস্থ হইতে বেদনা উত্থিত হইয়া, প্রবলবেগে ঊর্দ্ধাভিমুখে পক্বাশয়ে গমন করিলে, তাহাকে প্রতি-তূণী কহে ॥ ৪০ ॥

বায়ুনিরোধহেতু উদর অর্থাৎ পক্বাশয় স্ফীত, সবেদন ও গুড়্ গুড়্ শব্দ-বিশিষ্ট হইলে তাহাকে আধ্মান রোগ কহে। ইহা অতীব কষ্টদায়ক আর

* বায়ু যদি কুপিত হইয়া হৃদয় বা পৃষ্ঠদেশকে বেদনার সহিত ক্রমশঃ উন্নত করিতে থাকে, তাহা হইলে সেই রোগকে কুব্জ রোগ বলিয়া জানিবে।

এইরূপ বেদনা ও গুড়্ গুড়্ শব্দবিশিষ্ট আধ্মানই যদি পক্বাশয় হইতে উত্থিত না হইয়া আমাশয় হইতে উত্থিত হয়, কিন্তু পার্শ্ব ও হৃদয়ের স্ফীত না জন্মায়, তাহা হইলে তাহাকে প্রত্যাধ্মান কহে। বায়ু কফাবৃত হইয়া এই প্রত্যাধ্মান রোগ উৎপাদন করে॥ ৪১॥

নাভির অধোভাগে সঞ্জাত সচল বা অচল, ঊর্দ্ধদিকে বিস্তৃত ও উন্নত, অষ্ঠীলাবৎ সংহতাবয়ব গ্রন্থি-বিশেষকে বাতাষ্ঠীলা কহে। ইহাতে বাত মূত্র ও পুরীষের নিরোধ হইয়া থাকে। এই লক্ষণাক্রান্ত অষ্ঠীলাই যদি জঠরে তির্য্যগ্-ভাবে উত্থিত হয়, তাহা হইলে তাহাকে প্রত্যষ্ঠীলা কহে। উত্তরাপথে বর্ত্তুলাকার পাষাণখণ্ডকে অষ্ঠীলা কহে। কেহ কেহ কর্ম্মকারদিগের গোলাকার দীর্ঘ লৌহডাণ্ডীকেও অষ্ঠীলা কহিয়া থাকে॥ ৪২॥

বস্তিদেশে (মূত্রাশয়ে) বায়ু অনুলোমগ থাকিলে সম্যক্ প্রকারে মূত্র নিঃসৃত হয় এবং প্রতিলোমগ থাকিলে, অশ্মরী-মূত্রকৃচ্ছ্রাদি নানাপ্রকার রোগ জন্মিয়া থাকে॥ ৪৩॥

বেপথু নামক এক প্রকার বাতব্যাধি আছে, তাহাতে সর্ব্বাঙ্গ বিশেষতঃ মস্তক কম্পিত হইতে থাকে। আর খল্লী (খাইল্‌ধরা) নামক বাতব্যাধি বিশেষে পাদ, জঙ্ঘা, উরু ও করমূলের অবমোটন (মোচড়ন) হয়॥ ৪৪॥

এতদ্ব্যতিরিক্ত অনুক্ত বাতব্যাধি সমস্ত স্থানানুরূপ ও নামানুরূপ লক্ষণদ্বারা নির্দ্দেশ করিবে। স্থানানুরূপ যথা—কুক্ষিশূল, কর্ণশূল ইত্যাদি। নামানুরূপ যথা—কীলনিখাতবৎ বেদনাস্থলে শূল, সূচীবেধবৎ বেদনাস্থলে তোদ ইত্যাদি॥ ৪৫॥

এই অধিকারে বাতজনিত যতগুলি রোগ বর্ণিত হইল এবং যে গুলি অনুক্ত রহিল, সেই সমস্ত রোগেই পিত্তাদিরও সংস্রব লক্ষ্য করিবে। অর্থাৎ পিত্তলক্ষণদ্বারা পিত্তানুবদ্ধ ও কফলক্ষণদ্বারা কফানুবদ্ধ বাতব্যাধি স্থির করিবে॥ ৪৬॥

হনুস্তম্ভ, অর্দ্দিত, আক্ষেপ, পক্ষাঘাত ও অপতানক এই সকল রোগ যদি ধনবান্ ব্যক্তির হয় ও অতিযত্নের সহিত দীর্ঘকাল চিকিৎসা করা যায়, তাহা হইলে রোগের শান্তি হইতেও পারে, কদাচিৎ নাও বা হয়। কিন্তু রোগ সকল যদি অচিরোৎপন্ন ও নিরুপদ্রব হয়, এবং রোগির যদি বল থাকে, তাহা হইলে সাধ্য হইতে পারে॥ ৪৭॥

বিসর্প, দাহ, বেদনাবিশেষ, মলমূত্রের অপ্রবৃত্তি, মূর্চ্ছা, অরুচি ও অগ্নিমান্দ্য এই সকল উপদ্রব থাকিলে; এবং রোগির বলমাংস পরিক্ষীণ হইলে, পক্ষাঘাতাদি বাতব্যাধি প্রাণনাশক হইয়া থাকে। আর শোথ, স্পর্শশক্তিলোপ, অঙ্গভঙ্গ, কম্প, উদরাধ্মান ও বেদনাবিশেষ এই সকল উপদ্রব ঘটিলেও বাতব্যাধি-গ্রস্ত রোগির জীবন সংশয় জানিবে॥ ৪৮॥

যাহার শরীরস্থ পঞ্চবিধ বায়ু অব্যাহতগতি (অনবরুদ্ধমার্গ), স্বস্থানস্থিত ও প্রকৃতিস্থ (অক্ষীণ ও অবৃদ্ধ) থাকে, সে ব্যক্তি নীরোগ হইয়া একশত বিংশতি বৎসর পাঁচ দিন অর্থাৎ শাস্ত্রোক্ত সমস্ত আয়ুকাল পর্য্যন্ত বাঁচিয়া থাকে ॥ ৪৯ ॥

বাতব্যাধি-নিদান সমাপ্ত।

বাতরক্ত-নিদান।

লবণ, অম্ল, কটু, ক্ষার (যবক্ষারাদি), স্নিগ্ধ উষ্ণ ও অপক্ক বা দুর্জ্জর দ্রব্য ভোজন এবং জলচর ও অনূপচর জীবের পচা বা শুষ্কমাংস, তিলকল্ক, মুলা, কুলথকলাই, মাষকলাই, শিম, শাকাদিদ্রব্য, মাংস, ইক্ষু, দধি, কাঁজি, সৌবীর (সন্ধান বিশেষ), শুক্ত (আচার বিশেষ), তক্র, সুরা, আসব, বিরুদ্ধভোজন, অধ্যশন (পূর্ব্বাহার অজীর্ণসত্ত্বে ভোজন), ক্রোধ, দিবানিদ্রা ও রাত্রিজাগরণ, এই সকল কারণে বাতরক্ত প্রকুপিত হয়। এই পীড়া প্রায় অযথা আহার-বিহারকারী কোমলাঙ্গ স্থূলকায় সুখী ব্যক্তিদিগেরই হইয়া থাকে ॥ ১ ॥

যে ব্যক্তি নিয়ত হস্তী, অশ্ব বা উষ্ট্র দ্বারা গমন ও বিদাহজনক অন্ন ভোজন করে, তাহার সমস্ত রক্ত ঐ ভুক্তান্নের বিদাহ হেতু আশু বিদগ্ধ হইয়া থাকে। এবং সেই বিদগ্ধ রক্ত কুপিত বায়ুসংযোগে পদদ্বয়ে সঞ্চিত হয়। যদিও বাত ও রক্ত উভয়ই কুপিত হইয়া এই রোগ উৎপাদন করে, তথাপি দোষদ্বয় বিষয়ে বায়ুর প্রাবল্যহেতু ইহাকে রক্তবাত না বলিয়া বাতরক্ত কহিয়া থাকে। বিদাহি অন্ন ভোজনে রক্ত ও হস্ত্যাদি গমনে বায়ু কুপিত হয়। এবং পদদ্বয় লম্বভাবে থাকাতে ঐ দুষ্ট রক্ত বায়ুকর্ত্তৃক প্রেরিত হইয়া পদদ্বয়েই সঞ্চিত হইয়া থাকে ॥ ২ ॥

বাতরক্ত উৎপন্ন হইবার পূর্ব্বে অত্যন্ত ঘর্ম্মাগম, কিংবা একেবারেই ঘর্ম্মের অনির্গম, স্থানে স্থানে কৃষ্ণবর্ণ চিহ্ন, স্পর্শশক্তিলোপ, কোন কারণে কোনস্থানে ক্ষত হইলে তাহাতে অত্যন্তবেদনা, সন্ধি সকলের শৈথিল্য, আলস্য, অবসন্নতা ও পিড়কার (ব্রণবিশেষ) উৎপত্তি হয় এবং জানু, জঙ্ঘা, উরু, কটী, স্কন্ধ, হস্ত, পদ ও সন্ধি সকলে সূচীবেধবদ্‌বেদনা, স্ফুরণ (স্পন্দনবিশেষ), বিদারণবৎ পীড়া, গুরুত্ব, স্পর্শশক্তির হ্রাস ও কণ্ডু হয় এবং সন্ধিস্থানে বারংবার বেদনা হয় ও নিবৃত্তি পায়। তদ্ব্যতীত দেহের বিবর্ণতা ও চাকা চাকা চিহ্ন সকল প্রকাশিত হইয়া থাকে ॥ ৩ ॥

বাতরক্ত রোগে যদি বায়ুর কোপ অধিকতর হয়, তাহা হইলে শূল, স্ফুরণ, ও ভঙ্গবৎপীড়া এবং শোথের রুক্ষতা, কৃষ্ণতা বা শ্যাববর্ণতা ও বাতরক্ত লক্ষণের কখন বৃদ্ধি কখন বা হ্রাস হয়। ধমনী অঙ্গুলি ও সন্ধি সকলের সঙ্কোচ, অঙ্গ-

বেদনা, অতিশয় যাতনা, শীতসেবনে দ্বেষ ও শীতে অনুপশয়, স্তব্ধতা, কম্প ও স্পর্শশক্তির হ্রাস হইয়া থাকে। এবং এই বাতরক্তে যদি রক্তকোপের প্রাবল্য থাকে, তাহা হইলে শোথ তাম্রবর্ণ, কণ্ডুক্লেদসমন্বিত, অতিশয় বেদনা তোদ ও চিমিচিমিবেদনাবিশিষ্ট হয়। স্নিগ্ধ ও রুক্ষক্রিয়া দ্বারা পীড়ার শান্তি হয় না। পিত্তাধিক বাতরক্তে দাহ, সম্মোহ (পাদশোথ), ঘর্ম্মাগম, মূর্চ্ছা, মত্ততা ও তৃষ্ণা হয়। আর শোথ স্পর্শাসহ, দাহযুক্ত, রক্তবর্ণ এবং পাক ও অতিশয় উষ্মবিশিষ্ট হয়। কফাধিক বাতরক্তে স্তৈমিত্য, গুরুত্ব, স্পর্শশক্তির অল্পতা, চাকচিক্য, শৈত্য, কণ্ডু ও অল্প বেদনা হইয়া থাকে। দোষদ্বয়ের প্রাবল্যে তদুভয়দোষকৃত লক্ষণ এবং দোষত্রয়ের আধিক্যে ত্রিদোষকৃত লক্ষণ সকলের মিলন হয় ॥ ৪ ॥

বাতরক্ত পাদমূল, কখন কখন বা হস্তমূল হইতেও আরম্ভ করিয়া মূষিক বিষের ন্যায় মন্দ মন্দ বেগে ক্রমশঃ সমস্ত দেহে সঞ্চারিত হইয়া থাকে ॥ ৫ ॥

যে বাতরক্ত পাদমূল হইতে জানু পর্য্যন্ত ব্যাপ্ত, দলিতত্বক্, বিদীর্ণত্বক্, পূয-রক্তস্রাবী ও বলমাংসক্ষয়াদি উপদ্রবে উপদ্রুত, তাহা অসাধ্য। কিন্তু সংবৎসর-জাত বাতরক্ত যাপ্য ॥ ৬ ॥

নিদ্রানাশ, অরোচক, শ্বাস, মাংসপচন, শিরোবেদনা, ইন্দ্রিয়মোহ, মত্ততা, ব্যথা, তৃষ্ণা, জ্বর, মনোমোহ, কম্প, হিক্কা, পঙ্গুতা, বিসর্প, শোথ পাক, সূচীবেধবৎ পীড়া, ভ্রম, ক্লান্তি, অঙ্গুলির বক্রতা, স্ফোটোৎপত্তি, দাহ, মর্ম্মবেদনা ও অর্ব্বুদ (আব্) এই সকল উপদ্রবযুক্ত বাতরক্ত অথবা একমাত্র মোহযুক্ত বাতরক্ত অসাধ্য। কতকগুলিমাত্র উপদ্রব থাকিলে উহা যাপ্য ; কিন্তু নিরুপদ্রব হইলে সাধ্য। একদোষানুগত ও অচিরোৎপন্ন বাতরক্ত সাধ্য। দ্বিদোষজ যাপ্য এবং ত্রিদোষজ ও বহুল উপদ্রপযুক্ত বাতরক্ত অসাধ্য ॥ ৭। ৮ ॥

বাতরক্ত-নিদান সমাপ্ত।

উরুস্তম্ভ-নিদান।

শীতল, উষ্ণ, দ্রব, কঠিন, গুরু, লঘু, স্নিগ্ধ ও রুক্ষদ্রব্য সেবন, অনেকভাগ জীর্ণ অল্পভাগ অজীর্ণ এরূপ অবস্থায় ভোজন, পরিশ্রম ও সংক্ষোভ (অত্যন্ত শরীরচালনা), দিবানিদ্রা ও রাত্রি জাগরণ এই সকল কারণে কুপিত বায়ু, দুষ্ট মেদঃ ও দুষ্ট শ্লেষ্মার সহিত মিলিত হইয়া আমরসযুক্ত অতিসঞ্চিত পিত্তকে দূষিত করিয়া যখন উরুকে আশ্রয় করে, তখন ঐ বায়ু, স্তিমিত শ্লেষ্মদ্বারা উরুর অস্থি পূর্ণ করিয়া উহাকে স্তব্ধ, শীতল, অচেতন, ভারাক্রান্ত ও অতিশয় বেদনাযুক্ত করে। তাহাতে রোগী মনে করে যেন উরু তাহার নয়, অপরের ; অর্থাৎ উত্তোলন ও গমনাদি ক্রিয়ার সামর্থ্য থাকে না ॥ ১ ॥

উরুস্তম্ভকে কেহ কেহ আঢ্যবাত কহিয়া থাকেন। এই রোগে অত্যন্ত চিন্তা (মূঢ়তা), অঙ্গবেদনা, স্তৈমিত্য, তন্দ্রা, বমি, অরুচি ও জ্বর হয়। এবং পাদের অবসাদ, স্পর্শানভিজ্ঞতা ও কষ্টে সঞ্চালন এই সকল লক্ষণ উপস্থিত হইয়া থাকে ॥ ২ ॥

উরুস্তম্ভ জন্মিবার পূর্ব্বে নিদ্রাধিক্য, অত্যন্ত চিন্তা, স্তৈমিত্য, জ্বর, রোমাঞ্চ, অরুচি ও বমি এবং জঙ্ঘা ও উরুর দুর্ব্বলতা, এই সকল লক্ষণ লক্ষিত হয়।

সুপ্তি সঙ্কোচ ও কম্পাদি বাতরোগ সদৃশ লক্ষণ সকল দেখিয়া, বাতরোগ-ভ্রমে উরুস্তম্ভে তৈলাদি স্নেহ প্রয়োগ করিলে পাদের অবসাদ, স্পর্শানভিজ্ঞতা ও উত্তোলন-সঞ্চালনাদিক্রিয়ার কষ্টসাধ্যতা জন্মে এবং জঙ্ঘা ও উরুর অতিশয় গ্লানি হয়। নিরন্তর অল্প অল্প জ্বালা ও বেদনা অনুভূত হইয়া থাকে। পাদন্যাসে ব্যথা জন্মে, শীতস্পর্শ বোধ হয় না। পা, কোন স্থানে রাখিতে টিপিতে বা চালনা করিতে পারা যায় না। অন্য কর্তৃক চালিত হইলেও মনে হয়, বুঝি পা ও উরুদেশ ভাঙ্গিয়া গেল ॥ ৩ ॥

উরুস্তম্ভ রোগে যদি দাহ, সূচীবেধবদ্ বেদনা ও কম্প হয়, তাহা হইলে রোগির মৃত্যু জানিবে। কিন্তু রোগটী যদি অচিরোৎপন্ন হয় ও তাহাতে উক্ত উপদ্রব সকল না থাকে, তাহা হইলে চিকিৎসা করিবে ॥ ৪ ॥

উরুস্তম্ভ-নিদান সমাপ্ত।

আমবাত-নিদান।

যুগপৎ ক্ষীরমৎস্যাদি বিরুদ্ধ আহার, অজীর্ণে অতিরিক্ত খাবার ব্যায়াম ও জলপ্রতরণাদি বিরুদ্ধ বিহার, অগ্নিমান্দ্য, গমনাগমন-রাহিত্য এবং স্নিগ্ধান্নভোজী হইয়া ব্যায়াম করণ এই সকল কারণে আম অর্থাৎ অপক্ক আহাররস, বায়ুকর্তৃক আমাশয়সন্ধ্যাদি কফস্থানে নীত ও তথায় অত্যন্ত দূষিত হইয়া ধমনীসমূহে উপস্থিত হয়। অনন্তর সেই আমাখ্য অন্নরস, বায়ু পিত্ত ও কফদ্বারা অধিকতর দূষিত, অতিপিচ্ছিল ও বিবিধ বর্ণযুক্ত হইয়া স্রোতঃ সকলকে ভার ও ক্লেদযুক্ত করে। ইহাতে শরীর শীঘ্র দুর্ব্বল ও হৃদয় ভারাক্রান্ত হইয়া থাকে। এই আমসংজ্ঞক ব্যাধি অতি ভয়ঙ্কর ও বিবিধ রোগের মূল। উক্ত প্রকারে আম-সংযুক্ত বায়ু ও কফ যুগপৎ কুপিত হইয়া ত্রিক ও সন্ধিস্থলে প্রবেশ করিয়া গাত্রকে স্তব্ধ করিয়া ফেলে, ইহার নাম আমবাত ॥ ১ ॥

অঙ্গমর্দ, অরুচি, তৃষ্ণা, আলস্য, দেহের গুরুতা, জ্বর, অপরিপাক ও শোথ এইগুলি আমবাতের সাধারণ লক্ষণ ॥ ২ ॥

আমবাত প্রকুপিত হইলে, সকল রোগাপেক্ষাই কষ্টদায়ক হইয়া থাকে। ইহাতে হস্ত, পদ, মস্তক, গুল্ফ, ত্রিক, জানু, উরু ও সন্ধিস্থলে বেদনাযুক্ত

শোথ উৎপন্ন হয়, এবং সেই দুষ্ট আম যে স্থানকে আশ্রয় করে, সেই স্থানে বৃশ্চিকদংশনের স্থায় অত্যন্ত যাতনা উপস্থিত হয়। এই রোগে অগ্নিদৌর্ব্বল্য, মুখনাসাদি দিয়া জলস্রাব, অরুচি, দেহের গুরুতা, উৎসাহহানি, মুখবৈরস্য, দাহ, বহুমূত্রতা, কুক্ষিদেশে শূল ও কঠিনতা, নিদ্রাবিপর্য্যয়, পিপাসা, বমি, ভ্রম, মূর্চ্ছা. হৃদয়ে ব্যথা, মলবদ্ধতা, শরীরের জড়তা, অন্ত্রকূজন (পেটের নাড়ীতে অব্যক্ত ধ্বনি) ও আনাহ এবং অন্যান্য বিবিধ কষ্টপ্রদ উপদ্রব সকল উপস্থিত হইয়া থাকে ॥ ৩ ॥

পৈত্তিক আমবাতে গাত্রদাহ ও শরীর রক্তবর্ণ হয়। বাতজে শূলবদ্‌বেদনা; কফজে স্তৈমিত্য, গুরুতা ও কণ্ডূ হইয়া থাকে ॥ ৪ ॥

একদোষজ আমবাত সাধ্য, দ্বিদোষজ যাপ্য, সর্ব্বদেহব্যাপ্ত শোথলক্ষণযুক্ত সান্নিপাতিক আমবাত অসাধ্য ॥ ৫ ॥

আমবাত-নিদান সমাপ্ত।

শূল-পরিণামশূল-অন্নদ্রবশূল-নিদান।

শূল আট প্রকার; যথা—বাতাদি পৃথক্ পৃথক্ দোষে তিন প্রকার, দ্বন্দদোষে তিন প্রকার ও মিলিত ত্রিদোষে এক প্রকার এবং আমদোষে এক প্রকার। কিন্তু এই আট প্রকার শূলেই বায়ুর বিশেষ কর্ত্তৃত্ব থাকে, জানিবে ॥ ১ ॥

বাতিক শূল। ব্যায়াম, অশ্বাদিযানে ভ্রমণ, অতিমৈথুন, রাত্রিজাগরণ, শীতলজলের অতিপান এবং কলায় (মটর), মুগ, অড়হর ও কোদোধান্যভক্ষণ, রুক্ষদ্রব্য সেবন, পূর্ব্বাহার অজীর্ণসত্ত্বে পুনর্ভোজন, অভিঘাত, কষায় ও তিক্তরস আহার, অঙ্কুরিত ধান্যের অন্ন ও মিলিত-ক্ষীরমৎস্যাদি-বিরুদ্ধভোজন, শুষ্কমাংস ও শুষ্কশাক আহার; মল মূত্র বায়ু ও শুক্রের বেগধারণ, শোক, উপবাস, অতিহাস্য ও অতিভাষণ এই সকল কারণে বায়ু কুপিত হইয়া হৃদয় পার্শ্বদ্বয় পৃষ্ঠ ত্রিক ও বস্তিদেশে শূল উৎপাদন করে। এই বায়ুজনিত শূল, ভুক্ত আহার জীর্ণ হইলে, সায়ংকালে, মেঘাগমে এবং বর্ষা ও শীতঋতুতে প্রগাঢ় প্রকুপিত হয়। এই শূল মুহুর্ম্মুহুঃ উপশমিত ও মুহুর্ম্মুহুঃ বৃদ্ধি প্রাপ্ত হইয়া থাকে। ইহাতে মল ও অধোবায়ুর স্তম্ভন এবং সূচীবেধবৎ বা ভঙ্গবৎ বেদনা উপস্থিত হয়। স্বেদক্রিয়া, তৈলাদি মর্দ্দন বা বেদনাস্থলে হস্তাদিমর্দ্দন এবং স্নিগ্ধ ও উষ্ণ দ্রব্য ভোজন এই সকল দ্বারা বাতশূলের উপশম হইয়া থাকে ॥ ২ ॥

পৈত্তিক শূল। ক্ষার পদার্থ, অতিতীক্ষ্ণ, অতি উষ্ণ ও অতি বিদাহজনক দ্রব্য ভোজন, তৈলপান, শিম্বী, তিলকল্ক, কুলথকলায়ের যূষ, কটু ও অম্লরস, সৌবীর (সন্ধানবিশেষ) ও সুরাবিকার (সুরানির্ম্মিত খাদ্যদ্রব্য), ক্রোধ, অগ্নিতাপ, পরিশ্রম, রৌদ্র-সেবন, অতিমৈথুন ও বিদগ্ধ আহার এই সকল কারণে পিত্ত প্রকুপিত হইয়া আশু নাভিদেশে শূল উৎপাদন করে। ইহাতে তৃষ্ণা,

মোহ, দাহ, ঘর্ম্ম, মূর্চ্ছা, ভ্রম ও চোষ (নিকটে অগ্নি থাকিলে শরীরে যেরূপ চুষণবৎ পীড়া উপস্থিত হয়, তদ্বৎ পীড়া) এই সকল লক্ষণ উপস্থিত হয়। মধ্যাহ্ন সময়ে, অর্দ্ধরাত্রে, ভুক্তান্নের পরিপাকাবস্থায় ও শরৎ ঋতুতে পৈত্তিক শূলের প্রকোপ হয়। শীত ঋতুতে ও শীতক্রিয়ায় এবং সুস্বাদু ও শীতল আহার দ্বারা ইহার উপশম হইয়া থাকে ॥ ৩ ॥

শ্লৈষ্মিক শূল। আনূপ (জলবহুল-দেশজাত) ও জলজ মাংসাদি, ভক্ত-কূর্চ্চিকা, দুগ্ধবিকার (দধি প্রভৃতি), মাংস, ইক্ষুরস, পিষ্টক, কৃশরা (খিচুড়ী বিশেষ), তিলতণ্ডুল এবং অন্যান্য যাবতীয় কফকরহেতু, এই সকল কারণে শ্লেষ্মা প্রকুপিত হইয়া আমাশয়ে শূল উৎপাদন করে। ইহাতে বমনবেগ, কাস, দেহের অবসন্নতা, অরুচি, মুখাদি হইতে জলস্রাব, কোষ্ঠপ্রদেশের স্তব্ধতা ও মস্তকে ভারবোধ এই সকল লক্ষণ লক্ষিত হয়। আহার করিবামাত্র, প্রাতঃকালে এবং শীত ও বসন্ত ঋতুতে শ্লৈষ্মিক শূল অতিমাত্র যন্ত্রণাদায়ক হয় ॥ ৪ ॥

ত্রিদোষজ শূল। পূর্ব্বোক্ত কারণসমূহে বাতাদি দোষত্রয় প্রকুপিত হইয়া ত্রিদোষলক্ষণাক্রান্ত সান্নিপাতিক শূল উৎপাদন করে। এই শূল সর্ব্ব দেশে অর্থাৎ হৃদয়, পার্শ্ব, পৃষ্ঠ, ত্রিক, বস্তি, নাভি ও আমাশয়ে উপস্থিত হয়। ইহা কষ্টদায়ক এবং বিষ ও বজ্রসদৃশ ভয়াবহ। চিকিৎসকেরা ইহাকে অসাধ্য বলিয়া বর্ণন করিয়া থাকেন ॥ ৫ ॥

আমজ শূল। এই শূলে আটোপ (উদরে গুড়্ গুড়্ শব্দ), বমনবেগ, বমি, দেহের গুরুতা, স্তৈমিত্য, মলমূত্রের অপ্রবৃত্তি, কফস্রাব এবং কফজ শূলোক্ত লক্ষণসমূহ উপস্থিত হইয়া থাকে ॥ ৬ ॥

দ্বন্দ্বজ শূল। বাতশ্লৈষ্মিকশূল বস্তি, হৃদয়, পার্শ্ব ও পৃষ্ঠে; পিত্তশ্লেষ্মজ শূল কুক্ষি হৃদয় ও নাভিদেশে এবং বাতপৈত্তিকশূল পূর্ব্বোক্ত বাতিক ও পৈত্তিক শূলের নির্দ্দিষ্ট স্থানে উৎপন্ন হইয়া থাকে। এই শূলে অতিশয় জ্বর ও দাহ উপস্থিত হয় ॥৭॥

একদোষজ শূল সাধ্য, দ্বিদোষজ কষ্টসাধ্য এবং ত্রিদোষজ শূল অসাধ্য; ইহা অতি ভয়ঙ্কর ও বহু উপদ্রবজনক * ॥ ৮ ॥

পরিণাম শূল। নিজপ্রকোপণ হেতুতে প্রকুপিত বলবান্ বায়ু কফপিত্তের সন্নিহিত হইয়া, তাহাদিগকে দূষিত করিয়া পরিণাম শূল উৎপাদন করে। ভুক্ত দ্রব্যের পরিণামাবস্থায় অর্থাৎ পচ্যমান অবস্থায় এই শূল উৎপন্ন হয় বলিয়া ইহা পরিণামজ শূল নামে অভিহিত হয়। বাতিকাদি ভেদে ইহার ভিন্ন ভিন্ন লক্ষণ সকল লিখিত হইতেছে ॥ ৯ ॥

বাতিক পরিণাম শূলে, উদরাধ্মান, উদরে গুড়্ গুড়্ ধ্বনি, মল-মূত্রের বিবদ্ধতা, অসুস্থচিত্ততা ও কম্প এই সকল লক্ষণ প্রকাশিত হয়। স্নিগ্ধোষ্ণ সেবন দ্বারা ইহার উপশম হইয়া থাকে।

---

* বেদনা, অতিপিপাসা, মূর্চ্ছা, আনাহ, দেহের গুরুতা, জ্বর, ভ্রম, অরুচি, কৃশতা ও বলহানি এই দশটি, শূলের উপদ্রব। এই সকল উপদ্রব ঘটিলে রোগির জীবন সংশয়।

পৈত্তিক পরিণাম শূল, কটু অম্ল ও লবণরস সেবনে উৎপন্ন হয়। ইহাতে তৃষ্ণা, দাহ, অসুস্থচিত্ততা ও ঘর্ম্ম এই সকল লক্ষণ দৃষ্ট হয়। এই শূল শীতক্রিয়ায় উপশমিত হইয়া থাকে।

কফজনিত পরিণাম শূলে, বমি, বমনবেগ ও মূর্চ্ছা হইয়া থাকে। ইহাতে বেদনা অল্প, কিন্তু দীর্ঘকালস্থায়ী। কটু তিক্ত সেবন দ্বারা এই শূল উপশমিত হয়।

পরিণাম শূলে দুই দোষের লক্ষণ প্রকাশ পাইলে তাহাকে দ্বিদোষজ এবং তিন দোষের লক্ষণ সংঘটিত হইলে তাহাকে ত্রিদোষজ বলিয়া জানিবে। ত্রিদোষজ পরিণামশূলগ্রস্ত রোগির মাংস বল ও অগ্নি ক্ষয়প্রাপ্ত হইলে, শূল অসাধ্য হইয়া থাকে॥ ১০॥

ভুক্তদ্রব্য পরিপাক হইলে বা পরিপাকের সময় অথবা অপক্কাবস্থাতেই যে শূল উপস্থিত হয় এবং যাহা পথ্য অপথ্য ভোজন অভোজন বা যে কোন নিয়ম প্রতিপালনে কিছুতেই উপশম প্রাপ্ত হয় না, তাহাকে অন্নদ্রব শূল কহে। অন্নদ্রবাখ্য শূলে যে পর্য্যন্ত বমি না হয়, সে পর্য্যন্ত রোগী স্বাস্থ্যলাভ করিতে পারে না; বমন মাত্র পিত্ত জীর্ণতা প্রাপ্ত হইয়া শূলের শান্তি করে॥ ১১॥

শূল-পরিণামশূলাদি-নিদান সমাপ্ত।

উদাবর্ত্ত ও আনাহ নিদান।

অধোবায়ু, মল, মূত্র, জৃম্ভা (হাই), অশ্রু, হাঁচি, উদ্গার, বমি, শুক্র, ক্ষুধা, তৃষ্ণা, দীর্ঘনিশ্বাস ও নিদ্রা এই সকলের বেগ ধারণ করিলে যে যে রোগ জন্মে, তাহাদিগকে উদাবর্ত্ত কহে। ক্রমান্বয়ে প্রত্যেক উদাবর্ত্তের লক্ষণ লিখিত হইতেছে॥ ১॥

অধোবায়ুর বেগ ধারণ করিলে, বায়ু মূত্র ও মল ইহাদের অপ্রবৃত্তি, উদরাধ্মান, ক্লান্তি, উদরে বেদনা এবং তোদ (সূচীবেধবদ্বেদনা) ও শূলাদি অন্যান্য বাতজ পীড়া সমস্তের উৎপত্তি হয়।

মলবেগ রোধ করিলে উদরে গুড়্ গুড়্ শব্দ ও শূলবদ্বেদনা, গুহ্যদেশে কর্ত্তনবৎ পীড়া, মলের অপ্রবৃত্তি ও ঊর্দ্ধবাত (উদ্গারাদি) এই সকল লক্ষণ প্রকাশ পায় এবং কখন কখন বা মুখ দিয়া মল-নির্গম পর্য্যন্ত হইয়া থাকে।

মূত্রের বেগ ধারণ করিলে মূত্রাশয়ে ও লিঙ্গে শূলবদ্ বেদনা, মূত্রকৃচ্ছ্র, শিরঃপীড়া, ব্যথা হেতু দেহের নমন (নুইয়া পড়া) এবং বঙ্ক্ষণদ্বয়ে আকর্ষণবৎ যন্ত্রণা এই সকল লক্ষণ লক্ষিত হয়।

জৃম্ভার বেগ রোধ করিলে, বাতাত্মক মন্যাস্তম্ভ গলস্তম্ভ ও শিরোরোগ উপস্থিত হয় এবং চক্ষুঃ কর্ণ নাসা ও মুখ রোগ জন্মিয়া থাকে।

আনন্দ অথবা শোক হেতু নয়নে অশ্রু (জল) উপস্থিত হইলে যদি তাহা ত্যাগ না করা যায়, তাহা হইলে মস্তক ভার হয় এবং অতিকষ্টপ্রদ পীনস ও চক্ষুরোগ উৎপন্ন হইয়া থাকে।

ক্ষবথু অর্থাৎ হাঁচির বেগ ধারণ করিলে মন্যাস্তম্ভ, শিরঃশূল, অর্দ্দিত, অর্দ্ধাবভেদক (আধ কপালে) ও ইন্দ্রিয়দৌর্ব্বল্য এই সকল লক্ষণ উপস্থিত হয়। •

উদ্গার বেগ ধারণ করিলে কণ্ঠ ও মুখের পরিপূর্ণতা, হৃদয়ে ও আমাশয়ে সূচীবেধবদ্‌বেদনা, অব্যক্তভাষণ, নিশ্বাস প্রশ্বাসের কৃচ্ছ্রতা এবং হিক্কা প্রভৃতি বায়ুজনিত বিবিধ পীড়া উপস্থিত হয়।

বমির বেগ ধারণ করিলে কণ্ডু, কোঠ, অরুচি, ব্যঙ্গ (মেচেতা অর্থাৎ মুখে কাল কাল দাগ হওয়া), শোথ, পাণ্ডুরোগ, জ্বর, কুষ্ঠ, বমন-বেগ ও বিসর্প এই সকল উপদ্রব ঘটিয়া থাকে।

শুক্রবেগ রোধ করিলে মূত্রাশয়ে, গুহ্যদেশে ও অণ্ডকোষে শোথ এবং বেদনা, মূত্ররোধ, শুক্রাশ্মরী, শুক্রক্ষরণ এবং বাতকুণ্ডলিকাদি বিবিধ পীড়া হইয়া থাকে।

ক্ষুধানিরোধ করিলে তন্দ্রা, অঙ্গমর্দ্দ, অরুচি, শ্রান্তি ও দৃষ্টিদৌর্ব্বল্য জন্মিয়া থাকে।

তৃষ্ণানিরোধে কণ্ঠ ও মুখের শোষ, শ্রবণশক্তির অবরোধ ও হৃদয়ে বেদনা এই সকল লক্ষণ উপস্থিত হয়।

পরিশ্রান্ত ব্যক্তি দীর্ঘশ্বাস রোধ করিলে হৃদ্রোগ, মোহ ও গুল্মরোগ জন্মে। নিদ্রারোধে জৃম্ভা, অঙ্গমর্দ্দ, চক্ষুঃ ও মস্তকের গুরুত্ব অথবা তন্দ্রা উপস্থিত হয়॥ ২॥

বেগরোধজ উদাবর্ত্তের লক্ষণ লিখিত হইল, এক্ষণে রুক্ষাদিসেবনহেতু প্রকুপিত বায়ু জন্য উদাবর্ত্তের লক্ষণাদি লিখিত হইতেছে।

কোষ্ঠাশ্রিত বায়ু, রুক্ষ কষায় কটু ও তিক্ত ভোজন হেতু কুপিত হইয়া সদ্যঃ উদাবর্ত্ত রোগ উৎপাদন করে। • এই কুপিত বায়ু, বাত মূত্র মল রক্ত কফ ও মেদোবহ স্রোতঃ সকল আবরণ ও মলকে শোষণ করে। তাহাতে রোগী হৃচ্ছূল, বস্তিশূল, বিবমিষা ও অস্বাস্থ্যে কাতর হয় এবং অতিকষ্টে অধোবায়ু মূত্র ও মল ত্যাগ করে। ক্রমশঃ শ্বাস, কাস, প্রতিশ্যায়, দাহ, মূর্চ্ছা, তৃষ্ণা, জ্বর, বমি, হিক্কা, শিরোরোগ, মনোবিভ্রম, শ্রবণবিভ্রম এবং বাতপ্রকোপ জন্য অপরাপর বিবিধ পীড়ায় পীড়িত হইয়া থাকে॥ ৩॥ •

আনাহের কারণ ও লক্ষণ। আহার-জনিত অপক্ব রস বা পুরীষ ক্রমশঃ সঞ্চিত ও বিগুণ বায়ু কর্ত্তৃক বিবদ্ধ হইয়া যথাযথরূপে নিঃসৃত না হইলে তাহাকে আনাহ রোগ বলা যায়।

আমজ আনাহ রোগে তৃষ্ণা, প্রতিশ্যায়, মস্তকজ্বালা, আমাশয়ে শূল ও গুরুতা, হৃদয়ের স্তব্ধতা এবং উদ্গারের অপ্রবর্ত্তন এই সকল লক্ষণ প্রকাশ পায়।

মলসঞ্চয়জনিত আনাহে কটী ও পৃষ্ঠের স্তব্ধতা, মল মূত্রের রোধ, শূল, মূর্চ্ছা, পুরীষ-বমন, শোথ এবং অলসরোগোক্ত আধ্মান ও বাতনিরোধাদি লক্ষণ সমূহ লক্ষিত হয়॥ ৪॥

উদাবর্ত্তানাহ-নিদান সমাপ্ত।

গুল্ম-নিদান।

বাতাদি দোষত্রয়, অনুচিত আহার বিহারাদি দ্বারা অত্যর্থ কুপিত হইয়া কোষ্ঠ মধ্যে গ্রন্থিরূপ গুল্ম রোগ উৎপাদন করে। ইহা পাঁচ প্রকার। পার্শ্বদ্বয় হৃদয় নাভি ও বস্তি এই পাঁচটি, গুল্মের অবস্থিতি-স্থান॥ ১॥

ঊর্দ্ধে হৃদয় এবং অধোদিকে বস্তি, ইহার মধ্যে কোন স্থানে সঞ্চরণশীল বা অচল, কদাচিৎ পুষ্ট বা কদাচিৎ অপুষ্ট, যে গোলাকার গ্রন্থি জন্মে, তাহাকে গুল্ম কহে॥ ২॥

সেই পাঁচ প্রকার গুল্ম এই ; যথা—বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, সান্নিপাতিক ও রক্তজ। ইহা স্ত্রী পুরুষ উভয়েরই হয়। ঋতু-শোণিত জনিত গুল্ম কেবল স্ত্রীদিগেরই হইয়া থাকে॥ ৩॥

গুল্ম রোগ জন্মিবার পূর্ব্বে, উদ্গার-বাহুল্য, মলরোধ, অন্নে অনিচ্ছা, অসামর্থ্য, অন্ত্রকূজন, আটোপ অর্থাৎ উদরে বেদনার সহিত গুড়্ গুড়্ ধ্বনি, উদরাধ্মান, অগ্নিমান্দ্য, এই সকল লক্ষণ প্রকাশ পায়॥ ৪॥

অরুচি এবং মল মূত্র ও অধোবায়ুর কষ্টে প্রবর্ত্তন, অন্ত্রকূজন, আনাহ ও বায়ুর ঊর্দ্ধগতি এই সকল লক্ষণ সর্ব্বপ্রকার গুল্মরোগেই দৃষ্ট হইয়া থাকে॥ ৫॥

বাতগুল্মের নিদান ও লক্ষণ। বিষম বা অতিমাত্রায় রুক্ষ অন্ন-পানীয় সেবন, বলবান্ ব্যক্তির সহিত যুদ্ধবিগ্রহাদি-বিরুদ্ধচেষ্টা, মল-মূত্রের বেগধারণ, শোকদ্বারা মনোধিষ্ঠান হৃদয়ের অভিঘাত, বিরেচনাদি দ্বারা অতিশয় মলক্ষয়, এবং অনশন এইগুলি বাতগুল্মের হেতু।

বাতগুল্মের অবস্থিতির কোন নিয়ম নাই ; কখন নাভিতে, কখন পার্শ্বে, কখন বা বস্তিদেশে চলিয়া বেড়ায়। ইহার আকৃতিও সর্ব্বদা একরূপ থাকে না ; কখন ক্ষুদ্র, কখন বৃহৎ, কখন গোলাকার, কখন বা দীর্ঘাকার হইয়া থাকে। এইরূপ যন্ত্রণারও স্থিরতা নাই ; কখন অল্প, কখন মহৎ, কখন সূচীবেধবৎ, কখন বা নানারূপ যাতনা উপস্থিত হয়। ইহাতে কোষ্ঠবদ্ধ, অধোবায়ুর অপ্রবৃত্তি

মুখ ও গলনালীর শোষ, শরীরের শ্যাব বা অরুণ বর্ণতা, শীতজ্বর এবং হৃদয়ে, কুক্ষিতে, পার্শ্বে, স্কন্ধে ও মস্তকে বেদনা হইয়া থাকে। ভুক্তাহারের পরিপকাবস্থায় রোগের অধিক প্রকোপ, কিন্তু আহার করিলে কিছু উপশম হয়। রুক্ষ কষায় তিক্ত ও কটু দ্রব্য সেবনে বাতগুল্মের অনুপশম হয়॥ ৬॥

পিত্তজনিত গুল্মের নিদান ও লক্ষণ। কটু অম্ল তীক্ষ উষ্ণ বিদাহি ও রুক্ষ দ্রব্য ভোজন, ক্রোধ, অধিক মদ্যপান, অত্যন্ত রৌদ্র ও অগ্নিসন্তাপ সেবন, বিদগ্ধাজীর্ণজনিত দুষ্ট আমরসের আধিক্য এবং দুষ্টরক্ত এইগুলি পৈত্তিক গুল্মের হেতু। ইহাতে জ্বর, পিপাসা, অবসাদ, অঙ্গের লোহিতবর্ণত্ব, আহারের পরিপাকাবস্থায় অত্যন্ত বেদনা, ঘর্ম্মাগম ও বিদাহ এই সকল লক্ষণ প্রকাশ পায়। পৈত্তিক গুল্ম. ব্রণবৎ স্পর্শাসহ হইয়া থাকে॥ ৭॥

কফজ ও ত্রিদোষজ গুল্মের হেতু। শীতল গুরু ও স্নিগ্ধদ্রব্য সেবন, শারীরিক চেষ্টারাহিত্য, অধিক ভোজন এবং দিবানিদ্রা, এইগুলি কফজ গুল্মের হেতু। আর বাতজাদি তিন প্রকার গুল্মের যে সকল হেতু উক্ত হইয়াছে, সেই সমস্ত হেতুই ত্রিদোষজগুল্মের জানিবে॥ ৮॥

কফজ গুল্মের লক্ষণ। স্তৈমিত্য, শীতজ্বর, গাত্রের অবসন্নতা, বমনবেগ, কাস, অরুচি, শরীরের গুরুতা, শীতানুভব, বেদনার অল্পত্ব এবং গুল্মের কাঠিন্য ও উন্নতি এইগুলি কফজ গুল্মের রূপ॥ ৯॥

যদিও বাতজাদি পাঁচ প্রকার গুল্মের উল্লেখ হইয়াছে, তথাপি যে স্থলে উভয়বিধ গুল্মের নিদান ও লক্ষণ একত্র দৃষ্ট হইবে, তথায় ঔষধ কল্পনার্থ অর্থাৎ মিলিত চিকিৎসা করিবার জন্য অপর তিন প্রকার মিশ্রলক্ষণাক্রান্ত দ্বন্দ্বজ গুল্ম নির্দ্দেশ করিবে। এই দ্বন্দ্বজ গুল্মে দোষের বলাবলের প্রতিও লক্ষ্য রাখিবে॥ ১০॥

ত্রিদোষজগুল্ম-লক্ষণ। সান্নিপাতিক গুল্ম, অত্যন্ত বেদনা ও দাহযুক্ত, প্রস্তরবৎ কঠিন ও উন্নত, শীঘ্র-বিদাহী (শীঘ্র বিদগ্ধাজীর্ণকর), ভয়ঙ্কর ক্লেশদায়ক এবং মনঃ শরীর অগ্নি ও বলের অপহারক। ইহা অসাধ্য ব্যাধি॥ ১১॥

প্রসবান্তে অপক্ক গর্ভপাতান্তে বা ঋতুকালে অহিতজনক আহার বিহারাদি করিলে বায়ু কুপিত হইয়া রক্তকে পরিগ্রহণ করিয়া গর্ভাশয়ে গুটিকাকার রক্তগুল্ম উৎপাদন করে। ইহাতে অত্যন্ত বেদনা ও দাহ থাকে এবং পিত্তজ গুল্মের তাবৎ লক্ষণই উপস্থিত হয়, তদ্ভিন্ন গর্ভলক্ষণ সমস্ত অর্থাৎ ঋতুবন্ধ, মুখ পীতবর্ণ, স্তনাগ্রভাগ কৃষ্ণবর্ণ ও নানাবিধ আহারাদিতে স্পৃহা হইয়া থাকে। তবে গর্ভ হস্ত পদাদি অঙ্গপ্রত্যঙ্গদ্বারা বেদনা ব্যতিরেকে নিরন্তর স্পন্দিত হয়, রক্তগুল্ম অঙ্গপ্রত্যঙ্গাভাবে সমস্ত পিণ্ডটিই, দীর্ঘকালান্তে অত্যন্ত যাতনার সহিত স্পন্দিত হইয়া থাকে, এইমাত্র প্রভেদ। যাহা হউক, এইরূপ প্রভেদসত্ত্বেও গর্ভাশঙ্কায় পণ্ডিতেরা দশম মাস ব্যতীত হইলে এই স্ত্রীভব রক্তগুল্মের চিকিৎসা করিতে উপদেশ দিয়াছেন। অন্যান্য রোগ পুরাতন হইলে কষ্টসাধ্য হয়, কিন্তু ব্যাধিমাহাত্ম্যে রক্তগুল্ম সুখসাধ্য হইয়া থাকে। তজ্জন্য কেহ কেহ বলেন যখন গর্ভ ও গুল্মে এরূপ প্রভেদ লক্ষণ দৃষ্ট

হয়, তখন গর্ভাশঙ্কায় না হইয়া পুরাণত্বাভিপ্রায়েই পণ্ডিতেরা দশমমাসান্তে চিকিৎসা করিতে বিধি দিয়াছেন ॥ ১২ ॥

গুল্ম, ক্রমশঃ সঞ্চিত হইয়া সর্ব্বোদরব্যাপী রসরক্তাদিধাত্বাশ্রয়ী, শিরাব্যাপ্ত ও কূর্ম্মবৎ উন্নত হইলে এবং রোগী দৌর্ব্বল্য, অরুচি, বমনবেগ, কাস, বমি, অস্বস্থচিত্ততা, জ্বর, তৃষ্ণা, তন্দ্রা ও প্রতিশ্যায় (মুখনাসা হইতে জলস্রাব) দ্বারা আক্রান্ত হইলে রোগ অসাধ্য জানিবে।

গুল্মরোগির হৃদয়, নাভি, হস্ত ও পদে শোথ এবং জ্বর, শ্বাস, বমি ও অতিসার উপস্থিত হইলে অথবা শ্বাস, শূল, পিপাসা, অরুচি, অকস্মাৎ গুল্মের বিলয় এবং দৌর্ব্বল্য এই সকল লক্ষণ প্রকাশ পাইলে রোগির মৃত্যু নিশ্চয় জানিবে ॥ ১৩ ॥

গুল্ম-নিদান সমাপ্ত।

হৃদ্রোগ-নিদান।

অতি উষ্ণ গুরু কষায় ও তিক্ত ভোজন, পরিশ্রম, আঘাতপ্রাপ্তি ও অধ্যশন অর্থাৎ পূর্ব্বাহার অজীর্ণসত্ত্বে পুনর্ভোজন এই সকলের আতিশয্যে এবং নিরন্তর চিন্তা ও মলাদির বেগধারণ এই সকল কারণে হৃদ্রোগ জন্মে। হৃদ্রোগ পাঁচ প্রকার ॥ ১ ॥

কুপিত বাতাদিদোষত্রয় হৃদয়ে উপস্থিত হইয়া তত্রস্থ রসকে দূষিত করিয়া হৃদয়ে নানাপ্রকার বেদনা উপস্থিত করে, ইহাকেই হৃদ্রোগ বলে ॥ ২ ॥

বাতজন্য হৃদ্রোগে হৃদয় যেন আকৃষ্ট, সূচীদ্বারা বিদ্ধ, দণ্ডদ্বারা মথিত, অস্ত্রদ্বারা দ্বিধাকৃত, শলাকাদ্বারা স্ফুটিত ও কুঠার দ্বারা পাটিত বলিয়া বোধ হয় ॥ ৩ ॥

পৈত্তিক হৃদ্রোগে তৃষ্ণা, উষা (প্রাদেশিক দাহ), শরীরে চুষণবৎ া, হৃদয়গ্লানি, কণ্ঠ হইতে ধূমনির্গমবৎ প্রতীতি, মূর্চ্ছা, ঘর্ম্ম ও মুখশোষ হইয়া থাকে ॥ ৪ ॥

শ্লৈষ্মিক হৃদ্রোগে হৃদয়ের গুরুতা, কফস্রাব, অরুচি, জড়তা, অগ্নিমান্দ্য ও মুখমাধুর্য্য এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ৫ ॥

ত্রিদোষজ ও ক্রিমিজ হৃদ্রোগ লক্ষণ। ত্রিদোষজ হৃদ্রোগে বাতজাদি ত্রিবিধ হৃদ্রোগের লক্ষণই সংঘটিত হয়। অপিচ ইহাতে উৎক্লেদ (বমনভাব), ষ্ঠীবন (কফাদির অল্পোদ্গিরণ), তোদ, শূল, হৃল্লাস (হৃদয়স্থ রসের উদ্গিরণ) ও তমঃ (অন্ধকার দর্শন) এই সকল লক্ষণ প্রকাশ পায়। (এই সকল লক্ষণের মধ্যে তোদ ও শূল বাতদ্বারা, উৎক্লেশ ও হৃল্লাস কফদ্বারা, তমঃ পিত্তদ্বারা এবং ষ্ঠীবন কফপিত্ত দ্বারা উপস্থিত হইয়া থাকে)। ত্রিদোষজ হৃদ্রোগে অপচার ঘটিলে অর্থাৎ

তিল ক্ষীর গুড়াদি অপথ্য সেবন করিলে হৃদয়ের কোন স্থানে একটি গ্রন্থি উদ্ভূত হয়, পরে সেই গ্রন্থির রস ও ক্লেদ হইতে ক্রিমি জন্মিয়া থাকে। তখন সেই ত্রিদোষজ হৃদ্রোগে ক্রিমিজন্য তীব্র বেদনা ও কণ্ডু উপস্থিত হয় এবং অরুচি, শ্যাবনেত্রতা ও শোথ হইয়া থাকে। *

ক্রিমিজ হৃদ্রোগে, বমন-বেগ, মুখস্রাব, সূচীবেধবৎ পীড়া, শূল, হৃদয়স্থ রসের উদ্গিরণ, অন্ধকারদর্শন, অরুচি, শ্যাবনেত্রতা ও শোথ এই সকল লক্ষণ প্রকাশ পায়॥ ৬॥

ক্লান্তিবোধ, দেহের অবসাদ, ভ্রম ও মুখশোষ এই সকল উপদ্রব সর্ব্বপ্রকার হৃদ্রোগেই দৃষ্ট হয়। ক্রিমিজহৃদ্রোগে এতদ্ব্যতীত শ্লৈষ্মিক ক্রিমির যে সকল উপদ্রব, তাহাও ঘটিয়া থাকে॥ ৭॥ †

হৃদ্রোগ-নিদান সমাপ্ত।

মূত্রকৃচ্ছ্র-নিদান।

ব্যায়াম, তীক্ষ্ণবীর্য্য ঔষধ ও রুক্ষ মদ্য, ইহাদের প্রসঙ্গ অর্থাৎ সতত সেবা, নিত্য দ্রুত পৃষ্ঠযান (ঘোটকাদিতে গমন), অনূপদেশ (সজলভূমি) জাত মাংস, অধ্যশন ও অজীর্ণ এই সকল কারণে মূত্রকৃচ্ছ্র রোগ উৎপন্ন হয়। ইহা আট প্রকার বাতাদি পৃথক্ পৃথক্ দোষ অথবা মিলিত ত্রিদোষ স্ব স্ব প্রকোপণ হেতুতে প্রকুপিত হইয়া বস্তিদেশে যাইয়া মূত্রমার্গকে পরিপীড়িত করিলে অতি-ক্লেশে মূত্রপ্রবৃত্তি হয়, তাহাকে মূত্রকৃচ্ছ্র কহে॥ ১॥

বায়ুজনিত মূত্রকৃচ্ছ্রে, বঙ্ক্ষণ (কুঁচকিস্থান), বস্তি (মূত্রাশয়) ও মেঢ়ে, (লিঙ্গে) তীব্রবেদনা হয় এবং মুহুর্ম্মুহুঃ অল্প পরিমাণে মূত্র প্রবর্ত্তন হইয়া থাকে।

পিত্তজনিত মূত্রকৃচ্ছ্রে অত্যন্ত বেদনা ও দাহের সহিত মুহুর্ম্মুহুঃ পীত বা রক্তবর্ণ মূত্র অতি কষ্টে নির্গত হয়।

শ্লেষ্মজনিত মূত্রকৃচ্ছ্রে, লিঙ্গে ও বস্তিদেশে গুরুত্ব ও শোথ হয় এবং মূত্র পিচ্ছিল হইয়া থাকে।

* এবিষয়ে চরক, সুশ্রুত, ভেজজড় ও গয়দাসাদি গ্রন্থকারদিগের অনেক মতভেদ আছে অনাবশ্যক বোধে এ স্থলে তাহা লিখিত হইল না।

† হৃদ্রোগের সমানধর্ম্মী বলিয়া এস্থলে তন্ত্রান্তরোক্ত উরোগ্রহ নামক রোগ লিখিত হইতেছে। অত্যন্ত কফজনক বা গুরুপাক দ্রব্য আহার এবং শুষ্ক ও পূতি মাংস ভোজন করিলে কফ এবং মারুত কুপিত হইয়া অগ্রমাংস ও যকৃৎ প্লীহার বৃদ্ধি করিয়া উরোগ্রহ নামক রোগ উৎপাদন করে। উরোগ্রহ অতি ভয়ঙ্কর, ইহাতে সতত জ্বর থাকে, বক্ষঃস্থল রুক্ষ, শর্ম্মাসহ ও ভারাক্রান্ত হয়। উদরাধ্মানহেতু কুক্ষি ও হৃদয়ের শোথ এবং মূত্র পুরীষের অবরোধ, তদ্ভিন্ন ইহাতে তন্দ্রী, অরোচক ও শূল এই সকল লক্ষণ লক্ষিত হয়।

সান্নিপাতিক মূত্রকৃচ্ছ্রে উল্লিখিত ত্রিবিধ লক্ষণই প্রকাশিত হয়। ইহা অতি কষ্টসাধ্য ॥ ২ ॥

মূত্রবহ-স্রোতঃ, কোনপ্রকার শল্য দ্বারা ক্ষত অথবা মুষ্ট্যাদি প্রহার দ্বারা আহত হইলে অতিদারুণ মূত্রকৃচ্ছ্র উপস্থিত হয়। ইহার লক্ষণ বাতজ মূত্রকৃচ্ছ্রের ন্যায় ॥ ৩ ॥

পুরীষজ মূত্রকৃচ্ছ্র। মলের বেগ রোধ করিলে বায়ু বিগুণ হইয়া উদরাধ্মান, বাতশূল ও মূত্ররোধ উপস্থিত করে। ইহাকেই পুরীষজ মূত্রকৃচ্ছ্র কহে ॥ ৪ ॥

অশ্মরীজ ও শুক্রজ মূত্রকৃচ্ছ্র। অশ্মরী রোগ হইতে যে মূত্রকৃচ্ছ্র জন্মে, তাহাকে অশ্মরীজ মূত্রকৃচ্ছ্র কহে। আর শুক্র বাতাদিদোষকর্ত্তৃক দূষিত ও মূত্রমার্গে বিধাবিত হইয়া যে মূত্রকৃচ্ছ্র উৎপাদন করে, তাহাকে শুক্রজ মূত্রকৃচ্ছ্র বলে। ইহাতে বস্তি ও লিঙ্গে শূলবদ্ বেদনা এবং অতি কষ্টে সশুক্র মূত্র-প্রবর্ত্তন হয় ॥ ৫ ॥

শর্করাজ মূত্রকৃচ্ছ্র। অশ্মরী ও শর্করার কারণ ও লক্ষণ তুল্যরূপ জানিবে; তবে শর্করার বিশেষ বিবরণ শুন। মূত্র শুক্র ও কফ, প্রথমে পিত্তোষ্মদ্বারা পক্ব, পশ্চাৎ বায়ু দ্বারা শোষিত এবং কফদ্বারা আশ্লিষ্ট হইলে, তাহাকে অশ্মরী বলা যায়, ঐ অশ্মরী যদি কোন কারণে কফসংশ্লেষ-রহিত হয়, তাহা হইলে শর্করাবৎ সূক্ষ্ম সূক্ষ্ম হইয়া মূত্রমার্গ দিয়া ক্ষরিত হইতে থাকে, তাহাকেই শর্করা কহে। সেই শর্করা হইতে দারুণ মূত্রকৃচ্ছ্র জন্মে। ইহাতে হৃৎপীড়া, কম্প, কুক্ষিদেশে শূল, অগ্নিমান্দ্য ও মূর্চ্ছা এই সকল লক্ষণ প্রকাশ পায়। অশ্মরীগুড়িকা অর্থাৎ শর্করা মূত্রবেগে যখন স্রোতোমুখে আসিয়া সংলগ্ন হয়, তখন দারুণ বেদনা উপস্থিত করে, কিন্তু মূত্রবেগ বর্জ্জিত হইলে বেদনার শান্তি হইয়া থাকে।

অশ্মরীই শর্করারূপে পরিণত হয় বলিয়া, এই উভয়কে অভিন্ন পদার্থ বলা যাইতে পারে, সুতরাং অশ্মরী ও শর্করা হইতে জাত মূত্রকৃচ্ছ্রদ্বয়ও একজাতীয়, অতএব শর্করাজ মূত্রকৃচ্ছ্রকে অশ্মরীজ মূত্রকৃচ্ছ্রের অন্তর্ভূত গণনা করিয়া সমুদায়ে আট প্রকার মূত্রকৃচ্ছ্র অভিহিত হইয়াছে ॥ ৬ ॥

মূত্রকৃচ্ছ্র-নিদান সমাপ্ত।

মূত্রাঘাত-নিদান।

মূত্রাদির বেগধারণ ও রুক্ষভোজনাদি দ্বারা বাতাদি দোষ সকল কুপিত হইয়া বাতকুণ্ডলিকা প্রভৃতি ত্রয়োদশ প্রকার মূত্রাঘাত রোগ উৎপাদন করে। মূত্রকৃচ্ছ্র ও মূত্রাঘাতে প্রভেদ এই ;—মূত্রকৃচ্ছ্রে মূত্রনির্গমকালে যাতনা অত্যন্ত অধিক, বিবদ্ধতা কম ; কিন্তু মূত্রাঘাতে বিবন্ধ অধিক, মূত্রণকালে যন্ত্রণা কম ॥ ১ ॥

বাতকুণ্ডলিকা। দেহের রুক্ষতা বা মূত্রাদির বেগধারণ হেতু বায়ু কুপিত হইয়া বস্তিদেশে মূত্রকে আবরণ করিয়া বেদনার সহিত আবর্ত্তের ন্যায় কুণ্ডলাকারে সঞ্চরণ করে, তাহাতে মূত্র অল্প অল্প অথবা যাতনার সহিত নির্গত হয়, ইহাকেই বাতকুণ্ডলিকা কহে। এই ব্যাধি অতি কষ্টদায়ক ॥ ২ ॥

অষ্ঠীলা। কুপিত বায়ু মূত্রাশয় ও গুদনাড়ীকে আধ্মাপিত ও রুদ্ধ করিয়া তীব্র বেদনাযুক্ত মলমূত্রমার্গ-রোধক, চলনশীল ও উন্নতাকার অষ্ঠীলা * তুল্য গ্রন্থি উৎপাদন করে। ইহাকে মূত্রাষ্ঠীলা কহে ॥ ৩ ॥

বাতবস্তি। যে ব্যক্তি মূর্খতাবশতঃ মূত্রের বেগধারণ করে, তাহার বস্তিগত বায়ু কুপিত হইয়া বস্তিমুখ রোধ করে, তাহাতে মূত্ররোধ হয় এবং ঐ কুপিত বায়ু পিণ্ডিত হইয়া বস্তি ও কুক্ষিদেশে অবস্থিতি করে। ইহাকেই বাতবস্তি কহে, বাতবস্তি অতি কষ্টসাধ্য ॥ ৪ ॥

মূত্রাতীত। দীর্ঘকাল মূত্রের বেগধারণ করিলে, প্রস্রাব সত্বর হয় না অথবা মন্দ মন্দ নির্গত হইতে থাকে। ইহাকেই মূত্রাতীত কহে ॥ ৫ ॥

মূত্রজঠর। মূত্রের বেগ অভিহত হইলে মূত্রজ উদাবর্ত্ত রোগ উপস্থিত হয় এবং সেই উদাবর্ত্ত হেতু অপান বায়ু দুষ্ট হইয়া উদরকে অতিশয় পরিপূরণ করিয়া নাভির অধোভাগে তীব্র যন্ত্রণাদায়ক আধ্মান উপস্থিত করে। ইহাকে মূত্রজঠর রোগ কহে। এই রোগে বস্তির অধোভাগ বিবদ্ধ হইয়া থাকে ॥ ৬ ॥

মূত্রোৎসঙ্গ। এই রোগে, বস্তিদেশে লিঙ্গনালে অথবা লিঙ্গগ্রন্থিতে মূত্র সংযুক্ত হইয়া থাকে, নির্গত হইতে পারে না ; অথবা কুন্থন করিলে, বস্তি প্রভৃতির গাত্রভেদ হওয়ায় সরক্ত মূত্র, বেদনার সহিত অথবা বেদনা ব্যতিরেকে শনৈঃ শনৈঃ বিন্দু বিন্দু নির্গত হইতে থাকে। বিগুণ বায়ু দ্বারা এই ব্যাধির উৎপত্তি হয়। ইহার নাম মূত্রোৎসঙ্গ ॥ ৭ ॥

মূত্রক্ষয়। রুক্ষ ও ক্লান্তদেহ ব্যক্তির বস্তিস্থিত পিত্ত এবং মারুত কুপিত হইয়া মূত্রক্ষয় করে, ইহারই নাম মূত্রক্ষয়। মূত্রক্ষয় রোগে অত্যন্ত বেদনা ও দাহ উপস্থিত হয় ॥ ৮ ॥

---

* কার্ত্তিক বলেন—উত্তরাপথে বর্ত্তুলাকার পাষাণ বিশেষকে অষ্ঠীলা কহে। গয়দাস বলেন—কর্ম্মকারদিগের দীর্ঘ গোলাকার লৌহভাণ্ডী অর্থাৎ হাতুড়ী বিশেষকে অষ্ঠীলা বলে।

মূত্রগ্রন্থি। বস্তিমুখের অভ্যন্তর ভাগে সহসা উৎপন্ন অশ্মরীতুল্য বেদনা বিশিষ্ট ক্ষুদ্র ও গোলাকার স্থিরগ্রন্থিকে মূত্রগ্রন্থি কহে। অশ্মরী ও মূত্রগ্রন্থিতে প্রভেদ এই যে, অশ্মরী রোগে পিত্তাদি কুপিত হয়, মূত্রগ্রন্থি সহসা জন্মিয়া থাকে। অপর ভেদ এই যে, অশ্মরী রোগে পিত্তাদি কুপিত হয়, মূত্রগ্রন্থিতে কেবল রক্ত মাত্র কুপিত হইয়া থাকে এবং অশ্মরীর পূর্ব্বরূপও প্রকাশ পায় না ॥ ৯ ॥

মূত্রশুক্র। মূত্রবেগাক্রান্ত ব্যক্তি স্ত্রী-সঙ্গম করিলে শুক্র স্বস্থানচ্যুত হইয়া বায়ু কর্ত্তৃক ঊর্দ্ধনীত হয় এবং মূত্রণকালে ভস্মমিশ্রিত জলের আকারে প্রস্রাবের অগ্রে বা পশ্চাতে নির্গত হইয়া থাকে। ইহার নাম মূত্রশুক্র ॥ ১০ ॥

উষ্ণবাত। ব্যায়াম, অধিক পথ পর্য্যটন এবং আতপ সেবন এই সকল কারণে পিত্ত প্রকুপিত ও বায়ুর সহিত মিলিত হইয়া বস্তিকে আশ্রয় করিয়া বস্তি লিঙ্গ ও পায়ুদেশে দাহ উপস্থিত করে এবং পীত বা ঈষল্লোহিত অথবা সম্পূর্ণ লোহিতবর্ণ মূত্র অতি কষ্টের সহিত পুনঃপুনঃ প্রবর্ত্তিত করিয়া থাকে। ইহাকেই উষ্ণবাত কহে ॥ ১১ ॥

মূত্রসাদ। যদি পিত্ত বা কফ অথবা পিত্ত ও কফ উভয়ই বায়ু দ্বারা ঘনীভূত হয়, তাহা হইলে শ্বেত পীত বা লোহিতবর্ণ কিংবা গোরোচনা বা শঙ্খচূর্ণ বর্ণ বিশিষ্ট অথবা উল্লিখিত সমস্ত বর্ণযুক্ত অল্প পরিমিত ঘন মূত্রপ্রবর্ত্তন করে। মূত্রণকালে কষ্ট ও দাহ হইয়া থাকে। ইহার নাম মূত্রসাদ ॥ ১২ ॥

বিড়্বিঘাত। দেহ অতিশয় রুক্ষ ও দুর্ব্বল হইলে, পুরীষ বায়ুদ্বারা ঊর্দ্ধগত হইয়া মূত্রস্রোতে উপনীত হয়, তজ্জন্য মলগন্ধযুক্ত অথবা মলমিশ্রিত মূত্র অতি কষ্টে প্রবর্ত্তিত হইয়া থাকে। এইরূপ পীড়ার নাম বিড়্বিঘাত ॥ ১৩ ॥

বস্তিকুণ্ডল। দ্রুত পথপর্য্যটন, উল্লম্ফন, পরিশ্রম, আঘাত প্রাপ্তি এবং প্রপীড়ন (টেপাটেপি) এই সকল কারণে বস্তি অর্থাৎ মূত্রাশয় স্বস্থান হইতে উত্থিত হইয়া গর্ভবৎ স্থূলাকারে পার্শ্বদেশে অবস্থিতি করে। তাহাতে রোগী শূল, কম্প ও দাহে আর্ত্ত হইয়া বিন্দু বিন্দু প্রস্রাব ত্যাগ করে। কিন্তু বস্তি চাপিলে উহা হইতে মূত্রধারা নির্গত এবং উহাতে স্তব্ধতা ও মোচড়নবৎ বেদনা উপস্থিত হয়। এই পীড়ার নাম বস্তিকুণ্ডল। এই ব্যাধি শস্ত্র ও বিষ সদৃশ ভয়াবহ। ইহা বাতোল্বণ হইলে প্রায়ই অল্পবুদ্ধি চিকিৎসকের দুর্নিবার হইয়া থাকে। পিত্তান্বিত হইলে দাহ শূল ও মূত্রবিবর্ণতা হয়। কফান্বিত হইলে দেহের গুরুতা, শোথ এবং মূত্র স্নিগ্ধ ঘন ও শ্বেতবর্ণ হইয়া থাকে ॥ ১৪ । ১৫ ॥

বস্তির মুখরন্ধ্র কফদ্বারা রুদ্ধ হইলে এবং পিত্তের আধিক্য থাকিলে, পীড়াটি অসাধ্য জানিবে। কিন্তু যদি উহার মুখবিবর কফদ্বারা আবৃত বা কুণ্ডলীকৃত না হয়, তাহা হইলে সাধ্য ॥ ১৬ ॥

বস্তিদেশ কুণ্ডলীভূত হইলে তৃষ্ণা, মূর্চ্ছা ও শ্বাস এই সকল লক্ষণ প্রকাশ পাইয়া থাকে ॥ ১৭ ॥

মূত্রাঘাত-নিদান সমাপ্ত।

অশ্মরী-নিদান।

কুপিত বায়ু পিত্ত কফ ও শুক্রদ্বারা অশ্মরী রোগ উৎপন্ন হয়। সুতরাং অশ্মরী চারি প্রকার। যথা—বাতজ পিত্তজ কফজ ও শুক্রজ। শুক্রজ অশ্মরী ভিন্ন সকল প্রকার অশ্মরীরই সমবায়িকারণ শ্লেষ্মা। শুক্রাশ্মরীর সমবায়িকারণ শুক্র। কাহারও কাহারও মতে শুক্রাশ্মরীরও সমবায়িকারণ কফ। অশ্মরী অতি ভয়ঙ্কর ব্যাধি, অচিকিৎসিত হইলে নিশ্চয়ই মারাত্মক হইয়া থাকে।

কুপিত বায়ু কর্ত্তৃক বস্তিগত মূত্র ও শুক্র কিংবা পিত্ত ও কফ বিশোষিত হইলে অশ্মরীরূপে পরিণত হয়। যেমন গোপিত্ত বায়ু কর্ত্তৃক শোষিত হইয়া ক্রমে ক্রমে গোরোচনারূপে পরিণত হয়, অশ্মরীও সেইরূপ উৎপন্ন হইয়া থাকে॥ ১॥

অশ্মরীর পূর্ব্বরূপ। সকল অশ্মরীই ত্রিদোষজ, তবে বাতাদি দোষের আধিক্যানুসারে কেহ বাতজ কেহ পিত্তজ কেহ বা কফজ ইত্যাদি নামে অভিহিত হইয়া থাকে। অশ্মরী উৎপন্ন হইবার পূর্ব্বে বস্তির স্ফীততা ও তন্নিকটবর্ত্তি-স্থানে চতুর্দ্দিকে ঘোরতর বেদনা, মূত্রে ছাগগন্ধ, মূত্রকৃচ্ছ্র, জ্বর ও অরুচি এই সকল লক্ষণ প্রকাশিত হয়॥ ২॥

অশ্মরীর সাধারণ লক্ষণ। নাভি, সেবনী (পায়ু হইতে কোষের নিম্নভাগ পর্য্যন্ত সেলাইয়ের ন্যায় স্থান) ও বস্তির শিরোদেশে অর্থাৎ নাভির নিম্নভাগে বেদনা হয়। অশ্মরী দ্বারা মূত্রমার্গ রুদ্ধ হইলে সবিচ্ছেদধারে মূত্রনির্গম হয়, কিন্তু যদি কখন অশ্মরী বায়ু কর্ত্তৃক চালিত হইয়া মূত্রমার্গ হইতে স্থানান্তরে গমন করে, তাহা হইলে বিনাক্লেশে গোমেদক মণির ন্যায় ঈষৎ লোহিতবর্ণ স্বচ্ছ মূত্র প্রবর্ত্তিত হইয়া থাকে। নিরুদ্ধ-পথ-প্রবৃত্ত মূত্রের আঘাতে অথবা অশ্মরীর পীড়নে (টেপাটেপি করাতে) মূত্রবাহি-স্রোতঃ ক্ষত হইলে, সরক্তমূত্র নির্গত হয়, আর বেগ দিয়া প্রস্রাব করিবার চেষ্টা করিলে অত্যন্ত যাতনা হইয়া থাকে॥ ৩॥

বাতাশ্মরীর লক্ষণ। বায়ুজনিত অশ্মরীরোগে রোগী দন্তে দন্তে ঘর্ষণ করে, কম্পিত-দেহ হয়, যাতনায় আর্ত্তনাদ করিতে করিতে সর্ব্বদা লিঙ্গ ও নাভিস্থল টিপিতে থাকে। মূত্রত্যাগার্থ কুন্থন করিলে বায়ুর সহিত মল ও বিন্দু বিন্দু মূত্র নির্গত হয়। বায়ুজ অশ্মরী শ্যাব বা অরুণবর্ণ এবং কণ্টকবৎ সূক্ষ্ম সূক্ষ্ম অঙ্কুর সমূহ দ্বারা ব্যাপ্ত হইয়া থাকে॥ ৪॥

পিত্তজ অশ্মরীর লক্ষণ। পিত্তজনিত অশ্মরীরোগে বস্তিদেশে দাহ উপস্থিত হয় এবং বোধ হয় যেন উহা ক্ষার দ্বারা পচ্যমান হইতেছে। পিত্তাশ্মরী অতি উষ্ণস্পর্শ ও ভল্লাতক বীজের ন্যায় আকৃতিবিশিষ্ট। ইহা রক্ত পীত বা কৃষ্ণবর্ণ হইয়া থাকে॥ ৫॥

কফজ অশ্মরীর লক্ষণ। কফজনিত অশ্মরী রোগে, বস্তিদেশে সূচীবেধবৎ যন্ত্রণা উপস্থিত হয়। ইহা শীতল, গুরু, বৃহদাকার, মসৃণ ও মধুবৎ ঈষৎ পিঙ্গল অথবা শুক্লবর্ণ হইয়া থাকে ॥ ৬ ॥

দিবানিদ্রা, মিষ্টদ্রব্য আহার ও অজীর্ণসত্বে ভোজন প্রভৃতি যে যে কারণে অশ্মরীরোগ জন্মে, বালকদিগের প্রায় সর্ব্বদাই সেই সকল কারণ ঘটিয়া থাকে, তজ্জন্য বালকদিগেরই এই পীড়া অধিক হইতে দেখা যায়, কিন্তু উহাদিগের বস্তিযন্ত্র ও অশ্মরীর আকৃতি ক্ষুদ্র বলিয়া অনায়াসে অশ্মরীকে অঙ্গুল্যাদি দ্বারা ধারণ ও অস্ত্রাদি দ্বারা উৎপাটন করিতে পারা যায় ॥ ৭ ॥

শুক্রবেগ ধারণ করিলে শুক্রাশ্মরী জন্মে, যেহেতু উপস্থিত-মৈথুন বেগে স্বস্থানচ্যুত শুক্র মৈথুনাভাবে বহির্গত হইতে না পারিয়া লিঙ্গ ও কোষের মধ্যগত বস্তিমুখে বায়ু কর্ত্তৃক সংগৃহীত ও শোষিত হইতে থাকে। তথাভূত শুক্রকে শুক্রাশ্মরী কহে। এই অশ্মরী, মৈথুনক্ষম পুরুষদিগেরই জন্মিয়া থাকে, অপ্রাপ্তবয়স্ক বালকদিগের হইবার সম্ভাবনা নাই। ইহা উৎপন্ন হইলে বস্তিদেশে শূলবৎ বেদনা, মূত্রকৃচ্ছ্র ও অণ্ডকোষে শোথ এই সকল লক্ষণ প্রকাশ পায়। শুক্রাশ্মরী জন্মিবামাত্র যদি তাহা কোনরূপে বিলয়ও প্রাপ্ত হয়, তাহা হইলেও তৎক্ষণাৎ মূত্রমার্গ দিয়া তথায় শুক্র আসিয়া সঞ্চিত হইতে থাকে। কিন্তু যদি লিঙ্গ ও কোষের মধ্যগত অশ্মরী-স্থান পীড়ন (টেপাটেপি) করা যায়, তাহা হইলে অশ্মরী বিলয় প্রাপ্ত হয় অর্থাৎ উহা বায়ু দ্বারা ক্ষুদ্রতম অংশে বিভক্ত হইয়া শর্করা ও সিকতা রূপে পরিণত হয়। শর্করা ও সিকতার প্রভেদ এই যে, শর্করা অপেক্ষাও সিকতা অতি সূক্ষ্মতম অংশে প্রবিভক্ত হইয়া থাকে। বায়ু অনুলোম থাকিলে সে শর্করা বা সিকতা মূত্রের সহিত মূত্রমার্গ দিয়া নির্গত হয়। কিন্তু প্রতিলোম থাকিলে, উহা বহির্গত হইতে না পারিয়া মূত্রস্রোতে উপস্থিত হইয়া নিরুদ্ধ হইয়া থাকে; এবং দৌর্ব্বল্য, অবসাদ, কৃশতা, কুক্ষিশূল, অরুচি, পাণ্ডুতা, উষ্ণবাত, তৃষ্ণা, হৃৎপীড়া ও বমি এই সকল উপদ্রব আনয়ন করে ॥ ৮। ৯ ॥

অশ্মরী শর্করা ও সিকতা রোগে যদি রোগির নাভি ও অণ্ডকোষে শোথ, মূত্ররোধ এবং শূলবদ্ বেদনা এই সকল লক্ষণ উপস্থিত হয়, তাহা হইলে রোগির মৃত্যু অতি নিকটবর্ত্তী জানিবে ॥ ১০ ॥

অশ্মরী-নিদান সমাপ্ত।

প্রমেহ-নিদান।

নিশ্চিন্তভাবে কেবল উপবেশন জনিত সুখানুভব বা নিদ্রালুতা, সর্ব্বপ্রকার দধি ও দুগ্ধ, গ্রাম্য ঔদক ও আনূপ (সজল দেশজাত বরাহ কচ্ছপাদি) মাংসের যূষ, নূতন অন্ন পানীয়, গুড়জাত দ্রব্যসমূহ এবং অপরাপর যাবতীয় কফজনক দ্রব্য প্রমেহ রোগের হেতু ॥ ১ ॥

কফজনিত মেহের আধিক্য ও সাধ্যত্ব হেতু সর্ব্বাগ্রে কফজ মেহের তৎপরে যথাক্রমে পিত্তজ ও বাতজ মেহের সম্প্রাপ্তি লিখিত হইতেছে।

বস্তিগত কফ মেদঃ, মাংস ও শরীরজ ক্লেদ পদার্থকে দূষিত করিয়া মেহ রোগ উৎপাদন করে। এইরূপ পিত্ত, উষ্ণবীর্য্য ও উষ্ণস্পর্শ দ্রব্য সেবন দ্বারা কুপিত হইয়া উক্ত মেদঃ প্রভৃতিকে দূষিত করিয়া পৈত্তিক মেহ জন্মাইয়া থাকে এবং ঐ দোষদ্বয় অর্থাৎ কফ ও পিত্ত অপেক্ষাকৃত ক্ষীণ হইলে বায়ু বসা-মজ্জা-ওজঃ ও লসীকা নামক ধাতু সকলকে দূষিত ও বস্তিমুখে আনয়ন করিয়া বাতিক মেহ উৎপাদন করে।

কফজনিত দশ প্রকার মেহ সাধ্য। কারণ তাহাদের সমক্রিয়ত্ব আছে। অর্থাৎ কটুতিক্তাদি যে যে ভেষজদ্বারা কফ-দোষের শান্তি হয়, সেই সেই ভেষজদ্বারা মেদঃ প্রভৃতি দূষ্য পদার্থেরও শমতা হইয়া থাকে।

পিত্তজনিত ছয় প্রকার মেহ বিষমক্রিয়ত্ব হেতু যাপ্য অর্থাৎ মধুরাদি যে ভেষজ পিত্তহর, তাহা মেদস্কর এবং কটুকাদি যে ভেষজ মেদোহর, তাহা পিত্তকর, এইরূপ ক্রিয়া বৈষম্য হেতুই পিত্তজ মেহ যাপ্য হইয়া থাকে।

বায়ুজনিত চারিপ্রকার মেহ মহাত্যয়ত্ব হেতু অসাধ্য অর্থাৎ বায়ু মজ্জাদি গম্ভীর ধাতুসমূহের অপকর্ষক, সুতরাং বহুপিত্তজনক ও আশু অনিষ্টকারী, তজ্জন্ত কোন প্রকার ভেষজেই তাহার প্রতিকার হয় না ॥ ২।৩ ॥

প্রমেহ বায়ু পিত্ত ও কফ এই তিনটি দোষ এবং মেদঃ, রক্ত, শুক্র, দৈহিক জলীয় পদার্থ, বসা (মাংসস্নেহ), লসীকা (মাংস ও ত্বকের অভ্যন্তরস্থ জলীয় পদার্থ), মজ্জা (অস্থিগত স্নেহ), রস, ওজঃ (সর্ব্বধাতুসার) ও মাংস এই সকল দূষ্য পদার্থ। সমুদায়ে ২০ প্রকার মেহ, তন্মধ্যে কফজ ১০, পিত্তজ ৬ ও বাতজ ৪ প্রকার ॥ ৪ ॥

মেহ রোগ জন্মিবার পূর্ব্বে দন্ত চক্ষুঃ ও কর্ণাদিতে অধিক মলসঞ্চয়, হস্তপদের জ্বালা, দেহের চিক্কণতা, তৃষ্ণা ও মুখের মধুরতা এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ৫ ॥

মূত্রের পরিমাণাধিক্য ও আবিলবর্ণতা, এই দুইটি লক্ষণ, সকল প্রকার মেহেই দৃষ্ট হইয়া থাকে।

যদিও বাতজাদি সকল প্রকার মেহেরই দোষ ও দূষ্য পদার্থ সকল সমান, তথাপি মেহরোগ যে একরূপ না হইয়া বিংশতি প্রকারে, বিভিন্ন হইয়া থাকে, তাহার কারণ এই ;—যেমন শ্বেত পীত লোহিত কৃষ্ণ ও শ্যাব এই পাঁচটি

বর্ণের ন্যূনাধিক্য ও সংযোগবিশেষে কপিলাদি নানাপ্রকার বর্ণ উৎপন্ন হয়, সেইরূপ মেহসম্বন্ধে দোষ ও দূষ্য পদার্থ সকলের প্রভেদ না থাকিলেও উহাদের উৎকর্ষাপকর্ষ ও সংযোগ বিশেষে, মূত্রের বর্ণাদিভেদ হয় এবং সেই মূত্রভেদানুসারেই মেহরোগের প্রকারভেদ হইয়া থাকে। প্রত্যেক মেহের স্বতন্ত্র স্বতন্ত্র লক্ষণ ক্রমশঃ লিখিত হইতেছে ॥ ৬ ॥

উদকমেহ, ইক্ষুমেহ, সান্দ্রমেহ, সুরামেহ, পিষ্টমেহ, শুক্রমেহ, সিকতামেহ, শীতমেহ, শনৈর্মেহ ও লালামেহ, এই দশটি কফজ।

তন্মধ্যে উদকমেহে রোগী স্বচ্ছ, বহু পরিমিত, শ্বেতবর্ণ, শীতল, জলবৎ, গন্ধহীন, কিঞ্চিৎ আবিল ও পিচ্ছিল মূত্রত্যাগ করে।

ইক্ষুমেহে প্রস্রাব ইক্ষুরসের ন্যায় অত্যন্ত মিষ্ট হয়।

সান্দ্রমেহে প্রস্রাব পর্য্যুষিত (বাসি) হইলে ঘনীভূত হয়।

সুরামেহে মূত্র সুরাতুল্য এবং উপরিভাগে স্বচ্ছ ও নিম্নে ঘন হইয়া থাকে।

পিষ্টমেহে মূত্রণকালে রোগী রোমাঞ্চিত হয় এবং বহুপরিমাণে পিটুলি গোলা জলের ন্যায় শ্বেতবর্ণ প্রস্রাব করে।

শুক্রমেহে প্রস্রাব শুক্রাভ বা শুক্রমিশ্র হইয়া থাকে।

সিকতামেহে বালুকা-কণার ন্যায় অতি সূক্ষ্ম সূক্ষ্ম কঠিন কণাযুক্ত মূত্র নিঃসৃত হয়।

শীতমেহে মূত্র অতিশয় শীতল, মধুরাস্বাদ ও বহু পরিমিত হইয়া থাকে।

শনৈর্মেহে শনৈঃ শনৈঃ অল্প অল্প মূত্র নির্গত হয়।

লালামেহে লালা-তন্তুবিশিষ্ট ও পিচ্ছিল প্রস্রাব হয় ॥ ৭ ॥

ক্ষারমেহ, নীলমেহ, কালমেহ, হারিদ্রমেহ, মাঞ্জিষ্ঠমেহ ও রক্তমেহ, এই ৬টি পিত্তজ।

ক্ষারমেহে, ক্ষার জলের ন্যায় গন্ধ বর্ণ স্বাদ ও স্পর্শ বিশিষ্ট মূত্র নির্গত হয়।

নীলমেহে নীলবর্ণ এবং কালমেহে মসীনিভ মূত্র নিঃসৃত হয়।

হারিদ্রমেহে মূত্র হরিদ্রাবর্ণ ও কটুরস হয় এবং প্রস্রাবকালে লিঙ্গনালে জ্বালা হইয়া থাকে।

মাঞ্জিষ্ঠমেহে মূত্র আমগন্ধযুক্ত ও মঞ্জিষ্ঠা জলের ন্যায় লোহিতবর্ণ হয়। রক্তমেহে মূত্র আমগন্ধযুক্ত, উষ্ণ, লবণাস্বাদ ও রক্তবর্ণ হয় ॥ ৮ ॥

বসামেহ, মজ্জমেহ, ক্ষৌদ্রমেহ ও হস্তিমেহ এই ৪টি বাতজ।

তন্মধ্যে বসামেহে, মুহুর্মুহুঃ বসাভ বা বসামিশ্র মূত্র নির্গত হয়। সুশ্রুত গ্রন্থে এই বসামেহ সর্পির্মেহ নামে পঠিত।

মজ্জমেহে, মজ্জাভ বা মজ্জমিশ্র মূত্র প্রস্রুত হয়।

ক্ষৌদ্রমেহে মূত্র, কষায় মধুর ও রুক্ষ হইয়া থাকে। চরকগ্রন্থে এই ক্ষৌদ্রমেহ মধুমেহ নামে পঠিত।

হস্তিমেহে রোগী মত্তহস্তীর ন্যায় নিরন্তর বেগবর্জ্জিত মূত্রত্যাগ করে। কখন বা মূত্ররোধ হইয়া যায়। হস্তিমেহের মূত্রে লসীকা নামক জলীয় পদার্থ মিশ্রিত থাকে॥ ৯॥

কফজ মেহের উপদ্রব। আহারের অপরিপাক, অরুচি, বমি, নিদ্রাধিক্য, আর্দ্রকাস ও পীনস॥ ১০॥

পিত্তজ মেহের উপদ্রব। বস্তি ও লিঙ্গে সূচীবেধবদ্‌বেদনা, পাকনিবন্ধন অণ্ডকোষের বিদারণ, জ্বর, দাহ, তৃষ্ণা, অম্লোদ্গার, মূর্চ্ছা ও মলভেদ॥ ১১॥

বাতজ মেহের উপদ্রব। উদাবর্ত্ত, কম্প, হৃদয়বেদনা, সর্ব্বপ্রকার আহারে লোলুপতা, শূল, অনিদ্রা, শোষ (যক্ষ্মা), শুষ্ক কাস ও শ্বাস॥ ১২॥

বাতজাদি উল্লিখিত উপদ্রব ও সুশ্রুতোক্ত অন্যান্য উপদ্রব সকল প্রকাশ পাইলে, অধিক পরিমাণে ধাতুর সহিত মূত্র নির্গত ও বক্ষ্যমাণ শরাবিকাদি পিড়কাসমূহ আবির্ভূত হইলে এবং পীড়া বহুকালজাত হইলে রোগির মৃত্যু হইয়া থাকে॥১৩॥

বীজদোষহেতু প্রমেহরোগির পুত্রেরও প্রমেহ রোগ জন্মে এবং তাহা অসাধ্য হয়। এইরূপে পিতা, পিতামহ ও মাতামহাদি-বংশপরম্পরাক্রমে আগত কুষ্ঠাদি যে কোন রোগ, সে সমস্তই অসাধ্য জানিবে॥ ১৪॥

অচিকিৎসিত হইলে সর্ব্বপ্রকার মেহই, শেষে মধুমেহত্ব প্রাপ্ত হইয়া অসাধ্য হয়। মধুমেহে মূত্র মধুবৎ হইয়া থাকে, ইহা দুই প্রকারে উৎপন্ন হয়, অর্থাৎ ধাতুক্ষয়কুপিত কেবল বায়ুদ্বারা অথবা পিত্তাদি দোষকর্ত্তৃক আবৃতমার্গ বাতদ্বারা মধুমেহের উৎপত্তি হয়। ধাতু-ক্ষয়-হেতু-কুপিতবাতজনিত মধুমেহের রূপ কেবল বাতিক মেহের ন্যায়, কিন্তু পিত্তাদিদোষাবৃত-বায়ুজনিত মধুমেহে বায়ুর লক্ষণ এবং বায়ু, পিত্তাদি যে দোষ কর্ত্তৃক আবৃতমার্গ হইয়া মেহ উৎপাদন করে, তাহারও লক্ষণ প্রকাশ পায়। এই মেহ অকস্মাৎ ক্ষণে ক্ষণে ক্ষীণ ও পিত্তাদি আবরণে আবৃতমার্গ হইয়া পুনর্ব্বার ক্ষণে ক্ষণে প্রবল হইয়া থাকে, ইহা কৃচ্ছ্রসাধ্য জানিবে। অচিকিৎসিত সর্ব্বপ্রকার মেহরোগেই মূত্র মধুর ন্যায় মধুর ও দেহ মধুররস-ভূয়িষ্ঠ হয় বলিয়া উহাদের সকলকেই মধুমেহ নামে অভিহিত করা যাইতে পারে॥ ১৫॥

প্রমেহ রোগ উপেক্ষিত হইলে শরাবিকা, কচ্ছপিকা, জালিনী, বিনতা, অলজী, মসূরিকা, সর্ষপিকা, পুত্রিণী, বিদারিকা ও বিদ্রধি এই দশবিধ পিড়কা জন্মিয়া থাকে। প্রত্যেকের লক্ষণ ক্রমশঃ লিখিত হইতেছে।

শরাবিকা। প্রান্তভাগে উন্নত ও মধ্যভাগে নিম্ন শরাবাকৃতি যে পিড়কা উৎপন্ন হয়, তাহাকে শরাবিকা কহে। ইহা সন্ধিস্থলে, মর্ম্মস্থানে ও মাংসলস্থানে জন্মিয়া থাকে।

কচ্ছপিকা। কচ্ছপের ন্যায় আকৃতিবিশিষ্ট ও দাহযুক্ত যে পিড়কা, তাহাকে কচ্ছপিকা কহে।

জালিনী। তীব্রদাহযুক্ত ও মাংসজাল-ব্যাপ্ত যে পিড়কা, তাহাকে জালিনী কহে।

বিনতা। পৃষ্ঠে বা উদরে উৎপন্ন, অত্যন্ত বেদনা ও ক্লেদ বিশিষ্ট, বৃহদাকার, নীলবর্ণ যে পিড়কা, তাহাকে বিনতা কহে।

অলজী। রক্ত বা কৃষ্ণবর্ণ স্ফোটক ব্যাপ্ত ও অতি ক্লেশদায়ক যে পিড়কা, তাহাকে অলজী কহে।

মসূরিকা। মসূরকলায়ের ন্যায় আকৃতি ও পরিমাণ বিশিষ্ট পিড়কাকে মসূরিকা কহে।

সর্ষপিকা। শ্বেতসর্ষপের ন্যায় আকৃতি ও পরিমাণ বিশিষ্ট পিড়কাকে সর্ষপিকা কহে।

পুত্রিণী। অতি সূক্ষ্ম সূক্ষ্ম স্ফোটকাবৃত বৃহদাকার পিড়কাকে পুত্রিণী কহে।

বিদারিকা। ভূমিকুষ্মাণ্ড-কন্দের ন্যায় গোলাকার ও কঠিন পিড়কাকে বিদারিকা কহে।

বিদ্রধি। বিদ্রধির লক্ষণাক্রান্ত পিড়কাকে বিদ্রধি কহে। বিদ্রধির লক্ষণ অন্যত্র লিখিত হইবে॥ ১৬॥

যে মেহ যে দোষ হইতে উৎপন্ন হয়, সেই মেহজাত পিড়কাও তদ্দোষজ বলিয়া জানিবে। কিন্তু প্রমেহ ব্যতিরেকেও দুষ্ট মেদঃ হইতে এই সকল পিড়কা উৎপন্ন হইতে দেখা যায়। তাহারা যে পর্য্যন্ত উদর-পৃষ্ঠাদি আপন আপন বাস্তু পরিগ্রহ না করে, সে পর্য্যন্ত লক্ষিত হয় না। অর্থাৎ নিজ নিজ লক্ষণ প্রকাশ করে না॥ ১৭॥

গুহ্যদেশে, হৃদয়ে, মস্তকে, বাহুমূলে, পৃষ্ঠে ও মর্ম্মস্থানে পিড়কা জন্মিলে এবং তৃষ্ণা কাসাদি উপদ্রবে উপদ্রুত হইলে ও অগ্নির শক্তি কমিয়া গেলে, পিড়কা রোগ অসাধ্য জানিবে॥ ১৮॥

প্রমেহ-নিদান সমাপ্ত।

মেদোনিদান।

ব্যায়াম-বর্জ্জিত ও দিবানিদ্রাপ্রিয় ব্যক্তি, শ্লেষ্মজনক দ্রব্য ভোজন করিলে তাহার ভুক্তদ্রব্য হইতে যে অন্নরস উৎপন্ন হয়, তাহা পরিপাক প্রাপ্ত না হইয়া, মধুররসবিশিষ্ট হইয়া থাকে এবং সেই মধুর আমের অর্থাৎ অপক্ব অন্নরসের স্নেহ হইতে মেদঃপদার্থের বৃদ্ধি হয়। মেদোবৃদ্ধিহেতু রসরক্তাদি-বাহি-স্রোতঃসকল রুদ্ধ হওয়াতে শরীরের অন্যান্য ধাতুরও পুষ্টি হইতে পারে না। কেবল মেদোধাতু ক্রমশঃ বর্দ্ধিত হইয়া মনুষ্যকে সকল কার্য্যে অশক্ত করিয়া ফেলে॥ ১॥

মেদোরোগে ক্ষুদ্রশ্বাস, তৃষ্ণা, মূর্চ্ছা, নিদ্রাধিকা, অকস্মাৎ উচ্ছ্বাসাবরোধ, অবসাদ, ক্ষুধা, ঘর্ম্মনির্গম, শরীরের দৌর্গন্ধ্য, বলের হ্রাস ও মৈথুনশক্তির অল্পতা -এই সকল লক্ষণ উপস্থিত হয়॥ ২॥

মেদঃপদার্থ, সকল জীবের উদরে ও সূক্ষ্মাস্থিতে থাকে, তজ্জন্য মেদস্বিব্যক্তির প্রায় উদরের বৃদ্ধি হয়॥ ৩॥

যেমন কুম্ভকারের পয়ন, কর্দ্দমদ্বারা আবৃত হওয়াতে তদন্তর্গত বায়ু বহির্গত হইতে না পারিয়া অগ্নিকে প্রদীপ্ত করে, সেইরূপ মেদোধাতুদ্বারা মার্গাবরোধ হেতু বায়ু কোষ্ঠমধ্যেই বিশেষরূপে সঞ্চরণ করিয়া কোষ্ঠাগ্নিকে সন্ধুক্ষিত ও আহারকে শোষিত করিয়া থাকে, তজ্জন্যই মেদস্বিব্যক্তির আহার শীঘ্র পরিপাক হয় ও তাহার পুনর্ভোজনের আকাঙ্ক্ষা জন্মে এবং ভোজনকালের ব্যতিক্রম ঘটিলে, নানাবিধ বাতজনিত পীড়া উপস্থিত হইয়া থাকে ॥ ৪ ॥

যেমন দাবানল বনদাহ করে, তদ্রূপ মেদস্বিব্যক্তির অগ্নি ও মারুত বিবিধ উপদ্রব উপস্থিত করিয়া স্থূলব্যক্তিকে বিনাশ করিয়া থাকে।

মেদোধাতু অতিশয় বৃদ্ধি প্রাপ্ত হইলে বাতাদিদোষগণ সহসা প্রমেহ পিড়কা জ্বর ভগন্দরাদি দারুণ পীড়া সকল আনয়ন করিয়া আশু মেদোরোগির জীবন নাশ করে ॥ ৫ ॥

অতিস্থূলের লক্ষণ। মেদঃ ও মাংসের অতিবৃদ্ধিহেতু গমনাদি সময়ে, যাহার স্ফিক্ (পাছা) উদর ও স্তন সঞ্চালিত হইতে থাকে এবং অযথা মাংসোপচয় ও অযথা উৎসাহ বৃদ্ধি হয়, তাহাকে অতিস্থূল বলা যায় ॥ ৬ ॥

মেদোনিদান সমাপ্ত।

উদররোগ-নিদান।

অগ্নিমান্দ্যহেতু সকল ব্যাধিই বিশেষতঃ উদররোগ জন্মিয়া থাকে। অজীর্ণ, মলিন অন্নভোজন (অত্যন্ত দোষজনক বিরুদ্ধভোজন ও পূর্ব্বাহার অজীর্ণসত্ত্বে পুনর্ভোজন ইত্যাদি) এবং মলসঞ্চয় এইগুলি উদররোগ জন্মিবার কারণ ॥ ১ ॥

সঞ্চিত বাতাদিদোষ সকল স্বেদবহ ও অম্বুবহ স্রোতসমূহকে রুদ্ধ এবং প্রাণবায়ু অপানবায়ু ও অগ্নিকে দূষিত করিয়া উদররোগ উৎপাদন করে ॥ ২ ॥

উদরাধ্মান, গমনে অশক্তি, দৌর্ব্বল্য, অতিশয় অগ্নিমান্দ্য, শোথ, অঙ্গ সকলের অবসাদ, অধোবায়ু ও মলের অপ্রবৃত্তি এবং দাহ ও তন্দ্রা এইগুলি সর্ব্বপ্রকার উদররোগের সাধারণ লক্ষণ ॥ ৩ ॥

উদররোগ আট প্রকার। যথা—বায়ুজনিত, পিত্তজনিত, কফজনিত, ত্রিদোষজনিত, প্লীহাজনিত, মলসঞ্চয়জনিত, ক্ষতজনিত ও জলসঞ্চয়জনিত। এই আট প্রকার উদররোগের পৃথক্ পৃথক্ লক্ষণ লিখিত হইতেছে ॥ ৪ ॥

বাতোদরে হস্ত পদ নাভি ও কুক্ষিদেশে শোথ; কুক্ষি পার্শ্ব উদর কটী ও পৃষ্ঠদেশে বেদনা; তদ্ভিন্ন পর্ব্বভেদ, শুষ্ককাস, অঙ্গমর্দ্দ, শরীরের অধোভাগে গুরুত্ব, মলরোধ; ত্বক্, চক্ষুঃ ও মূত্র প্রভৃতির শ্যাববর্ণতা বা অরুণবর্ণতা, অকস্মাৎ উদরশোথের হ্রাস বা বৃদ্ধি, উদরে সূচীবেধবৎ বা ভঙ্গবৎ বেদনা এবং সূক্ষ্ম সূক্ষ্ম কৃষ্ণবর্ণ শিরাসমূহের উৎপত্তি ও উদরে আঘাত করিলে বায়ুপূর্ণ

তন্দ্রার ন্যায় শব্দোৎপত্তি এই সকল লক্ষণ প্রকাশ পায়। এই বাতোদরে বায়ু শব্দ ও বেদনার সহিত উদরের সকল স্থানে বিচরণ করে॥ ৫॥

পিত্তোদরে জ্বর, মূর্চ্ছা, দাহ, তৃষ্ণা, কটুকাস্যতা (মুখে কটুস্বাদোৎপত্তি), ভ্রম, অতিসার ও ত্বক্-নয়নাদির পীতবর্ণতা, এই সকল লক্ষণ প্রকাশ পায় এবং উদর ঘর্ম্মযুক্ত, উষ্মবিশিষ্ট, দাহান্বিত, কোমলস্পর্শ ও হরিত পীত বা তাম্রবর্ণ শিরাসমূহে ব্যাপ্ত হয়। এবং বোধ হয় যেন উহা হইতে ধূমোদ্গমন হইতেছে। পৈত্তিকোদর শীঘ্র পাকিয়া জলোদররূপে পরিণত হয়। এবং সর্ব্বদা বেদনাযুক্ত হইয়া থাকে॥ ৬॥

শ্লেষ্মজনিত উদররোগে, অঙ্গের অবসাদ, স্পর্শজ্ঞানাভাব, শোথ, গাত্রগুরুতা, নিদ্রা, বমনবেগ, অরুচি, শ্বাস, কাস ও ত্বগাদির শুক্লবর্ণতা এই সকল লক্ষণ উপস্থিত হয় এবং উদরশোথ বৃহৎ, স্তিমিত, চিক্কণ, কঠিন, শীতস্পর্শ, গুরু, অচল ও দীর্ঘকালে পরিবর্দ্ধিত এবং শুক্লবর্ণ শিরাসমূহে ব্যাপ্ত হইয়া থাকে॥ ৭॥

ত্রিদোষজনিত উদর রোগ। দুঃশীলা কামিনীগণ, নিঃস্নেহ পতিকে বা বা অন্য কোন অভিলষিত পুরুষকে বশীভূত করিবার জন্য অজ্ঞাতসারে তদীয় অন্ন-পানের সহিত নখ, লোম, মূত্র, বিষ্ঠা ও আর্ত্তব-শোণিত প্রদান করিয়া থাকে। সেই মলিন (নানাদোষজনক) অন্ন আহার করিলে, কিংবা শত্রুপ্রদত্ত সংযোগজ বিষ ভোজন করিলে অথবা সবিষ মৎস্য ও তৃণ পত্রাদির কাথ মিশ্রিত দুষ্ট জল বা দূষীবিষ (অগ্নি বা বিষঘ্ন ওষধিদ্বারা জীর্ণ স্বল্প-প্রভাব বিষ) সেবন করিলে রক্ত এবং বাতাদি দোষত্রয় কুপিত হইয়া ত্রিদোষ-লক্ষণাক্রান্ত অতি ভয়ঙ্কর জঠর রোগ উৎপাদন করে; ইহাকে ত্রিদোষজ উদর রোগ বহে। এবম্ভূত উদর রোগ, শীতে বাতে ও অতি দুর্দ্দিনে (জল ঝড় মেঘাদি বিশিষ্ট দিবসে) অতিশয় কুপিত ও দাহযুক্ত হয়। এবং রোগী পাণ্ডুবর্ণ, কৃশ, পিপাসায় শুষ্ককণ্ঠ ও পুনঃপুনঃ মূর্চ্ছিত হইয়া থাকে। ইহার অপর নাম দূষ্যোদর॥ ৮॥

বিদাহি ও কফজনক-দ্রব্য-ভোজনরত ব্যক্তির রক্ত ও কফ অতিশয় প্রদুষ্ট হইয়া প্লীহার বৃদ্ধি সাধন করে। সেই বৃদ্ধিপ্রাপ্ত প্লীহজনিত উদররোগকে প্লীহোদর কহে। প্লীহা উদরের বামপার্শ্বে বৃদ্ধিপ্রাপ্ত হয়। ইহাতে রোগী অত্যন্ত অবসন্ন, মন্দজ্বর, অগ্নিশক্তিহীন, কফপিত্তজনিত উপদ্রবে উপদ্রুত, ক্ষীণবল ও অতিশয় পাণ্ডুবর্ণ হয়। যেরূপ উদরের বামপার্শ্বে প্লীহার বৃদ্ধিকে প্লীহোদর কহে, সেইরূপ উদরের দক্ষিণপার্শ্বে যকৃতের বৃদ্ধিকে যকৃদ্দাল্যুদর কহে॥ ৯॥

প্লীহোদর ও যকৃদ্দাল্যুদরে বায়ুর প্রকোপ থাকিলে, উদাবর্ত্ত বেদনা ও আনাহ; পিত্তের প্রকোপ থাকিলে মোহ তৃষ্ণা দাহ ও জ্বর; কফের প্রকোপ থাকিলে গাত্র-গুরুতা, অরুচি ও উদরের কাঠিন্য এই সকল লক্ষণ প্রকাশ পায়॥ ১০॥

যাহার অন্ত্র শাকশালূকাদি পিচ্ছিল অন্নদ্বারা অথবা চুল ও কঙ্করাদি সমন্বিত ভুক্তান্ন দ্বারা বিবদ্ধ হয়, তাহার সদোষ মল, সম্মার্জ্জনী-নিক্ষিপ্ত ধূলিরাশির ন্যায়, ক্রমে ক্রমে অন্ত্রনাড়ীতে সঞ্চিত হইতে থাকে। গুদনাড়ীতে মল রুদ্ধ থাকিয়া অতি কষ্টে অল্প অল্প পরিমাণে নির্গত হয়। ইহাতে হৃদয় ও নাভির মধ্যবর্ত্তি-স্থানে উদরের বৃদ্ধি হয়। ইহাকেই বদ্ধগুদোদর কহে॥ ১১॥

কণ্টকাদিশল্যযুক্ত অন্ন ভোজন করিলে, সেই ভুক্ত অন্ন যদি পাকাশয় হইতে বিলোমভাবে (বক্রভাবে) আগত হয়, তাহা হইলে সেই কণ্টকাদি-শল্যদ্বারা অন্ত্রনাড়ী ভেদ হইয়া যায়। জৃম্ভা ও অতি ভোজনদ্বারাও অন্ত্রভেদ হইতে পারে। যেরূপেই হউক অন্ত্র ভিন্ন হইলে তাহা হইতে বহু পরিমাণে জলবৎ স্রাব নিঃসৃত হইয়া নাভির অধোভাগে উদর বৃদ্ধি করিয়া গুহ্যদ্বার দিয়া পুনঃপুনঃ নির্গত হইতে থাকে। ইহাকেই ক্ষতোদর বা পরিস্রাব্যুদর কহে। এই উদর রোগে সূচীবেধবৎ বা বিদারণবৎ অসহ্য বেদনা হইয়া থাকে॥ ১২॥

স্নেহপান, অনুবাসন (স্নেহপদার্থদ্বারা পিচকারী দেওয়া), বমন, বিরেচন অথবা নিরূহণ (পিচ্‌কারী বিশেষ) ক্রিয়ার পর আশু শীতল জল পান করিলে অথবা স্নেহপদার্থ দ্বারা উপলিপ্ত হইলে জলবহ স্রোতঃ সকল দূষিত হয় এবং সেই দুষ্টনাড়ী হইতে পীতজল নিঃসৃত হইয়া উদরের বৃদ্ধি করে। ইহাকেই দকোদর বা জলোদর কহে।

দকোদরে উদর চিক্কণ, বৃহৎ, জলপূর্ণবৎ স্ফীত ও নাভির চতুর্দ্দিকে বেদনাযুক্ত হয়। জলপূর্ণ ভস্ত্রা (ভিস্তি) সঞ্চালিত হইলে যেমন ক্ষুব্ধ কম্পিত ও শব্দযুক্ত হয়, দকোদরও তদ্রূপ হইয়া থাকে॥ ১৩॥

প্রায় সর্ব্বপ্রকার উদর রোগই উৎপন্ন মাত্রই কৃচ্ছ্রসাধ্য হইয়া থাকে। কিন্তু রোগির যদি বল থাকে এবং উদরে জলসঞ্চয় না হয় ও রোগটি অচিরোৎপন্ন হয়, তাহা হইলেও বিশেষ যত্নসাধ্য জানিবে। বদ্ধগুদোদর প্রায় পক্ষান্তেই প্রাণনাশক হয়। এইরূপ সর্ব্বপ্রকার জাতোদক ও ছিদ্রান্ত্রোদক উদররোগও মারাত্মক হইয়া থাকে, কিন্তু শল্যশাস্ত্রোক্ত অস্ত্র চিকিৎসাদ্বারা ১৫ দিনের পরও ইহাদিগকে কখন কখন সাধ্য হইতে দেখা যায়॥ ১৪॥

উদররোগির যদি চক্ষুঃ শোথযুক্ত, লিঙ্গ বক্র, ত্বক্ পাত্‌লা ও ক্লেদযুক্ত এবং বল অগ্নি রক্ত ও মাংস পরিক্ষীণ হয়, তাহা হইলে সে রোগিকে ত্যাগ করিবে। এবং যে রোগির পার্শ্বভঙ্গ, অন্নবিদ্বেষ, শোথ ও আতিসার হয় অথবা বিরেচন করাইলেও কোষ্ঠ পূর্য্যমাণ হইয়া থাকে, তাহাকেও পরিত্যাগ করিবে॥ ১৫॥

উদররোগ-নিদান সমাপ্ত।

শোথ-নিদান।

শোথের সম্প্রাপ্তি। কুপিত বায়ু, দুষ্ট রক্ত পিত্ত ও কফকে বহিঃস্থ শিরা সমূহে লইয়া গিয়া এবং স্বয়ং উহাদের দ্বারা অবরুদ্ধগতি হইয়া, ত্বঙ্মাংসাশ্রিত সংহতাবয়ব (ঘন) উৎসেধ অর্থাৎ উচ্চতায় উৎপাদন করে, ইহাকেই শোথ কহে। পূর্ব্বোক্ত রক্ত পিত্ত কফ ও বায়ু ইহারাই শোথপদার্থের উপাদান। হেতুবিশেষে অর্থাৎ বাতাদি পৃথক্ পৃথক্ দোষে, দ্বন্দ্বদোষে, মিলিত ত্রিদোষে, অভিঘাতে ও বিষসেবনে রূপভেদ হেতু শোথ সকল নয় প্রকার হইয়া থাকে। যথা—বাতজ, পিত্তজ, কফজ, বাতপিত্তজ, বাতশ্লেষ্মজ, পিত্তশ্লেষ্মজ, ত্রিদোষজ, অভিঘাতজ ও বিষজ ॥ ১ ॥

শোথ জন্মিবার পূর্ব্বে সন্তাপ, শিরাবিস্তারবৎ পীড়া ও গাত্রগুরুতা এই সকল লক্ষণ প্রকাশিত হয় ॥ ২ ॥

বমনবিরেচনাদি শুদ্ধিক্রিয়া, জ্বরাদিব্যাধি, অভোজন বা বিগুণ ভোজন, এই সকল কারণে কৃশ ও দুর্ব্বল ব্যক্তি যদি ক্ষার অম্ল তীক্ষ্ণবীর্য্য উষ্ণগুণ ও গুরুদ্রব্য সেবন করে, তাহা হইলে শোথরোগ উৎপন্ন হয়। তদ্রূপ দধি, অপকদ্রব্য, মৃত্তিকা, শাক, ক্ষীরমৎস্যাদি বিরুদ্ধ ভোজন, দুষ্ট বা বিষমিশ্রিত অন্নাহার, অর্শো-রোগ, শ্রমরাহিত্য, বমনবিরেচনাদিদ্বারা শোধনযোগ্য দেহের অশোধন, মর্ম্মাভি-ঘাত, গর্ভস্রাব এবং বমনাদি পঞ্চকর্ম্মের অসম্যক্‌করণ এই সকল কারণেও শোথ জন্মিয়া থাকে। এস্থলে বুঝিতে হইবে যে, এই শ্লোকোক্ত কারণগুলি নিজ অর্থাৎ বাতাদি দোষজ শোথের হেতু। কিন্তু ইহাদের মধ্যে মর্ম্মাভিঘাত আগন্তু শোথেরও হেতু হইয়া থাকে ॥ ৩ ॥

শোথরোগের সাধারণ লক্ষণ। শোথের অনবস্থিতত্ব (অনিয়তা স্থিতি), গুরুতার ও উৎসেধেরও অনবস্থিতত্ব, এবং উষ্মা (অন্তস্তাপ), শিরা সমূহের সূক্ষ্মতা, রোমাঞ্চ ও বিবর্ণতা এইগুলি শোথের সাধারণ লক্ষণ ॥ ৪ ॥

বায়ুজন্য শোথ সঞ্চরণশীল (এক স্থানে স্থির থাকে না), পাতলা চর্ম্ম-বিশিষ্ট, কর্কশ, অরুণ বা কৃষ্ণবর্ণ, স্পর্শশক্তিহীন ও ঝিণিঝিণিবৎ বেদনাবিশিষ্ট হয়। বায়ুর চলত্বহেতু কখন কখন বিনা কারণেও বাতিক শোথ প্রশমিত হইয়া থাকে। ইহা টিপিলে বসিয়া যায়, কিন্তু ছাড়িয়া দিলে পুনরায় উন্নত হইয়া উঠে। এই শোথ দিবাভাগে বলবান্ ও রাত্রিতে গুরুপ্রায় হয়।

পৈত্তিকশোথ কোমল, সগন্ধ এবং কৃষ্ণ পীত বা রক্তবর্ণ হয়। ইহা উষ্ম-বিশিষ্ট, স্পর্শে যন্ত্রণাদায়ক ও বিশেষ দাহান্বিত হইয়া পাকিয়া থাকে। ইহাতে রোগির ভ্রম জ্বর ঘর্ম্ম পিপাসা মত্ততা ও চক্ষুঃ রক্তিমাবর্ণ হয়।

শ্লৈষ্মিক শোথ গুরু, অচল ও পাণ্ডুবর্ণ হয়। ইহাতে অরুচি, মুখাদি হইতে জলস্রাব, নিদ্রা, বমি ও অগ্নিমান্দ্য হইয়া থাকে। এই শোথ সম্যক্ প্রকাশিত বা সম্যক্ প্রশমিত হইতে অধিক সময় লাগে। ইহা টিপিলে বসিয়া যায়, ছাড়িয়া

দিলে উন্নত না হইয়া নিম্নভাবেই থাকে। কফজ শোথ রাত্রিতে বলবান্ ও দিবসে শুকপ্রায় হয় ॥ ৫ ॥

যে শোথে দুই দোষের নিদান ও লক্ষণ সমবেত হয়, তাহাকে দ্বিদোষজ এবং যে শোথে তিন দোষের নিদান ও লক্ষণ মিলিত হয়, তাহাকে ত্রিদোষজ জানিবে ॥ ৬ ॥

অস্ত্র-শস্ত্রাদি দ্বারা ছেদ ভেদ ও ক্ষত প্রভৃতি কারণে যে শোথ হয়, তাহাকে অভিঘাতজ শোথ কহে। এইরূপ হিমবায়ু, সামুদ্রিক বায়ু, ভেলার রস ও আলকুশীর শুঁয়া স্পর্শেও শোথ উৎপন্ন হইয়া থাকে। এই সকল আগন্তুজ শোথ সঞ্চরণশীল, উষ্মবিশিষ্ট, লোহিতবর্ণ ও প্রায় পিত্তলক্ষণাক্রান্ত হয় ॥ ৭ ॥

বিষধর প্রাণী শরীরে চলিয়া গেলে, বা তাহাদের মূত্র গায়ে লাগিলে, কিংবা মল মূত্র ও শুক্রলিপ্ত মলিন বস্ত্র পরিধান করিলে অথবা নির্ব্বিষ প্রাণিদিগেরও দাড়্ দন্ত ও নখাঘাতে আহত হইলে, বা বিষবৃক্ষাগত বায়ুস্পর্শে অথবা সংযোগজ বিষমিশ্রিত চূর্ণদ্বারা গাত্রঘর্ষণে শোথ উৎপন্ন হয়; এই প্রকার শোথকে বিষজ শোথ কহে। বিষজ শোথ কোমল, সঞ্চারী, অধোগমনশীল, শীঘ্রজন্মা এবং দাহ ও বেদনাজনক। এই শোথ আগন্তুজ শোথের অন্তর্ভূত হইলেও বিশেষ লক্ষণ ও চিকিৎসার জন্য পৃথক্ পঠিত হইয়াছে ॥ ৮ ॥

আমাশয়স্থিত দোষ বক্ষঃস্থল প্রভৃতি ঊর্দ্ধদেহে; পক্বাশয়স্থ দোষ মধ্যদেহে অর্থাৎ বক্ষঃস্থল হইতে পক্বাশয় পর্য্যন্ত স্থানে; মলাশয়স্থ দোষ অধোদেহে এবং সর্ব্বশরীরগত দোষ সর্ব্বাঙ্গে শোথ উৎপাদন করে ॥ ৯ ॥

মধ্যদেহে ও সর্ব্বাঙ্গে যে শোথ হয়, তাহা কষ্টসাধ্য। যে শোথ অর্দ্ধাঙ্গে অর্থাৎ হরগৌরী বা নরসিংহাকারে উৎপন্ন হয়, তাহা অসাধ্য। অথবা যে শোথ নিম্নাঙ্গ হইতে ক্রমশঃ ঊর্দ্ধাঙ্গে প্রসৃত হয়, তাহা এবং যে শোথ অন্য রোগের উপদ্রবকৃত না হইয়া নিজ প্রকোপণ হেতুদ্বারা পুরুষের পাদ-সমুত্থিত হইয়া ঊর্দ্ধাঙ্গে প্রসৃত হয়, সেই শোথ পুরুষকে বিনষ্ট করে, কিন্তু পাণ্ডু প্রভৃতি রোগের উপদ্রবস্বরূপ যে শোথ পাদদেশে উৎপন্ন হয়, তাহা মারাত্মক নহে। স্ত্রীদিগের মুখজাত শোথ অধোগমনশীল হইলে, তাহা সাংঘাতিক। গুহ্যজাত (বস্তিদেশোৎপন্ন) শোথ স্ত্রী ও পুরুষ উভয়কেই বিনষ্ট করে। যে শোথে শ্বাস, পিপাসা, বমি, দৌর্ব্বল্য, জ্বর ও অন্নে অরুচি এই সকল উপদ্রব ঘটে, তাহা ত্যাজ্য।

অচিরোৎপন্ন উপদ্রবরহিত শোথ সাধ্য। অর্দ্ধাঙ্গজাত প্রভৃতি অসাধ্য শোথের বিষয় পূর্ব্বে কথিত হইয়াছে, তদ্ভিন্ন কুক্ষি উদর গলদেশ ও মর্ম্মস্থানজাত শোথ সকলও অসাধ্য জানিবে। যে শোথ অতি স্থূল ও কর্কশ, তাহাও ত্যাজ্য। বালক বৃদ্ধ ও দুর্ব্বল ব্যক্তিদিগের শোথও বর্জ্জনীয় ॥ ১০ ॥

শোথ-নিদান সমাপ্ত।

বৃদ্ধি-[কোষ-বৃদ্ধি, অন্ত্র-বৃদ্ধি]-নিদান।

কুপিত অধোগামী বায়ু বঙ্ক্ষণ (কুঁচ্‌কি) স্থান হইতে বৃকে (অণ্ডকোষে) আগমন করিয়া ফলকোষবাহিনী ধমনী সকলকে প্রপীড়িত করে। তাহাতে ঐ ফলকোষ বর্দ্ধিত স্ফীত ও অতিশয় বেদনাযুক্ত হয়। এই পীড়ার নাম বৃদ্ধি। বৃদ্ধিরোগ সাতপ্রকার; যথা—বাতজ, পিত্তজ, কফজ, রক্তজ, মেদোজ, মূত্রজ ও অন্ত্রজ (অন্ত্রবৃদ্ধি)। ইহার মধ্যে মূত্রজ বৃদ্ধি ও অন্ত্রবৃদ্ধি বায়ুর প্রকোপেই উৎপন্ন হয়। তবে হেতুভেদবশতঃ পৃথক্ পরিগণিত হইয়া থাকে ॥ ১ ॥

বায়ুজনিত বৃদ্ধি অর্থাৎ কুরণ্ড অল্প কারণে বেদনাযুক্ত, রুক্ষ ও বায়ুপূর্ণ চর্ম্ম-পুটকের ন্যায় স্পর্শবিশিষ্ট হয়।

পৈত্তিক বৃদ্ধি পক্ক উড়ুম্বরফল-সদৃশ দাহ ও উষ্মবিশিষ্ট। ইহা পাকিয়া থাকে।

কফজনিত প্রবৃদ্ধ কোষ শীতল, ভারাক্রান্ত, চিক্কণ, কণ্ডুযুক্ত, কঠিন ও অল্পবেদনান্বিত।

রক্তজবৃদ্ধি কৃষ্ণবর্ণ স্ফোটকব্যাপ্ত ও পিত্তবৃদ্ধি-লক্ষণাক্রান্ত।

মেদোজবৃদ্ধি মৃদু, পক্কতালফলসদৃশ-নীলবর্ত্তুল ও কফজবৃদ্ধি-লক্ষণাক্রান্ত।

যাহারা নিয়ত মূত্রবেগ ধারণ করে, তাহাদের মূত্রজবৃদ্ধি হইয়া থাকে। এই বৃদ্ধিরোগগ্রস্ত ব্যক্তির কোষ গমনকালে জলপূর্ণ চর্ম্মপুটকের ন্যায় ক্ষোভযুক্ত মৃদু ও বেদনাবিশিষ্ট হয় এবং সঞ্চালিত হইয়া অধোদিকে ঝুলিয়া পড়ে। ইহাতে মূত্রকৃচ্ছ্রবদ্‌বেদনা হইয়া থাকে ॥ ২ ॥

বাতপ্রকোপক আহার, শীতল জলে অবগাহন, মলমূত্রের উপস্থিত বেগধারণ বা অনুপস্থিতবেগে বেগপ্রদান, ভারবহন, পথপর্য্যটন, বিষমভাবে অঙ্গপ্রবর্ত্তন ও বলবদ্বিগ্রহ-ধনুরাকর্ষণাদি-ক্ষোভজনক অন্যান্য কর্ম্ম দ্বারা বায়ু ক্ষোভিত (চালিত) হইয়া যখন ক্ষুদ্রান্ত্রের কিয়দংশকে সঙ্কুচিত করিয়া স্বস্থান হইতে অধোদিকে লইয়া গিয়া বঙ্ক্ষণসন্ধিতে উপস্থিত হয়, তখনই ঐ সন্ধিস্থলে গ্রন্থিরূপ শোথ উৎপাদন করে। ইহাকেই অন্ত্রবৃদ্ধি কহে। অন্ত্রবৃদ্ধি অচিকিৎসিত হইলে উহা স্ফীত, বেদনাযুক্ত ও স্তম্ভিত হয়। প্রপীড়িত হইলে (টিপিলে) শব্দবিশিষ্ট হইয়া উপরে উঠিয়া যায় এবং ছাড়িয়া দিলে পুনরায় আসিয়া শোথ উৎপাদন করে। অন্ত্রবৃদ্ধি বাতজবৃদ্ধি-লক্ষণাক্রান্ত। ইহা অসাধ্য ব্যাধি ॥ ৩ ॥

বৃদ্ধি-নিদান সমাপ্ত।

গলগণ্ড গণ্ডমালা অপচী গ্রন্থি ও অর্ব্বুদ নিদান।

গলদেশে বৃহৎ বা ক্ষুদ্র, মুষ্কবৎ যে দৃঢ় শোথ লম্বিত হয়, তাহাকে গলগণ্ড কহে ॥ ১ ॥

প্রদুষ্ট বায়ু কফ ও মেদঃ, গলদেশে মন্যানামক শিরাদ্বয়কে আশ্রয় করিয়া ক্রমে ক্রমে স্ব স্ব লক্ষণযুক্ত গণ্ড উৎপাদন করে, ঐ গণ্ড অর্থাৎ শোথবিশেষকে পণ্ডিতেরা গলগণ্ড কহেন ॥ ২ ॥

বাতিক গলগণ্ড সূচীবেধবদ্‌বেদনাযুক্ত, কৃষ্ণবর্ণশিরাব্যাপ্ত, শ্যাব বা অরুণ-বর্ণ ও কর্কশ। ইহা দীর্ঘকালে বৃদ্ধিপ্রাপ্ত হয়। এইরূপ গলগণ্ড প্রায় পাকে না, কিন্তু দৈবাৎ কোন কোনটি পাকিয়াও উঠে। বাতগলগণ্ড-রোগির মুখের বিরসতা এবং তালু ও গলের শুষ্কতা হইয়া থাকে।

কফজ গলগণ্ড কঠিন, প্রকৃতিসমবর্ণ অর্থাৎ কফপ্রকৃতিহেতু শ্বেতাভ, ভার-যুক্ত, উগ্রকণ্ডুবিশিষ্ট, শীতল ও বৃহৎ। ইহা দীর্ঘকালে বর্দ্ধিত হয় ও কখন বা মন্দ মন্দ বেদনান্বিত হইয়া পাকিয়াও থাকে। এই রোগে মুখ মধুর এবং তালু ও গলদেশ শ্লেষ্মলিপ্ত হয়।

মেদোজ গলগণ্ড চিক্কণ, ভারী, পাণ্ডুবর্ণ, দুর্গন্ধ, কণ্ডুযুক্ত ও অল্পবেদনা-বিশিষ্ট হয়। অলাবুর ন্যায় ইহা অল্পমূল ও ক্রমে স্থূলাগ্র হইয়া গলদেশে লম্বিত থাকে। দেহের বৃদ্ধিতে ইহার বৃদ্ধি ও দেহের হ্রাসে ইহার হ্রাস হয়। এই রোগে রোগির মুখ তৈলাভ্যক্তবৎ চিক্কণ ও গলদেশ সর্ব্বদা শব্দযুক্ত হইয়া থাকে ॥ ৩ ॥

যে গলগণ্ড-রোগির নিশ্বাস-প্রশ্বাসে অতি কষ্ট, সর্ব্বগাত্র কোমল, দেহ ক্ষীণ, আহারে অরুচি ও স্বর ভঙ্গ হয় এবং রোগটি যদি এক বৎসরের অধিক কাল উৎপন্ন হইয়া থাকে, তাহা হইলে তাহাকে পরিত্যাগ করিবে ॥ ৪ ॥

দুষ্ট মেদঃ ও কফ দ্বারা কক্ষ (বগল) স্কন্ধ, মন্যা (গ্রীবাদেশস্থ স্থূল শিরাদ্বয়), গল ও বঙ্ক্ষণদেশে পেয়াকুল, কুল অথবা আমলকীর ন্যায় আকারবিশিষ্ট বহুসংখ্যক যে গণ্ড উৎপন্ন হয়, তাহাকে গণ্ডমালা কহে। এই গণ্ডমালা দীর্ঘকালান্তে সামান্যরূপ পাকে ॥ ৫ ॥

এই গণ্ডমালারই গণ্ড সকল যদি দীর্ঘকাল ব্যাপিয়া এরূপ ভাবাপন্ন হয় যে, তাহাদের মধ্যে কতকগুলি পাকিয়া স্রাবযুক্ত, কতকগুলি অদৃশ্য ও অপর কতকগুলি নূতন উদ্ভূত হইতে থাকে, তাহা হইলে উহাকে অপচী রোগ বলিয়া অভিহিত করা যায়। নিরুপদ্রব অপচী সাধ্য, কিন্তু পীনস পার্শ্বশূল কাস জ্বর ও বমি এই সকল উপদ্রবযুক্ত হইলে অসাধ্য ॥ ৬ ॥

প্রদুষ্ট বাতাদি দোষ, রক্ত ও মাংস এবং মেদঃ ও শিরা সকলকে দূষিত করিয়া বর্ত্তুলাকার উন্নত গ্রন্থিসদৃশ শোথ উৎপাদন করে বলিয়া উহাকে গ্রন্থিরোগ কহে ॥ ৭ ॥

বাতিকগ্রন্থি যেন আকৃষ্ট হইয়া দীর্ঘাকৃত, ছিন্ন, সূচীবেধবদ্ বেদনাযুক্ত,

প্রক্ষিপ্ত, মথিত ও দ্বিধাকৃত হয়। ইহা কৃষ্ণবর্ণ এবং বস্তির ন্যায় মৃদু ও আয়ত। এই গ্রন্থি বিদীর্ণ হইলে, উহা হইতে নির্ম্মল রক্ত নির্গত হয়॥ ৮॥

পিত্তজ গ্রন্থিতে অত্যন্ত দাহ, অন্তস্তাপ, ছেদবৎ পীড়া, অতিশয় পাক ও অগ্নিশিখার ন্যায় জ্বালা উপস্থিত হয়। ইহা রক্ত বা পীতবর্ণ হইয়া থাকে এবং বিদীর্ণ হইলে অতীব উষ্ণরক্ত স্রাব করে॥ ৯॥

কফজগ্রন্থি শীতল, অবিবর্ণ (প্রকৃতিসমবর্ণ, কাহারও মতে ঈষদ্‌বিবর্ণ), অল্প-বেদনাযুক্ত, অতি কণ্ডুবিশিষ্ট, পাষাণবৎ কঠিন ও দীর্ঘকালে বর্দ্ধিত হয়। ইহা বিদীর্ণ হইলে শুক্লবর্ণ ঘন পূয স্রাব করে॥ ১০॥

মেদোজগ্রন্থি চিক্কণ, বৃহৎ, কণ্ডুযুক্ত ও অবেদন হয়। শরীরের বৃদ্ধিতে ইহার বৃদ্ধি ও শরীরের ক্ষয়ে ইহার ক্ষয় হইয়া থাকে। এই গ্রন্থি ভেদ হইলে তিলকল্কতুল্য বা ঘৃতসদৃশ মেদঃ নির্গত হয়॥ ১১॥

বলবদ্বিগ্রহাদি-ব্যায়াম-সমূহ দ্বারা বায়ু কুপিত হইয়া দুর্ব্বল ব্যক্তির শিরা সকলকে আক্ষিপ্ত, সঙ্কোচিত, সংপিণ্ডিত ও বিশোষিত করিয়া আশু উন্নত ও গোলাকার গ্রন্থি উৎপাদন করে, ইহাকেই শিরাজগ্রন্থি কহে। এই গ্রন্থি সবেদন ও চলিষ্ণু হইলে কৃচ্ছ্রসাধ্য, কিন্তু যদি অবেদন, অচল, বৃহৎ ও মর্ম্মোত্থিত হয়, তাহা হইলে অসাধ্য॥ ১২॥

অর্ব্বুদ (আব্)। বাতাদি দোষ সকল কুপিত হইয়া রক্ত ও মাংসকে দূষিত করিয়া শরীরের কোন স্থানে গোলাকার, অচল, অল্পবেদনাযুক্ত, দূরানুপ্রবিষ্ট সুতরাং অনল্পমূল, বৃহদাকার যে মাংসোচ্ছ্রয় উৎপাদন করে, তাহাকেই অর্ব্বুদ কহে। অর্ব্বুদ দীর্ঘকালে পরিবর্দ্ধিত হয়, ইহা প্রায় পাকে না। বিকৃত বায়ু পিত্ত কফ রক্ত মাংস ও মেদোদ্বারা ভিন্ন ভিন্ন রূপ অর্ব্বুদ উৎপন্ন হয়, তন্মধ্যে বাতজ পিত্তজ কফজ ও মেদোজ অর্ব্বুদের লক্ষণ তত্তদ্দোষজাত গ্রন্থির ন্যায়। রক্তজ ও মাংসজ অর্ব্বুদের লক্ষণ নিম্নে লিখিত হইতেছে॥ ১৩॥

প্রদুষ্ট দোষ (এস্থলে দোষ শব্দে পিত্ত) রক্ত ও শিরা সকলকে সঙ্কোচিত ও সংপিণ্ডিত করিয়া মাংসাঙ্কুরাবৃত, ঈষৎপাক ও স্রাববিশিষ্ট মাংসপিণ্ড উদ্ভাবিত করে। ইহা শীঘ্র শীঘ্র বর্দ্ধিত হয় এবং অজস্র রুধিরস্রাব করিতে থাকে। ইহাকেই রক্তার্ব্বুদ কহে। যদিও সকল অর্ব্বুদেই রক্ত ও মাংস দূষ্য পদার্থ, তথাপি রক্তার্ব্বুদে রক্তের ও মাংসার্ব্বুদে মাংসের বিশেষ দুষ্টি জানিবে। রক্তক্ষয়-জনিত উপদ্রবে উপদ্রুত হওয়ায়, রক্তার্ব্বুদ পীড়িত ব্যক্তি পাণ্ডুবর্ণ হইয়া থাকে। ইহা অসাধ্য ব্যাধি॥ ১৪॥

মুষ্টিপ্রহারাদি দ্বারা কোন অঙ্গ অর্দ্দিত হইলে, তথাকার মাংস প্রদুষ্ট হইয়া অবেদন বা ঈষদ্‌বেদনাযুক্ত, চিক্কণ, দেহসমবর্ণ, পাকরহিত বা অল্পপাকবিশিষ্ট প্রস্তরবৎ কঠিন ও স্থির (অপ্রচাল্য) শোথ উৎপাদন করে, ইহাকেই মাংসার্ব্বুদ কহে। মাংসার্ব্বুদের উৎপাদক দোষ বায়ু। মাংসভোজনশীল ব্যক্তির মাংসদুষ্টিহেতু এই মাংসার্ব্বুদ গাঢ়তর ও অসাধ্য হইয়া থাকে। আর সাধ্য

লক্ষণাক্রান্ত অর্ব্বুদের মধ্যেও যে গুলি পরশ্লোকোক্ত লক্ষণযুক্ত হইবে, তাহাদিগকেও ত্যাগ করিবে ॥ ১৫ ॥

উল্লিখিত বাতজাদি অর্ব্বুদের মধ্যে যে অর্ব্বুদ স্রাবযুক্ত, মর্ম্মোৎপন্ন বা নাড্যাদি-স্রোতোজাত অথবা অচাল্য, তাহা অসাধ্য। অধ্যর্ব্বুদ অর্থাৎ পূর্ব্বজাত অর্ব্বুদের উপর যে অর্ব্বুদ জন্মে, তাহাও ত্যাজ্য। যুগপৎ বা ক্রমে উৎপন্ন অর্ব্বুদদ্বয়কে দ্বিরর্ব্বুদ কহে, দ্বিরর্ব্বুদ বর্জ্জনীয় ॥ ১৬ ॥

কফের আধিক্য, মেদের বাহুল্য, দোষের স্থিরত্ব ও গ্রথিতত্ব (অর্ব্বুদের গ্রন্থিরূপত্ব) এবং ব্যাধির স্বভাববশতঃ অর্ব্বুদ সকল পাকে না ॥ ১৭ ॥

গলগণ্ডাদি-নিদান সমাপ্ত।

শ্লীপদ-[গোদ]-নিদান।

শ্লীপদরোগ উৎপন্ন হইবার পূর্ব্বে প্রথমে জ্বরের সহিত বঙ্ক্ষণদেশে অতিশয় বেদনাযুক্ত শোথ হয়, পরে সেই শোথ ক্রমে ক্রমে পাদে উপস্থিত হয়। ইহাকেই শ্লীপদ কহে। কেহ কেহ বলেন—হস্তে কর্ণে নেত্রে লিঙ্গে নাসিকায় ও ওষ্ঠেও শ্লীপদ হইয়া থাকে। বাতজ শ্লীপদ কৃষ্ণবর্ণ রুক্ষ স্ফুটিত ও তীব্রবেদনাযুক্ত হয়। ইহাতে অকস্মাৎ বেদনা ও সর্ব্বদা জ্বর হইয়া থাকে। পিত্তজ শ্লীপদ কোমল পীতবর্ণ দাহ ও জ্বরবিশিষ্ট। শ্লেষ্মজ শ্লীপদ কঠিন চিক্কণ শ্বেত বা পাণ্ডুবর্ণ ও ভারযুক্ত হয় ॥ ১ ॥

যে শ্লীপদ প্রবৃদ্ধ হইয়া বল্মীকের (উয়ীঢিপির) ন্যায় বহুশিখর বিশিষ্ট হয় অথবা যাহা একবৎসরেরও অধিককাল জাত, কিংবা যাহা অত্যন্ত বৃদ্ধিপ্রাপ্ত হয়, তাহা অসাধ্য ॥ ২ ॥

বাতজাদি ত্রিবিধ শ্লীপদেই কফপ্রাধান্য থাকে, জানিবে। যেহেতু কফ-ব্যতিরেকে গুরুত্ব ও মহত্ত্ব হইতে পারে না ॥ ৩ ॥

যে দেশে অধিক পরিমাণে পুরাণ জল সঞ্চিত থাকে এবং যে দেশ সকল ঋতুতেই শীতল, সেই দেশেই বাহুল্যরূপে শ্লীপদ উৎপন্ন হয় ॥ ৪ ॥

শ্লেষ্মপ্রকৃতি-ব্যক্তির শ্লেষ্মকর আহার বিহার জনিত যে শ্লীপদ স্রাবযুক্ত, কণ্ডুবিশিষ্ট ও শ্লেষ্মানুগ হয় এবং যাহাতে উৎপাদক বাতাদি-দোষের লক্ষণ সকল অত্যুন্নতভাবে প্রকাশ পায়, সে শ্লীপদও অসাধ্য ॥ ৫ ॥

শ্লীপদ-নিদান সমাপ্ত।

বিদ্রধি-[দুষ্ট ফোড়া]-নিদান।

অত্যন্ত কুপিত বাতাদিদোষত্রয় অস্থিকে আশ্রয় করিয়া ত্বক্ রক্ত মাংস ও মেদকে দূষিত করিয়া ক্রমশঃ অত্যবগাঢ়-মূল, অতিশয় বেদনাযুক্ত, আয়ত বা গোলাকার, কষ্টদায়ক যে শোথ উৎপাদন করে, তাহাকে বিদ্রধি কহে। সেই বিদ্রধি ছয় প্রকার। যথা—বাতজ, পিত্তজ, কফজ, ত্রিদোষজ, ক্ষতজ ও রক্তজ। এই ছয় প্রকারের পৃথক্ পৃথক্ লক্ষণ কথিত হইতেছে॥ ১॥

বাতিক বিদ্রধি কৃষ্ণ বা অরুণবর্ণ, কখন ক্ষুদ্র কখন বা বৃহৎ এবং অত্যন্ত বেদনাযুক্ত। বায়ুর বিষমক্রিয়ত্বহেতু ইহার উৎপত্তি ও পাক নানাবিধ হইয়া থাকে।

পিত্তজবিদ্রধি পকোড়ুম্বরসদৃশবর্ণ বা শ্যাববর্ণ হয়। ইহার উৎপত্তি ও পাক শীঘ্র শীঘ্র হইয়া থাকে। উৎপত্তিকালেই ইহাতে জ্বর ও দাহ উপস্থিত হয়, পাকিবার সময় ঐ জ্বর ও দাহ তীব্রতর হইয়া উঠে।

কফজবিদ্রধি শরাবের ন্যায় আকৃতিবিশিষ্ট, পাণ্ডুবর্ণ, শীতল, চিক্কণ ও অল্প বেদনাযুক্ত। ইহার উত্থান ও পাক দীর্ঘকালে সম্পন্ন হয়।

বাতজ বিদ্রধির স্রাব পাত্‌লা ও বাতানুরূপবর্ণবিশিষ্ট অর্থাৎ কৃষ্ণাদি, পৈত্তিকের স্রাব পীত ও শ্লৈষ্মিকের স্রাব শ্বেতবর্ণ হইয়া থাকে॥ ২॥

সান্নিপাতিক বিদ্রধি কৃষ্ণপীতাদি-নানাবর্ণবিশিষ্ট, তোদদাহাদি নানাবেদনান্বিত ও শ্বেতপীতাদি বহুবিধ স্রাব যুক্ত। ইহা ঘাটাল অর্থাৎ অত্যুন্নতাগ্র, বিষমাকৃতি ও বৃহৎ। ইহা বিষমভাবে পাকিয়া থাকে॥ ৩॥

শস্ত্রলোষ্ট্রাদিদ্বারা ক্ষত বা আহত ব্যক্তি অপথ্য সেবন করিলে, তাহার ক্ষতোত্থ বায়ুকর্ত্তৃক চালিত হইয়া রক্ত ও পিত্তকে দূষিত করত বিদ্রধি উৎপাদন করে। ইহাকে ক্ষতজ বা আগন্তুজ বিদ্রধি কহে। ইহা পিত্তবিদ্রধিলক্ষণাক্রান্ত। ইহাতে জ্বর তৃষ্ণা ও দাহ উপস্থিত হয়॥ ৪॥

রক্তপ্রকোপজ বিদ্রধি কৃষ্ণবর্ণ-স্ফোটকাবৃত, শ্যাববর্ণ, তীব্রদাহ জ্বর ও বেদনাযুক্ত। রক্তজবিদ্রধিতে পিত্তজবিদ্রধির তাবৎ লক্ষণ বিদ্যমান থাকে॥ ৫॥

বাহ্যবিদ্রধির বিষয় লিখিত হইল, এক্ষণে অন্তর্বিদ্রধির স্থান ও লক্ষণ দর্শিত হইতেছে।

কুপিত বাতাদি দোষত্রয় পৃথক্ পৃথক্ বা মিলিতভাবে দেহের অভ্যন্তরে গুল্মসদৃশ বল্মীকাকৃতি অত্যুন্নত বিদ্রধি উৎপাদন করে। গুহ্যে, বস্তিমুখে, নাভিতে, কুক্ষিদেশে, বঙ্ক্ষণদ্বয়ে, বৃক্কদ্বয়ে, প্লীহায়, যকৃতে, হৃদয়ে ও ক্লোমে এইরূপ বিদ্রধি উৎপন্ন হইয়া থাকে। ইহাদিগের সাধারণ লক্ষণ বাহ্যবিদ্রধি-লক্ষণের ন্যায়। তদ্ভিন্ন উৎপত্তি-স্থানভেদে যে সকল বিশেষ বিশেষ লক্ষণ দৃষ্ট হয়, তাহা লিখিত হইতেছে।

গুহ্যনাড়ীতে বিদ্রধি হইলে অধোবায়ুর নিরোধ, বস্তিদেশে হইলে মূত্রকৃচ্ছ্র ও মূত্রাল্পতা, নাভিতে হইলে হিক্কা ও আটোপ, কুক্ষিতে হইলে বায়ুপ্রকোপ; বঙ্ক্ষণে হইলে কটী ও পৃষ্ঠে তীব্র বেদনা, বৃক্কে (কুক্ষিগোলকে) পার্শ্বসঙ্কোচ, প্লীহায় শ্বাসরোধ, হৃদয়ে হইলে সর্ব্বাঙ্গে তীব্র বেদনা ও কাস, যকৃতে শ্বাস ও হিক্কা, ক্লোমনামক পিপাসাস্থানে জন্মিলে পুনঃপুনঃ জলপানের ইচ্ছা হইয়া থাকে ॥ ৬ ॥

নাভির ঊর্দ্ধে অর্থাৎ বৃক্ক প্লীহাদি স্থানে যে সকল বিদ্রধি হয়, তাহারা পাকিয়া বিদীর্ণ হইলে পূয়াদি মুখ দিয়া এবং নাভির অধোভাগে জাত বিদ্রধির পূয়াদি গুহ্যদ্বার দিয়া নির্গত হইয়া থাকে। (নাভিজাত বিদ্রধির পূয়াদি ঊর্দ্ধ ও অধঃ উভয় মার্গ দিয়া নির্গত হইয়া থাকে।) অধঃস্রাবে জীবন রক্ষা হইতে পারে, কিন্তু ঊর্দ্ধস্রাব মৃত্যুর কারণ। হৃদয় নাভি ও বস্তি ব্যতীত অন্যস্থানের বিদ্রধি বাহ্যদেশ হইতে অস্ত্রদ্বারা ভিন্ন হইলে রোগী কদাচিৎ রক্ষা পাইতে পারে, কিন্তু এ তিন স্থানের বিদ্রধিতে অস্ত্র প্রয়োগ করিলে নিশ্চিত মৃত্যু। সান্নিপাতিক বিদ্রধি বর্জ্জনীয়। অপর পাঁচ প্রকার বিদ্রধি সাধ্য। বিদ্রধির আমাবস্থা, পচ্যমানাবস্থা ও পক্বাবস্থা ব্রণশোথের ন্যায় জানিবে।

উদরাধ্মান, মূত্ররোধ, বমি, হিক্কা, পিপাসা, তীব্রবেদনা ও শ্বাস এই সকল উপদ্রব উপস্থিত হইলে বিদ্রধি প্রাণনাশক হয় ॥ ৭ ॥

বিদ্রধি-নিদান সমাপ্ত।

ব্রণশোথ-নিদান।

যে স্থানে ব্রণশোথ হইবে, তথায় অগ্রে একটী শোথ হয়, সেই শোথই ব্রণশোথের পূর্ব্বরূপ। ব্রণশোথ ছয় প্রকার। যথা—বাতজ, পিত্তজ, কফজ, ত্রিদোষজ, রক্তজ ও আগন্তুজ। ইহাদের লক্ষণ, পূর্ব্বোক্ত শোথলক্ষণের ন্যায় জানিবে। তবে পক্বাপক্বাদিবিশেষ-লক্ষণ বলিতেছি, শ্রবণ কর। বাতজ ব্রণশোথ বিষমভাবে পক্ব হয়; পিত্তজ শোথ শীঘ্র ও কফজ শোথ বিলম্বে পাকে। রক্তজ ও আগন্তুজ শোথ পিত্তবৎ পাকিয়া থাকে ॥ ১ ॥

অল্প উষ্মা, অল্প শোথ, কঠিনতা, ত্বক্‌সমবর্ণতা ও মন্দবেদনা এইগুলি আম অর্থাৎ অপক্ব শোথের লক্ষণ।

ব্রণশোথ যখন পাকিতে থাকে, তখন উহা যেন অগ্নিদ্বারা দহ্যমান, ক্ষারদ্বারা পচ্যমান, পিপীলিকাদ্বারা দশ্যমান, শস্ত্রদ্বারা ছিদ্যমান ও ভিদ্যমান, দণ্ডদ্বারা তাড্যমান, পাণিদ্বারা পীড্যমান, সূচীদ্বারা তুদ্যমান ও অঙ্গুলিদ্বারা বিঘট্যমান হয়। এবং অত্যন্ত দাহান্বিত ও পার্শ্বস্থ অগ্নিসন্তাপবৎ উত্তাপবিশিষ্ট এবং বিবর্ণ হইয়া থাকে। বৃশ্চিক-দষ্ট ব্যক্তির ন্যায় রোগী বসিয়া শুইয়া বা কোন স্থানে থাকিয়া স্বাস্থ্যলাভ করিতে পারে না। এই শোথ বায়ুপূর্ণ আধ্মাত বস্তির ন্যায় আয়ত হয়। ইহাতে জ্বর তৃষ্ণা ও অরুচি বিদ্যমান থাকে ॥ ২ ॥

ব্রণশোথ পাকিলে বেদনা কমিয়া যায়, শোথও তাদৃশ উন্নত থাকে না, অল্পায়ত ও লোহিতবর্ণ হয়। শোথের মাংস কুঁচ্‌কাইয়া যায়, সূচীবেধবদ্বেদনা উপস্থিত হয়, সর্ব্বদা চুল্‌কাইতে থাকে। পিত্তকোপজনিত উপদ্রব সকলের উপশম হয়। টিপিলে বা আপনা আপনিই শোথ নিম্ন হইয়া যায়। ত্বক্ কিঞ্চিৎ কাটা কাটা হয়। বস্তিতে (চর্ম্মপুটে) যেমন জলসঞ্চার হয়, ইহাতে তদ্রূপ পূয সঞ্চার হইয়া থাকে ; অর্থাৎ অঙ্গুলিদ্বারা এক প্রান্ত টিপিলে অপর প্রান্তে পূযের অভিঘাত হয়। শোথের পকাবস্থায় ভোজনে ইচ্ছা জন্মে ॥ ৩ ॥

বায়ু ব্যতিরেকে বেদনা হয় না, পিত্ত ব্যতিরেকে পাক সম্ভবে না ও কফ ব্যতিরেকে পূযোৎপত্তি হয় না, অতএব পকাবস্থায় সর্ব্বপ্রকার শোথেই ত্রিদোষের অনুবন্ধ জানিবে ॥ ৪ ॥

অগ্নি যেমন বায়ুকর্তৃক প্রদীপ্ত হইয়া প্রাপ্ত তৃণাদিকে শীঘ্র শীঘ্র দগ্ধ করে, সেইরূপ শোথের পূয বিনিঃসৃত না হইলে মাংস শিরা ও স্নায়ু সকলকে বিনষ্ট করিয়া ফেলে ॥ ৫ ॥

যে চিকিৎসক অজ্ঞানতা হেতু অপক শোথে অস্ত্র প্রয়োগ করে, কিংবা যে পক শোথকে উপেক্ষা করে, সেই অনিশ্চিতকারী অজ্ঞ চিকিৎসকদ্বয়কে চণ্ডালসদৃশ পাপাত্মা বলিয়া মনে করিবে।

যিনি শোথের আম পচ্যমান ও পক অবস্থা বুঝিতে পারেন, তিনিই প্রকৃত চিকিৎসক, যিনি তাহা না বুঝেন, তাহাকে লোভপরায়ণ তস্করবৃত্তি বলিয়া জানিবে ॥ ৬ ॥

ব্রণশোথ-নিদান সমাপ্ত।

শারীরব্রণ-নিদান।

শারীর ও আগন্তুভেদে ব্রণ (ক্ষত) দ্বিবিধ। বিকৃত বাতাদি দোষ হইতে যে ব্রণ উৎপন্ন হয়, তাহাকে শারীরিক ও শস্ত্রাদির আঘাতে যে ব্রণ জন্মে, তাহাকে আগন্তুজ ব্রণ কহে। বাতজ ব্রণ শ্যাববর্ণ, অচল, কঠিনস্পর্শ, অল্পস্রাবযুক্ত ও অত্যন্ত বেদনাবিশিষ্ট। ইহাতে সূচীবেধবদ্ যন্ত্রণা ও স্ফূর্ত্তি (দপ্‌দপানি) বিদ্যমান থাকে। পিত্তজব্রণে তৃষ্ণা, মোহ, জ্বর, ক্লেদ, দাহ, বিদারণবৎ পীড়া ও দুর্গন্ধস্রাব এই সকল লক্ষণ দৃষ্ট হয়। কফজব্রণ অতিশয় পিচ্ছিল, ভারাক্রান্ত, চিক্কণ, স্তিমিত, অল্পবেদনাযুক্ত, পাণ্ডুবর্ণ ও ঈষৎ ক্লিন্ন। ইহা দীর্ঘকালে পাকিয়া থাকে ॥ ১-৪॥

কেবল দুষ্টরক্ত হইতে যে ব্রণ উৎপন্ন হয়, তাহাকে রক্তজব্রণ কহে। রক্তজ ব্রণ রক্তবর্ণ ও রক্তস্রাবশীল। এই রক্তের সহিত যদি বাতাদি এক একটি দোষের সংযোগ হয়, তাহা হইলে রক্তবাতজ, রক্তপিত্তজ ও রক্তকফজ নামক আর তিনটি দ্বিজব্রণ এবং ঐ রক্তের সহিত যদি দুই দুইটি দোষের সংযোগ হয়, তাহা হইলে রক্তবাতপিত্তজ, রক্তবাতকফজ, রক্তপিত্তশ্লেষ্মজ ও রক্তবাতপিত্ত-

শ্লেষ্মজ নামক অপর চারি প্রকার ত্রিকব্রণ উৎপন্ন হয়। সুশ্রুত গ্রন্থে পঞ্চদশ প্রকার ব্রণোদ্ভবের বিবরণ বর্ণিত আছে অর্থাৎ বাতাদি পৃথক্ পৃথক্ দোষে তিন প্রকার, দ্বন্দ্বদোষে তিন প্রকার ও মিলিত ত্রিদোষে এক প্রকার এই সাত প্রকার এবং উপরি লিখিত রক্ত ও দোষ সম্বন্ধে আট প্রকার, সমুদয়ে পনর প্রকার ব্রণ পঠিত হইয়াছে।

ব্রণ যদি মর্ম্মরহিত স্থানে ত্বক্ বা মাংস হইতে উৎপন্ন অচিরজাত ও তৃষ্ণাদি উপদ্রব রহিত, রোগী যদি যুবা ও হিতাহিতজ্ঞ, এবং কালও যদি সুখকর অর্থাৎ হেমন্ত বা শীত ঋতু হয়, তাহা হইলে ব্রণ সুখসাধ্য হইয়া থাকে; কিন্তু যদি এই সকল গুণের কোন গুণ হীন হয়, তাহা হইলে ব্রণ কষ্টসাধ্য এবং সকল-গুণ-হীন অসাধ্য জানিবে। আর ভূরি উপদ্রবযুক্ত ব্রণও অসাধ্য হইয়া থাকে ॥ ২ ॥

যে ব্রণ দুর্গন্ধবিশিষ্ট পূযযুক্ত, দুষ্টরক্তস্রাবী, কোটরান্বিত ও দীর্ঘকালস্থায়ী; যাহার গন্ধস্রাবাদি অত্যধিক এবং যাহাতে পরশ্লোকোক্ত শুদ্ধ ব্রণের লক্ষণ সকল না থাকে, তাহাকে দুষ্টব্রণ কহে ॥ ৩ ॥

যে ব্রণ জিহ্বাতলসদৃশ কোমল মসৃণ ও চিক্কণ, অল্প বেদনাবিশিষ্ট, অবন্ধুর ও স্রাবরহিত, তাহাকে শুদ্ধ ব্রণ বলে ॥ ৪ ॥

যে ব্রণের প্রান্তভাগ পাণ্ডুধূসর, ক্লেদরহিত, অবিদরণ ও পিড়কাবিশিষ্ট (সঞ্জাতমাংসাঙ্কুর), তাহাকে সংরোহণ অর্থাৎ আরোগ্যোন্মুখ ব্রণ কহে।

আর যে ব্রণের স্রাবমুখ পূর্ণ হয়, শোথ বেদনা ও গ্রন্থি সকল না থাকে, বর্ণ ত্বকের ন্যায় ও আকৃতি সমতল হয়, তাহাকে সম্যক্ রূঢ় অর্থাৎ আরোগ্য-প্রাপ্ত জানিবে ॥ ৫ ॥

কুষ্ঠী, মধুমেহী, রাজযক্ষ্মী ও বিষার্ত্ত ব্যক্তির ব্রণ সকল কৃচ্ছ্রসাধ্য এবং ব্রণের উপরে যে ব্রণ হয়, তাহাও কষ্টসাধ্য জানিবে। বাতাদি দোষসম্ভূত যে ব্রণ হইতে বসা (মাংসস্নেহ), মেদঃ (চর্ব্বি), মজ্জা (অস্থিস্নেহ) ও মস্তলুঙ্গ (ঘৃতিকা) নিঃসৃত হয়, তাহা যদি আগন্তুজ না হয়, তাহা হইলে উহা অসাধ্য, কিন্তু আগন্তুজ ব্রণ হইতে ঐ সকল পদার্থ নির্গত হইলে তাহা সাধ্য হইতে পারে ॥ ৬ ॥

যে ব্রণ, মদ্য অগুরু ঘৃত জাতীফুল পদ্ম চন্দন ও চম্পক সদৃশ গন্ধবিশিষ্ট বা দিব্য পারিজাতাদি পুষ্পের ন্যায় সৌরভযুক্ত হয়, তাহা প্রাণনাশক ॥ ৭ ॥

যে ব্রণ মর্ম্মস্থানজাত ও অত্যন্ত বেদনাবিশিষ্ট; যে ব্রণের অন্তরে অতিশয় দাহ ও বাহিরে শৈত্য; অথবা যাহার বাহিরে অত্যন্ত দাহ ও অন্তরে শৈত্য কিংবা যাহাতে বল ও মাংসক্ষয় হয় এবং শ্বাস কাস অরুচি ও পূযরক্তাধিক্য থাকে; অথবা সম্যক্ চিকিৎসা দ্বারাও যাহার শান্তি না হয়, যশোলাভেচ্ছু বৈদ্য তাহাকে ত্যাগ করিবে ॥ ৮ ॥

শারীরব্রণ-নিদান সমাপ্ত।

সদ্যোব্রণ নিদান।

নানাপ্রকার ধারমুখবিশিষ্ট শস্ত্র শরীরের নানা স্থানে নিপাতিত হইলে নানাকৃতি ব্রণ (ক্ষত) উৎপন্ন হয়। এই প্রকার ব্রণকে সদ্যোব্রণ বা আগন্তুজ ব্রণ কহে। ইহা ছয় প্রকার; যথা—ছিন্ন ভিন্ন বিদ্ধ ক্ষত পিচ্চিত ও ঘৃষ্ট। ইহাদের প্রত্যেকের লক্ষণ লিখিত হইতেছে ॥ ১ ॥

অস্ত্র দ্বারা তির্য্যক্ বা ঋজুভাবে ছিন্ন আয়ত যে ব্রণ, তাহাকে ছিন্ন কহে। অস্ত্রাঘাতে কোন অঙ্গের পতন হইলেও তাহাকে ছিন্ন বলা যায় ॥ ২ ॥

শক্তি (অস্ত্রবিশেষ) কুন্ত বাণ খড়্গাগ্র ও শৃঙ্গদ্বারা মূত্রাশয় ও রক্তাশয় প্রভৃতি কোষ্ঠ আহত হইয়া স্রাববিশিষ্ট হইলে তাহাকে ভিন্ন বলা যায়। (মূত্রাশয়াদি কোষ্ঠ আহত হইলে তাহার পারিভাষিক নাম ভিন্ন এবং কোষ্ঠ ভিন্ন অন্য অঙ্গ আহত হইলে তাহার নাম বিদ্ধ) ॥ ৩ ॥

আমাশয়, অগ্নিস্থান (গ্রহণী), পক্কাশয়, মূত্রাশয় (বস্তি), রক্তাশয়, হৃদয়, উণ্ডুক, (পুরীষাধান), ফুস্‌ফুস্ এই গুলিকে কোষ্ঠ কহে। কোষ্ঠ, শক্তি প্রভৃতি শস্ত্রদ্বারা ভিন্ন হইয়া রক্তপূর্ণ হইলে লিঙ্গ, গুহ্যদ্বার ও মুখ নাসিকা হইতে রক্তস্রাব, জ্বর, দাহ, মূর্চ্ছা, শ্বাস, তৃষ্ণা, আধ্মান, অরুচি, মলমূত্র ও অধোবায়ুর অপ্রবর্ত্তন, স্বেদনির্গম, চক্ষুর রক্তবর্ণতা, মুখে রক্তগন্ধ, গাত্রে দুর্গন্ধ, হৃদয় ও পার্শ্বদেশে শূলবেদনা এই সকল লক্ষণ প্রকাশ পায়। আমাশয় ভিন্ন হইয়া রক্তপূর্ণ হইলে রক্তবমন, অতীব আধ্মান ও অতি ভয়ঙ্কর শূলবদ্‌বেদনা; পক্কাশয় রক্তপূর্ণ হইলে শূল, গাত্রগুরুতা, নাভির অধোভাগে শীতলতা এই সকল বিশেষ লক্ষণ সংঘটিত হয় ॥ ৪ ॥

কোষ্ঠ ভিন্ন অন্য অঙ্গ যদি সূক্ষ্মমুখ শল্য দ্বারা অভিহত হয়, তাহা হইলে ঐ শল্য বহির্গত হউক বা না হউক, তাহাকে বিদ্ধ বলা যায় ॥ ৫ ॥

যে ব্রণ অতি ছিন্ন বা অতি ভিন্ন লক্ষণ সংযুক্ত নহে অর্থাৎ ছেদ ভেদ উভয় লক্ষণাক্রান্ত, সেই বিষম ব্রণকে ক্ষত কহে ॥ ৬ ॥

মুদ্গরাদির প্রহার বা কপাটাদির পীড়নে কোন অঙ্গ অস্থির সহিত চেপ্টাইয়া মজ্জরক্তপরিপ্লুত হইলে, তাহাকে পিচ্চিত কহে ॥ ৭ ॥

কণ্টকাদির ঘর্ষণে বা অভিঘাতে কোন অঙ্গের ত্বক্ উঠিয়া গেলে এবং ঐ অঙ্গ উষ্মযুক্ত ও স্রাবান্বিত হইলে, তাহাকে ঘৃষ্ট কহে।

যে ব্রণের মধ্যে শল্য থাকে, তাহা শ্যাববর্ণ, সশোথ, পিড়কাব্যাপ্ত, মুহুর্মুহুঃ শোণিতবাহী, কোমল, উদ্গতমুখ, বুদ্‌বুদ্ তুল্য মাংসবিশিষ্ট ও বেদনাযুক্ত হয় ॥ ৮ ॥

সণ্ডক অতিক্রমপূর্ব্বক শিরাদি ভেদ করিয়া বা শিরাদিগকে ন্যাস করিয়া শল্য কোষ্ঠে প্রবেশ করিলে আটোপ, আনাহ এবং ক্ষতমুখ দিয়া মূত্র পুরীষ ও ভুক্ত দ্রব্যের নির্গম এই সকল উপদ্রব উপস্থিত হয় ॥ ৯ ॥

কোষ্ঠ হইতে রক্ত নির্গত হইতে না পারিয়া উহাতে বদ্ধ থাকিলে রোগির হাত পা বা মুখ পাণ্ডুবর্ণ ও শীতল, নিশ্বাস প্রশ্বাসও শীতল এবং চক্ষুঃ রক্তবর্ণ হয়। ইহাতে আনাহ পীড়া উপস্থিত হইয়া থাকে। এইরূপ অবস্থাপন্ন রোগিকে পরিত্যাগ করিবে॥ ১০॥

মাংস শিরা স্নায়ু অস্থি ও সন্ধিগত মর্ম্ম ক্ষত হইলে ভ্রম, প্রলাপ, পতন, মনোমোহ, করচরণাদি বিক্ষেপণ, বিরুদ্ধচেষ্টা, বলক্ষয়, সন্তাপ, অঙ্গশৈথিল্য, ইন্দ্রিয়মোহ, হিক্কা ও উদগারাদি ঊর্দ্ধবাত, তীব্রবেদনা, দণ্ডাপতানকাদি বাতব্যাধি, লিঙ্গ ভগ গুহ্য মুখ ও নাসিকা দিয়া মাংসধাবন জলসদৃশ রক্তনির্গম ও ইন্দ্রিয়গণের কার্য্যনাশ, এই সকল লক্ষণ উপস্থিত হয়॥ ১১॥

মর্ম্মরহিত শিরাদেশ বিদ্ধ অথবা ক্ষত হইলে সুরেন্দ্রগোপকীট (লোহিতবর্ণ কীটবিশেষ) সদৃশ লোহিতবর্ণ রক্ত বহুল পরিমাণে নিঃসৃত হয় এবং ক্ষতজ বায়ু শিরঃপীড়া আন্ধ্য ও আক্ষেপকাদি নানাবিধ রোগ উৎপাদন করে।

মর্ম্মরহিত স্নায়ুপ্রদেশ বিদ্ধ হইলে, বিদ্ধ অঙ্গের বক্রতা, অঙ্গাবসাদ, কার্য্যকরণে অসামর্থ্য, অত্যধিক বেদনা ও দীর্ঘকালে ব্রণরোহণ এই সকল লক্ষণ সংঘটিত হয়।

মর্ম্মহীন অচল বা সচল সন্ধি ক্ষত হইলে, শোথের বৃদ্ধি, দারুণ বেদনা, বল ক্ষয়, সন্ধির চতুর্দ্দিকে ব্যাপিয়া শোথ ও তাহার কার্য্যনাশ এই সকল লক্ষণ প্রকাশ পায়। মর্ম্মরহিত অস্থি বিদ্ধ হইলে, দিবানিশি ঘোর যন্ত্রণা উপস্থিত হয়। রোগী শয়নোপবেশনাদি কোন অবস্থাতেই শান্তিলাভ করিতে পারে না॥ ১২॥

মর্ম্মরহিত শিরাদি বেধের যে সকল পৃথক্ পৃথক্ লক্ষণ অভিহিত হইল, মর্ম্ম বিদ্ধ হইলেও সেই লক্ষণ ও তৎতৎ সহ পূর্ব্বোক্ত ভ্রম প্রলাপাদি লক্ষণ সমূহ প্রকাশ পায়।

মাংস-মর্ম্ম-বিদ্ধের বিষয় পূর্ব্বে লিখিত হয় নাই, এস্থলে তাহা লিখিত হইতেছে। মাংস-মর্ম্ম বিদ্ধ হইলে রোগী পাণ্ডুবর্ণ বা বিবর্ণ ও স্পর্শশক্তিবিহীন হয়॥ ১৩॥

বিসর্প, পক্ষাঘাত, শিরাস্তম্ভ, অপতানক, মোহ, উন্মাদ, ব্রণে অত্যন্ত বেদনা, জ্বর, তৃষ্ণা, হনুস্তম্ভ, কাস, বমি, অতিসার, হিক্কা, শ্বাস ও কম্প এই ১৬টি, ব্রণের উপদ্রব॥ ১৪॥

সদ্যোব্রণ-নিদান সমাপ্ত।

ভগ্ন-নিদান।

হে হুতাশ (অগ্নিবেশ)! সংক্ষেপতঃ ভগ্ন দুই প্রকার; কাণ্ডভগ্ন ও সন্ধিভগ্ন। সন্ধি সীমা পর্য্যন্ত এক একখানি অস্থির নাম কাণ্ড। কাণ্ডশব্দে নলক, কপাল, বলয়, তরুণ ও রুচক এই পাঁচ প্রকার অস্থিই বুঝিতে হইবে। এস্থলে অস্থি-বিশ্লেষের নামও ভগ্ন। অতএব সন্ধিগত অস্থি-বিশ্লেষকেও সন্ধিভগ্ন বলা যায়। সন্ধিভগ্ন ছয় প্রকার; যথা—উৎপিষ্ট বিশ্লিষ্ট বিবর্ত্তিত তির্য্যগ্‌গত ক্ষিপ্ত ও অধঃক্ষিপ্ত ॥ ১ ॥

উল্লিখিত ছয় প্রকার ভগ্নেই এই সাধারণ লক্ষণ বিদ্যমান থাকে। যথা—অঙ্গের প্রসারণে আকুঞ্চনে ও পরিবর্ত্তনে অত্যন্ত যন্ত্রণা হয় এবং ঐ স্থান স্পর্শ করিতে পারা যায় না ॥ ২ ॥

দুই অস্থির সন্ধিস্থল, ঐ অস্থিদ্বয় দ্বারা ঘৃষ্ট হইলে, তাহাকে উৎপিষ্ট কহে। উৎপিষ্টভগ্নের উভয়দিকে শোথ ও ইহাতে রাত্রিকালে অত্যন্ত যন্ত্রণা হয়।

সন্ধির শিথিলতাকে বিশ্লিষ্ট কহে। বিশ্লিষ্ট সন্ধিভগ্নে, উৎপিষ্ট সন্ধিভগ্নের ন্যায় উভয় পার্শ্বে শোথ হয়, তবে তাহাতে রাত্রিকালে বেদনা বাড়ে, ইহাতে সর্ব্বদাই অত্যন্ত বেদনা থাকে।

সন্ধির বিবর্ত্তন হইলে অর্থাৎ উল্‌টাইয়া গেলে তাহাকে বিবর্ত্তিত কহে। বিবর্ত্তিত সন্ধিভগ্নে অস্থিদ্বয়ের পার্শ্বে তীব্র বেদনা হয়।

সন্ধিস্থলের অস্থি, সন্ধিস্থান হইতে সরিয়া গিয়া তির্য্যগ্‌ভাবে অবস্থিত হইলে তাহাকে তির্য্যগ্‌গত কহে। তির্য্যগ্‌গত সন্ধিভগ্নে ভয়ঙ্কর বেদনা হয়।

সন্ধিস্থলের একখানি অস্থি, যদি সন্ধিস্থান হইতে সরিয়া উর্দ্ধদিকে ক্ষিপ্ত হয়, তাহা হইলে তাহাকে ক্ষিপ্ত কহে। ক্ষিপ্ত সন্ধিভগ্নে শূলবদ্‌ বেদনা ও অস্থি-দ্বয়ের বিষমত্ব হয়।

একখানি অস্থি যদি সন্ধিস্থল হইতে সরিয়া কিঞ্চিৎ অধোগমন করে, তাহা হইলে তাহাকে অধঃক্ষিপ্ত কহে। অধঃক্ষিপ্ত সন্ধিভগ্নে অত্যন্ত বেদনা ও সন্ধি-স্থলের বিঘটন হয় ॥ ৩ ॥

কাণ্ডভগ্ন ১২ প্রকার; যথা—কর্কটক, অশ্বকর্ণ, বিচূর্ণিত, পিচ্চিত, অস্থি-ছল্লিকা, কাণ্ডভগ্ন, অতিপাতিত, মজ্জাগত, স্ফুটিত, বক্র এবং দুই প্রকার ছিন্ন।

অস্থির উভয়পার্শ্ব নিপীড়নে, দুই দিক্‌ নিম্ন ও মধ্যভাগ গ্রন্থির ন্যায় উন্নত হইয়া কাঁকড়ার আকৃতি হইলে, তাহাকে কর্কটক ভগ্ন কহে।

বিপুল অস্থিনির্গম হেতু অশ্বকর্ণবৎ আকৃতি উৎপন্ন হইলে তাহাকে অশ্বকর্ণ কহে।

অস্থি চূর্ণ হইলে তাহাকে বিচূর্ণিত কহে। শব্দ ও স্পর্শদ্বারা ইহার প্রতীতি হয়।

অস্থি চেপ্টাইয়া গেলে তাহাকে পিচ্চিত কহে। প্রবল শোথ দ্বারা ইহার উপলব্ধি হয়।

অস্থির পার্শ্বগত অল্পমাত্র অস্থি ছল্লবিশিষ্ট (চটাযুক্ত) হইলে তাহাকে অস্থি-ছল্লিকা কহে। ছল্ল শব্দের অর্থ বল্কল।

কাণ্ডভগ্ন। যদিও কর্কটকাদি সকল প্রকার ভগ্নই কাণ্ডভগ্ন নামে অভিহিত, তথাপি কাণ্ডভগ্ন নামক এক প্রকার বিশেষ ভগ্ন আছে, তাহাতে অস্থি সর্ব্বথা পৃথগ্‌ভূত হইয়া ত্বকে সংলগ্ন হইয়া থাকে।

অস্থি নিঃশেষে ছিন্ন হইয়া পাতিত হইলে তাহাকে অতিপাতিত কহে।

অস্থির অবয়ব অস্থিমধ্যে প্রবেশ করিয়া মজ্জা নিঃসারিত করিলে তাহাকে মজ্জাগত কহে।

অল্প অস্থি বহুধা বিদীর্ণ হইলে, তাহাকে স্ফুটিত কহে। ইহাতে শূকপূর্ণবদ্ বেদনা থাকে।

অস্থি কুব্জীভূত হইলে তাহাকে বক্রভগ্ন কহে।

দুই প্রকার ছিন্ন; এক প্রকার ছিন্নে অস্থি সম্পূর্ণ দ্বিধাভূত না হইয়া সংলগ্ন থাকে, অপর প্রকার ছিন্নে অস্থি বিদীর্ণ হইয়া দ্বিধাভূত হয়।

উপরি উক্ত দ্বাদশ প্রকার ভগ্নেই এই সাধারণ লক্ষণ বিদ্যমান থাকে। যথা—অঙ্গের শিথিলতা, শোথ, বেদনার অতি বৃদ্ধি, ভগ্নস্থান পীড়নে শব্দোৎপত্তি, স্পন্দন, সূচীবেধবৎ বা শূলবদ্বেদনা এই সকল লক্ষণ প্রকাশ পায়। রোগী শয়নোপবেশনাদি কোন অবস্থাতেই শান্তিলাভ করিতে পারে না। অত্যন্ত বেদনা হেতু ভগ্নস্থান স্পর্শ করিতে পারা যায় না॥ ৪॥

যে দ্বাদশ প্রকার কাণ্ডভগ্নের উল্লেখ হইল, তদ্ব্যতীত আরও অনেক প্রকার আছে, সংক্ষেপতঃ নামানুসারে তাহাদের স্বরূপ অবগত হইবে॥ ৫॥

ভগ্নরোগী যদি অল্পাশী ও বাতপ্রকৃতি হয়, তাহার যদি রোগ-প্রতিকারে যত্ন না থাকে এবং জ্বর উদরাধ্মান ও মলমূত্র রোধ প্রভৃতি উপদ্রব সকল উপস্থিত হয়, তাহা হইলে ভগ্ন কষ্টসাধ্য জানিবে॥ ৬॥

কটীদেশের অস্থি ভগ্ন, সন্ধিমুক্ত, অধঃক্ষিপ্ত এবং জঘনদেশ প্রতিপিষ্ট হইলে, রোগিকে ত্যাগ করিবে। কপালাস্থি অসংশ্লিষ্ট, ললাটাস্থি চূর্ণিত এবং বক্ষঃ পৃষ্ঠ শঙ্খ ও মস্তকের অস্থি ভগ্ন হইলে, তাহা অসাধ্য॥ ৭॥

ভগ্ন অস্থির স্থাপন ও বন্ধন যদি ভাল না হয় বা ভগ্নাদিপ্রযুক্ত নড়াচড়াতে যদি বিক্রিয়া হয়, তাহা হইলে ঐ ভগ্ন বর্জ্জনীয়॥ ৮॥

বিশেষ বিশেষ অস্থিতে ভগ্নও বিশেষ বিশেষ হয়। তরুণাস্থি বাঁকিয়া যায়, উহার বক্রতাই ভগ্ন। নাসিকা কর্ণ ও অক্ষিপুটে তরুণাস্থি অর্থাৎ কোমলাস্থি থাকে। নলকাস্থি বিদীর্ণ হয়। নলবৎ ছিদ্রবিশিষ্ট অস্থিকে নলকাস্থি কহে। কপালাস্থি বিভক্ত হয়। দন্তাদি রুচকাস্থি স্ফুটিত হয়॥ ৯॥

ভগ্ন-নিদান সমাপ্ত।

নাড়ীব্রণ (নালি ঘা)-নিদান।

যে অহিতাহারাচারী অজ্ঞ ব্যক্তি, অপক্ক বা প্রচুর পূযযুক্ত অতিপক্ক শোথকে উপেক্ষা করে, অর্থাৎ শোধন পীড়নাদি না করে, তাহার শোথস্থ পূয ক্রমশঃ ত্বঙ্‌মাংস শিরা স্নায়ু সন্ধি অস্থি কোষ্ঠ ও মর্ম্ম প্রভৃতি স্থান সকলকে বিদীর্ণ করিয়া অভ্যন্তরে প্রবেশ করে। সেই পূযের অতিমাত্র গমন হেতু সর্ব্বদা স্রাব হইতে থাকে। সচ্ছিদ্র নাড়ীর (নলের) ন্যায় বহন করে বলিয়া ইহা নাড়ীব্রণ নামে প্রসিদ্ধ হইয়াছে ॥ ১ ॥

নাড়ীব্রণ পাঁচ প্রকার। যথা—বাতজ, পিত্তজ, কফজ, ত্রিদোষজ ও শল্য-নিমিত্তজ। ইহাদের মধ্যে বাতিক নাড়ীব্রণ কর্কশ সূক্ষ্মমুখ ও শূলবদ্‌বেদনাযুক্ত। ইহাতে দিবসাপেক্ষা রাত্রিকালে অধিক পরিমাণে সফেন স্রাব নিঃসৃত হয়।

পিত্তজনিত নাড়ীব্রণে জ্বর তৃষ্ণা ও অত্যন্ত দাহ বিদ্যমান থাকে। রাত্রি অপেক্ষা দিবসে ইহা হইতে অধিক পরিমাণে পীতবর্ণ উষ্ণ স্রাব প্রস্রুত হয়।

শ্লৈষ্মিক নাড়ীব্রণ কঠিন ও কণ্ডূপ্রধান বেদনা যুক্ত। রাত্রিকালে ইহা হইতে অধিক পরিমাণে ঘন শ্বেতবর্ণ পিচ্ছিল স্রাব নির্গত হয় ॥ ২ ॥

যাহাতে পূর্ব্বোক্ত বাতজাদি ত্রিবিধ নাড়ীব্রণের লক্ষণ এবং দাহ জ্বর শ্বাস মূর্চ্ছা ও মুখশোষ বিদ্যমান থাকে, তাহাকে সান্নিপাতিক নাড়ীব্রণ বলিয়া জানিবে। সান্নিপাতিক নাড়ীব্রণ অতি ভয়ঙ্কর ও প্রাণনাশক ॥ ৩ ॥

শল্যনিমিত্ত নাড়ীব্রণ। প্রবিষ্ট শল্য অদৃশ্যমান হইলে, উহা ত্বগাদিস্থান বিদীর্ণ করিয়া নাড়ীব্রণ উৎপাদন করে। ঐ নাড়ীব্রণ হইতে উন্মথিত ফেনযুক্ত ও সরক্ত উষ্ণস্রাব নিঃসৃত হয়। ইহাতে সর্ব্বদা বেদনা থাকে। সান্নিপাতিক নাড়ীব্রণ অসাধ্য। অপর চারি প্রকার যত্নসাধ্য ॥ ৪ ॥

নাড়ীব্রণ-নিদান সমাপ্ত।

ভগন্দর-নিদান।

গুহ্যদেশের পার্শ্বে দুই অঙ্গুলি পরিমিত স্থানে বেদনাদায়ক পিড়কা (ব্রণ) উৎপন্ন হইয়া বিদীর্ণ হইলে উহা ভগন্দর নামে অভিহিত হয়। ভগন্দর পাঁচ প্রকার; যথা—বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, সান্নিপাতিক ও শল্যজ ॥ ১ ॥

বাতিক শতপোনকসংজ্ঞক ভগন্দর। কষায় ও রুক্ষ সেবনে বায়ু অতিকুপিত হইয়া, গুহ্যদেশে যে পিড়কা উৎপাদন করে, তাহা প্রথমাবধি ভালরূপ চিকিৎসিত না হইলে দারুণ বেদনার সহিত পাকিয়া উঠে এবং বিদীর্ণ হইলে উহা হইতে অরুণবর্ণ ফেন নিঃসৃত হয়। পরে এরূপ হয় যে, ক্ষতমুখ দিয়া মূত্র পুরীষ ও শুক্র পর্য্যন্ত নির্গত হইয়া থাকে। ঐ ব্রণ বহুমুখ হইয়া শতপোনক অর্থাৎ চালনীর আকার হইলে উহাকে শতপোনক কহে ॥ ২ ॥

পৈত্তিক উষ্ট্রগ্রীবসংজ্ঞক ভগন্দর। পিত্ত-প্রকোপক হেতুতে পিত্ত প্রকুপিত হইয়া, গুহ্যদেশে রক্তবর্ণ যে পিড়কা উৎপাদন করে, তাহা শীঘ্র পাকিয়া উষ্ণ দুর্গন্ধ পূযাদি স্রাব করে। পিড়কাবস্থায় উষ্ট্র-গ্রীবার ন্যায় ইহার আকার বক্র হয় বলিয়া এইরূপ ভগন্দরকে উষ্ট্রগ্রীব কহে ॥ ৩ ॥

শ্লৈষ্মিক পরিস্রাবি-সংজ্ঞক ভগন্দর। পরিস্রাবি-নামক একপ্রকার ভগন্দর আছে, তাহা কণ্ডুবিশিষ্ট ঘনস্রাবী কঠিন মন্দবেদন ও শ্বেতবর্ণ। ইহা কফজ ব্যাধি ॥ ৪ ॥

সান্নিপাতিক শম্বূকাবর্ত্ত-সংজ্ঞক ভগন্দর। ইহাতে উক্ত বাতজাদি প্রত্যেক ভগন্দরের বর্ণ বেদনা ও স্রাব বিদ্যমান থাকে। পিড়কাবস্থায় ইহার আকৃতি গোস্তনের ন্যায় কিন্তু ভগন্দরাবস্থায় ইহার রূপ পূর্ণ নদীর শম্বূকাবর্ত্তের ন্যায় হয় বলিয়া ইহাকে শম্বূকাবর্ত্ত কহে ॥ ৫ ॥

শল্যজ উন্মার্গিসংজ্ঞক ভগন্দর। কণ্টকাদি দ্বারা গুহ্যদেশে ক্ষত হইলে যদি উহা উপেক্ষিত হয়, তাহা হইলে উহাতে পোষ উৎপন্ন হইয়া ক্রিমি জন্মে। পরে ঐ ক্রিমিগণ উহা বিদীর্ণ করিয়া বহুমুখবিশিষ্ট ব্রণ উৎপাদন করে। ইহাকেই উন্মার্গি ভগন্দর কহে, (এই ভগন্দরের ক্রিমিকৃত মার্গদ্বারা পুরীষাদিনির্গম হেতু ইহা উন্মার্গি-ভগন্দর নামে অভিহিত হইয়াছে) ॥ ৬ ॥

সকল প্রকার ভগন্দরই অতি যন্ত্রণাদায়ক ও অতীব কষ্টসাধ্য। তন্মধ্যে ত্রিদোষজ বিশেষতঃ ক্ষতজ ভগন্দর অসাধ্য। যে ভগন্দর দিয়া অধোবায়ু মল মূত্র ক্রিমি ও শুক্র নির্গত হয়, তাহা প্রাণনাশক ॥ ৭ ॥

ভগন্দর-নিদান সমাপ্ত।

উপদংশ-(গর্‌মি)-নিদান।

অত্যন্ত অনুরাগ বা কলহাদিবশতঃ লিঙ্গে হস্ত বা নখদন্তাদির আঘাত এবং অপ্রক্ষালন, অধিক মৈথুন, দুষ্ট যোনি গমন, অথবা ক্ষার-মিশ্রিত উষ্ণ জলে প্রক্ষালন ও ব্রহ্মচারিণী গমনাদি বিবিধ অপচারে উপদংশ জন্মে। ইহা পাঁচ প্রকার ॥ ১ ॥

বাতিকোপদংশে, স্ফোট সকল কৃষ্ণবর্ণ ও তাহাতে সূচীবেধবৎ বা ভেদবৎ যন্ত্রণা ও স্ফূর্ত্তি (দপ্‌দপানি) বিদ্যমান থাকে।

পৈত্তিকোপদংশে, স্ফোট সকল পীতবর্ণ এবং বহু ক্লেদ ও দাহযুক্ত হয়।

রক্তজনিতোপদংশে, স্ফোট সকল মাংসের ন্যায় তাম্রবর্ণ বা কৃষ্ণবর্ণ ও রক্ত স্রাব বিশিষ্ট হয়। ইহাতে পৈত্তিকোপদংশের লক্ষণ সকল বিদ্যমান থাকে।

কফজনিতোপদংশে, স্ফোট সকল বৃহদাকার, শুক্লবর্ণ, কণ্ডুবিশিষ্ট, সশোথ ও ঘনস্রাবযুক্ত হয় ॥ ২ ॥

ত্রিদোষজ উপদংশে, প্রত্যেক দোষোক্ত স্রাব ও বেদনা থাকে। ইহা অসাধ্য ॥ ৩ ॥

যে উপদংশে ক্রিমি জন্মিয়া সমস্ত লিঙ্গ ভক্ষণপূর্ব্বক কেবল মুষ্ক মাত্র অবশিষ্ট করিয়াছে, তাহাকে পরিবর্জ্জন করিবে। এবং ব্যবায়াদি (মৈথুনাদি) রত যে মূঢ়, সঞ্জাতমাত্র উপদংশের চিকিৎসা না করে, তাহার উপদংশে শোথ ক্রিমি দাহ ও পাক উপস্থিত হইয়া কালক্রমে লিঙ্গক্ষয় করে। এইরূপ উপদংশে রোগির মৃত্যু হইয়া থাকে ॥ ৪ ॥

প্রসঙ্গক্রমে এস্থলে লিঙ্গবর্ত্তি বা লিঙ্গার্শের লক্ষণ কথিত হইতেছে।—কোষা-ভ্যন্তর-সন্ধিতে বা লিঙ্গপর্ব্বের সন্ধিতে উপর্য্যুপরি সংস্থিত অঙ্কুরবৎ মাংসপ্রতান উৎপন্ন হইয়া ক্রমে তাম্রচূড়-শিখার (কুক্কুটচূড়ার) ন্যায় বর্ত্তিরূপে পরিণত হয়। ইহা ত্রিদোষজ, সবেদন, পিচ্ছিল ও দুশ্চিকিৎস্য। এই ব্যাধি লিঙ্গবর্ত্তি নামে খ্যাত, কেহ কেহ ইহাকে লিঙ্গার্শঃ কহিয়া থাকেন ॥ ৫ ॥

উপদংশ-নিদান সমাপ্ত।

শূকদোষ-নিদান।

যে মূঢ় ব্যক্তি শূকাদি লিঙ্গবর্দ্ধক পদার্থের প্রলেপ দ্বারা লিঙ্গ বৃদ্ধি বাঞ্ছা করে, তাহার শূকজনিত ১৮ প্রকার রোগ উৎপন্ন হয়। শূক, এক প্রকার জলজ বিষজন্তু, ইহা জলের মল হইতে উৎপন্ন ॥ ১ ॥

শূকযোগের অবৈধ প্রয়োগ হেতু সর্ষপিকা নামক রোগ উৎপন্ন হয়। এই পিড়কা দেখিতে সর্ষপের ন্যায়, ইহা বাতশ্লৈষ্মিক পীড়া।

অপ্রশস্ত শূকযোগ দ্বারা অষ্ঠীলাবৎ কঠিন যে পিড়কা উৎপন্ন হয়, তাহাকে অষ্ঠীলিকা কহে। ইহা বাতজ ব্যাধি।

লিঙ্গ, শূকাদি দ্বারা নিরন্তর সম্পূরিত হইলে গ্রন্থির ন্যায় আকৃতিবিশিষ্ট যে পিড়কা উৎপন্ন হয়, তাহাকে গ্রথিত কহে। ইহা কফজ ব্যাধি।

জামের আঁটির ন্যায় আকৃতিবিশিষ্ট কৃষ্ণবর্ণ পিড়কাকে কুম্ভিকা কহে। ইহা রক্তপিত্তজনিত।

শূকদোষজ অলজী, প্রমেহপিড়কা অলজীর লক্ষণাক্রান্ত।

শূকদোষে লিঙ্গ মর্দ্দন করিলে যে সশোথ পিড়কা উৎপন্ন হয়, তাহাকে মৃদিত কহে। ইহা বাতপ্রকোপজ।

শূকপাত হেতু হস্তদ্বারা লিঙ্গ টিপিয়া অবনত করিলে যে পিড়কা জন্মে, তাহাকে সংমূঢ়-পিড়কা রোগ কহে। ইহা বাতপ্রকোপজ।

শূকদোষ হেতু দীর্ঘ অঙ্কুর বিশিষ্ট যে সকল পিড়কা জন্মে, তাহাকে অধিমন্থ কহে। এই সকল পিড়কা মধ্যভাগে বিদীর্ণ হয়। ইহাতে বেদনা ও রোমাঞ্চ হইয়া থাকে। ইহা কফরক্তজ ব্যাধি।

পুষ্করিকা নামে এক প্রকার শূকদোষজ রোগ জন্মে, তাহার চতুপার্শ্বে ক্ষুদ্র ক্ষুদ্র পিড়কা জন্মিয়া থাকে। পুষ্করিকার আকৃতি পদ্মকর্ণিকার ন্যায়। ইহা রক্তপিত্তাত্মক ব্যাধি।

শূকদোষদুষ্ট শোণিত স্পর্শশক্তি নাশ করিলে তাহাকে স্পর্শহানি রোগ কহে। *

লিঙ্গবর্দ্ধনার্থ পুনঃপুনঃ শূক প্রলেপ প্রয়োগ করিলে, উত্তমা নামক এক প্রকার রক্তবর্ণ-পিড়কা উৎপন্ন হয়। তাহার আকৃতি, মুগ বা মাষকলায়ের ন্যায়। ইহা রক্তপিত্তাত্মক ব্যাধি।

শূকদোষ হেতু শতপোনক নামক এক প্রকার ব্যাধি জন্মে। তাহাতে লিঙ্গ, শতপোনক অর্থাৎ চালনীর ন্যায় সূক্ষ্মমুখবিশিষ্ট বহু ছিদ্রদ্বারা চতুপার্শ্বে ব্যাপ্ত হয়। ইহা বাতরক্তাত্মক।

শূকপ্রয়োগ হেতু জ্বর ও দাহের সহিত ত্বকের পাক উপস্থিত হয়। ইহার নাম ত্বক্‌পাক রোগ। ইহা বাতপিত্তকৃত ব্যাধি।

শূকদোষে শোণিতার্ব্বুদ নামক এক প্রকার ব্যাধি জন্মে। তাহাতে লিঙ্গ, কৃষ্ণবর্ণ স্ফোটক ও রক্তবর্ণ পিড়কা সমূহ দ্বারা ব্যাপ্ত হয় এবং ব্রণভূমি অত্যন্ত বেদনাযুক্ত হইয়া থাকে।

শূকপাতানন্তর লিঙ্গ প্রহারাদি প্রাপ্ত হইলে লিঙ্গমাংস দুষ্ট হয়, এবং সেই মাংসদুষ্টি হেতু মাংসার্ব্বুদ জন্মিয়া থাকে।

লিঙ্গমাংস গলিত এবং বাতাদি দোষত্রয়ের বেদনাযুক্ত হইলে, তাহাকে মাংসপাক রোগ কহে। ইহা সান্নিপাতিক ব্যাধি।

সান্নিপাতিক বিদ্রধির যে সকল লক্ষণ উক্ত হইয়াছে, শূকদোষজ বিদ্রধির ও সেই সকল লক্ষণ জানিবে।

কৃষ্ণবর্ণ বা বিবিধবর্ণ সবিষ শূক প্রয়োগ করিলে সমস্ত লিঙ্গ পাকিয়া উঠে এবং মাংস সকল কৃষ্ণবর্ণ হইয়া গলিত হইয়া পড়ে। এই পীড়ার নাম তিলকালক। ইহা সান্নিপাতিক ব্যাধি ॥ ২ ॥

শূকদোষজ রোগসমূহের মধ্যে মাংসার্ব্বুদ, মাংসপাক, বিদ্রধি ও তিলকালক ইহারা অসাধ্য ॥ ৩ ॥

শূকদোষ-নিদান সমাপ্ত।

কুষ্ঠ-নিদান

মিলিত ক্ষীর-মৎস্যাদি বিরুদ্ধ অন্ন ও পানীয় এবং দ্রব স্নিগ্ধ ও গুরুদ্রব্য ভোজন, উপস্থিত বমনের ও মলমূত্রাদির বেগধারণ, অপরিমিত ভোজনানন্তর ব্যায়াম ও সন্তাপের অতিসেবন, আতপক্লান্ত, পরিশ্রান্ত ও ভয়ার্ত্ত হইবার অব্যবহিত পরেই বিশ্রাম না করিয়া শীতল জল পান, অজীর্ণে ভোজন, অধ্যশন, বমনবিরেচনাদি পঞ্চকর্ম্মের পর অহিতাচরণ এবং নূতন তণ্ডুলের অন্ন দধি মৎস্য লবণ অম্ল মাষকলাই মূলা পিষ্টক তিল ক্ষীর ও গুড় ভোজন ভুক্ত অন্ন জীর্ণ না হইতেই মৈথুন করণ, দিবানিদ্রা, ব্রাহ্মণ ও গুরুর অপমান এবং অন্যবিধ উৎকট পাপাচরণ এই সকল কারণে বাতাদি দোষত্রয় দুষ্ট হইয়া ত্বক্ (ত্বগ্‌গতরস) রক্ত মাংস ও লসীকাকে দূষিত করিয়া কুষ্ঠরোগ উৎপাদন করে। বাতাদি দোষত্রয় ও রসাদি দূষ্য চতুষ্টয় এই সাতটি পদার্থ কুষ্ঠরোগের উপাদান সামগ্রী। মহাকুষ্ঠ সাত প্রকার ও ক্ষুদ্র কুষ্ঠ একাদশ প্রকার, সমুদয়ে আঠার প্রকার কুষ্ঠ ॥ ১ ॥

সকল কুষ্ঠই ত্রিদোষজ; তবে দোষের আধিক্যানুসারে ইহা সাত প্রকারে পরিগণিত হয়। যথা—বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, বাতপৈত্তিক, বাতশ্লৈষ্মিক, পিত্তশ্লৈষ্মিক ও সান্নিপাতিক। দোষভেদে ইহারা সাত প্রকার হইলেও বিশেষ বিশেষ অবস্থানুসারে কুষ্ঠ আঠার প্রকার হইয়া থাকে ॥ ২ ॥

কুষ্ঠরোগ উৎপন্ন হইবার পূর্ব্বে, অঙ্গ-বিশেষ অতি মসৃণ বা খরস্পর্শ, অধিক ঘর্ম্ম নির্গম বা একবারেই ঘর্ম্মরোধ, শরীরের বিবর্ণতা, দাহ, কণ্ডু (চুলকানি, শুড়্‌শুড়ানি, গাত্রে পিপীলিকা সঞ্চরণবৎ প্রতীতি প্রভৃতি), অঙ্গ বিশেষের স্পর্শশক্তিহানি, সূচীবেধবৎ পীড়া, শরীরে বরটী (বোল্‌তা) দংশন শোথের ন্যায় মণ্ডলাকার চিহ্ন প্রকাশ, ভ্রম, কোন কারণে ক্ষত হইলে তাহাতে অত্যন্ত বেদনা, ক্ষতের শীঘ্র উৎপত্তি কিন্তু দীর্ঘকালস্থিতি এবং অল্পকারণেই প্রকোপ, ক্ষত শুষ্ক হইলেও ব্রণবাস্তর রুক্ষতা, রোমকূপ ও রক্তের কৃষ্ণবর্ণতা, এই সকল পূর্ব্বরূপ প্রকাশ পায় ॥ ৩ ॥

সং

সপ্ত মহাকুষ্ঠের মধ্যে কাপাল নামক কুষ্ঠ, কিয়দংশ কৃষ্ণবর্ণ ও কিয়দংশ অরুণবর্ণ কপালের (খাপরার) ন্যায় আভাবিশিষ্ট হয়, ইহা রুক্ষ, গুরুস্পর্শ ও সূচীবেধবৎ যন্ত্রণাদায়ক। ইহাতে ত্বক্ পাতলা হইয়া থাকে। ইহা দুশ্চিকিৎস্য।

উড়ুম্বর নামক কুষ্ঠ উড়ুম্বর ফলের ন্যায় আকৃতিবিশিষ্ট। ইহা রক্তবর্ণ ও বেদনা-দাহ-কণ্ডুযুক্ত। এই কুষ্ঠে ব্যাধি স্থানের রোম সকল পিঙ্গলবর্ণ হয়।

মণ্ডল নামক কুষ্ঠ কতক শ্বেতবর্ণ, কতক রক্তবর্ণ, স্থায়িভাবাপন্ন, আর্দ্র, সস্নেহ, উন্নত, মণ্ডলাকার ও পরস্পর মিলিত। ইহা কৃচ্ছ্রসাধ্য ব্যাধি।

ঋষ্যজিহ্ব নামক কুষ্ঠ, ঋষ্যের অর্থাৎ হরিণের জিহ্বার ন্যায় আকৃতি-বিশিষ্ট। ইহা কর্কশ, প্রান্তভাগে রক্তবর্ণ, মধ্যে শ্যাববর্ণ ও বেদনাযুক্ত হয়।

পুণ্ডরীক নামক কুষ্ঠ, পুণ্ডরীক-(শ্বেতপদ্ম)-দলের ন্যায় আকৃতিবিশিষ্ট, ইহার প্রান্তভাগ সশ্বেত রক্তবর্ণ, মধ্যভাগ সশ্বেত আরক্তবর্ণ, ইহা উন্নতাকার।

সিধ্মনামক কুষ্ঠ দেখিতে লাউফুলের ন্যায়; ইহা শ্বেত-লোহিতাত্মক ও পাত্‌লা চর্ম্ম বিশিষ্ট। ব্যাধিস্থান ঘর্ষণ করিলে, তাহা হইতে গুঁড়া গুঁড়া পদার্থ সকল নির্গত হইতে থাকে। এই ব্যাধি প্রায় বক্ষঃস্থলেই বাহুল্যরূপে হইতে দেখা যায়। (সিধ্ম, ছুলী বিশেষ)।

কাকণ নামক কুষ্ঠ, কাকণন্তীর (কুঁচের) ন্যায় বর্ণবিশিষ্ট অর্থাৎ মধ্যে কৃষ্ণ ও অন্তে লোহিত। ইহা ত্রিদোষজ, পাকবিশিষ্ট (পাঠান্তরে—পাকহীন) ও তীব্র বেদনাযুক্ত। কাকণ কুষ্ঠ অসাধ্য ॥ ৪ ॥

একাদশ ক্ষুদ্রকুষ্ঠ।

যে কুষ্ঠে ঘর্ম্ম হয় না, যাহা মহাবাস্তু অধিকার করিয়া থাকে এবং যাহার আকৃতি মৎস্যের ত্বকের ন্যায় অর্থাৎ চক্রাকার ও অভ্রস্তর সদৃশ হয়, তাহাকে এককুষ্ঠ কহে। এক শব্দের অর্থ মুখ্য, ইহা ক্ষুদ্রকুষ্ঠের মধ্যে মুখ্য অর্থাৎ প্রধান বলিয়া ইহাকে এককুষ্ঠ বলে।

যে কুষ্ঠ হস্তিচর্ম্মের ন্যায় রুক্ষ কৃষ্ণবর্ণ ও স্থূল, তাহাকে চর্ম্মাখ্য কুষ্ঠ কহে।

যে কুষ্ঠ শ্যাববর্ণ, যাহা রুক্ষ ও শুষ্ক ক্ষত স্থানের ন্যায় খরস্পর্শ, তাহাকে কিটিম কুষ্ঠ কহে।

যে কুষ্ঠে হাত ও পা ফাটিয়া যায় এবং তীব্র বেদনা থাকে, তাহাকে বৈপাদিক কুষ্ঠ কহে।

যাহা কণ্ডুবিশিষ্ট রক্তবর্ণ স্ফোটক দ্বারা ব্যাপ্ত, তাহাকে অলসক কহে।

যে উন্নত মণ্ডলাকার কুষ্ঠ, কণ্ডুযুক্ত ও রক্তবর্ণ পিড়কা সমূহে ব্যাপ্ত, তাহাকে দদ্রুমণ্ডল কহে।

যে কুষ্ঠ রক্তবর্ণ, শূলবদ্ বেদনাবিশিষ্ট, কণ্ডুযুক্ত, স্ফোটকব্যাপ্ত ও স্পর্শাসহ এবং যাহা হইতে মাংস গলিয়া পড়ে, তাহাকে চর্ম্মদল কহে।

সূক্ষ্ম সূক্ষ্ম স্রাবান্বিত সদাহ কণ্ডুবিশিষ্ট পিড়কা-সমূহকে পামা (চুলকণা) কহে। এই পামাই তীব্রদাহযুক্ত স্ফোটক-ব্যাপ্ত হইলে তাহাকে কচ্ছু (খোস্) কহে। ইহা হস্ত ও নিতম্বে বাহুল্যভাবে হইয়া থাকে। পামা ও কচ্ছু এক জাতীয় কুষ্ঠ।

শ্যাব বা অরুণবর্ণ পাত্‌লা চর্ম্ম বিশিষ্ট স্ফোটসমূহকে বিস্ফোটক কহে।

রক্ত বা শ্যাববর্ণ, দাহ ও বেদনান্বিত, বহু ব্রণকে শতারুঃ কহে। (অরুস্ শব্দের অর্থ ব্রণ)।

বিচর্চ্চিকা নামক ক্ষুদ্র কুষ্ঠ, শ্যাববর্ণ, স্রাবযুক্ত এবং কণ্ডু ও পিড়কা বিশিষ্ট। বিচর্চ্চিকাই পাদজাত হইলে, বিপাদিকা নামে অভিহিত হইয়া থাকে ॥ ৫ ॥

বায়ুজনিত কুষ্ঠ, খরস্পর্শ, শ্যাব বা অরুণবর্ণ, রূক্ষ ও বেদনাযুক্ত। পৈত্তিক কুষ্ঠ, পূতি-ক্লেদযুক্ত, রক্তবর্ণ এবং দাহ ও স্রাব বিশিষ্ট। কফজ কুষ্ঠ, ক্লেদযুক্ত, নিবিড়াবয়ব, চিক্কণ, কণ্ডু শৈত্য ও গৌরবান্বিত। দ্বন্দ্বজ কুষ্ঠ দ্বিদোষ-লক্ষণযুক্ত এবং সান্নিপাতিক কুষ্ঠ ত্রিদোষজ লক্ষণাক্রান্ত হয় ॥ ৬ ॥

সপ্তধাতুগত কুষ্ঠের লক্ষণ। কুষ্ঠ রসগত হইলে অঙ্গের বৈবর্ণ্য ও রূক্ষতা, স্পর্শশক্তিলোপ রোমাঞ্চ এবং ঘর্ম্মাতিশয্য; রক্তগত হইলে কণ্ডু ও অধিক পূয সঞ্চয়; মাংসগত হইলে কুষ্ঠের পুষ্টি ও কার্কশ্য, মুখশোষ, পিড়কোৎপত্তি, সূচীবেধবদ্ বেদনা, স্ফোটকোদ্ভব ও কুষ্ঠের স্থিরত্ব; মেদোগত হইলে হস্তক্ষয়, গতিশক্তির নাশ, অঙ্গের বক্রতা ও ক্ষত বিস্তার এবং পূর্ব্বোক্ত রস, রক্ত ও মাংস-ধাতুগত কুষ্ঠ লক্ষণ সমস্তও সংঘটিত হয়। (এস্থলে বুঝিতে হইবে যে, পর পর ধাতুগত কুষ্ঠে তত্তৎ লক্ষণ ব্যতীত, পূর্ব্ব পূর্ব্ব ধাতুগত কুষ্ঠেরও লক্ষণ প্রকাশ পায়)। কুষ্ঠ অস্থি ও মজ্জাগত হইলে নাসাভঙ্গ, চক্ষুর রক্তবর্ণতা, ক্ষতে ক্রিমির উদ্ভব ও স্বরভঙ্গ হইয়া থাকে।

শুক্রগত কুষ্ঠের লক্ষণ। কুষ্ঠ-বাহুল্য হেতু পিতা মাতার শুক্র শোণিত দুষ্ট হইলে, তাঁহাদের যে সন্তান জন্মে, সেও কুষ্ঠরোগাক্রান্ত হইয়া থাকে ॥ ৭ ॥

কুষ্ঠরোগের সাধ্যাসাধ্যত্ব। রস রক্ত ও মাংসগত এবং বাতশ্লেষ্মোল্বণ কুষ্ঠ সাধ্য; মেদোগত দ্বন্দ্বজ কুষ্ঠ যাপ্য। অস্থি ও মজ্জাগত, ক্রিমিব্যাপ্ত, তৃষ্ণা দাহ ও মন্দাগ্নিযুক্ত এবং ত্রিদোষজ কুষ্ঠ অসাধ্য।

অরিষ্ট লক্ষণ। যে রোগির কুষ্ঠ বিদীর্ণ স্রাবযুক্ত এবং চক্ষুঃ রক্তবর্ণ ও স্বরভঙ্গ হয়; এবং বমন-বিরেচনাদি পঞ্চবিধ চিকিৎসা দ্বারাও যাহাতে কোন ফল লাভ হয় নাই, সে কুষ্ঠ-রোগির মৃত্যু নিকটবর্ত্তী ॥ ৮ ॥

বায়ুদ্বারা কাপাল, পিত্তদ্বারা ঔড়ুম্বর, কফদ্বারা মণ্ডলাখ্য ও বিচর্চ্চী, বাত-পিত্তদ্বারা ঋষ্যাখ্য, বাতশ্লেষ্মদ্বারা চর্ম্মাখ্য কুষ্ঠ, এক-কুষ্ঠ, কিটিম, সিধ্ম, অলসক ও বিপাদিক; পিত্তশ্লেষ্মদ্বারা দদ্রু, শতারুঃ, পুণ্ডরীক, বিস্ফোট, পামা ও চর্ম্মদল এবং ত্রিদোষদ্বারা কাকণ নামক কুষ্ঠ উৎপন্ন হয়।

কাপাল, ঔড়ুম্বর, মণ্ডলাখ্য, দদ্রু, কাকণ, পুণ্ডরীক ও ঋষ্যজিহ্ব এই সাতটি মহাকুষ্ঠ, অপরগুলি ক্ষুদ্র কুষ্ঠ ॥ ৯ ॥

শ্বিত্র (ধবল) রোগ। কুষ্ঠ ও শ্বিত্র এই উভয় রোগেরই উৎপত্তি কারণ এক, চিকিৎসাও একবিধ, এজন্য শ্বিত্ররোগ কুষ্ঠাধিকারে লিখিত হইয়াছে। উভয়ের প্রভেদ এই—কুষ্ঠ সান্নিপাতিক, শ্বিত্র পৃথক্ পৃথক্ দোষে উৎপন্ন হয়। কুষ্ঠ রসাদি-সপ্ত-ধাতুকেই আক্রমণ করে, শ্বিত্র কেবল রস মাংস ও মেদকে আশ্রয় করিয়া থাকে। কুষ্ঠ হইতে রসাদি স্রাব হয়, কিন্তু ইহা অস্রাবী। শ্বিত্রের প্রকারভেদ কিলাস ও অরুণ। (কিলাস তাম্রবর্ণ, অরুণ ও ঈষল্লোহিতবর্ণ)।

বাতজনিত শ্বিত্র রূক্ষ ও অরুণবর্ণ; পৈত্তিক শ্বিত্র তাম্রবর্ণ বা পদ্মপত্রের ন্যায় মধ্যে শ্বেত ও অন্তে লোহিত বর্ণ এবং দাহযুক্ত ও রোমনাশক; কফজ শ্বিত্র

শ্বেতবর্ণ ঘন শুষ্ক ও কণ্ডুযুক্ত। এই অরুণাদি বর্ণদ্বারা শ্বিত্র রোগের রক্তাদি অধিষ্ঠানও বুঝিবে, অর্থাৎ রক্তাশ্রিত শ্বিত্র অরুণবর্ণ, মাংসাশ্রিত তাম্রবর্ণ ও মেদোগত শ্বিত্র শ্বেতবর্ণ হয়। রক্তাদি অনুষ্ঠান ভেদে উভয়বিধ শ্বিত্রেরই অর্থাৎ দোষজ ও ব্রণজ এই দুই প্রকার শ্বিত্ররোগেরই বর্ণ উক্তরূপ হইয়া থাকে। ইহারা উত্তরোত্তর কৃচ্ছ্রসাধ্য অর্থাৎ রক্তাশ্রিত শ্বিত্র অপেক্ষা মাংসাশ্রিত শ্বিত্র এবং মাংসাশ্রিত শ্বিত্র অপেক্ষা মেদঃসমাশ্রিত শ্বিত্র কষ্টসাধ্য। ১০ ॥

শ্বিত্র যদি অচিরোৎপন্ন, পরস্পর অসংশ্লিষ্ট ও অঘন হয় এবং উহা যদি অগ্নিদগ্ধজ না হয় ও শ্বিত্রস্থানের লোম সকল যদি শ্বেতবর্ণ না হইয়া থাকে, তাহা হইলে উহা সাধ্য, ইহার অন্যথা হইলে অসাধ্য জানিবে।

গুহ্য (লিঙ্গ ও যোনি), হস্ততল, পদতল ও ওষ্ঠজাত অথবা দীর্ঘকালোৎপন্ন যে কিলাস বা শ্বিত্র, (অন্য অর্থ—গুহ্যাদিস্থানে জাত শ্বিত্র বা কিলাস অল্পকালোৎপন্ন হইলেও) তাহা বিশেষরূপে বর্জ্জনীয় ॥ ১১ ॥

মৈথুন, গাত্রসংস্পর্শ, নিশ্বাস, একত্র ভোজন, এক শয্যায় শয়ন, রোগির বস্ত্র মাল্য ও অনুলেপন ব্যবহার এই সকল কারণে কুষ্ঠ জ্বর রাজযক্ষ্মা নেত্রাভিষ্যন্দ (চোখ্-উঠা) এবং পাপজ ও ভূতোপসর্গজাদি রোগ সকল, এক ব্যক্তি হইতে অপর ব্যক্তিকে আক্রমণ করে অর্থাৎ এই সকল রোগ সংক্রামক ॥ ১২ ॥

কুষ্ঠ-নিদান সমাপ্ত।

শীতপিত্ত উদর্দ্দ ও কোঠ-নিদান।

শীতল বায়ু সেবন দ্বারা কফ ও মারুত প্রদুষ্ট এবং পিত্তের সহিত মিলিত হইয়া ত্বকে ও রক্তাদি ধাতুতে পরিসর্পণ করিয়া শীতপিত্তরোগ উৎপাদন করে ॥ ১ ॥

শীতপিত্ত রোগ উৎপন্ন হইবার পূর্ব্বে পিপাসা, অরুচি, বমনবেগ, দেহের অবসাদ * ও গৌরব এবং চক্ষুর রক্তবর্ণতা এই সকল লক্ষণ প্রকাশ পায় ॥ ২ ॥

শীতপিত্ত ও উদর্দ্দ রোগে গাত্রে বোলতা দংশনজনিত শোথের ন্যায় শোথ হয়। ইহাতে অতিশয় কণ্ডু তোদ বমি জ্বর ও দাহ বিদ্যমান থাকে। শীতপিত্তে বায়ুর এবং উদর্দ্দ রোগে কফের আধিক্য থাকে ॥ ৩ ॥

উদর্দ্দ শোথ, মধ্যনিম্ন রক্তবর্ণ কণ্ডুযুক্ত মণ্ডলাকার ও হিমসম্ভূত। ইহা কফজ ব্যাধি ॥ ৪ ॥

বমন ক্রিয়াদ্বারা সম্যগ্‌রূপ বমি না হইলে, বহির্গমনোন্মুখ পিত্ত শ্লেষ্মা ও ভুক্তান্নের অনির্গমহেতু শরীরে রক্তবর্ণ কণ্ডুবিশিষ্ট মণ্ডলাকার বহুসংখ্যক শোথ উৎপন্ন হয়, ইহাকে কোঠ কহে। কোঠ নিরনুবন্ধ অর্থাৎ উদগত হইবার

---

* পাঠান্তরে দেহস্থলে দাহ পাঠ থাকায় দাহ ও শরীরাবসাদ এই দুই বুঝিতে হইবে।

কিছুক্ষণ পরেই বিলয় প্রাপ্ত হয়, আর পুনরুদ্গত হয় না। কিন্তু এই কোঠ সানুবন্ধ অর্থাৎ পুনঃপুনঃ উৎপত্তি ও পুনঃপুনঃ বিনাশশীল হইলে উৎকোঠ নামে অভিহিত হয়॥ ৫॥

শীতপিত্তাদি-নিদান সমাপ্ত।

অম্লপিত্ত-নিদান।

মিলিত ক্ষীর-মৎস্যাদি বিরুদ্ধ ভোজন, দূষিত অন্ন, অম্ল ও বিদাহিদ্রব্য এবং অন্যান্য পিত্তপ্রকোপক পান আহার, এই সকল কারণে পূর্ব্বসঞ্চিত পিত্ত বিদগ্ধ হইয়া অম্লপিত্ত রোগ রূপে পরিণত হয়॥ ১॥

অম্লপিত্ত রোগে, ভুক্তান্নের অপরিপাক, ক্লান্তিবোধ, বমনবেগ, তিক্ত ও অম্লোদ্গার, দেহভার, বুক ও গলাজ্বালা এবং অরুচি, এই সকল লক্ষণ উপস্থিত হয়॥ ২॥

অধোগ অম্লপিত্তে হরিৎপীতাদি বিবিধ বর্ণবিশিষ্ট দুর্গন্ধ মলভেদ হয়। ইহাতে তৃষ্ণা, দাহ, মূর্চ্ছা, ভ্রম, জ্ঞান-বৈপরীত্য, বমনবেগ, কোঠোৎপত্তি, অগ্নিমান্দ্য, রোমাঞ্চ, ঘর্ম্মোদ্গম ও অঙ্গের পীতবর্ণতা এই সকল লক্ষণ প্রকাশ পায়॥ ৩॥

ঊর্দ্ধগ অম্লপিত্তে হরিৎ পীত নীল কৃষ্ণ আরক্ত বা রক্তবর্ণ, অতীব অম্ল, মাংস-জল সদৃশ, অতি পিচ্ছিল, নির্ম্মল, কফসংসৃষ্ট ও কটুতিক্তাদি বিবিধ রসবিশিষ্ট বমি হইয়া থাকে। ভুক্তদ্রব্য বিদগ্ধ হইলে অথবা অভুক্তাবস্থাতেও কখন কখন তিক্ত বা অম্লবমি হয় এবং উদ্গারও ঐরূপ তিক্ত বা অম্ল হইয়া থাকে। ইহাতে কণ্ঠ হৃদয় ও কুক্ষিদেশে দাহ, শিরোবেদনা, হাত পা জ্বালা, দেহের উষ্ণতা, অতিশয় অরুচি, পিত্তশ্লেষ্মজ্বর এবং কণ্ডু, বহুসংখ্যক পিড়কোৎপত্তি ও নানাবিধ রোগ, এই সমস্ত উপদ্রব সংঘটিত হয়॥ ৪॥

এই অম্লপিত্ত রোগ অচিরোৎপন্ন হইলে বিশেষ যত্নদ্বারা সাধ্য হইতে পারে। কিন্তু দীর্ঘকালজাত অম্লপিত্ত যাপ্য; তবে শুভাদৃষ্টবশতঃ কাহারও বা কষ্টে সাধ্য হইয়া থাকে॥ ৫॥

অম্লপিত্তরোগ, বাতাত্মক শ্লেষ্মাত্মক ও বাত-শ্লেষ্মাত্মক এই তিন প্রকার হইয়া থাকে। বুদ্ধিমান্ চিকিৎসক, দোষ লক্ষণের প্রতি বিশেষ দৃষ্টি রাখিয়া রোগাবধারণ করিবেন, কারণ অধোগ অম্লপিত্তকে অতিসার ও ঊর্দ্ধগ অম্ল-পিত্তকে বমনরোগ বলিয়া চিকিৎসকের ভ্রান্তি জন্মিতে পারে। বাতপ্রকোপজ অম্লপিত্তে কম্প, প্রলাপ, মূর্চ্ছা, গাত্র চিমিচিমি ও অবসাদ, শূলবেদনা, অন্ধকার দর্শন, জ্ঞানবৈপরীত্য, মনোমোহ ও রোমাঞ্চ এই সকল লক্ষণ প্রকাশ পায়।

কফানুগত অম্লপিত্তে কফনিষ্ঠীবন, দেহের গুরুতা ও জড়তা, অরুচি, শীতানুভব, অবসন্নতা, বমি, শ্লেষ্মদ্বারা মুখের লিপ্ততা, অগ্নিমান্দ্য, দুর্ব্বলতা, কণ্ডু ও নিদ্রাধিক্য এই সকল লক্ষণ উপস্থিত হয়।

বাতশ্লেষ্মোদ্ভব অম্লপিত্তে, বাত্তিক ও শ্লৈষ্মিক উভয়বিধ অম্লপিত্তের লক্ষণ সকল সংঘটিত হয়।

শ্লেষ্মপিত্তে, তিক্ত অম্ল ও কটু উদগার, হৃদয় কুক্ষি ও কণ্ঠের দাহ, ভ্রম, মূর্চ্ছা, অরুচি, বমি, আলস্য, শিরোবেদনা, মুখ দিয়া জল স্রাব ও মুখে মধুরাস্বাদ এই সকল লক্ষণ দৃষ্ট হয়। ৬॥

অম্লপিত্ত-নিদান সমাপ্ত।

বিসর্প-নিদান।

লবণ অম্ল কটু ও উষ্ণদ্রব্যাদির সতত সেবন দ্বারা বাতাদি দোষ প্রকুপিত হইয়া বিসর্পরোগ উৎপাদন করে। ইহা শরীরের সকলস্থানে বিসর্পিত হয় বলিয়া ইহার নাম বিসর্প। বিসর্প সাত প্রকার। যথা—বাতজ, পিত্তজ, শ্লেষ্মজ, সান্নিপাতিক, বাতপিত্তজ, বাতশ্লেষ্মজ ও পিত্তশ্লেষ্মজ। ইহাদের মধ্যে বাতপিত্তজ বিসর্পকে অগ্নিবিসর্প, বাতশ্লেষ্মজ বিসর্পকে গ্রন্থিবিসর্প ও পিত্তশ্লেষ্মজ বিসর্পকে কর্দ্দমক বিসর্প কহে॥ ১॥

কুষ্ঠরোগের ন্যায় বিসর্পরোগেরও, রক্ত লসীকা ত্বক্ ও মাংস এই চারিটি দূষ্য এবং বায়ু পিত্ত ও কফ এই তিনটি দোষ, সমুদায়ে সাতটি উপাদান সামগ্রী।

কুষ্ঠে ও বিসর্পে প্রভেদ এই—কুষ্ঠরোগে দোষ দূষ্য সকল পদার্থই স্থিরভাবে দীর্ঘকাল ব্যাপিয়া কার্য্য করে, ইহাতে রক্তপিত্তের প্রাবল্য থাকে না। কিন্তু বিসর্পরোগে রক্তপিত্ত প্রবল এবং সেই প্রবল রক্তপিত্তসমন্বিত দোষ সর্ব্বশরীরে শীঘ্র শীঘ্র বিসর্পিত হইয়া ক্রিয়া করিতে থাকে। তদ্ভিন্ন উহাদের নিদানগতও বৈষম্য আছে; ব্রাহ্মণ গুরুর অপমান ও পরদ্রব্যাহরণাদি কুষ্ঠরোগের নিদান, কিন্তু উহা বিসর্পের নিদান নহে। কুষ্ঠরোগ সান্নিপাতিক; কিন্তু কাহারও কাহারও মতে বিসর্পরোগ পৃথক্ পৃথক্ দোষেও উদ্ভূত হইয়া থাকে।

বাতিক বিসর্পে বাতজ্বরের ন্যায় মস্তকে, হৃদয়ে, গাত্রে ও উদরে ব্যথা, শোথের স্ফুরণ, সূচীবেধবৎ বা ভঞ্জবৎ বা আকর্ষণবৎ বেদনা ও রোমাঞ্চ, এই সকল লক্ষণ প্রকাশ পায়।

পৈত্তিক বিসর্প অতি লোহিতবর্ণ, শীঘ্র বিসর্পণশীল ও পিত্তজ্বর-লক্ষণাক্রান্ত।

কফজ বিসর্প কণ্ডুযুক্ত, চিক্বণ ও কফজ্বর-লক্ষণান্বিত।

সান্নিপাতিক বিসর্পে, উক্ত বাতজাদি ত্রিবিধ বিসর্পেরই লক্ষণ সকল মিলিত ভাবে উদয় হয়॥ ২॥

বাতপৈত্তিক অগ্নিবিসর্পে জ্বর, বমি, মূর্চ্ছা, অতিসার, পিপাসা, ভ্রম, গ্রন্থি-বেদনা, অগ্নিমান্দ্য, তমক ও অরুচি এই সকল লক্ষণ প্রকাশ পায়। ইহাতে সমস্ত অঙ্গ জ্বলন্ত অঙ্গার দ্বারা ব্যাপ্ত বলিয়া বোধ হয়। বিসর্প, শরীরের যে যে স্থানে বিসর্পণ করে, সেই সেই স্থান নির্ব্বাণ অঙ্গারের ন্যায় কৃষ্ণবর্ণ হয়, কখন কখন নীল বা রক্তবর্ণ হইতেও দেখা যায়। অগ্নিদগ্ধস্থানবৎ চতুর্দ্দিক্ স্ফোটক ব্যাপ্ত

হয়। শীঘ্র গমনশীল বলিয়া ইহা হৃদয়াদি মর্ম্মস্থান সকলকে ত্বরায় আক্রমণ করে। তাহাতে বায়ু অতিশয় প্রবল হইয়া অঙ্গে বেদনা জন্মায়, সংজ্ঞা ও নিদ্রা নাশ করে এবং শ্বাস ও হিক্কা আনয়ন করে, রোগী এরূপ অবস্থাপন্ন হয় যে, চেষ্টাবান্ হইয়াও ভূমি শয্যা ও আসনাদি কিছুতেই সুখলাভ করিতে পারে না। এইরূপ নানা যন্ত্রণা ভোগ করিয়া ক্রমে ক্লিষ্ট অবসন্ন ও সংজ্ঞাহীন হইয়া চির নিদ্রায় নিদ্রিত হইয়া থাকে। ৩ ॥

দুষ্ট কফ, কুপিত বায়ুকে অবরুদ্ধ করিলে সেই কুপিত বায়ু অবরোধক কফকে বহুভাগে বিভক্ত করিয়া গ্রন্থির শ্রেণী উৎপাদন করে; অথবা ঐ বায়ু রক্তবহুল ব্যক্তির ত্বক্ শিরা স্নায়ু ও মাংসগত রক্তকে দূষিত করিয়া পূর্ব্বোক্ত প্রকারে গ্রন্থিমালারূপে উদ্ভাবিত করিয়া থাকে। এই গ্রন্থিমালা, দীর্ঘ এবং গ্রন্থি সকল বর্ত্তুল স্থূল বা সূক্ষ্ম কঠিন ও রক্তবর্ণ। ইহাতে অতিশয় বেদনা, প্রবল জ্বর, শ্বাস, কাস, অতিসার, মুখশোষ, হিক্কা, বমি, ভ্রম, জ্ঞান-বৈপরীত্য, বিবর্ণতা, মূর্চ্ছা, অঙ্গভঙ্গ ও অগ্নিমান্দ্য এই সকল লক্ষণ উপস্থিত হয়। ইহারই নাম গ্রন্থিবিসর্প, ইহা বাতশ্লেষ্মার প্রকোপে উদ্ভূত ॥ ৪ ॥

পিত্তশ্লৈষ্মিক বিসর্পরোগে জ্বর, জড়তা, নিদ্রা, তন্দ্রা, শিরোবেদনা, দেহের অবসাদ, আক্ষেপ, মুখলেপ, অরুচি, ভ্রম, মূর্চ্ছা, অগ্নিমান্দ্য, অস্থিভেদ, পিপাসা, ইন্দ্রিয়গুরুতা, অপক-পুরীষ নির্গম ও স্রোতঃ সকলের লিপ্ততা এই সকল লক্ষণ প্রকাশ পায়। এই বিসর্প প্রায় আমাশয়েই উদ্ভূত হইয়া একদেশব্যাপী ও অল্প বেদনাযুক্ত হয়। ইহা অতি পীত লোহিত বা পাণ্ডুরবর্ণ পিড়কাসমূহ দ্বারা ব্যাপ্ত, চিক্কণ, কৃষ্ণ বা কৃষ্ণকৃষ্ণবর্ণ, মলিন, শোথবিশিষ্ট, গুরু, গম্ভীরপাক (ভিতরে পাকে), অতি উষ্ণস্পর্শ, ক্লিন্ন, বিদীর্ণ, পঙ্কবর্ণ ত্বগ্ বিশিষ্ট ও শবগন্ধি। এই রোগে মাংস গলিয়া পড়ে, সুতরাং শিরা ও স্নায়ু সকল স্পষ্ট প্রকাশিত হয়। ইহাকেই কর্দ্দমাখ্য বিসর্প কহে ॥ ৫ ॥

শস্ত্রাদি প্রহার অথবা হিংস্র জন্তুর নখদন্তাদির আঘাত প্রভৃতি বাহ্য হেতু দ্বারা ক্ষত হইলে, সেই ক্ষতনিবন্ধন বায়ু কুপিত হইয়া রক্ত ও পিত্তকে বিকৃত করিয়া কুলথ কলায়ের ন্যায় আকৃতিবিশিষ্ট স্ফোটক-সমূহ দ্বারা ব্যাপ্ত ও শ্যাব বা লোহিতবর্ণ বিসর্প উৎপাদন করে। ইহাতে শোথ, জ্বর, বেদনা ও দাহ বিদ্যমান থাকে, ইহা পিত্তজ বিসর্পের অন্তর্ভূত জানিবে ॥ ৬ ॥

বিসর্পের উপদ্রব। যথা—জ্বর, অতিসার, বমি, ত্বক্ ও মাংসের বিদরণ, ক্লান্তি, অরুচি ও অপরিপাক ॥ ৭ ॥

বাতিক পৈত্তিক ও শ্লৈষ্মিক বিসর্প সাধ্য; ত্রিদোষজ ও ক্ষতজ বিসর্প অসাধ্য। এবং উৎকট পিত্তজনিত যে বিসর্পে শরীর কৃষ্ণবর্ণ হয়, সেই বিসর্প অর্থাৎ অগ্নিবিসর্প বর্জ্জনীয়। যে সকল বিসর্প মর্ম্মস্থানে জন্মে, তাহাদিগকে কৃচ্ছ্রসাধ্য বলিয়া জানিবে ॥ ৮ ॥

বিসর্প-নিদান সমাপ্ত।

বিস্ফোট-নিদান।

কটু অম্ল তীক্ষ্ণ উষ্ণ বিদাহি রুক্ষ ও ক্ষারদ্রব্য ভোজন বা অপক্কদ্রব্য ভোজন, অধ্যশন, আতপসেবন, ঋতুদোষ (ঋতুহেতুক শীতোষ্ণাদির অতিযোগ) ও ঋতুবিপর্য্যয় (ঋতুস্বভাবের অন্যথাভাব অর্থাৎ গ্রীষ্মে বর্ষায়, শীতে বসন্তের প্রাদুর্ভাব ইত্যাদি) এই সকল কারণে বাতাদি দোষ প্রকুপিত হইয়া ত্বক্‌কে আশ্রয় করত রক্ত মাংস ও অস্থিকে দূষিত করিয়া অতি ভয়ঙ্কর বিস্ফোটক উৎপাদন করে। বিস্ফোটক হইবার পূর্ব্বে জ্বর হইয়া থাকে ॥ ১ ॥

দেহের কোন স্থানে বা সর্ব্বদেহে অগ্নিদগ্ধনিভ ও জ্বরসংযুক্ত যে সকল স্ফোটক জন্মে, তাহাদিগকে বিস্ফোটক কহে। বিস্ফোটক রক্তপিত্ত প্রকোপজ ব্যাধি।

বাতবিস্ফোটকে শিরোবেদনা অত্যন্ত শূল জ্বর তৃষ্ণা পর্ব্বভেদ ও স্ফোটকের কৃষ্ণবর্ণতা; পৈত্তিক বিস্ফোটকে জ্বর দাহ বেদনা স্রাবনির্গম পাক তৃষ্ণা ও স্ফোটকের পীতলোহিতবর্ণত্ব; শ্লৈষ্মিক বিস্ফোটকে বমি অরুচি শরীরের জড়তা স্ফোটকের কণ্ডূয়ন কাঠিন্য পাণ্ডুবর্ণতা ও বেদনাল্পতা হয়। ঐ স্ফোটক দীর্ঘকালে পাকে। বাতপৈত্তিক বিস্ফোটকে তীব্রবেদনা; বাতশ্লৈষ্মিক বিস্ফোটকে কণ্ডূ স্তৈমিত্য ও গুরুতা; এবং পিত্তশ্লৈষ্মিক বিস্ফোটকে কণ্ডূ দাহ জ্বর ও বমি এই সকল লক্ষণ প্রকাশ পায় ॥ ২ ॥

সান্নিপাতিক বিস্ফোটক মধ্য-নিম্ন ও উন্নত-প্রান্ত, ইহা কঠিন ও অল্পপাক বিশিষ্ট। ইহাতে দাহ রক্তবর্ণতা তৃষ্ণা মোহ বমি মূর্চ্ছা বেদনা জ্বর প্রলাপ কম্প ও তন্দ্রা এই সকল লক্ষণ সংঘটিত হয়। ইহা অসাধ্য ব্যাধি ॥ ৩ ॥

পিত্তপ্রকোপক হেতুদ্বারা রক্ত দুষ্ট হইয়া যে বিস্ফোটক উৎপাদন করে, উহা কুঁচ ও প্রবালের ন্যায় রক্তবর্ণ। শত শত সিদ্ধফল ঔষধ প্রয়োগেও ইহার উপশম হয় না।

একদোষজ বিস্ফোটক সাধ্য, দ্বিদোষজ কৃচ্ছ্রসাধ্য এবং ত্রিদোষজ ও বহু উপদ্রবযুক্ত বিস্ফোটক অতি ভয়ঙ্কর ও অসাধ্য ॥ ৪ ॥

বিস্ফোট-নিদান সমাপ্ত।

মসূরিকা-(বসন্ত)-নিদান।

কটু অম্ল লবণ ও ক্ষারদ্রব্য ভোজন, মিলিত ক্ষীর-মৎস্যাদি বিরুদ্ধ ভোজন, পূর্ব্বাহার অজীর্ণ সত্ত্বে পুনর্ভোজন, দুষ্ট অন্ন শিম্বী ও শাকাদি আহার, বিষাদি-সংস্পর্শ-দূষিত বায়ু ও জল সেবন এবং দেশের প্রতি ক্রূরগ্রহদিগের কুদৃষ্টি এই সকল কারণে বাতাদিদোষ প্রকুপিত ও দুষ্ট-রক্তের সহিত মিলিত হইয়া শরীরে মসুর কলায়ের ন্যায় আকৃতি ও পরিমাণ বিশিষ্ট যে সকল পিড়কা উৎপাদন

করে, তাহাদিগকে মসূরিকা :কহে। মসূরিকা রোগ উৎপন্ন হইবার পূর্ব্বে জ্বর কণ্ডূ গাত্রবেদনা অনবস্থিত-চিত্ততা ভ্রম ত্বকের স্ফীতি ও বৈবর্ণ্য এবং চক্ষুর রক্তবর্ণতা এই সকল পূর্ব্বরূপ প্রকাশ পায় ॥ ১ ॥

বাতজ মসূরিকার পিড়কা সকল শ্যাব বা অরুণবর্ণ রুক্ষ তীব্রবেদনাযুক্ত ও কঠিন। ইহা বিলম্বে পাকে। বাতজ মসূরিকায় সন্ধি অস্থি ও পর্ব্বস্থানে বিদারণবদ্ বেদনা, কাস, কম্প, অনবস্থিতচিত্তত্ব, ক্লম তালু ওষ্ঠ ও জিহ্বার শোষ, তৃষ্ণা ও অরুচি এই সকল লক্ষণ উপস্থিত হয়।

পিত্তপ্রকোপজ মসূরিকার স্ফোট সকল, রক্ত পীত বা শ্বেতবর্ণ, দাহ ও উগ্রবেদনা যুক্ত; ইহা শীঘ্র পাকিয়া থাকে।

রক্তজ মসূরিকা রোগে মলভেদ অঙ্গমর্দ্দ দাহ তৃষ্ণা অরুচি মুখের পাক চক্ষুর রক্তবর্ণতা সুদারুণ-তীব্রবেগ-জ্বর এবং পিত্তজ মসূরিকার লক্ষণ সকল উপস্থিত হইয়া থাকে।

শ্লৈষ্মিক মসূরিকার স্ফোট সকল শ্বেতবর্ণ, চিক্কণ, অতিশয় স্থূল কণ্ডূবিশিষ্ট ও অল্পবেদনাযুক্ত। ইহা দীর্ঘকালে পাকে। ইহাতে কফস্রাব স্তৈমিত্য শিরোবেদনা গাত্র-গৌরব বমনবেগ অরুচি নিদ্রা তন্দ্রা ও আলস্য এই সকল লক্ষণ দৃষ্ট হয় ॥ ২ ॥

ত্রিদোষজ মসূরিকা নীলবর্ণ, চিড়ার ন্যায় চেপ্‌টা, মধ্যভাগে নিম্ন, অত্যন্ত বেদনাযুক্ত ও দুর্গন্ধস্রাব-নিঃসারক। ইহা বহুপরিমাণে উৎপন্ন হয় ও দীর্ঘকালে পাকে। ত্রিদোষজ বসন্ত অসাধ্য।

চর্ম্মদল নামক একপ্রকার বসন্ত আছে, তাহা অতি দুশ্চিকিৎস্য। তাহাতে কণ্ঠরোধ অরুচি স্তব্ধিতভাব প্রলাপ ও অরতি এই সকল উপদ্রব উপস্থিত হয় ॥ ৩ ॥

রোমকূপের ন্যায় উন্নতি বিশিষ্ট রক্তবর্ণ যে সকল পিড়কা উৎপন্ন হয়, তাহাদিগকে রোমান্তী অর্থাৎ হাম্ বলে। ইহাতে কাস ও অরুচি এই দুই লক্ষণ বিদ্যমান থাকে। ইহা দুষ্ট পিত্ত ও কফ হইতে উৎপন্ন। হাম্ হইবার পূর্ব্বে জ্বর হইয়া থাকে ॥ ৪ ॥

রসাদিগত মসূরিকার লক্ষণ। রসগত মসূরিকা, জলবুদ্‌বুদের ন্যায় আকৃতি বিশিষ্ট, ইহাতে দোষের প্রকোপ অধিক থাকে না। চলিত ভাষায় ইহাকে পানিবসন্ত কহে। পানিবসন্ত বিদীর্ণ হইলে তাহা হইতে জলবৎ স্রাব নির্গত হয়।

রক্তগত মসূরিকা রক্তবর্ণ ও পাত্‌লা চর্ম্ম বিশিষ্ট। ইহা শীঘ্র পাকিয়া থাকে। এই বসন্ত সাধ্য, কিন্তু রক্তদুষ্টির আধিক্য থাকিলে কৃচ্ছ্রসাধ্য। বিদীর্ণ হইলে ইহা হইতে রক্ত নিঃসৃত হয়।

মাংসগত মসূরিকা, কঠিন স্নিগ্ধ ও পুরুচর্ম্ম বিশিষ্ট। ইহা বিলম্বে পাকে। ইহাতে গাত্রশূল তৃষ্ণা কণ্ডূ জ্বর ও চিত্তচাঞ্চল্য বিদ্যমান থাকে। মাংসজ মসূরিকা কষ্টসাধ্য।

মেদোগত মসূরিকা মণ্ডলাকার কোমল কিঞ্চিৎ উন্নত ঘোরজ্বরোৎপাদক স্থূল চিক্কণ ও সবেদন। ইহাতে মনোবিভ্রম চিত্তচাঞ্চল্য ও সন্তাপ এই সকল উপদ্রব উপস্থিত হয়। দৈবাৎ কেহ এই ভয়ঙ্কর ব্যাধি হইতে মুক্তিলাভ করিতে পারে।

অস্থি ও মজ্জাগত মসূরিকা ক্ষুদ্রাকৃতি, গাত্রসমবর্ণ, রুক্ষ, চিড়ার ন্যায় চেপ্‌টা ও কিঞ্চিৎ উন্নত। ইহাতে অত্যন্ত মোহ বেদনা ও অরতি উপস্থিত হয়। মর্ম্মস্থান সকল যেন ছিন্ন হইতে থাকে ও সর্ব্বাঙ্গের অস্থি যেন ভ্রমরদ্বারা বিদ্ধ হইতেছে এইরূপ বোধ হয়। ইহা আশু প্রাণনাশক।

শুক্রগত মসূরিকা দেখিতে পকাভ কিন্তু পক নহে, ইহা চিক্কণ সূক্ষ্ম ও অত্যন্ত বেদনাযুক্ত। ইহাতে স্তৈমিত্য অরতি মূর্চ্ছা দাহ ও মত্ততা এই সকল উপদ্রব প্রকাশ পায়। এইরূপ বসন্ত নিশ্চয় প্রাণনাশক।

উল্লিখিত সপ্তধাতুগত যে বসন্তে যে দোষের লক্ষণ দৃষ্ট হইবে, তাহাকে তদ্দোষজ বলিয়া জানিবে।

রসগত, রক্তগত, পিত্তজাত, শ্লেষ্মজ ও পিত্তশ্লেষ্মজ মসূরিকা সুখসাধ্য ॥ ৫ ॥

বাতজ, বাতপিত্তজ ও বাতশ্লেষ্মজ মসূরিকা কৃচ্ছ্রসাধ্য; অতএব যত্নপূর্ব্বক ইহাদের চিকিৎসা করিবে।

সান্নিপাতিক বসন্ত অসাধ্য। ইহাদের কতকগুলি প্রবালের ন্যায় লোহিতবর্ণ, কতকগুলি জামফলতুল্য চিক্কণ-কৃষ্ণ, কতকগুলি লৌহগুড়ক সদৃশ রুক্ষকৃষ্ণ, কতকগুলি বা অতসীফলের তুল্য বর্ণবিশিষ্ট হয়; তদ্ভিন্ন দোষ ভেদেও ইহাদের বর্ণ বহুবিধ হইয়া থাকে ॥ ৬ ॥

মসূরিকা রোগে কাস হিক্কা চিত্তবিভ্রম অতি কষ্টপ্রদ তীব্রজ্বর প্রলাপ অরতি মূর্চ্ছা তৃষ্ণা দাহ অতিঘূর্ণতা, মুখ নাসিকা ও চক্ষু দিয়া রক্তস্রাব এবং কণ্ঠে ঘুর্‌ঘুর্ শব্দ জন্মাইয়া অতি বেদনার সহিত শ্বাস নির্গম, এই সকল লক্ষণ উপস্থিত হইলে তাহা অসাধ্য জানিবে ॥ ৭ ॥

মসূরিকা রোগাক্রান্ত ব্যক্তি যদি তৃষ্ণার্ত্ত ও বায়ুদূষিত অর্থাৎ অপতানকাদি বাতব্যাধিগ্রস্ত হয় এবং মুখব্যতিরেকে কেবল নাসিকা দিয়াই যদি তাহার দীর্ঘশ্বাস নির্গত হয়, তাহা হইলে তাহাকে গতাসু জানিবে ॥ ৮ ॥

মসূরিকা নিবৃত্তির পরে কখন কখন কফোণিতে (কণুয়ে) মণিবন্ধে (হাতের কব্‌জিতে) ও স্কন্ধদেশে শোথ উৎপন্ন হয়। তাহা অতি কষ্টপ্রদ ও দুশ্চিকিৎস্য ॥ ৯ ॥

মসূরিকা-নিদান সমাপ্ত।

ক্ষুদ্ররোগ-নিদান।

অজগল্লিকা। মুগ কলায়ের ন্যায় আকৃতিবিশিষ্ট, চিক্কণ, গাত্রসমবর্ণ, গ্রন্থিল ও অবেদন যে পিড়কা জন্মে, তাহাকে অজগল্লিকা কহে। ইহা কফবাতোত্থিত এবং প্রায় বালকদিগেরই হইয়া থাকে ॥ ১ ॥

যবপ্রখ্যা। যবাকৃতি অর্থাৎ যবের ন্যায় মধ্যস্থূল এবং কঠিন গ্রন্থিল ও মাংসাশ্রিত যে পিড়কা উৎপন্ন হয়, তাহার নাম যবপ্রখ্যা। ইহা কফবাতজ ব্যাধি ॥ ২ ॥

অন্ত্রালজী। ঘন অবক্র উন্নত মণ্ডলাকার ও অল্প পূযযুক্ত যে পিড়কা উদ্ভূত হয়, তাহাকে অন্ত্রালজী কহে। ইহাও বাতশ্লেষ্মজ ॥ ৩ ॥

বিবৃতা। পক্ক উড়ুম্বর ফল সদৃশ বর্ণবিশিষ্ট, অত্যন্ত দাহান্বিত, মণ্ডলাকার ও বিবৃতমুখ যে পিড়কা জন্মে, তাহাকে বিবৃতা কহে। ইহা পিত্তজ ব্যাধি ॥ ৪ ॥

কচ্ছপিকা। কচ্ছপের ন্যায় আকৃতি বিশিষ্ট ও অতি কঠিন এবং পাঁচ ছয়টি একত্র গ্রথিত এইরূপ যে পিড়কা জন্মে, তাহাকে কচ্ছপিকা কহে। ইহাও বাতশ্লেষ্মজ ॥ ৫ ॥

বল্মীক। গ্রীবা স্কন্ধ কক্ষ (বাহুমূল, বগল) হস্ত পদ সন্ধিস্থল ও গলদেশে বল্মীকবৎ বহুশিখর-বিশিষ্ট যে পিড়কা জন্মে, তাহাকে বল্মীক কহে। ইহা ত্রিদোষজ ব্যাধি। এই ব্যাধি অচিকিৎসিত হইলে ক্রমে ক্রমে বৃদ্ধি প্রাপ্ত হইয়া স্রাব ও সূচীবেধবদ্ বেদনা বিশিষ্ট উন্নতাগ্র বহুমুখদ্বারা বিসর্প রোগের ন্যায় বিসর্পিত হয়; ইহা পুরাতন হইলে অসাধ্য হইয়া উঠে ॥ ৬ ॥

ইন্দ্রবিদ্ধা। পদ্মবীজকোষের বীজসমূহ মধ্য ভাগে যেরূপ মণ্ডলাকারে সংস্থিত, ত্বকের উপর সেইরূপভাবে পিড়কা সকল উৎপন্ন হইলে, তাহাকে ইন্দ্রবিদ্ধা কহে। ইহা বাতপৈত্তিক রোগ ॥ ৭ ॥

গর্দ্দভিকা। মণ্ডলাকারে উৎপন্ন এবং গোল গোল উঁচু উঁচু রক্তবর্ণ বেদনাযুক্ত পিড়কা দ্বারা ব্যাপ্ত ব্যাধিকে গর্দ্দভিকা কহে। ইহা বাতপিত্তজ ॥ ৮ ॥

পাষাণগর্দ্দভ। হনুসন্ধিতে কঠিন, অল্পবেদনাযুক্ত ও চিক্কণ যে শোথ জন্মে, তাহাকে পাষাণগর্দ্দভ কহে। ইহা বাতশ্লেষ্মজ ॥ ৯ ॥

পনসিকা। কর্ণের অভ্যন্তরে উগ্রবেদনাযুক্ত ও স্থির যে পিড়কা উদ্ভূত হয়, তাহাকে পনসিকা কহে। ইহা অন্তর্ভাগে পাকে ॥ ১০ ॥

জালগর্দ্দভ। যে শোথ, তনু (পাতলা) ও পাকরহিত (কাহার কাহার মতে ঈষৎ পাকযুক্ত), যাহা বিসর্পের ন্যায় পরিসর্পণশীল এবং যাহাতে দাহ ও জ্বর বিদ্যমান থাকে, তাহাকে জালগর্দ্দভ কহে। জালগর্দ্দভ, অগ্নিবাত নামে খ্যাত। ইহা পিত্তজ ॥ ১১ ॥

ইরিবেল্লিকা। উগ্রবেদনা ও জ্বরদায়ক, গোলাকার যে পিড়কা মস্তকে জন্মে, তাহাকে ইরিবেল্লিকা কহে। ইহা ত্রিদোষজ ও ত্রিদোষলক্ষণাক্রান্ত ॥ ১২ ॥

কক্ষা। বাহু পার্শ্ব স্কন্ধ ও কক্ষদেশে (বগলে) কৃষ্ণবর্ণ বেদনাযুক্ত যে স্ফোটক জন্মে, তাহাকে কক্ষা কহে। ইহা পিত্তপ্রকোপজ ॥ ১৩ ॥

গন্ধমালা। কক্ষোক্ত স্ফোটসদৃশ ত্বগগত এক একটি পিড়কাকে গন্ধমালা বা গন্ধনাম্নী কহে। ইহাও পিত্তপ্রকোপজ ব্যাধি ॥ ১৪ ॥

অগ্নিরোহিণী। কক্ষভাগে মাংস-বিদারক, অন্তর্দ্দাহজনক, জ্বরকর ও প্রদীপ্ত অঙ্গারসদৃশ যে সকল স্ফোট জন্মে, তাহাদিগকে অগ্নিরোহিণী কহে। ইহা ত্রিদোষজ ও অসাধ্য। এই রোগে সাতদিন, দশদিন বা পনর দিনের মধ্যে রোগির মৃত্যু হইয়া থাকে ॥ ১৫ ॥

চিপ্প ও কুনখ। বায়ু ও পিত্ত নখের মাংসকে দূষিত করিয়া দাহ ও পাক বিশিষ্ট যে রোগ উৎপাদন করে, তাহাকে চিপ্প (অঙ্গুলিবেষ্ট, আঙ্গুলহাড়া) কহে। এই চিপ্প রোগই যদি অল্প দোষসম্ভূত ও পরুষ হয়, তাহা হইলে তাহাকে কুনখ কহে ॥ ১৬ । ১৭ ॥

অনুশয়ী। পায়ের উপর অল্প শোথযুক্ত, ত্বক্‌সমবর্ণ, অন্তঃপাকবিশিষ্ট সুতরাং গম্ভীর যে পিড়কা জন্মে, তাহাকে অনুশয়ী কহে ॥ ১৮ ॥

বিদারিকা। কক্ষা ও বঙ্ক্ষণ সন্ধিতে ভূমিকুষ্মাণ্ড-কন্দের ন্যায় গোলাকার যে শোথ জন্মে, তাহাকে বিদারিকা কহে। ইহা ত্রিদোষজ ও ত্রিদোষ-লক্ষণাক্রান্ত ॥ ১৯ ॥

শর্করার্ব্বুদ। বায়ু ও কফ, মাংস শিরা স্নায়ু ও মেদকে দূষিত করিয়া গ্রন্থি উৎপাদন করে। এই গ্রন্থি বিদীর্ণ হইলে, তাহা হইতে ঘৃত মধু ও বসা সদৃশ স্রাব নির্গত হয় এবং ধাতুক্ষয়হেতু পূর্ব্বদুষ্ট বায়ু অধিকতর কুপিত হইয়া মাংস সংশোষণ পূর্ব্বক শর্করাতুল্য কঠিন গ্রন্থি জন্মাইয়া থাকে। এই গ্রন্থি অর্ব্বুদের ন্যায় হয় বলিয়া, তাহাকে শর্করার্ব্বুদ কহে। এই অর্ব্বুদস্থ শিরাসমূহ হইতে দুর্গন্ধ পচা ও নানাবর্ণ নিঃস্রাব নিঃসৃত হয়, কখন বা সহসা রক্ত নির্গত হইয়া থাকে ॥ ২০ ॥

পাদদারী। যে সকল ব্যক্তি পদব্রজে অধিক ভ্রমণ করে, তাহাদের পদতলদ্বয় অত্যন্ত রুক্ষ হইয়া বায়ুকর্ত্তৃক বিদারিত হয় অর্থাৎ ফাটে ইহাকেই পাদদারী কহে। ইহাতে অত্যন্ত বেদনা হয় ॥ ২১ ॥

কদর। কাঁকর বা কণ্টকাদি দ্বারা পদতল ক্ষত বা আহত হইলে, কুলের ন্যায় আকৃতিবিশিষ্ট গ্রন্থি উৎপন্ন হয়, ইহাকে কদর (কুলআঁঠি) কহে ॥ ২২ ॥

অলস। দুষ্ট কর্দ্দম-সংস্পর্শে পদাঙ্গুলিদ্বয়ের মধ্যভাগ ক্লিন্ন এবং কণ্ডু দাহ ও বেদনা বিশিষ্ট হইলে তাহাকে অলস (পাঁকুই) কহে ॥ ২৩ ॥

ইন্দ্রলুপ্ত। কুপিত বায়ু ও পিত্ত, লোমকূপস্থ হইয়া তত্রত্য কেশ সকলকে উঠাইয়া দেয় এবং দুষ্ট শ্লেষ্মা ও রক্ত, ঐ রোমকূপ সকলকে রুদ্ধ করিয়া রাখে, তজ্জন্যই আর ঐ স্থানে অন্য কেশ উঠে না। ইহাকেই ইন্দ্রলুপ্ত খালিত্য বা রুজ্যা কহে। চলিত ভাষায় ইহার নাম টাক্ ॥ ২৪ ॥

দারুণক। এই রোগে কেশভূমি, কর্কশ কণ্ডুযুক্ত রুক্ষ ও কাটা কাটা হয়, ইহা বাতশ্লেষ্ম-প্রকোপজ ব্যাধি। চলিত ভাষায় ইহাকে রুখী বা খুস্কী কহে ॥ ২৫ ॥

অরুংষিকা। যে রোগে মস্তকে বহুমুখ ও বহুক্লেদ বিশিষ্ট ব্রণসমূহ উৎপন্ন

হয়, তাহাকে অরুংষিকা কহে। ইহা কফ রক্ত ও ক্রিমি কোপ হইতে উৎপন্ন হইয়া থাকে ॥ ২৬ ॥

পলিত। ক্রোধ শোক ও শ্রমজনিত দেহোষ্মা এবং পিত্ত, শিরোগত হইয়া কেশ সকলকে অকালে পক্ক করে, ইহাকেই পলিত বা চুলপাকা কহে। এই নিদান অকাল পলিতের পক্ষেই জানিবে, কারণ বৃদ্ধাবস্থায় পালিত্য, বয়সের ধর্ম্মেই হইয়া থাকে ॥ ২৭ ॥

মুখদূষিকা। যুবা ব্যক্তিদের মুখে, শিমুল কাঁটার ন্যায় যে সকল ব্রণ জন্মে,তাহাদিগকে মুখদূষিকা (বয়োব্রণ) কহে। ইহা কফ মারুত ও রস দোষে উদ্ভূত হয় ॥ ২৮

পদ্মিনী-কণ্টক। ত্বকের উপর পদ্মকণ্টকের ন্যায় কণ্টকাকীর্ণ, পাণ্ডুবর্ণ, কণ্ডুযুক্ত, বৃত্তাকার যে মণ্ডল উদ্গত হয়, তাহাকে পদ্মিনী-কণ্টক (পদ্মকাটা) কহে। ইহা বাতশ্লেষ্মজ ব্যাধি ॥ ২৯ ॥

জতুমণি। ত্বকের উপর মসৃণ কিঞ্চিদুন্নত ও অবেদন যে কৃষ্ণবর্ণ মণ্ডল উৎপন্ন হয়, তাহাকে জতুমণি (জড়ুল) কহে। ইহা সহজ অর্থাৎ জন্মের সহিত জাত। জতুমণি, কফরক্ত-প্রকোপজ ব্যাধি। কোন কোন পণ্ডিত বলেন, ইহা স্ত্রী পুরুষের অঙ্গবিশেষে অবস্থিত হইলে শুভাশুভ ফলপ্রদ হয় ॥ ৩০ ॥

মষক। ত্বকের উপর মাষকলায়ের ন্যায় আকৃতিবিশিষ্ট কৃষ্ণবর্ণ উন্নত বেদনারহিত ও অচল যে আকৃতি উদ্ভূত হয়, তাহাতে মষক কহে। ভাষায় ইহাকে আঁচিল বলা যায়। ইহা বাতজব্যাধি ॥ ৩১ ॥

তিলকালক। ত্বকের উপর অনুন্নত অবেদন ও কৃষ্ণবর্ণ তিলবৎ যে সকল আকৃতি উৎপন্ন হয়, তাহাকে তিলকালক (তিল) কহে। ইহা ত্রিদোষজ ॥ ৩২ ॥

ন্যচ্ছ। গাত্রে বহ্বায়ত ও অল্পায়ত শ্যাব বা কৃষ্ণবর্ণ যে বেদনারহিত মণ্ডল উদ্ভূত হয়, তাহাকে ন্যচ্ছ (ছোদ্র বা ছুলি) কহে ॥ ৩ ॥

ব্যঙ্গ। ক্রোধ ও পরিশ্রম হেতু কুপিত বায়ু এবং পিত্ত, মুখে উপস্থিত হইয়া শ্যাববর্ণ অনুন্নত ও বেদনাহীন যে মণ্ডল উৎপাদন করে, তাহাকে ব্যঙ্গ (মেছেতা) বলে ॥ ৩৪ ॥

নীলিকা। উপরি উক্ত ব্যঙ্গলক্ষণবিশিষ্ট চিহ্ন, যদি কৃষ্ণবর্ণ হয়, তাহা হইলে তাহাকে নীলিকা কহে। ব্যঙ্গ ও নীলিকার প্রভেদ এই—ব্যঙ্গ শ্যাববর্ণ, নীলিকা কৃষ্ণবর্ণ। ভোজ বলেন—ব্যঙ্গ কেবল মুখে হয়, নীলিকা গাত্রে হইয়া থাকে ॥ ৩৫ ॥

পরিবর্ত্তিকা। লিঙ্গ অতিমর্দ্দিত, অতিপ্রপীড়িত বা অভিহত হইলে, অভিঘাত-কুপিত ব্যানবায়ু লিঙ্গচর্ম্মকে আশ্রয় করিলে, ঐ চর্ম্ম দূষিত ও বিবর্ত্তিত হয়। ইহাতে বেদনা ও দাহ থাকে, ইহা কদাচিৎ পাকে। লিঙ্গমণির অধোভাগে ঐ চর্ম্মকোষ গ্রন্থিরূপে লম্বমান হয়, ইহাকে পরিবর্ত্তিকা (যুদ) কহে। বাতজ পরিবর্ত্তিকা বেদনাযুক্ত কিন্তু কফানুগ হইলে কঠিন ও কণ্ডুবিশিষ্ট হয় ॥ ৩৬ ॥

অবপাটিকা। অনার্ত্তবা বালিকার সূক্ষ্মমুখ যোনিতে, হর্ষ বা বলপূর্ব্বক গমন হেতু লিঙ্গচর্ম্ম উদ্বর্ত্তিত হইলে অথবা হস্তাভিঘাত দ্বারা কিংবা জলপ্রয়োগ করায় ঐ

চর্ম্ম উলটাইয়া গেলে অর্থাৎ স্বস্থান হইতে উর্দ্ধে অবস্থিত হইলে যদি ঐ চর্ম্ম বিদীর্ণ হইয়া যায়, তাহা হইলে উহাকে অবপাটিকা কহে ॥ ৩৭ ॥

নিরুদ্ধপ্রকশ। লিঙ্গ বায়ু দ্বারা আক্রান্ত হইলে চর্ম্ম যদি লিঙ্গমণিকে দৃঢ়রূপে আশ্রয় করে এবং তজ্জন্য মূত্রস্রোতঃ রুদ্ধ হয়, তাহা হইলে উহাকে নিরুদ্ধপ্রকশ বলা যায়। এই রোগে লিঙ্গমণি যদি সম্পূর্ণ রুদ্ধ না হয়, তাহা হইলে মূত্র মন্দধারে বেদনার সহিত অল্প অল্প প্রবর্ত্তিত হয়, কিন্তু রুদ্ধ হইলে একবারে বন্ধ হইয়া যায়। নিরুদ্ধপ্রকশে লিঙ্গমণি বিবৃত হয় না। উহাতে বায়ুর কোপ অধিক থাকিলে অত্যন্ত বেদনা হইয়া থাকে ॥ ৩৮ ॥

সন্নিরুদ্ধগুদ। মলবেগ ধারণ হেতু অপানবায়ু কুপিত হইয়া মলমার্গকে রুদ্ধ ও সূক্ষ্মদ্বারবিশিষ্ট করে, মলমার্গের অল্পত্ব-নিবন্ধন পুরীষ অতিকষ্টে নির্গত হয়। ইহারই নাম সন্নিরুদ্ধগুদ। ইহা অতি ভয়ানক ॥ ৩৯ ॥

অহিপূতন। শিশুদিগের গুহ্যদেশের মল মূত্র বা ঘর্ম্ম ধুইয়া না দিলে ক্লেদ-হেতু ঐ স্থানে রক্তকফোদ্ভব কণ্ডূ জন্মিয়া থাকে। উহা চুল্‌কাইলে সহসা ক্ষত হইয়া স্রাব নির্গত হয়। পরে ক্ষত সকল মিলিত হইয়া অতি কষ্টদায়ক হইয়া থাকে। ইহাকেই অহিপূতন কহে ॥ ৪০ ॥

বৃষণ-কচ্ছু। যে ব্যক্তি স্নান ও গাত্র মার্জ্জন না করে, তাহার অণ্ডকোষস্থিত ময়লা ঘর্ম্মদ্বারা ক্লিন্ন হইয়া কণ্ডূ উৎপাদন করে। উহা চুল্‌কাইলে শীঘ্র ক্ষত হইয়া স্রাব নির্গত হয়। ইহাকেই বৃষণকচ্ছু কহে। ইহা শ্লেষ্মরক্ত-প্রকোপজ ॥ ৪১ ॥

গুদভ্রংশ। অতিশয় কুন্থন ও অধিক মলভেদ হেতু রুক্ষ ও দুর্ব্বলদেহ ব্যক্তির গুদনাড়ী বহির্গত হইলে তাহাকে গুদভ্রংশ কহে ॥ ৪২ ॥

শূকরদংষ্ট্রক। উক্ত গুদভ্রংশে যদি দাহ, তীব্রবেদনা ও কণ্ডূ থাকে, উহার প্রান্তভাগ যদি রক্তবর্ণ হয় এবং তাহাতে যদি ত্বক্ পাকে ও জ্বর হয়, তাহা হইলে তাহাকে শূকরদংষ্ট্রক কহা যায় ॥ ৪৩ ॥

ক্ষুদ্ররোগ-নিদান সমাপ্ত।

মুখরোগ-নিদান।

ওষ্ঠগত-রোগ-নিদান।

আনূপ মাংস ক্ষীর দধি ও মৎস্যের অতিসেবন দ্বারা বাতাদিদোষ কুপিত হইয়া মুখমধ্যে নানাবিধ রোগ উৎপাদন করে। মুখরোগে কফেরই বিশেষ প্রাধান্য থাকে ॥ ১ ॥

বাতজ ওষ্ঠরোগে ওষ্ঠদ্বয় কর্কশ রুক্ষ জড়বৎ তোদাদি বাতবেদনাযুক্ত ও অত্যন্ত ব্যথিত হয় এবং ওষ্ঠের ত্বক্ ফাটিয়া যায়।

পিত্তজ ওষ্ঠরোগে ওষ্ঠদ্বয় পীতাভ ও বেদনাদায়ক পিড়কাসমূহে ব্যাপ্ত হয়। সেই সকল পিড়কা পাকে ও দাহ উপস্থিত করে।

কফজ ওষ্ঠরোগে ওষ্ঠদ্বয় শীতল গুরু পিচ্ছিল ও অল্পবেদনাযুক্ত হয় এবং ত্বক্-সমবর্ণ পিড়কাসমূহে ব্যাপ্ত হইয়া থাকে।

ত্রিদোষজ ওষ্ঠরোগে ওষ্ঠদ্বয় কখন কৃষ্ণ, কখন পীত, কখন বা শ্বেতবর্ণ হয়। এবং বাতাদি বেদনাযুক্ত বহু পিড়কান্বিত হইয়া থাকে ॥ ২ ॥

রক্তপ্রকোপজ ওষ্ঠরোগে ওষ্ঠদ্বয় খর্জ্জুর ফলের ন্যায় বর্ণবিশিষ্ট পিড়কাদ্বারা আকীর্ণ ও রক্তবর্ণ হইয়া রক্তস্রাব করে ॥ ৩ ॥

মাংসদোষজনিত ওষ্ঠরোগে ওষ্ঠদ্বয় গুরু স্থূল ও মাংসপিণ্ডবৎ উন্নত হয় এবং ওষ্ঠ-প্রান্তদ্বয়ে ক্রিমি জন্মিয়া ক্রমে বর্দ্ধিত হইতে থাকে ॥ ৪ ॥

মেদোজনিত ওষ্ঠরোগে, ওষ্ঠদ্বয় গুরু ও কণ্ডূযুক্ত এবং ঘৃতের উপরিতন স্বচ্ছভাগের ন্যায় রূপবিশিষ্ট হয়। ইহা হইতে স্ফটিকের ন্যায় নির্ম্মল স্রাব নিরন্তর নিঃসৃত হইতে থাকে, তাদৃশ ব্রণের সংরোহণ ও কোমলতা হয় না ॥ ৫ ॥

অভিঘাতজ ওষ্ঠরোগে বিদারণবৎ ও কুঠারাঘাতবৎ বেদনা হয় ॥ ৬ ॥

দন্তবেষ্টগত-রোগ-নিদান।

শীতাদ নামক দন্তবেষ্টরোগে দন্তবেষ্ট (দাঁতের মাড়ি) হইতে অকস্মাৎ রক্ত-স্রাব হয় এবং দন্তমাংস সকল ক্রমশঃ পচিয়া দুর্গন্ধ ক্লেদযুক্ত কৃষ্ণবর্ণ ও কোমল হইয়া খসিয়া পড়িতে থাকে। কফ ও রক্তদুষ্টি হেতু এই রোগ জন্মে ॥ ১ ॥

দুইটি বা তিনটি দাঁতের গোড়া অত্যন্ত শোথযুক্ত হইলে তাহাকে দন্তপুপ্পুটক কহে। ইহা কফরক্তজ ব্যাধি ॥ ২ ॥

দন্তবেষ্টনামক রোগে, দন্ত সকল নড়ে ও পূযরক্ত নির্গত হয়। ইহা দুষ্ট-রক্তজ পীড়া ॥ ৩ ॥

দাঁতের গোড়ায় যন্ত্রণাদায়ক ও কণ্ডূযুক্ত শোথ এবং লালা নিঃসৃত হইলে তাহাকে শৌষির কহে। ইহা কফবাতজ ॥ ৪ ॥

যে রোগে, দন্তবেষ্ট হইতে দন্ত সকলের বিচলন হয়, তালু দন্ত ও ওষ্ঠের বিদারণ হয় এবং দন্তমাংস ও মুখ পচে, তাহাকে মহাশৌষির কহে। ইহা ত্রিদোষজ ব্যাধি ॥ ৫ ॥

যে রোগে, দন্তমাংস সকল গলিত ও রক্ত নিঃসৃত হয়, তাহাকে পরিদর কহে। ইহা রক্তপিত্ত ও কফবিকৃতি হেতু উৎপন্ন হয় ॥ ৬ ॥

যে রোগে, দন্তবেষ্টে পাক ও দাহ উপস্থিত হয় এবং ঐ দাহ ও পাক নিবন্ধন দন্ত সকল নড়িতে ও পড়িতে থাকে, অল্প ঘট্টিত হইলেই রক্ত নির্গত হয়, অল্প অল্প বেদনা থাকে, রক্ত মোক্ষণ না করিলে দন্ত মাংস সকল ফুলিয়া উঠে ও মুখে দুর্গন্ধ হয়, তাহাকে উপকুশ কহে। ইহা রক্তপিত্তজনিত ব্যাধি ॥ ৭ ॥

দন্তবেষ্ট দুষ্ট হওয়াতে যদি প্রবল শোথ ও দন্ত সকল বিচলিত হয়, তাহা হইলে তাহাকে বৈদর্ভ কহে। ইহা অভিঘাতজ ॥ ৮ ॥

বায়ুর প্রকোপবশতঃ প্রবল যাতনার সহিত যে একটী অতিরিক্ত দন্ত উঠে, তাহাকে খলিবর্দ্ধন (আক্কেল দাঁত) কহে। এইরূপ দন্ত উদ্গত হইলে পর আর যন্ত্রণা থাকে না ॥ ৯ ॥

দন্তাশ্রিত কুপিত বায়ু দন্ত সকলকে ক্রমে ক্রমে বিষম বিকটাকার করিলে তাহাকে করাল রোগ কহে; ইহা অসাধ্য ॥ ১০ ॥ *

হনুকুহরের প্রান্তস্থিত দন্তমূলে অতি যন্ত্রণাদায়ক প্রবল শোথ হইয়া লালা নির্গত হইলে, তাহাকে অধিমাংস কহে। ইহা কফজ ॥ ১১ ॥

নাড়ীব্রণাধিকারে বাতজ পিত্তজ কফজ সন্নিপাতজ ও আগন্তুজ, এই পাঁচ প্রকার নাড়ীব্রণের যে যে লক্ষণ লিখিত হইয়াছে, দন্তমূলেও সেই সেই লক্ষণাক্রান্ত পাঁচ প্রকার নাড়ী (নালী) উৎপন্ন হয় ॥ ১২ ॥

দন্তগতমুখরোগ-নিদান।

দালন নামক দন্তরোগে বোধ হয়, যেন দন্ত সকল বিদীর্ণ হইয়া যাইতেছে, এইরূপ যন্ত্রণা উপস্থিত হয়। ইহা বাতজ ব্যাধি ॥ ১ ॥

ক্রিমিদন্তক রোগে, দন্তে কৃষ্ণবর্ণ ছিদ্র হয়, দন্ত নড়ে এবং দন্তমূলে অতি বেদনাদায়ক শোথ, লালাস্রাব ও অকস্মাৎ বেদনার আধিক্য, এই সকল লক্ষণ উপস্থিত হয়। এই রোগে বায়ুর প্রকোপ থাকে ॥ ২ ॥

ভঞ্জনকরোগে মুখ বক্র ও দন্ত ভগ্ন হয়। ইহা বাতশ্লেষ্মজ ব্যাধি ॥ ৩ ॥

দন্তহর্ষরোগে দন্ত সকল শীতলতা, রুক্ষতা, বায়ুপ্রবাহ ও অম্লস্পর্শ সহ্য করিতে পারে না। ইহা বাতপিত্ত-প্রকোপজ পীড়া ॥ ৪ ॥

দন্তগত মল, বায়ু ও পিত্তদ্বারা শোষিত হইয়া শর্করার ন্যায় খরস্পর্শ হইলে তাহাকে দন্তশর্করা কহে ॥ ৫ ॥

সেই দন্তশর্করা, দন্তাবরণ সহিত খাপরার ন্যায় বিদীর্ণ হইলে তাহাকে কপালিকা কহে। ইহা দন্তনাশক ॥ ৬ ॥

দুষ্টরক্ত ও পিত্তদ্বারা কোন দন্তের সকল অংশ দগ্ধবৎ নীল বা শ্যাববর্ণ হইলে তাহাকে শ্যাবদন্তক কহে। ৭ ॥

জিহ্বাগতমুখরোগ-নিদান

বাতদুষ্ট জিহ্বা স্ফুটিত ও রসাস্বাদনে অসমর্থ এবং শাক (সেগুণ) নামক বৃক্ষের পত্রসদৃশ কণ্টক-ব্যাপ্ত হয়। পিত্তদুষ্ট জিহ্বা, দাহজনক এবং রক্তবর্ণ ও

* দন্তমাংস দুষ্ট রক্ত এবং বাতাদি দোষ দ্বারা ভিতরে বাহিরে যে দাহ ও বেদনাযুক্ত গুরু শোথ উৎপাদিত হয়, তাহাকে দন্তবিদ্রধি কহে। দন্তবিদ্রধি বিদীর্ণ হইলে তাহা হইতে পূযরক্ত নিঃসৃত হয়।

দীর্ঘাকৃতি কণ্টকসমূহ দ্বারা আকীর্ণ হইয়া থাকে। শ্লেষ্মদুষ্ট জিহ্বা, গুরু স্থূল ও শাল্মলীকণ্টকের ন্যায় মাংসাঙ্কুরবিশিষ্ট হয় ॥ ১ ॥

প্রদুষ্ট কফ ও রক্ত জিহ্বাতলে যে দারুণ শোথ উৎপাদন করে, তাহাকে অলাস কহে। উহা বৃদ্ধি প্রাপ্ত হইলে জিহ্বাস্তম্ভ ও জিহ্বামূলে অত্যন্ত পাক উপস্থিত করে ॥ ২ ॥

দুষ্ট কফ ও রক্ত জিহ্বাকে উন্নমিত করিয়া, নিম্নভাগে যে লালাস্রাব কণ্ডু ও দাহ বিশিষ্ট জিহ্বাগ্রাকৃতি শোথ উৎপাদন করে, তাহাকে উপজিহ্বা কহে ॥ ৩ ॥

তালুগতমুখরোগ-নিদান।

দুষ্ট কফ ও দুষ্ট রক্ত দ্বারা তালুমূলে যে শোথ উৎপন্ন ও ক্রমশঃ বর্দ্ধিত হইয়া বাতপূর্ণ চর্ম্মপুটের ন্যায় আকৃতিবিশিষ্ট হয়, তাহাকে কণ্ঠশুণ্ডী কহে। গলশুণ্ডী রোগে তৃষ্ণা কাস ও শ্বাস উপস্থিত হয় ॥ ১ ॥

কফ ও রক্তের প্রকোপ হেতু তালুমূলে তুণ্ডিকেরী অর্থাৎ বনকাপাসী ফলের ন্যায় আকৃতিবিশিষ্ট যে স্থূল শোথ উৎপন্ন হয়, তাহাকে তুণ্ডিকেরী কহে। ইহাতে তোদ ও দাহ বিদ্যমান থাকে এবং ইহা পাকে।

তালুদেশে রক্তদুষ্টি জন্য যে লোহিতবর্ণ অনতিস্থূল শোথ জন্মে, তাহাকে অধ্রুষ কহে। ইহাতে জ্বর ও তীব্রবেদনা উপস্থিত হয়।

শ্লেষ্মার প্রকোপে তালুদেশে অল্প বেদনাযুক্ত কূর্ম্মাকৃতি যে শোথ ক্রমে ক্রমে দীর্ঘকালে উদ্ভূত হয়, তাহাকে কচ্ছপ কহে ॥ ২ ॥

রক্ত-প্রকোপে তালুমধ্যে পদ্মকর্ণিকার ন্যায় আকৃতিবিশিষ্ট অর্থাৎ মাংসাঙ্কুরব্যাপ্ত যে শোথ উৎপন্ন হয়, তাহাকে তালব্বর্ব্বুদ কহে। ইহা পূর্ব্বোক্ত রক্তার্ব্বুদ-লক্ষণাক্রান্ত।

কফদুষ্টি হেতু তালুদেশে বেদনারহিত যে দুষ্ট মাংসোপচয় হয়, তাহাকে মাংসসংঘাত কহে।

দুষ্ট কফ ও মেদঃ, তালুদেশে কুলের ন্যায় আকৃতিবিশিষ্ট এবং বেদনাহীন যে স্থায়ী শোথ উৎপাদন করে, তাহাকে তালুপুপপুট কহে।

তালুশোষ নামক এক প্রকার তালুরোগ আছে, তাহাতে তালুর অত্যন্ত শোষ ও বিদারণবৎ পীড়া এবং রোগির উগ্র শ্বাস উপস্থিত হয়। ইহা বাত-প্রকোপজ ব্যাধি।

পিত্ত প্রকুপিত হইয়া তালুদেশে কষ্টদায়ক পাক উপস্থিত করিলে, তাহাকে তালুপাক কহে ॥ ৩ ॥

কণ্ঠগতমুখরোগ-নিদান

বায়ু পিত্ত ও কফ এবং রক্ত ইহারা প্রত্যেকে বা সকলেই যুগপৎ প্রকুপিত হইয়া মাংসকে দূষিত করিয়া কণ্ঠদেশে মাংসাঙ্কুর সমূহ উৎপাদন করে। সেই মাংসাঙ্কুর দ্বারা কণ্ঠরোধ হওয়াতে রোগির প্রাণ বিনষ্ট হয়। এই ব্যাধির নাম রোহিণী ॥ ১ ॥

বাতজ রোহিণী রোগে, অত্যন্ত বেদনাদায়ক কণ্ঠ-নিরোধক মাংসাঙ্কুর সকল জিহ্বার চতুর্দ্দিকে উৎপন্ন হয়, তাহাতে মন্যাস্তম্ভাদি বাতবেদনা সকল প্রবলভাবে বিদ্যমান থাকে।

পিত্তজ রোহিণী রোগে, মাংসাঙ্কুর সকল শীঘ্র উৎপন্ন হয় ও শীঘ্র পাকে। ইহাতে তীব্রজ্বর উপস্থিত হয়।

কফজ রোহিণী রোগে মাংসাঙ্কুর সকল কণ্ঠস্রোতোরোধক অচল উন্নত ও কঠিন হয়।

সান্নিপাতিক রোহিণী রোগে মাংসাঙ্কুর সকল গম্ভীরপাকী অনিবার্য্য ও ত্রিদোষলক্ষণাক্রান্ত হয়।

রক্তজ রোহিণী, পৈত্তিক-রোহিণীর লক্ষণযুক্ত ও স্ফোটক দ্বারা ব্যাপ্ত। ইহা সুখসাধ্য ॥ ২ ॥

কফপ্রকোপ হেতু কণ্ঠদেশে কুলের আঁটির ন্যায় আকৃতি ও পরিমাণবিশিষ্ট খরস্পর্শ ও কঠিন যে গ্রন্থি উৎপন্ন হয়, তাহাকে কণ্ঠশালুক কহে। ইহা কণ্টকযুক্ত শূকবৎ বেদনাদায়ক। কণ্ঠশালুক অস্ত্রসাধ্য ব্যাধি ॥ ৩ ॥

কফ ও রক্ত জিহ্বার উপরিভাগে জিহ্বাগ্রভাগের ন্যায় আকৃতিবিশিষ্ট যে শোথ উৎপাদন করে, তাহাকে অধিজিহ্বা কহে। ইহা পাকিলে অসাধ্য হয়। উপজিহ্বা জিহ্বার নিম্নে হয়, অধিজিহ্বা উপরে হইয়া থাকে ॥ ৪ ॥

দুষ্ট কফ কণ্ঠদেশে বলয়াকৃতি যে উন্নত শোথ উৎপাদন করে, তাহাকে বলয় কহে। বলয় রোগে অন্নবহ স্রোত রুদ্ধ হইয়া যায়। ইহার শক্তি দুর্নিবার্য্য, সুতরাং বিবর্জ্জনীয় ॥ ৫ ॥

শ্লেষ্মা ও অনিল প্রকুপিত হইয়া কণ্ঠদেশে, শ্বাস ও বেদনাজনক মর্ম্মচ্ছেদক যে শোথ উৎপাদন করে, তাহাকে বলাশ কহে। ইহা অচিকিৎস্য ॥ ৬ ॥

দুষ্ট কফ ও রক্ত, কণ্ঠ-মধ্যে দাহ ও কণ্ডুযুক্ত ঈষৎপাকী ও ঈষৎ মৃদু, ভারবিশিষ্ট উন্নত ও গোলাকার যে শোথ উৎপাদন করে, তাহাকে একবৃন্দ কহে ॥ ৭ ॥

পিত্ত ও রক্তের প্রকোপ হেতু কণ্ঠদেশে উন্নত গোলাকার এবং তীব্র জ্বর ও দাহ বিশিষ্ট যে শোথ উৎপন্ন হয়, তাহাকে বৃন্দ কহে। ইহা বাতাত্মক হইলে তোদবিশিষ্ট হয় ॥ ৮ ॥

বাতাদি দোষত্রয়ের প্রকোপ জন্য কণ্ঠ-নিরোধক কঠিন ও শতঘ্নীর ন্যায় আকৃতিবিশিষ্ট যে বর্ত্তি উৎপন্ন হয়, তাহাকে শতঘ্নী কহে। লৌহ-কণ্টকাচ্ছন্ন বৃহৎ শিলাকে শতঘ্নী বলে, শতঘ্নী যেমন লৌহ কণ্টকে আকীর্ণ, ইহাও তেমনি মাংসাঙ্কুরে ব্যাপ্ত। ইহাতে বাতাদি দোষত্রয়-কৃত বিবিধ বেদনা বিদ্যমান থাকে। এই রোগ প্রাণনাশক ॥ ৯ ॥

কফ ও রক্তের প্রকোপে কণ্ঠদেশে আমলার আঁটির ন্যায় আকৃতি ও পরিমাণ বিশিষ্ট কঠিন এবং অত্যন্ত বেদনাযুক্ত যে শোথ উৎপন্ন হয়, তাহাকে শিলায়ু (বা গিলায়ু) কহে। ইহাতে বোধ হয় যেন আহার দ্রব্য কণ্ঠদেশে সংলগ্ন হইয়া রহিয়াছে। শিলায়ু শস্ত্রসাধ্য ব্যাধি ॥ ১০ ॥

ত্রিদোষের প্রকোপ হেতু সমস্ত কণ্ঠ ব্যাপিয়া যে শোথ উৎপন্ন হয়, তাহাকে গলবিদ্রধি কহে। ইহাতে তোদ দাহ ও কণ্ডূ প্রভৃতি ত্রিদোষজনিত সর্ব্বপ্রকার বেদনা উপস্থিত হয়। ইহা পূর্ব্বোক্ত সান্নিপাতিক বিদ্রধির লক্ষণাক্রান্ত। স্থানভেদে চিকিৎসাভেদ থাকায় গলবিদ্রধি পৃথগ্‌ভাবে পঠিত হইয়াছে ॥ ১১ ॥

গলৌঘ রোগে, গলমধ্যে এরূপ বৃহৎ শোথ হয় যে, তাহাতে অন্ন জল ও নিশ্বাসবায়ুরও গতি রুদ্ধ হয়। এবং রোগী প্রবল জ্বরে আক্রান্ত হইয়া থাকে। ইহা কফরক্তজনিত ব্যাধি। ১২ ॥

স্বরঘ্ন রোগে, শ্বাসমার্গ কফরুদ্ধ হওয়াতে রোগী মূর্চ্ছা যায়, ঘন ঘন নিশ্বাস ফেলে; তাহার স্বরভেদ হয় এবং কণ্ঠ নীরস ও অস্বাধীন (কোনও বস্তু গলাধঃকরণে অসমর্থ) হইয়া থাকে। ইহা বাতজ ব্যাধি ॥ ১৩ ॥

যে রোগে কণ্ঠদেশে বিস্তৃত অতি কষ্টদায়ক লম্বমান শোথ উৎপন্ন হইয়া ক্রমে ক্রমে কণ্ঠরোধ করিয়া প্রাণনাশ করে, তাহাকে মাংসতান কহে। ইহা ত্রিদোষজ ॥ ১৪ ॥

বিদারী রোগে, কণ্ঠের মধ্যে তোদ ও দাহবিশিষ্ট তাম্রবর্ণ শোথ হয় এবং ক্রমে ঐ শোথের মাংস পচিয়া দুর্গন্ধ হইয়া খসিয়া পড়ে। যে পার্শ্বে শয়ন করা অভ্যাস, সেই পার্শ্বেই প্রায় এই রোগ জন্মিয়া থাকে। ইহা পিত্তপ্রকোপজ ব্যাধি ॥ ১৫ ॥

সর্ব্বসরমুখরোগ-নিদান।

বাতিক সর্ব্বসর রোগে সমস্ত মুখ সূচীবেধবৎ বেদনাদায়ক স্ফোটক দ্বারা ব্যাপ্ত; পৈত্তিক সর্ব্বসর রোগে রক্ত বা পীতবর্ণ দাহযুক্ত ক্ষুদ্র ক্ষুদ্র স্ফোটক দ্বারা ব্যাপ্ত; শ্লৈষ্মিক সর্ব্বসর রোগে সকণ্ডু, অল্প বেদনাযুক্ত ও গাত্রসমবর্ণবিশিষ্ট স্ফোটক দ্বারা পরিব্যাপ্ত হয়। এক্ষণে মুখরোগ সমূহের সাধ্যাসাধ্যত্ব কথিত হইতেছে। ওষ্ঠগত রোগের মধ্যে যাহা মাংসগত রক্তগত ও ত্রিদোষজ, তাহা অসাধ্য। দন্তবেষ্টগত রোগের মধ্যে ত্রিদোষজ নাড়ী ও মহাশৌষির বর্জ্জনীয়। দন্তগত রোগের মধ্যে শ্যাবদন্ত দালন ও ভঞ্জন ত্যাজ্য। জিহ্বাগত রোগের মধ্যে অলাস; তালুগতরোগের মধ্যে অর্ব্বুদ এবং কণ্ঠগত রোগের মধ্যে স্বরঘ্ন বলয় বৃন্দ বলাশ বিদারিকা গলৌঘ মাংসতান শতঘ্নী ও রোহিণী অসাধ্য। এই উনবিংশতি প্রকার মুখরোগের চিকিৎসা বিফল॥ ১২॥

মুখরোগ নিদান সমাপ্ত।

কর্ণস্রোতোগতরোগ-নিদান।*

কর্ণগত বায়ু প্রতিলোমভাবে ইতস্ততঃ বিচরণ করিয়া, কর্ণে অতিকষ্টদায়ক শূল উপস্থিত করে এবং কুপিত রক্ত পিত্ত বা কফ ইহাদের মধ্যে যে দোষদ্বারা আবৃত হয়, তাহারও লক্ষণ প্রদর্শন করিয়া থাকে। এইরূপ ব্যাধিকে কর্ণশূল কহে। ইহা কষ্টসাধ্য॥ ১॥

কর্ণনাদ নামক রোগে, কর্ণস্রোতোগত বায়ুদ্বারা কর্ণে ভেরী মৃদঙ্গ ও শঙ্খ প্রভৃতি শব্দের ন্যায় বিবিধ শব্দ অনুভূত হয়।

শুদ্ধ বায়ু বা কফ সংযুক্ত বায়ু শব্দবহ স্রোতঃকে আবরণ করিলে, বাধির্য্য (কালা) রোগ উপস্থিত হয়॥ ২॥

বায়ু, পিত্তাদির সহিত সংযুক্ত হইয়া কর্ণে ক্ষ্বেড় অর্থাৎ বেণুঘোষের ন্যায় শব্দ উপস্থিত করিলে তাহাকে কর্ণক্ষ্বেড় কহে॥ ৩॥

মস্তকে অভিঘাত, জলে নিমজ্জন অথবা কর্ণ-বিদ্রধির প্রপাক এই সকল কারণে বায়ু কুপিত হইয়া কর্ণকে প্রপীড়িত করিলে, তাহা হইতে পূয, রক্ত ও জল নিঃসৃত হইতে থাকে; ইহাকেই কর্ণস্রাব কহে॥ ৪॥

কর্ণগত বায়ু কফসংযুক্ত হইয়া কর্ণে কণ্ডু উৎপাদন করিলে তাহাকে কর্ণ-কণ্ডু কহে।

কর্ণস্থ শ্লেষ্মা পিত্তোষ্মদ্বারা শোষিত হইলে তাহাকে কর্ণগূথ কহে।

---

* শিশির, জলক্রীড়া, কর্ণকণ্ডূয়ন, এবং শব্দের অনুপযুক্ত প্রয়োগ, এই সকল কারণে বা শস্ত্র প্রক্ষেপণ কারণে বায়ু প্রকুপিত হইয়া কর্ণরন্ধ্রগত শিরাসমূহকে প্রদুষ্ট করিয়া কর্ণবিবরে শূলবৎ বেদনা উপস্থিত করে। ইহাকে কর্ণরোগ কহে। কর্ণগতরোগ অষ্টাবিংশতি প্রকার।

ঐ কর্ণগূথ যদি স্নেহ ও স্বেদাদিদ্বারা বিলীনীকৃত ও দ্রব হইয়া নাসিকা এবং মুখ দিয়া নির্গত হয়, তাহা হইলে উহাকে কর্ণপ্রতিনাহ কহে। কর্ণপ্রতিনাহ রোগে অর্দ্ধাবভেদক উপস্থিত হয় ॥ ৫ ॥

কর্ণের অভ্যন্তরে মাংস ও রক্তের পচন হেতু ক্রিমি উৎপন্ন হইলে, অথবা মক্ষিকাগণ ডিম্ব প্রসব করিলে, তাহাকে ক্রিমিকর্ণকরোগ বলা যায়; কর্ণে ক্রিমি-লক্ষণ প্রকাশ পায় বলিয়া প্রাচীন ভিষগ্‌গণ কর্তৃক ইহা ক্রিমিকর্ণক রোগ নামে অভিহিত হইয়াছে ॥ ৬ ॥

পতঙ্গ ও কাণকোঠারিগণ কর্ণে প্রবেশ করিলে, অত্যন্ত অসুখ, ব্যাকুলতা, দারুণ বেদনা ও তোদ উপস্থিত হয়, কাণ ফর্‌ফর্‌ করিতে থাকে। কীট যখন চলিয়া বেড়ায়, তখন অত্যন্ত যাতনা বোধ হয়, কিন্তু নিস্পন্দ হইলে বেদনার লাঘব হইয়া থাকে ॥ ৭ ॥

ক্ষত বা অভিঘাত হেতু কর্ণে আগন্তুজ এবং দোষপ্রকোপহেতু দোষজ, এই দ্বিবিধ বিদ্রধি উৎপন্ন হয়। কর্ণ-বিদ্রধিরোগে সূচীবেধবদ্‌বেদনা, ধূমনির্গমবৎ পীড়া, দাহ ও সন্তাপ এই সকল উপদ্রব উপস্থিত হয়। ইহাতে রক্ত পীত বা অরুণবর্ণ স্রাব নিঃসৃত হইয়া থাকে ॥ ৮ ॥

পিত্তপ্রকোপহেতু কর্ণ ক্লিন্ন ও পূতিভাবাপন্ন হইলে তাহাকে কর্ণপাক কহে ॥ ৯ ॥

কর্ণবিদ্রধির পাক অথবা কর্ণে জলপ্রবেশ হেতু কর্ণ দিয়া দুর্গন্ধ পূয নিঃসৃত হইলে তাহাকে পূতিকর্ণক কহে ॥ ১০ ॥

উপরি উক্ত রোগ ব্যতীত, কর্ণে শোথ অর্ব্বুদ ও অর্শঃ হইয়া থাকে, তাহাদের লক্ষণ পূর্ব্বোক্ত শোথাদি লক্ষণের ন্যায় জানিবে ॥ ১১ ॥

কর্ণস্রোতোগতরোগ-নিদান সমাপ্ত।

কর্ণরোগ-নিদান।

বাতজ কর্ণরোগে কর্ণে নানাবিধ শব্দ, অতিশয় বেদনা, কর্ণমূলের শুষ্কতা, পাতলা ধাতুনির্গম ও শ্রবণশক্তির লোপ, এই সকল লক্ষণ উপস্থিত হয়।

পৈত্তিক কর্ণরোগে রক্তবর্ণ শোথ, বিদারণবৎ পীড়া, বিদাহ এবং পীতবর্ণ দুর্গন্ধ স্রাব নির্গম এই সকল লক্ষণ দৃষ্ট হয়।

শ্লৈষ্মিক কর্ণরোগে শ্রবণবৈপরীত্য, কণ্ডু, কঠিনশোথ, শ্বেতবর্ণ চিক্কণ স্রাব-নির্গমন ও অল্প বেদনা এই সকল লক্ষণ সংঘটিত হয়।

সান্নিপাতিক কর্ণরোগে উল্লিখিত বাতজাদি ত্রিবিধ কর্ণরোগেরই লক্ষণ সকল লক্ষিত হয় এবং যে দোষের আধিক্য থাকে, তদ্দোষজ বর্ণবিশিষ্ট স্রাব নির্গত হইয়া থাকে ॥ ১ ॥

সুকোমল কর্ণপালি বর্দ্ধিত করিবার জন্য যদি উহা অনেকক্ষণ পর্য্যন্ত টানিয়া রাখিয়া ছাড়িয়া দেওয়া যায়, তাহা হইলে কর্ণপালিতে কৃষ্ণ বা অরুণবর্ণ সবেদন স্তব্ধ ও ফাটা ফাটা যে শোথ উৎপন্ন হয়, তাহাকে পরিপোটক কহে। পরিপোটক বাতজ ব্যাধি ॥ ২ ॥

ভারবিশিষ্ট অলঙ্কার ধারণ, তাড়ন ও অতি ঘর্ষণাদি কারণেও কর্ণপালিতে শ্যাব বা রক্তবর্ণ, দাহ পাক ও বেদনাযুক্ত যে শোথ হয়, তাহাকে উৎপাত কহে। ইহা রক্তপিত্তজ ॥ ৩ ॥

কর্ণ বলপূর্ব্বক আকর্ষণ করিয়া টানিয়া ধরিলে বায়ু কুপিত ও কফসংযুক্ত হইয়া কর্ণপালিতে, স্তব্ধ অল্পবেদন ও কণ্ডুযুক্ত যে শোথ উৎপাদন করে, তাহাকে উন্মন্থক রোগ কহে। ইহা কফবাতজ।

কর্ণ সংবর্দ্ধ্যমান ও দুর্বিদ্ধ হইলে কণ্ডু দাহ রুজা ও পাক বিশিষ্ট যে শোথ হয়, তাহাকে দুঃখবর্দ্ধন কহে। ইহা ত্রিদোষজ ব্যাধি ॥ ৪ ॥

কফরক্তপ্রকোপজ সর্ষপাকার ক্রিমিগণ কর্ণপালিতে বিচরণ করিয়া কণ্ডু বেদনা ও দাহযুক্ত পিড়কা উৎপাদন করে। সেই কফরক্ত-ক্রিমিসম্ভূত-পিড়কাত্মক ব্যাধি ইতস্ততঃ বিসর্পিত হইয়া পালী ও শস্কুলীকে (কর্ণগহ্বরকে) নির্ম্মাংস বা আচ্ছাদিত করে। এইরূপ ব্যাধিকে পরিলেহী কহে ॥ ৫ ॥

কর্ণরোগ-নিদান সমাপ্ত।

নাসারোগ-নিদান।

পীনস বা অপীনস এই পীড়ায়, নাসিকা বাত-শোণিত-শ্লেষ্মদ্বারা রুদ্ধ, ধূম-নির্গমবৎ পীড়ায় পীড়িত এবং কখন শুষ্ক কখনও বা আর্দ্র হয়। ইহাতে ঘ্রাণশক্তি ও আস্বাদন শক্তি নষ্ট হইয়া যায়। পীনসরোগ বাতশ্লেষ্মসম্ভব। ইহা বাতশ্লৈষ্মিক প্রতিশ্যায়ের তুল্য লক্ষণাক্রান্ত জানিবে ॥ ১ ॥

দুষ্ট রক্ত পিত্ত ও কফদ্বারা বায়ু, গলদেশে এবং তালুমূলে দূষিত ও পূতিভাব-পন্ন হইয়া মুখ এবং নাসিকা দিয়া নির্গত হয়, ইহাকেই পূতিনস্য কহে ॥ ২ ॥

যে রোগে নাসাশ্রিত দুষ্ট পিত্ত, নাসিকায় পিড়কা সমূহ ও দারুণ পাক উপস্থিত করে, অথবা যে রোগে নাসিকা ক্লিন্ন ও পূতিভাবাপন্ন হয়, তাহাকে নাসাপাক কহে ॥ ৩ ॥

দোষের দুষ্টি অথবা ললাটদেশে আঘাত প্রাপ্তি হেতু নাসিকা হইতে রক্তমিশ্রিত পূয নিঃসৃত হইলে তাহাকে পূযরক্ত-রোগ কহে ॥ ৪ ॥

নাসামর্ম্মে (শৃঙ্গাটকে) প্রদুষ্ট বায়ু কফানুগ হইয়া নাসিকা দিয়া প্রবল শব্দের সহিত বারংবার নির্গত হইলে তাহাকে ক্ষবথু রোগ (হাঁচি) বলা যায় ॥ ৫ ॥

রাইসর্ষপ প্রভৃতি তীক্ষ্ণ দ্রব্য ভোজন, কটু দ্রব্য ঘ্রাণ, সূর্য্যদর্শন অথবা সূত্রাদিদ্বারা নাসিকার তরুণাস্থি-মর্ম্মের (শৃঙ্গাটকের) ঘর্ষণ, এই সকল কারণেও ক্ষবথু হইয়া থাকে। ইহাকে আগন্তুজ-ক্ষবথু বলে ॥ ৬ ॥

মস্তকে পূর্ব্বসঞ্চিত ঘন কফ পিত্ততাপে বিদগ্ধ সুতরাং লবণ-রস-বিশিষ্ট হইয়া নাসিকাদ্বারা নির্গত হইলে, তাহাকে ভ্রংশথু কহে ॥ ৭ ॥

দীপ্তনামক রোগে নাসিকার অত্যন্ত দাহ, অগ্নিশিখাবৎ প্রদীপ্তি এবং ধূমনির্গমবৎ উষ্ণ শ্বাস নির্গম এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ৮ ॥

বায়ুর সহিত কফ নিশ্বাস-মার্গকে রুদ্ধ করিলে তাহাকে প্রতীনাহ কহে।

নাসিকা দিয়া ঘন বা পাত্‌লা, পীত বা শুক্ল কফ নির্গত হইলে তাহাকে নাসাস্রাব বলে ॥ ৯ ॥

নাসাস্রোতঃ ও তদ্‌গত শ্লেষ্মা, বায়ু কর্ত্তৃক শোষিত এবং পিত্তকর্ত্তৃক প্রতপ্ত হইলে অতি কষ্টে নিশ্বাস প্রশ্বাস নির্গত হয়। এইরূপ রোগকে নাসাশোষ কহে ॥ ১০ ॥

অপক্ব ও পক্ব পীনসের লক্ষণ। অপক্ব পীনসে মাথাভার, অরুচি, পাত্‌লা স্রাব, ক্ষীণস্বর ও নাসিকা দিয়া মুহুর্ম্মুহুঃ সর্দ্দি নির্গম হয়। পক্ব পীনসে শিরোগুরুত্বাদি অপক্ব লক্ষণ সমস্তই বিদ্যমান থাকে, তবে ইহাতে শ্লেষ্মা ঘন হইয়া নাসারন্ধ্রে বিলীন হয় এবং স্বর ও বর্ণ পরিশুদ্ধ হইয়া থাকে ॥ ১১ ॥

প্রতিশ্যায়ের নিদান দুই প্রকার; এক প্রকার সদ্যই প্রতিশ্যায় উৎপাদন করে, অপর প্রকার দোষের চয় ও প্রকোপাদি জন্মাইয়া পরে প্রতিশ্যায় রোগ আনয়ন করে। সদ্যঃ প্রতিশ্যায়জনক নিদান—মলমূত্রাদির বেগধারণ, অজীর্ণ, নাসারন্ধ্রে ধূলি ও ধূমপ্রবেশ, অধিক বাক্য কথন, ক্রোধ, ঋতুবিপর্য্যয়, রাত্রিজাগরণ, দিবানিদ্রা, শীতলজল, শৈত্য, তুষার, মৈথুন, রোদন ও শিরোহভিতাপ (যদ্দ্বারা মস্তকের অভিতাপ হয় অর্থাৎ ধূমাদি) এই সকল কারণে মস্তকস্থ কফ ঘনীভূত হইলে বায়ু প্রকুপিত হইয়া সদ্যঃ প্রতিশ্যায় রোগ উৎপাদন করে।

চয়াদি ক্রমজনক নিদান—বায়ু পিত্ত ও কফ এবং রক্ত ইহারা পৃথক্ পৃথক্ ভাবে বা মিলিতভাবে, মস্তকে ক্রমশঃ সঞ্চিত ও বিবিধ প্রকোপণ হেতুতে প্রকুপিত হইয়া শেষ প্রতিশ্যায় আনয়ন করে ॥ ১২ ॥

প্রতিশ্যায় হইবার পূর্ব্বে হাঁচি মাথাভার স্তব্ধতা অঙ্গমর্দ্দ রোমাঞ্চ এবং নাসিকা হইতে ধূমনির্গমবৎ প্রতীতি, তালুজ্বালা ও নাক-মুখ দিয়া জলস্রাব প্রভৃতি পূর্ব্বরূপ সকল প্রকাশ পায় ॥ ১৩ ॥

বাতিক প্রতিশ্যায়ে নাসিকা বিবদ্ধ ও আচ্ছাদিতের ন্যায় হইয়া থাকে। পাত্‌লা স্রাব নির্গত হয় এবং গল তালু ও ওষ্ঠের শোষ, শঙ্খদেশে সূচীবেধবৎ বেদনা, নিরন্তর হাঁচি, মুখের বিরসতা ও স্বরভঙ্গ হইয়া থাকে।

পৈত্তিক প্রতিশ্যায়ে, ঈষৎ পীতবর্ণ উষ্ণস্রাব নির্গত হয় এবং রোগী কৃশ পাণ্ডুবর্ণ সন্তপ্ত ও উষ্ণাতিপীড়িত হয়। তাহার নাক মুখ দিয়া যেন সধূম অগ্নি বাহির হইতে থাকে।

শ্লৈষ্মিক প্রতিশ্যায়ে, নাসিকা দিয়া বহু পরিমাণে পাণ্ডুবর্ণ শীতল কফ নির্গত হয়। রোগির শরীর ও নয়ন শুক্লবর্ণ, মস্তক ভারাক্রান্ত এবং কণ্ঠ ওষ্ঠ তালু ও মস্তক অত্যন্ত কণ্ডুযুক্ত হইয়া থাকে ॥ ১৪ ॥

যে পক্ক বা অপক্ক প্রতিশ্যায় অকারণে পুনঃপুনঃ উৎপন্ন ও পুনঃপুনঃ তিরোহিত হয় এবং যাহাতে ত্রিদোষের লক্ষণ সকল বিদ্যমান থাকে, তাহাকে সান্নিপাতিক জানিবে ॥ ১৫ ॥

যে প্রতিশ্যায়ে নিশ্বাস দুর্গন্ধ ও ঘ্রাণশক্তি বিলুপ্ত এবং নাসিকা কখন আর্দ্র কখন শুষ্ক কখন বদ্ধ কখন বা বিবৃত হয়, তাহাকে দুষ্ট প্রতিশ্যায় বলিয়া জানিবে। দুষ্টপ্রতিশ্যায় কষ্টসাধ্য ॥ ১৬ ॥

রক্তজনিত প্রতিশ্যায়ে নাসিকা দিয়া রক্তস্রাব, চক্ষুর রক্তবর্ণতা, মুখ ও নিশ্বাসে দুর্গন্ধ এবং ঘ্রাণশক্তির বিলোপ এই সকল লক্ষণ প্রকাশ পায় এবং রোগী উরোঘাতে পীড়িত হইয়া থাকে ॥ ১৭ ॥

চিকিৎসিত না হইলে সকল প্রকার প্রতিশ্যায়ই কালক্রমে দুষ্ট প্রতিশ্যায়রূপে পরিণত হয় ও তখন তাহা অসাধ্য হইয়া থাকে। এইরূপ দুষ্ট প্রতিশ্যায়ে শ্বেতবর্ণ চিক্কণ ক্ষুদ্র ক্ষুদ্র ক্রিমি উৎপন্ন হয়। (কাহারও কাহারও মতে রক্তজ প্রতিশ্যায়েই ক্রিমি জন্মিয়া থাকে) এবং ক্রিমিজ শিরোরোগের লক্ষণ সকল প্রকাশ পায় ॥ ১৮ ॥

প্রতিশ্যায় সকল গাঢ়তর হইলে, বাধির্য্য, আন্ধ্য, ঘ্রাণনাশ, নানাবিধ উৎকট নেত্ররোগ, শোথ, অগ্নিমান্দ্য, কাস ও পীনস রোগ উৎপাদন করে ॥ ১৯ ॥

উপরি উক্ত রোগ ব্যতীত নাসিকাতে বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, সান্নিপাতিক, রক্তজ, মাংসজ ও মেদোজ এই সাত প্রকার অর্ব্বুদ; বাতিক পৈত্তিক শ্লৈষ্মিক ও সান্নিপাতিক এই চারিপ্রকার শোথ; বাতিক পৈত্তিক শ্লৈষ্মিক ও সান্নিপাতিক এই চারিপ্রকার অর্শঃ এবং বাতিক পৈত্তিক শ্লৈষ্মিক ও সান্নিপাতিক এই চারি প্রকার রক্তপিত্ত উৎপন্ন হইয়া থাকে ॥ ২০ ॥

নাসারোগ-নিদান সমাপ্ত।

নেত্ররোগ-নিদান।

—(•)—

নেত্রসর্ব্বগতরোগ-নিদান। *

আতপাদি দ্বারা সন্তপ্ত হইয়া সহসা জল-প্রবেশ, অধিকক্ষণ পর্য্যন্ত দূরস্থ বস্তুর প্রতি দৃষ্টি নিক্ষেপ অথবা নিয়ত অতি সূক্ষ্ম বস্তু দর্শন, দিবানিদ্রা বা রাত্রি জাগরণ, স্বেদ (অগ্ন্যাদি সন্তাপ), চক্ষুতে ধূলি ও ধূমপ্রবেশ, বমির বেগধারণ, বা অতি বমন, রাত্রিতে দ্রব অন্ন সেবন, মল মূত্র ও বায়ুর শনৈঃ শনৈঃ (বারংবার) বেগরোধ, সর্ব্বদা ক্রন্দন, ক্রোধ ও শোককরণ, মস্তকে আঘাত, অতিশয় মদ্যপান, ঋতুবিপর্য্যয়, অত্যন্ত ক্লেশ, অতি মৈথুন ও অশ্রুবেগধারণ এই সকল কারণে বাতাদিদোষ কুপিত হইয়া নানাবিধ নয়ন-রোগ উৎপাদন করে ॥ ১ ॥

নেত্রাভিষ্যন্দ (নেত্রপ্রদাহ, চোখ্ উঠা) চারি প্রকার। যথা—বাতজ, পিত্তজ, কফজ ও রক্তজ। ইহা অতি ক্লেশকর ও প্রায় সর্ব্বপ্রকার নেত্ররোগের আকর ॥ ২ ॥

---

* চক্ষুর পরিমাণ ও তদন্তর্গত মণ্ডল পটল দৃষ্টি ও সন্ধি সকলের বিবরণ কিঞ্চিৎ অবগত না হইলে উহাদের রোগ সমূহ বোধগম্য হওয়া সুকঠিন। অতএব তাহাদের বিবরণ লিখিত হইতেছে। নেত্রের মধ্যভাগ অঙ্গুষ্ঠোদর-সম্মিত, নেত্রবিস্তৃতি দুই অঙ্গুল এবং বর্ত্মসমেত সমুদায় নেত্রমণ্ডল আড়াই অঙ্গুল। কৃষ্ণমণ্ডলের পরিমাণ সমস্ত নেত্রের তৃতীয়াংশ। দৃষ্টিমণ্ডলের পরিমাণ কৃষ্ণমণ্ডলের সপ্তমাংশ। চক্ষুতে পাঁচটি মণ্ডল ছয়টি সন্ধি ও ছয়টি পটল আছে।

মণ্ডল যথা—পক্ষ্মমণ্ডল, বর্ত্মমণ্ডল, শ্বেতমণ্ডল, কৃষ্ণমণ্ডল ও দৃষ্টিমণ্ডল। চক্ষুর উপর ও নীচের পাতার অন্তঃস্থিত যে রোম সমূহদ্বারা চক্ষুঃ পরিবেষ্টিত আছে, তাহার নাম পক্ষ্মমণ্ডল, চক্ষুর পাতার নাম বর্ত্মমণ্ডল, শ্বেতাংশের নাম শ্বেতমণ্ডল; কৃষ্ণাংশের নাম কৃষ্ণমণ্ডল; এবং দর্শন ক্রিয়া সম্পাদক মধ্যস্থিত সূক্ষ্মাংশের নাম দৃষ্টিমণ্ডল। সর্ব্ব মধ্যস্থলে দৃষ্টিমণ্ডল, তৎপরে কৃষ্ণমণ্ডল, তৎপরে শ্বেতমণ্ডল, তৎপরে বর্ত্মমণ্ডল, তৎপরে পক্ষ্মমণ্ডল। সন্ধি যথা—পক্ষ্ম ও বর্ত্মের মধ্যস্থ সন্ধি, বর্ত্ম ও শুক্ল মণ্ডলের মধ্যগত সন্ধি, শুক্ল ও কৃষ্ণ মণ্ডলের মধ্যবর্ত্তী সন্ধি, কৃষ্ণ ও দৃষ্টি মণ্ডলের অন্তর্গত সন্ধি, কনীনিকাগতসন্ধি (নাসিকা সমীপস্থ চক্ষুঃ-কোণ), অপাঙ্গগত সন্ধি, অর্থাৎ চক্ষুর অপর কোণ। পটল যথা—বর্ত্মপটল দুইটি; এবং নয়নবুদ্‌বুদে উপর্য্যুপরি স্তরবৎ চারিটি। এই চারিটি পটলেই তিমির নামক দারুণ রোগ উৎপন্ন হইয়া থাকে। ইহাদের সর্ব্বোপরি পটল, রসরক্তাশ্রয়ী; তন্নিম্নস্থ পটল, মাংসাশ্রয়ী; তন্নিম্নস্থ পটল, মেদঃসংশ্রিত এবং সর্ব্ব-নিম্নস্থ পটল অস্থিগত।

কৃষ্ণমণ্ডলের মধ্যবর্ত্তী মসূরপরিমিত সচ্ছিদ্র অংশকে দৃষ্টিমণ্ডল কহে। ইহা শীত সংযোগে স্থূল ও উষ্ণ যোগে সূক্ষ্ম হয়। দৃষ্টিমণ্ডল, রসরক্তাধার বাহ্যপটল দ্বারা আবৃত।

সুশ্রুত গ্রন্থে ছিয়াত্তর প্রকার নেত্ররোগ নির্দ্দিষ্ট আছে। যথা—বাতজ ১০, পিত্তজ ১০, শ্লেষ্মজ ১৩, রক্তজ ১৬, ত্রিদোষজ ২৫, এবং বাহ্যাশ্রয়ী ২। চক্ষুর অবয়ব ভেদে এই ষট্‌সপ্ততি প্রকার রোগ আবার এই প্রকারে বিভক্ত হইয়াছে, যথা—সন্ধ্যাশ্রিত ৯, বর্ত্মজ ২১, শুক্লভাগস্থ ১১, কৃষ্ণ ভাগে ৪, সর্ব্বস্থায়ী ১৭, দৃষ্টিজ ১২, বাহ্যজাত ২, সমুদায়ে ৭৬ প্রকার। ইহাদের বিবরণ ক্রমশঃ লিখিত হইতেছে।

বাতিক অভিষ্যন্দে সূচীবেধবদ্ যন্ত্রণা, জড়িমা, রোমহর্ষ, কর্করিকা, রুক্ষতা, শিরোবেদনা বিশুষ্কভাব ও শীতলাশ্রুপাত, এই সকল লক্ষণ প্রকাশ পায় ॥ ৩ ॥

পিত্তজ অভিষ্যন্দে চক্ষুর প্রদাহ ও পাক, শীতলেচ্ছা, ধূমনির্গমবৎ প্রতীতি, বাষ্পবাহুল্য (অশ্রুস্রাব), অশ্রুর উষ্ণতা ও নেত্রের পীতবর্ণতা এই সকল লক্ষণ সংঘটিত হয় ॥ ৪ ॥

কফজ অভিষ্যন্দে উষ্ণাভিলাষ, গুরুতা, অক্ষিশোথ, কণ্ডু, পিঁচুটি, চক্ষুর শীতলতা ও মুহুর্মুহুঃ পিচ্ছিল স্রাব, এই সকল লক্ষণ প্রকাশিত হয় ॥ ৫ ॥

রক্তজ অভিষ্যন্দে, তাম্রবর্ণ অশ্রুস্রাব, নেত্রের লৌহিত্য, সমস্ত নেত্রে অতিলোহিত শিরাসমূহের উৎপত্তি, এই সকল লক্ষণ এবং পৈত্তিকাভিষ্যন্দের সমস্ত লক্ষণ বিদ্যমান থাকে ॥ ৬ ॥

উপরি উক্ত বাতজাদি চারি প্রকার অভিষ্যন্দই উপেক্ষিত হইলে, ক্রমশঃ বৃদ্ধি প্রাপ্ত হইয়া যথাক্রমে বাতজাদি চারি প্রকার অধিমন্থরূপে পরিণত হয়। সকল অধিমন্থেরই সাধারণ লক্ষণ তীব্র বেদনা ॥ ৭ ॥

অধিমন্থ রোগে চক্ষু এবং মস্তকের অর্দ্ধভাগ যেন উৎপাটিত ও মথিত হইয়েছে বলিয়া বোধ হয়। তদ্ভিন্ন পূর্ব্বোক্ত বাতজাদি অভিষ্যন্দের লক্ষণ সকলও সংঘটিত হইয়া থাকে। অর্থাৎ বাতিক অধিমন্থে বাতাভিষ্যন্দের; পৈত্তিক অধিমন্থে পিত্তাভিষ্যন্দের; শ্লৈষ্মিকাধিমন্থে শ্লেষ্মাভিষ্যন্দের ও রক্তজাধিমন্থে রক্ত-জনিত অভিষ্যন্দের লক্ষণ সকল বিদ্যমান থাকে ॥ ৮ ॥

রোগী আহার-বিহারাদির নিয়ম প্রতিপালন না করিলে, শ্লৈষ্মিক অধিমন্থ সাতদিনে: রক্তজ অধিমন্থ পাঁচ দিনে; বাতজ অধিমন্থ ছয় দিনে এবং পিত্তজ অধিমন্থ সদ্যই (৭ দিনের মধ্যে) দৃষ্টিনাশ করে ॥ ৯ ॥

তরুণ নেত্ররোগে অত্যন্ত বেদনা, রক্তবর্ণতা, শোথ, কর্করিকা, সূচীবেধবৎ পীড়া, শূল ও অশ্রুপাত হয়। পক্ক নেত্ররোগে বেদনা শোথ ও অশ্রুপাতের অল্পতা, কণ্ডু এবং নেত্রের স্বাভাবিকবর্ণতা হইয়া থাকে ॥ ১০ ॥

চক্ষুঃ পক্ক উড়ুম্বর সদৃশ লোহিতবর্ণ, কণ্ডুবিশিষ্ট, পিঁচুটি লিপ্ত, অশ্রুযুক্ত ও শোথবান্ হইয়া থাকিলে তাহাকে সশোথ নেত্রপাক কহে; কিন্তু শোথ ব্যতিরেকে নেত্রপাকের অন্যান্য লক্ষণ থাকিলে তাহাকে অশোথ নেত্রপাক বলা যায় ॥১১।১২॥

উপেক্ষিত হইলে বাতাত্মক অভিষ্যন্দ, চক্ষুকে শীঘ্র অবসন্ন ও তোদ-শূলাদি নানাবিধ বেদনায় পীড়িত করে। তখন ইহাকে হতাধিমন্থ কহে। হতাধিমন্থ অসাধ্য ॥ ১৩ ॥

বাতপর্য্যায় নামক নেত্ররোগে, কুপিত বায়ু পর্য্যায়ক্রমে নেত্রদ্বয়ে ও ভ্রূযুগলে নানাপ্রকার তীব্রবেদনা বারংবার উপস্থিত করে ॥ ১৪ ॥

শুষ্কাক্ষিপাক রোগে, চক্ষু নিমীলিত ও দাহযুক্ত, চক্ষুর পাতা কঠিন ও রুক্ষ, দৃষ্টি অপরিষ্কার ও আকুল এবং নেত্রোন্মীলনে কৃচ্ছ্রতা, এই সকল লক্ষণ উপ-স্থিত হয় ॥ ১৫ ॥

অন্যতোবাতরোগে, কুপিত বায়ু, ঘাড়ে কর্ণে মস্তকে হনুদেশে বা মন্যা নামক শিরায় অথবা অন্য কোন স্থানে অবস্থিত হইয়া নেত্রে ও ভ্রূযুগলে বেদনা উপস্থিত করে। বায়ু অন্যত্র অবস্থিত হইয়া অন্যত্র বেদনা জন্মায় বলিয়া ইহার নাম অন্যতোবাত। ১৬॥

অম্লাধ্যুষিত রোগে চক্ষুর মধ্যভাগ ঈষন্নীলবর্ণ ও প্রান্তভাগ লোহিতবর্ণ হইয়া পাকিয়া উঠে। ইহাতে দাহ শোথ ও স্রাব বিদ্যমান থাকে। অধিক অম্ল ভোজনে পিত্ত কুপিত হইয়া এই ব্যাধি উৎপাদন করে॥ ১৭॥

শিরোৎপাত নামক অক্ষিরোগে চক্ষুর শিরা সকল অবেদন বা সবেদন হইয়া বারংবার তাম্রবর্ণ বা বিকৃতবর্ণ হয়। ইহা অজ্ঞানভাবশতঃ উপেক্ষিত হইলে শিরাপ্রহর্ষ নামক রোগে পরিণত হয়। শিরাপ্রহর্ষ রোগে, তাম্রবর্ণ প্রগাঢ় অশ্রু নিঃসৃত হয়; রোগী কোন বস্তু দর্শন করিতে সমর্থ হয় না॥ ১৮।১৯॥

নেত্রকৃষ্ণগতরোগ-নিদান।

চক্ষুর কৃষ্ণাংশে যদি সূচীবিদ্ধবৎ গোলাকার নিমগ্ন ও শুক্লবর্ণ আকৃতি দৃষ্ট হয়, এবং উহাতে যদি অত্যন্ত বেদনা ও নিরন্তর উষ্ণস্রাব বিদ্যমান থাকে, তাহা হইলে তাহাকে সব্রণ শুক্র কহে॥ ১॥

ঐ সব্রণ (সক্ষত) শুক্র যদি দৃষ্টিমণ্ডলের নিতান্ত নিকটে না হয়, অধিক ভিতর পর্য্যন্ত আক্রমণ না করে, অধিক স্রাব ও বেদনা না থাকে এবং তাহা যদি যুগ্ম না হয়, তাহা হইলে সাধ্য; ইহার বিপরীত হইলে অসাধ্য। যুগ্মক্ষতশুক্র কদাচ সাধ্য নহে॥ ২॥

(ইহার মর্ম্মার্থ এই—ক্ষত স্বভাবতই আশ্রয় স্থানের উপঘাতক। এই জন্যই বলা হইতেছে—সক্ষত শুক্র যদি দৃষ্টির সমীপে না জন্মে, অধিক ভিতর পর্য্যন্ত আক্রমণ না করে অর্থাৎ একত্বগ্‌গত হয়, তাহা হইলে কদাচিৎ সাধ্য হয়, অন্যথা অসাধ্য; কিন্তু অব্রণ শুক্র দৃষ্টির সমীপে উৎপন্ন হইলেও এবং ভিতর পর্য্যন্ত আক্রমণ করিলেও তাহা সুসাধ্য জানিবে।)

সব্রণ শুক্রের ন্যায় অব্রণ শুক্রও উৎপন্ন হয়। ইহা অভিষ্যন্দজাত, আনাযুক্ত, শঙ্খ ইন্দু ও কুন্দসদৃশ শুভ্রবর্ণ ও আকাশস্থ পাত্‌লা মেঘবৎ আকৃতিবিশিষ্ট; এই রোগ সুখসাধ্য॥ ৩॥

অব্রণ শুক্র গম্ভীরজাত (দ্বি-ত্রিত্বগ্‌গত), বিস্তৃত ও দীর্ঘকালোৎপন্ন হইলে কৃচ্ছ্রসাধ্য; আর ঐ শুক্রের মধ্যভাগের মাংস বিদীর্ণ হওয়াতে উহা যদি সচ্ছিদ্র অর্থাৎ নিম্ন অথবা উন্নত মাংসে আবৃত এবং চঞ্চল সূক্ষ্মসূক্ষ্ম শিরাব্যাপ্ত দৃষ্টিনাশক-পটলদ্বয়াশ্রয়ী লোহিতপ্রান্ত ও দীর্ঘকালোৎপন্ন হয়, তাহা হইলে অসাধ্য॥ ৪॥

যদি উষ্ণ অশ্রুপাত, নেত্রে পিড়কা এবং শুক্র যদি মুগের ন্যায় আকৃতিবিশিষ্ট অথবা তিত্তিরি পক্ষির পক্ষ সদৃশ হয়, তাহা হইলে রোগ অসাধ্য॥ ৫॥

যে রোগে সমুদয় কৃষ্ণমণ্ডল শুক্লাবৃত হয়, তাহাকে অক্ষিপাকাত্যয় কহে। ইহা ত্রিদোষজ ও অসাধ্য ॥ ৬ ॥

শুষ্ক ছাগ-বিষ্ঠার ন্যায় আকৃতিবিশিষ্ট, অতিশয় বেদনাযুক্ত ও ঈষল্লোহিতবর্ণ মেদঃপ্রচয় সমস্ত কৃষ্ণমণ্ডলকে আক্রমণ করিলে তাহাকে অজকাজাত রোগ কহে। ইহাতে ঘন পিচ্ছিল ও রক্তবর্ণ স্রাব প্রস্রুত হয়। ইহা তৃতীয় পটল হইতে উদ্ভূত ॥ ৭ ॥

নেত্রদৃষ্টিগতরোগ-নিদান।

দৃষ্টিমণ্ডলের অভ্যন্তরস্থ প্রথম পটলে দোষ ব্যবস্থিত হইলে পদার্থ সকল সম্যক্ দৃষ্ট না হইয়া অস্পষ্ট দৃষ্ট হইয়া থাকে ॥ ১ ॥

দোষ দ্বিতীয় পটলগত হইলে অত্যন্ত দৃষ্টি-বিভ্রম হয়। মক্ষিকা মশক কেশ মণ্ডল পতাকা সূর্য্যরশ্মি কুণ্ডল এবং মণ্ডুকাদির বিবিধ প্রকার গতি, বৃষ্টি মেঘ ও অন্ধকার প্রভৃতি অনুপস্থিত বিষয় সকলকেও উপস্থিত বলিয়া বোধ হয়। দূরস্থ বস্তুকে নিকটস্থ ও নিকটস্থ বস্তুকে দূরস্থ বলিয়া ভ্রম জন্মে। অতি যত্নেও সূচীর ছিদ্র দেখা যায় না ॥ ২ ॥

দোষ তৃতীয় পটলগত হইলে রোগী অধোদিকে দেখিতে পায় না; ঊর্দ্ধদিকে দেখিতে পায়, কিন্তু বৃহদাকার বস্তু সকলকেও যেন বস্ত্রাবৃত বলিয়া তাহার বোধ হয়, প্রাণি সকলকেও যেন নাসিকা কর্ণ ও চক্ষুর্হীন বলিয়া ভ্রম জন্মে। দোষ অত্যন্ত প্রবল হইলে দোষের বর্ণানুসারে শ্বেতপীতাদি বর্ণ দৃষ্ট হয়। অর্থাৎ কফাধিক্যে শ্বেত, পিত্তাধিক্যে পীত ইত্যাদি ॥ ৩ ॥

দুষ্টদোষ দৃষ্টিমণ্ডলের অধোদিকে থাকিলে সমীপস্থ, উপরে থাকিলে দূরস্থ এবং পার্শ্বদিকে থাকিলে পার্শ্বস্থ বস্তু দেখিতে পাওয়া যায় না এবং চতুর্দ্দিকে অবস্থিত হইলে ভিন্ন ভিন্ন রূপ সকল মিলিতবৎ বোধ হয়। দোষ দুইভাগে অবস্থিত হইলে একটি আকৃতিতে দুইটি বলিয়া এবং অনির্দ্দিষ্ট ভাবে অবস্থিত হইলে একটিকে অনেক বলিয়া ভ্রম জন্মে। দোষ দৃষ্টিমণ্ডলে তির্য্যগ্‌ভাবে অবস্থিত হইলেও এক বস্তুকে দুইটি বলিয়া প্রত্যয় হয় ॥ ৪ ॥

নেত্রগত উক্ত প্রকার দোষ আন্ধ্যোৎপাদকত্বহেতু তিমির-সাধর্ম্ম্যে তিমির রোগ নামে অভিহিত। সেই তিমিরাখ্য দোষ (রোগ) চতুর্থ পটলগত হইয়া যখন সর্ব্বতোভাবে দৃষ্টিকে রোধ করে, তখন তাহা লিঙ্গনাশ নামে অভিহিত হয়। লিঙ্গ শব্দের অর্থ এস্থলে ইন্দ্রিয়শক্তি। সেই তমোভূত লিঙ্গনাশ যে পর্য্যন্ত না গাঢ় হয়, সে পর্য্যন্ত চন্দ্র সূর্য্য নক্ষত্র বিদ্যুতের নির্ম্মল তেজ এবং উজ্জ্বল রত্নাদি সকল দৃষ্ট হইয়া থাকে। সেই লিঙ্গনাশই নীলিকা ও কাচ নামে অভিহিত হয় ॥ ৫।৬ ॥

বাতিকলিঙ্গনাশে, রোগির বোধ হয় যেন, আবিল ঈষল্লোহিতবর্ণ ও কুটিল রূপ সকল ভ্রমণ করিতেছে।

পৈত্তিক লিঙ্গনাশে, বোধ হয় যেন, খদ্যোত ইন্দ্রধনুঃ বিদ্যুৎ ও সূর্য্যাদি তেজঃ-পদার্থ সকল প্রকাশিত হইয়াছে এবং ময়ূরগণ নৃত্য করিতেছে ও সমস্ত জগৎ নীল বর্ণ হইয়াছে।

শ্লৈষ্মিকলিঙ্গনাশে, আকৃতি সকল স্নিগ্ধ শুক্ল ও অতিস্থূল বলিয়া বোধ হয়। মেঘশূন্য আকাশকে মেঘাবৃত বলিয়া এবং পদার্থ সকলকে জলপ্লাবিত ও জড়ীভূত বলিয়া জ্ঞান জন্মে।

রক্তজলিঙ্গনাশে, কৃষ্ণবর্ণ বিবিধ বস্তুকে রক্তবর্ণ, কখন কখন শুক্ল বা পীত বর্ণ বলিয়াও বোধ হয়।

ত্রিদোষজ লিঙ্গনাশে বিপরীত দর্শন হয়। অর্থাৎ বস্তু সকলকে কখন নানা-বর্ণে বিচিত্রিত, কখন দুইভাগে বা বহুভাগে বিভক্ত, কখন হীনাঙ্গ, কখন বা অধিকাঙ্গ বলিয়া বোধ হয়। কখন বা চতুর্দ্দিকে জ্যোতিঃপদার্থ সকল দৃষ্ট হইতে থাকে ॥ ৭ ॥

পিত্ত, পিত্তপ্রধানজ রক্তের সহিত মূর্চ্ছিত হইয়া পরিম্লায়িনামক রোগ উৎপাদন করে। এই রোগে দিকসকল এমন কি খদ্যোত ও সূর্য্যও পীতবর্ণ দেখায়। বৃক্ষ সকলকে খদ্যোত হীরকাদি উজ্জ্বল পদার্থ দ্বারা আকীর্ণ বলিয়া বোধ হয় ॥ ৮ ॥

বাতাদিভেদে যে ছয় প্রকার লিঙ্গনাশ কথিত হইল, উহারা বাতাদির বর্ণ ভেদেও ছয় প্রকার হইয়া থাকে। যথা—বাতিক লিঙ্গনাশে দৃষ্টিমণ্ডল অরুণবর্ণ; পৈত্তিক লিঙ্গনাশে পরিম্লায়ি অর্থাৎ পীতনীলবর্ণ; বা নীলবর্ণ; শ্লৈষ্মিক লিঙ্গনাশে শ্বেতবর্ণ; রক্তজে সরক্ত; এবং ত্রিদোষজে দৃষ্টিমণ্ডল বিবিধবর্ণ হইয়া থাকে ॥ ৯ ॥

বাতিক লিঙ্গনাশে দৃষ্টিমণ্ডল অরুণাভ অর্থাৎ স্থূল কাচের ন্যায় অরুণবর্ণ হয় ॥১০॥

পরিম্লায়িরোগে দৃষ্টিমণ্ডল ম্লান ও নীলবর্ণ হয়, দোষের ক্ষয় হইলে এই রোগে কখন কখন দর্শনশক্তি প্রত্যাগত হইয়া থাকে ॥ ১১ ॥

বাতপ্রকোপে দৃষ্টিমণ্ডল অরুণবর্ণ চঞ্চল ও রুক্ষ; পিত্তপ্রকোপে মণ্ডল ঈষ-নীলাভপীত অথবা কাংস্যাভ বা পীতবর্ণ; শ্লেষ্মপ্রকোপে মণ্ডল ঘন স্নিগ্ধ অথবা শঙ্খ কুন্দ ও চন্দ্রের ন্যায় পাণ্ডুরবর্ণ কিংবা পদ্মপত্রস্থ জলবিন্দুর ন্যায় শুক্ল ও চঞ্চল হয়; নেত্র মার্জ্জন করিলে মণ্ডল ইতস্ততঃ সরিয়া বেড়ায়। রক্তজ মণ্ডল প্রবাল ও রক্তপদ্মপুষ্পদলসদৃশ লোহিতবর্ণ; এবং ত্রিদোষজ মণ্ডল উপরি উক্ত নীল পীতাদি সর্ব্বপ্রকার বর্ণ বিশিষ্ট হইয়া থাকে। বাতাদি যে যে দোষ যে যে বেদনা উৎপাদন করে, ত্রিদোষজ লিঙ্গনাশ রোগেও সেই সেই বেদনা জন্মাইয়া থাকে ॥ ১২ ॥

দৃষ্টিমণ্ডলে যে ১২ প্রকার রোগ জন্মে, তন্মধ্যে লিঙ্গনাশনামক ছয় প্রকারের লক্ষণ লিখিত হইল, এক্ষণে পিত্তবিদগ্ধ প্রভৃতি অপর ছয় প্রকার দৃষ্ট্যাশ্রয় রোগের লক্ষণ কথিত হইতেছে ॥ ১৩ ॥

দুষ্টপিত্ত, দৃষ্টির প্রথম ও দ্বিতীয় পটল আশ্রয় করিলে দৃষ্টিমণ্ডল পীতবর্ণ হয়, সুতরাং রোগী সমস্ত বস্তু পীতবর্ণ দেখে এবং ঐ বিদগ্ধ পিত্ত যদি তৃতীয় পটলে

হয়, তাহা হইলে রোগী দিবসে দেখিতে পায় না, রাত্রিতে শৈত্যনিবন্ধন দৃষ্টি স্নিগ্ধ এবং পিত্ত তেজোহীন হওয়ায়, তখন সমস্ত বস্তু দেখিতে পায়। এইরূপ রোগীকে পিত্তবিদগ্ধ-দৃষ্টি কহে ॥ ১৪ ॥

দুষ্টকফ দৃষ্টির প্রথম ও দ্বিতীয় পটল আশ্রয় করিলে, রোগী সকল পদার্থই শুক্ল-বর্ণ দেখে, কিন্তু যদি ঐ দুষ্ট কফ অন্য ভাবে পটলত্রয় আশ্রয় করে, তাহা হইলে রাত্র্যান্ধ্যরোগ উপস্থিত হয়। দিবাভাগে সূর্য্য-কিরণে দৃষ্টি তীক্ষ্ণ ও কফ মন্দীভূত হওয়াতে তখন সকল বস্তুই দেখিতে পাওয়া যায়। এইরূপ রোগকে শ্লেষ্মবিদগ্ধ-দৃষ্টি বলে ॥ ১৫ ॥

শোক জ্বর পরিশ্রম ও মস্তকে আঘাতপ্রাপ্তি হেতু দৃষ্টি বিকৃত হইলে সমস্ত বস্তু ধূমময় বলিয়া বোধ হয়। এইরূপ রোগকে ধূমদর্শন কহে ॥ ১৬ ॥

হ্রস্বজাড্যনামক রোগে, দিবসে অতিকষ্টে দেখা যায়, কিন্তু বৃহদাকৃতি বস্তু সকলকে ক্ষুদ্র বলিয়া বোধ হয় ॥ ১৭ ॥

বাতাদি দোষ, দৃষ্টিমণ্ডলের সর্ব্বাংশ আশ্রয় করিলে, দৃষ্টি নকুলের ন্যায় প্রতিভাসিত হয়, সুতরাং রোগী দিবসে পদার্থ সকল চিত্রিতবৎ দর্শন করে। এইরূপ রোগকে নকুলান্ধ্য কহে ॥ ১৮ ॥

কুপিত বায়ুদ্বারা নেত্র আক্রান্ত হইলে, দৃষ্টি বিকৃত, অভ্যন্তরে সঙ্কুচিত ও প্রগাঢ় বেদনাযুক্ত হয়। এই রোগকে গম্ভীরিকা কহে ॥ ১৯ ॥

এতদ্ব্যতীত সনিমিত্ত ও অনিমিত্ত ভেদে আর দুইটি আগন্তুক লিঙ্গনাশ বর্ণিত আছে। তন্মধ্যে সনিমিত্ত লিঙ্গনাশ, শিরোরোগ হইতে উৎপন্ন ও রক্তাভিষ্যন্দের লক্ষণাক্রান্ত (মতান্তরে সন্নিপাতলক্ষণযুক্ত)। অনিমিত্ত লিঙ্গনাশ, দেবতা ঋষি গন্ধর্ব্ব মহানাগ ও ভাস্করের দর্শনহেতু দৃষ্টি-শক্তি ব্যাহত হইলে উৎপন্ন হইয়া থাকে। ইহাতে চক্ষুঃ উজ্জ্বল এবং দৃষ্টিমণ্ডল বৈদূর্য্যমণিবৎ শ্যামবর্ণ ও নির্ম্মল হয়, কিন্তু দৃষ্টিশক্তি বিলুপ্ত হইয়া থাকে। যেহেতু দেবতা প্রভৃতি মহানুভবগণ মনুষ্যের অবয়বকে দূষিত না করিয়া অবয়বের শক্তি নষ্ট করেন ॥ ২০ ॥

নেত্রশুক্লগতরোগ-নিদান।

নেত্রের শুক্লভাগে শ্যাব বা লোহিতবর্ণ বিস্তৃত ও পাতলা যে পর্দ্দা উৎপন্ন হয়, তাহাকে প্রস্তার্য্যর্ম্ম কহে ॥ ১ ॥

শুক্লভাগে শ্বেত কোমল দীর্ঘকালে বর্দ্ধনশীল যে পর্দ্দা উৎপন্ন হয়, তাহাকে শুক্লার্ম্ম কহে ॥ ২ ॥

শ্বেতাংশে অরুণপদ্মপত্রনিভ কোমল যে মাংস সঞ্জাত হয়, তাহাকে রক্তার্ম্ম কহে ॥ ৩ ॥

শুক্লমণ্ডলে বিস্তীর্ণ কোমল স্থূল ও যকৃতের ন্যায় কৃষ্ণলোহিত যে মাংসোচ্ছ্রয় হয়, তাহাকে অধিমাংসার্ম্ম কহে ॥ ৪ ॥

শুক্রভাগে কঠিন স্রাবরহিত বিস্তীর্ণ ও মাংসাঢ্য যে পর্দ্দা উৎপন্ন হয়, তাহাকে স্নায়র্ম্ম কহে ॥ ৫ ॥

শুক্লমণ্ডলে শ্যামবর্ণ কিংবা মাংস বা ঝিনুকের ন্যায় বর্ণবিশিষ্ট বিন্দু সমূহ উৎপন্ন হইলে তাহাকে শুক্তিকা কহে ॥ ৬ ॥

শুক্লভাগে শশরক্তের ন্যায় লোহিতবর্ণ একমাত্র বিন্দু উৎপন্ন হইলে তাহাকে অর্জ্জুন বলে ॥ ৭ ॥

বাতশ্লেষ্মার প্রকোপ হেতু শুক্লভাগে পিষ্টবৎ শুভ্রবর্ণ গোলাকার যে স্ফীত মাংসোচ্ছ্রয় হয়, তাহাকে পিষ্টক বলে। পিষ্টক দেখিতে মলিন দর্পণের ন্যায় ॥ ৮ ॥

শুক্লভাগে, রক্তবর্ণ কঠিন বড় বড় শিরা সকল উৎপন্ন হইয়া জালের ন্যায় আকৃতিবিশিষ্ট হইলে তাহাকে শিরাজাল বলা যায় ॥ ৯ ॥

কৃষ্ণমণ্ডলের নিকটবর্ত্তী শুক্লভাগে উৎপন্ন শ্বেতবর্ণ পিড়কা সকল, শিরাসমূহে আবৃত হইলে, তাহাকে শিরাজ পিড়কা কহে ॥ ১০ ॥

শুক্লভাগে কাংস্যবৎ শুভ্রবর্ণ কঠিন জলবিন্দুসদৃশ ঈষদুন্নত যে আকৃতি উৎপন্ন হয়, তাহাকে বলাস কহে ॥ ১১ ॥

নেত্রসন্ধিগতরোগ-নিদান।

নেত্রের কনীনিক সন্ধিতে তোদবিশিষ্ট শোথ উৎপন্ন হইয়া পাকিয়া পূতি পূয়স্রাব করিলে তাহাকে পূয়ালস কহে ॥ ১ ॥

কৃষ্ণমণ্ডল ও দৃষ্টিমণ্ডলের সন্ধিতে, অল্পপাকী অল্পবেদনাযুক্ত কণ্ডূবহুল ও বৃহৎ গ্রন্থি হইলে, তাহাকে উপনাহ বলা যায় ॥ ২ ॥

দোষ সকল অশ্রুমার্গ অবলম্বন করিয়া নেত্রান্তর্গত সন্ধি চতুষ্টয়ে গমনপূর্ব্বক স্ব স্ব লক্ষণযুক্ত স্রাব উৎপাদন করে। তাহাকে স্রাবরোগ কহে, কোন কোন গ্রন্থকার নেত্রনাড়ীও কহিয়া থাকেন। স্রাব চারি প্রকার, তাহা ক্রমশঃ বর্ণিত হইতেছে ॥ ৩ ॥

সন্ধিস্থ যে শোথ পাকিয়া পূয়স্রাব করে, তাহাকে পূয়াস্রাব কহে। ইহা ত্রিদোষজ ॥ ৪ ॥

সন্ধিগত যে শোথ পাকিয়া শ্বেতবর্ণ ঘন ও পিচ্ছিল স্রাব নিঃস্রাব করে, তাহাকে শ্লেষ্মস্রাব বলে।

সন্ধিজ যে শোথ বহুল পরিমাণে উষ্ণরক্ত স্রাব করে, তাহাকে রক্তস্রাব কহে। ইহা রক্তপ্রকোপজ ॥ ৫ ॥

সন্ধিমধ্য হইতে হরিদ্রার ন্যায় পীতবর্ণ উষ্ণ অথবা জলবৎ স্রাব নিঃসৃত হইলে তাহাকে পিত্তাস্রাব কহে ॥ ৬ ॥

শুক্ল ও কৃষ্ণমণ্ডলের সন্ধিতে তাম্রবর্ণ দাহ শূল বিশিষ্ট গোলাকার পাতলা শোথ উৎপন্ন হইলে তাহাকে পর্ব্বণী কহে। ইহা রক্তজ; (ইহাতে রক্তের

আধিক্য থাকে বলিয়া সুশ্রুত ইহাকে রক্তজ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, কিন্তু ইহা কফজ ও বাতজও হইয়া থাকে) ॥ ৭ ॥

ঐ সন্ধিতে প্রমেহাধিকারোক্ত অলজীলক্ষণাক্রান্ত শোথ উৎপন্ন হইলে, তাহাকে অলজী বলা যায়। (কেহ কেহ ইহাকে পর্ব্বণীলক্ষণাক্রান্ত বলিয়া ব্যাখ্যা করিয়াছেন) ॥ ৮ ॥

বর্ত্ম ও পক্ষ্মমণ্ডলের সন্ধিতে নানাপ্রকার ক্রিমি জন্মিয়া ঐ স্থানে কণ্ডু উৎপাদন করে। ক্রমে উহারা বর্ত্ম ও শুক্লমণ্ডলের অন্তর্গত সন্ধি মধ্যে প্রবেশ করিয়া চক্ষুকে দূষিত করিয়া ফেলে। ইহারা নানাবর্ণবিশিষ্ট ॥ ৯ ॥

নেত্রবর্ত্মগতরোগ-নিদান।

এক্ষণে একবিংশতি প্রকার বর্ত্মগত রোগ কথিত হইতেছে।

চক্ষুর নীচের পাতায় সঞ্জাত পিড়কা-বিশেষকে উৎসঙ্গপিড়কা বলে। এই পিড়কা স্থূল ও কণ্ডুযুক্ত। ইহার মুখ পাতার অভ্যন্তরে, বাহিরে তাম্রবর্ণ, ভিতরে পূয থাকে। ইহা ত্রিদোষজ ॥ ১ ॥

বর্ত্মের প্রান্তভাগে এক প্রকার পিড়কা জন্মে। তাহা বিদীর্ণ হইয়া রসাদি স্রাব করে, পুনর্ব্বার আবার পরিপূর্ণ হইয়া উঠে। ইহার আকৃতি কুম্ভীকা নামক ফলের বীজসদৃশ হয় বলিয়া ইহাকে কুম্ভীকা কহে। ইহা ত্রিদোষজ। কুম্ভীকা ফল কচ্ছদেশে জন্মে, ইহা দেখিতে দাড়িমের ন্যায়, বীজও দাড়িম-বীজসদৃশ ॥ ২ ॥

চক্ষুর পাতায়, স্রাব ও কণ্ডুযুক্ত, গুরুভারসম্পন্ন, বেদনাবিশিষ্ট, রক্তসর্ষপের ন্যায় যে সকল পিড়কা জন্মে, তাহাদিগকে পোথকী কহে ॥ ৩ ॥

চক্ষুর পাতায় উৎপন্ন স্থূল ও খরস্পর্শ যে পিড়কা সূক্ষ্ম সূক্ষ্ম বহু পিড়কাদ্বারা আকীর্ণ, তাহাকে বর্ত্মশর্করা বলে। ইহা বর্ত্মদূষক ॥ ৪ ॥

নেত্রবর্ত্মে কাঁকুড়বীজ সদৃশ মন্দ বেদন মসৃণ ও তীক্ষ্ণাগ্র পিড়কা জন্মিলে তাহাকে অর্শোবর্ত্ম বলে ॥ ৫ ॥

চক্ষুর পাতার অভ্যন্তরভাগে কর্কশ স্রাব-রহিত ও অতি কঠিন দীর্ঘ মাংসাঙ্কুর জন্মিলে, তাহাকে শুষ্কার্শঃ কহে ॥ ৬ ॥

নেত্রবর্ত্মে দাহ ও তোদবিশিষ্ট তাম্রবর্ণ কোমল এবং অল্প বেদনাযুক্ত সূক্ষ্ম পিড়কা উৎপন্ন হইলে তাহাকে অঞ্জননামিকা কহে ॥ ৭ ॥

বহলবর্ত্ম নামক রোগে চক্ষুর পাতা, ত্বক্-সমবর্ণ কঠিন পিড়কাসমূহে ব্যাপ্ত হয় ॥ ৮ ॥

চক্ষুর পাতায় কণ্ডু ও অল্প বেদনাযুক্ত শোথ হওয়াতে যদি চক্ষু সম্যক্ নিমীলন করিতে না পারা যায়, তাহা হইলে তাহাকে বর্ত্মবন্ধক পীড়া কহে ॥ ৯ ॥

যদি চক্ষুর দুইটি পাতাই অকস্মাৎ তাম্র বা রক্তবর্ণ, স্রাবান্বিত কোমল ও অল্প বেদনাযুক্ত হয়, তাহা হইলে, তাহাকে ক্লিষ্টবর্ত্ম বলে। এবং ঐ ক্লিষ্টবর্ত্ম রোগে

যদি পিত্ত ও রক্ত কুপিত হইয়া বর্ত্মকে ক্লিন্ন করে, তাহা হইলে তাহাকে বর্ত্ম-কর্দ্দম বলা যায় ১০। ১১॥

নেত্রবর্ত্মের বহিরন্তঃ উভয় দিকই যদি শ্যাববর্ণ হয় এবং যদি উহাতে ব্যথা ও শূলনি থাকে, তাহা হইলে উহাকে শ্যাববর্ত্ম বলে॥ ১২॥

চক্ষুর পাতার বহির্দ্দিক্ অল্প বেদনা ও শোথযুক্ত এবং ভিতর দিক্ অত্যন্ত ক্লিন্ন হইলে তাহাকে প্রক্লিন্নবর্ত্ম বলা যায়॥ ১৩॥

অক্লিন্নবর্ত্ম রোগ—ইহাতে চক্ষুর পাতা ধৌত হউক বা অধৌত থাকুক, পরস্পর পুনঃপুনঃ যোড়া লাগিয়া যায়। প্রক্লিন্নবর্ত্মের অপকাবস্থাকেই অক্লিন্ন-বর্ত্ম কহা যায়॥ ১৪॥

বাতহত বর্ত্মরোগে বর্ত্ম ও শুক্লমণ্ডলের মধ্যগত সন্ধি বিশ্লিষ্ট হওয়াতে বর্ত্ম নিমেষোন্মেষ-রহিত হইয়া মিলিত হইতে পারে না॥ ১৫॥

বর্ত্মের অভ্যন্তরে বিষমাকৃতি (অবর্ত্তুল) অল্পবেদন অরুণবর্ণ এবং শীঘ্রোৎপত্তিশীল যে গ্রন্থি উৎপন্ন হয়, তাহাকে বর্ত্মার্ব্বুদ বলে॥ ১৬॥

নিমেষ নামক রোগে, কুপিত বায়ু বর্ত্মশুক্লগত নিমেষিণী শিরা সকলকে আশ্রয় করিয়া চক্ষুর পাতাকে অতি সঞ্চালিত করিতে থাকে॥ ১৭॥

রক্তের প্রকোপ হেতু, চক্ষুর পাতার মধ্যে রক্তবর্ণ কোমল যে মাংসাঙ্কুর জন্মে, তাহাকে শোণিতার্শঃ কহে। ইহা ছিন্ন বা বিদীর্ণ হইলেও পুনর্ব্বার উদ্ভূত হইয়া থাকে॥ ১৮॥

নেত্রবর্ত্মে অপাকী, কঠিন, স্থূল, অল্প বেদনাযুক্ত, সকণ্ডু, পিচ্ছিল ও কুলপ্রমাণ যে গ্রন্থি উৎপন্ন হয়, তাহাকে নগণ (লগণ) কহে॥ ১৯॥

বিষবর্ত্ম রোগে বাতাদি দোষত্রয়, বর্ত্মের বহির্দ্দিকে শোথ এবং অভ্যন্তর দিকে সূক্ষ্মমুখবিশিষ্ট বহু ছিদ্র উৎপাদন করে। ঐ সকল ছিদ্র হইতে জলবৎ স্রাব নিঃসৃত হয়। বিস অর্থাৎ পদ্মের মৃণাল যেরূপ বহুছিদ্রবিশিষ্ট, ইহাও তদ্বৎ জানিবে॥ ২০॥

বাতাদি দোষ সকল, চক্ষুর পাতাকে সঙ্কুচিত করিয়া দর্শনক্রিয়ার ব্যাঘাত জন্মাইলে তাহাকে কুঞ্চন কহা যায়॥ ২১॥

পক্ষ্মকোপ নামক রোগে পক্ষ্ম অর্থাৎ বর্ত্মলোম সকল বায়ুদ্বারা চালিত হইয়া নেত্রাভ্যন্তরে প্রবেশপূর্ব্বক মুহর্মুহুঃ চক্ষুঃ ঘর্ষণ করিতে থাকে, তাহাতে শুক্ল ও কৃষ্ণ মণ্ডলে শোথ উৎপন্ন হয়। এবং ঐ পক্ষ্ম সকল মূলকোষ হইতে পতিত হইয়া থাকে। এই পক্ষ্মকোপ ব্যাধি অতি কঠিন। ইহা ত্রিদোষজ॥ ২২॥

বর্ত্ম ও পক্ষ্মাশয় গত দুষ্ট পিত্ত, রোম সকলকে উন্মূলিত করে এবং কণ্ডু ও দাহ জন্মায়। এই পীড়াকে পক্ষ্মশাত কহে॥ ২৩॥

সন্ধিগত ৯, বর্ত্মজ ২১, শুক্লগত ১১, কৃষ্ণভাগে ৪, সর্ব্বগত ১৭, দৃষ্টিজ ১২ ও আগন্তুজ ২; এই ৭৬ প্রকার নেত্ররোগ বর্ণিত হইল, চিকিৎসা স্থানে ইহাদের চিকিৎসা বলা যাইবে॥ ২৪॥

নেত্ররোগ-নিদান সমাপ্ত।

শিরোরোগ-নিদান।

শিরোরোগ একাদশ প্রকার। যথা—বাতজ, পিত্তজ, কফজ, ত্রিদোষজ, রক্তজ, ধাতুক্ষয়জ ও ক্রিমিজ এবং সূর্য্যাবর্ত্ত, অনন্তবাত, অর্দ্ধাবভেদক ও শঙ্খক। এস্থলে শিরোরোগ শব্দে শিরোগত শূলরূপ পীড়া বুঝিতে হইবে ॥ ১ ॥

বাতজ শিরোরোগে, হঠাৎ মস্তকে বেদনা উপস্থিত হয়। সেই বেদনা রাত্রিকালে বাড়ে। বস্ত্রাদি দ্বারা শিরোবন্ধন বা মস্তকে স্নেহ স্বেদাদি প্রয়োগ করিলে বেদনার কতক উপশম হইয়া থাকে ॥ ২ ॥

পিত্তজ শিরোরোগে, বোধ হয়, যেন মস্তক প্রদীপ্ত অঙ্গার দ্বারা ব্যাপ্ত রহিয়াছে এবং চক্ষু ও নাসিকা দিয়া ধূম নির্গত হইতেছে। শৈত্যক্রিয়ায় ও রাত্রিকালে ইহার বিশেষ উপশম হয় ॥ ৩ ॥

কফজ শিরোরোগে মস্তক কফলিপ্ত, ভারাক্রান্ত, বদ্ধবৎ ও হিমস্পর্শ হয়। এই রোগে অক্ষিকূটে শোথ হইয়া থাকে ॥ ৪ ॥

সান্নিপাতিক শিরোরোগে, উল্লিখিত বাতজাদি ত্রিবিধ শিরোরোগেরই লক্ষণ সংঘটিত হয়।

রক্তজ শিরোরোগে, পিত্তজ শিরোরোগের লক্ষণ সকলই উপস্থিত হয়। বিশেষ এই, ইহাতে মস্তক স্পর্শাসহ হইয়া থাকে ॥ ৫ ॥

মস্তকস্থ রক্ত বসা (মেদঃ, মজ্জা, শুক্র ও মস্তিষ্ক ও) শ্লেষ্মা ও বায়ুর অতিক্ষয় হেতু ক্ষয়জ শিরোরোগ উৎপন্ন হয়। ইহা দারুণ যন্ত্রণাদায়ক ও কষ্টসাধ্য। স্বেদ প্রয়োগ, বমন কার্য্য, ধূম ও নস্য গ্রহণ এবং রক্ত মোক্ষণ করিলে, ইহার বৃদ্ধি হইয়া থাকে। (ক্ষয়জ শিরোরোগে মস্তক ঘূর্ণন, মস্তকে সূচীবেধবৎ পীড়া, শূন্যতা বোধ, নেত্রের বিভ্রান্ততা, মূর্চ্ছা ও গাত্রাবসাদ এই সকল লক্ষণ উপস্থিত হয়) ॥ ৬ ॥

ক্রিমিজ শিরোরোগে মস্তকে সূচীবেধবৎ অতি যন্ত্রণা, ক্রিমির কামড়ানি, ভিতরে দপ্ দপানি এবং নাসিকা দিয়া সপূয জলস্রাব, (পাঠান্তরে—রক্তস্রাব) এই সকল লক্ষণ উপস্থিত হয়। ইহা অতীব কষ্টদায়ক ॥ ৭ ॥

সূর্য্যাবর্ত্ত নামক শিরোরোগে, সূর্য্যোদয়কালে চক্ষুঃ ও ভ্রূতে অল্প অল্প বেদনা আরম্ভ হয় এবং সূর্য্য যত উপরে উঠিতে থাকে, বেদনাও তত বর্দ্ধিত হয়, এইরূপে মধ্যাহ্নকালে বেদনার অতি প্রাবল্য হইয়া থাকে। এবং সূর্য্য পশ্চিমে যত নামিতে থাকে, বেদনাও ক্রমশঃ তত মন্দীভূত হইয়া সায়ংকালে নিবৃত্তি পায়। এই রোগ ত্রিদোষজ ও অতি কষ্টসাধ্য ॥ ৮ ॥

অনন্তবাত নামক শিরোরোগে বাতাদি দোষত্রয় মন্যানামক গ্রীবাদেশস্থ শিরাদ্বয়কে পীড়িত করিয়া, গ্রীবার পশ্চাদ্ভাগে অতি তীব্র বেদনা উৎপাদন করে। এবং সেই বেদনা শীঘ্রই অক্ষি ভ্রূ ও শঙ্খ দেশে বিশেষরূপে অবস্থিতি করে। ইহাতে গণ্ডপার্শ্বের কম্পন, হনুগ্রহ ও নানাবিধ নেত্ররোগ উপস্থিত হয়। ইহাও ত্রিদোষোদ্ভব ব্যাধি ॥ ৯ ॥

রুক্ষ ভোজন, অধ্যশন, পূর্ববায়ু ও হিম সেবন, মৈথুন, মলমূত্রাদির বেগ-ধারণ, পরিশ্রম ও ব্যায়াম এই সকল কারণে কুপিত ও বলবান্ বায়ু স্বয়ং অথবা কফ-সহায় হইয়া মস্তকের অর্দ্ধাংশে আশ্রয় করিয়া এক পার্শ্বের মন্যা ভ্রূ শঙ্খ কর্ণ অক্ষি ও ললাটে তীব্রবেদনা উৎপাদন করে। এই রোগকে অর্দ্ধাবভেদক (আধ্‌কপালে) কহে। ইহার বেদনা অগ্ন্যুৎপাদক অরণি কাষ্ঠের ঘর্ষণবৎ বা শস্ত্রাঘাত তুল্য তীব্র যন্ত্রণাদায়ক হইয়া থাকে। ইহা প্রবৃদ্ধ হইলে চক্ষুঃ অথবা কর্ণকে নষ্ট করে॥ ১০।১১॥

শঙ্খক নামক ভয়ঙ্কর শিরোরোগে রক্ত পিত্ত এবং বায়ু (ইহ তে কফেরও অনুবন্ধ থাকে) কুপিত ও পরস্পর মিলিত হইয়া শঙ্খদেশে অতিদারুণ বেদনা ও দাহযুক্ত রক্তবর্ণ শোথ উৎপাদন করে। সেই শোথ বিষবৎ বেগবান্ হইয়া শীঘ্র মস্তক ও কণ্ঠকে নিরুদ্ধ করিয়া তিন দিনের মধ্যে রোগির জীবন নাশ করে। কিন্তু যদি কুশল চিকিৎসক দ্বারা চিকিৎসিত হইয়া রোগী তিন দিন জীবিত থাকে, তাহা হইলে রক্ষা পাইতেও পারে॥ ১২॥

শিরোরোগ-নিদান সমাপ্ত।

অসৃগ্দর-নিদান।

মিলিত ক্ষীর মৎস্যাদি বিরুদ্ধ ভোজন, মদ্যপান, অধ্যশন, অপক্কভোজন, গর্ভপাত, অতিমৈথুন, যানারোহণ, পথপর্য্যটন, শোক ও উপবাসাদি দ্বারা অতিকর্ষণ, ভারবহন, অভিঘাত ও দিবানিদ্রা, এই সকল কারণে প্রদর রোগ উৎপন্ন হয়। সকল প্রকার প্রদরেই অঙ্গমর্দ্দ ও বেদনার সহিত স্রাব নিঃসৃত হইয়া থাকে॥ ১।২॥

স্রাবের আধিক্য হইলে দৌর্ব্বল্য ভ্রম মূর্চ্ছা মত্ততা তৃষ্ণা দাহ প্রলাপ দেহের পাণ্ডুতা তন্দ্রা ও আক্ষেপকাদি বাতজ পীড়া সকল উপস্থিত হয়॥ ৩॥

প্রদর চারিপ্রকার। যথা—কফজ পিত্তজ বাতজ ও ত্রিদোষজ॥ ৪॥

কফজ প্রদরে অপকরসযুক্ত পিচ্ছিল ঈষৎ পাণ্ডুবর্ণ ও মাংসধাবনজলসদৃশ স্রাব নির্গত হয়।

পৈত্তিক প্রদরে পীত নীল কৃষ্ণ বা রক্তবর্ণ উষ্ণস্রাব, দাহ ও চিমিচিমাদি বেদনার সহিত প্রবলবেগে নিঃসৃত হয়।

বাতিক প্রদরে রুক্ষ অরুণবর্ণ ফেনযুক্ত ও মাংসধাবনজলতুল্য স্রাব, তোদাদি বাত বেদনার সহিত অল্প নিঃসৃত হয়।

সান্নিপাতিক প্রদরে মধু ঘৃত বা হরিতালবৎ বর্ণবিশিষ্ট অথবা মজ্জাভ ও শবদুর্গন্ধি স্রাব নির্গত হয়। ইহা অসাধ্য, সুতরাং চিকিৎসায় ফললাভ হয় না॥ ৫॥

যে প্রদররোগিণী ক্ষীণরক্ত ও দুর্ব্বল, যাহার নিরন্তর স্রাব নিস্রাব হয় এবং তৃষ্ণা দাহ ও জ্বরোপদ্রব বিদ্যমান থাকে, তাহার আরোগ্য লাভের আশা নাই॥ ৬॥

যে স্ত্রীলোকের ঋতু-শোণিত মাসে মাসে প্রবৃত্ত হইয়া পাঁচ দিন পর্য্যন্ত থাকে, আর্ত্তব-শোণিত দাহ ও বেদনাশূন্য হয় এবং অল্প অধিক বা পিচ্ছিল না হয়, তাহার সেই শোণিতকে বিশুদ্ধ জানিবে॥ ৭॥

যে ঋতুশোণিত শশরক্ত বা লাক্ষারসের ন্যায় লোহিতবর্ণ হয় এবং যাহা দ্বারা রঞ্জিতবস্ত্র জলে ধৌত হইলে দাগ রহিত হয়, সে ঋতুশোণিতও বিশুদ্ধ॥ ৮॥

অসৃগ্দর-নিদান সমাপ্ত।

যোনিব্যাপন্নিদান।

অনুপযুক্ত আহার বিহার, দুষ্টরজঃ, মাতাপিতার বীজদোষ ও প্রাক্তনকর্ম্মবশতঃ স্ত্রীলোকদিগের যোনিরোগ হয়। যোনিরোগ বিংশতি প্রকার, প্রত্যেকের নাম ও লক্ষণ পৃথক্ পৃথক্ লিখিত হইতেছে॥ ১॥

উদাবর্ত্ত নামক যোনিরোগে ফেনিল রজঃ অতিকষ্টে নিঃসৃত হয়। বন্ধ্যা রোগে রজঃ নষ্ট হয়। বিপ্লুত রোগে যোনিতে সর্ব্বদা বেদনা থাকে। পরিপ্লুত রোগে মৈথুন কালে যোনিতে অত্যন্ত বেদনা হয়। বাতজ যোনিরোগে, যোনি কর্কশ কঠিন এবং শূল ও সূচীবেধবৎ পীড়ায় পীড়িত হইয়া থাকে। যদিও উদাবর্ত্ত বন্ধ্যা বিপ্লুত ও পরিপ্লুত এই চারি প্রকার যোনিরোগই বাতজ ও তোদশূলাদি বাতবেদনাবিশিষ্ট, তথাপি বাতজ যোনিরোগে তোদশূলাদি অধিক হয় বলিয়া ইহা বাতজ যোনি নামে অভিহিত হইয়াছে॥ ২॥

লোহিতক্ষয় নামক যোনিরোগে, অতিশয় দাহ ও রক্ত ক্ষয় হয়॥ ৩॥

বামিনী যোনিরোগে বায়ুর সহিত রক্তমিশ্রিত শুক্র নিঃসৃত হয়॥ ৪॥

প্রস্রংসিনী যোনিরোগে যোনি স্বস্থান হইতে অধঃপতিত ও অভিনাড়িত হয়। এই রোগে অতি কষ্টে সন্তান প্রসব হইয়া থাকে।

পুত্রঘ্নী যোনিরোগে মধ্যে মধ্যে গর্ভ সঞ্চার হয়, কিন্তু বায়ুদ্বারা রক্তক্ষয় হেতু সেই গর্ভ নষ্ট হইয়া থাকে।

পিত্তলা যোনিরোগে অতিশয় দাহ পাক ও জ্বর উপস্থিত হয়। যদিও লোহিতক্ষয়াদি পূর্ব্বোক্ত চারি প্রকার যোনিরোগেই দাহাদি পিত্তলক্ষণ সমস্ত বর্ত্তমান থাকে, তথাপি পিত্তলা যোনিতে উহা প্রবলরূপে অবস্থিতি করে বলিয়া ইহার নাম পিত্তলাযোনি হইয়াছে॥ ৫॥

যে যোনি মৈথুনে সন্তোষ প্রাপ্ত না হয়, তাহাকে অত্যানন্দা কহে।

যে যোনিতে কফ ও রক্তদ্বারা কর্ণিকা অর্থাৎ মাংসকন্দাকার গ্রন্থি-বিশেষ উৎপন্ন হয়, তাহাকে কর্ণিনী যোনি কহে।

অচরণা যোনি মৈথুন কালে অগ্রেই পুরুষ হইতে বিরত হয়। অতিচরণা যোনিও বহু মৈথুনে পরিতৃপ্ত হয় না। সুতরাং অচরণা ও অতিচরণা উভয়বিধ যোনিই বীজগ্রহণে অসমর্থ।

(কোন কোন টীকাকার "অতিরিচ্যতে রজো মুক্তবীত্যর্থঃ" এইরূপ ব্যাখ্যা করিয়াছেন অর্থাৎ মৈথুনের পূর্ব্বে রজঃ নিঃসৃত হয় বলিয়া অচরণা ও বহুমৈথুনাচরণহেতু অতিচরণা, এই উভয় রোগেই যোনিতে বীর্য্য অবস্থিত হইতে পারে না।)

শ্লেষ্মলা যোনি পিচ্ছিল কণ্ডূযুক্ত ও অতিশয় শীতল হয়। এই সকল শ্লেষ্মলক্ষণ পূর্ব্বোক্ত অত্যানন্দা কর্ণিনী অচরণা ও অতিচরণা এই চারি প্রকার যোনিরোগেও প্রকাশিত হয়॥ ৬॥

যে স্ত্রীর ঋতু হয় না, স্তন অতি অল্প উঠে এবং মৈথুনকালে যোনি খরস্পর্শ বোধ হয়, তাহার যোনিকে ষণ্ডী কহে।

সূক্ষ্ম যোনিদ্বার-বিশিষ্ট রমণী, মহামেঢ্র পুরুষের সহিত সহবাস করিলে, তাহার যোনি অণ্ডবৎ নিঃসৃত হয়। এইরূপ যোনিকে অণ্ডলী কহে।

যে যোনি অতিবিস্তৃত তাহাকে মহাযোনি এবং যে যোনি অতিসংবৃত তাহাকে সূচীবক্ত্রা বলা যায়। সর্ব্বদোষ-সমুত্থানা যোনি ত্রিদোষলক্ষণান্বিত। ষণ্ডী অণ্ডলী মহাযোনি ও সূচীবক্ত্রা এই চারি প্রকার যোনিরোগেই ত্রিদোষের লক্ষণ বিদ্যমান থাকে, কিন্তু ত্রিদোষসমুত্থানা-যোনি-রোগে ত্রিদোষ লক্ষণ সমূহ বিশেষরূপে প্রকাশিত হয়। ষণ্ডী হইতে ত্রিদোষসমুত্থানা পর্য্যন্ত এই পাঁচ প্রকার যোনিরোগই ত্রিদোষজ ও অসাধ্য॥ ৭॥

যোনিব্যাপন্নিদান সমাপ্ত।

কন্দ-নিদান।

দিবানিদ্রা, অতিক্রোধ, অধিক ব্যায়াম, অতি মৈথুন ও নখদন্তাদি দ্বারা ক্ষত এই সকল কারণে বাতাদিদোষত্রয় প্রকুপিত হইয়া যোনিতে পূযরক্তনিভ মান্দারফল সদৃশ মাংসকন্দ উৎপাদন করে। ইহাকে যোনিকন্দ কহে॥ ১॥

বাতিক কন্দ, রুক্ষ বিবর্ণ ও স্ফুটিত; পৈত্তিক কন্দ, রক্তবর্ণ এবং দাহ ও জ্বর বিশিষ্ট; শ্লৈষ্মিক কন্দ, নীলপুষ্পাভ ও কণ্ডূযুক্ত; সান্নিপাতিক কন্দ উল্লিখিত সর্ব্বপ্রকার লক্ষণযুক্ত হয়॥ ২॥

কন্দ-নিদান সমাপ্ত।

মূঢ়গর্ভ নিদান।

ভয় অভিঘাত এবং তীক্ষ্ণ উষ্ণ পান ও আহার দ্বারা গর্ভপাত হইয়া থাকে। গর্ভপাতের পূর্ব্বে বেদনা ও রক্তস্রুতি হয়॥ ১॥

চারি মাস পর্য্যন্ত গর্ভ দ্রবরূপে থাকে বলিয়া এইরূপ গর্ভকে গর্ভবিদ্রব কহে। এই গর্ভবিদ্রব নষ্ট হইলে রক্তস্রাব হয়, সুতরাং তাহাকে গর্ভস্রাব নামে অভিহিত করা যায়। পঞ্চম ও ষষ্ঠ মাসে গর্ভ কোমলাঙ্গ হয়, তখন উহা বিনষ্ট হইলে তাহাকে গর্ভপাত বলিয়া থাকে ॥ ২ ॥

বৃন্তলগ্ন পক্বফল, যেমন অভিঘাতাদি দ্বারা তৎক্ষণাৎ পতিত হয়, সেইরূপ আঘাত বিষমাশন ও জ্বরাদি পীড়াদ্বারাও নারীদিগের গর্ভ অকালে পতিত হইয়া থাকে ॥ ৩ ॥

বায়ু প্রকুপিত ও রুদ্ধগতি হইয়া যোনি ও জঠরাদিতে শূল এবং মূত্ররোধ ও মূঢ়গর্ভ উৎপাদন করিয়া থাকে। উচিত প্রসবকালে কুপিত বায়ুদ্বারা গর্ভ মূঢ় অর্থাৎ ব্যাসক্তগতি হইলে (আট্‌কাইয়া থাকিলে) তাহাকে মূঢ়গর্ভ বলা যায় ॥ ৪ ॥

কুপিত বায়ুদ্বারা গর্ভ কুটিলীকৃত হইয়া চারি বা আট প্রকারে অথবা অসংখ্য-রূপে যোনিদ্বার প্রাপ্ত হয়। যথা—কোন ভ্রূণ বৃহৎ মস্তকদ্বারা, কেহ বা স্ফীত উদরদ্বারা, কেহ কুব্জ দেহ বা কুব্জ পৃষ্ঠদ্বারা, কেহ বা এক হস্ত বা দুই হস্ত নির্গমন হেতু তির্য্যগ্‌ভাবে অবস্থান দ্বারা, কেহ বা গ্রীবাভঙ্গ জন্য অবাঙ্মুখ হইয়া, কেহ বা পার্শ্বভঙ্গ নিবন্ধন রুদ্ধগতি হইয়া যোনিমুখে সংলগ্ন হইয়া থাকে। এই আট প্রকার গতি ব্যতীত আরও চারি প্রকার গতিদ্বারা গর্ভ যোনিদ্বারে সংযুক্ত হয়।

যথা—সঙ্কীলক প্রতিখুর পরিঘ ও বীজ। ঊর্দ্ধ বাহু চরণ ও মস্তকদ্বারা গর্ভ যোনিতে কীলবৎ সংলগ্ন হইলে তাহাকে সঙ্কীলক মূঢ়গর্ভ কহে। হস্তদ্বয় পদদ্বয় ও মস্তক বহির্গত হইয়া দেহ যদি যোনিতে সংযুক্ত হয়, তাহা হইলে তাহাকে প্রতিখুর বলা যায়।

যদি ভুজদ্বয় ও মস্তক বহির্গত হয় এবং অন্য অঙ্গ যোনিতে সংলগ্ন থাকে, তাহা হইলে তাহাকে বীজকাখ্য মূঢ়গর্ভ বলে। যে গর্ভ পরিঘের ন্যায় যোনিতে সংলগ্ন থাকে, তাহাকে পরিঘ কহে ॥ ৫। ৬ ॥

যে গর্ভিণীর মস্তক নত হইয়া পড়ে, শরীর শীতল হয়, লজ্জা থাকে না এবং কুক্ষিতে নীলবর্ণ শিরা সকল উদ্গত হয়, সে স্ত্রী গর্ভের সহিত মৃত্যুমুখে পতিত হয় ॥ ৭ ॥

উদর মধ্যে গর্ভ বিনষ্ট হইলে, গর্ভের অস্পন্দন এবং আবির অর্থাৎ প্রসব বেদনার অথবা মূত্রকফ প্রসেকাদি-প্রসব-লক্ষণ সকলের নাশ, শ্যাব বা পাণ্ডুবর্ণতা, নিশ্বাসে দৌর্গন্ধ্য এবং অন্তর্মৃত শিশুর স্ফীতি হেতু গর্ভিণীরও উদরাধ্মান এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ৮ ॥

ধনজনাদি প্রিয়বিয়োগ জনিত মানসিক দুঃখে ও প্রহারাদি আগন্তু উপতাপে এবং ব্যাধিদ্বারা পীড়িত হইলে গর্ভিণীর গর্ভ বিনষ্ট হইয়া থাকে ॥ ৯ ॥

যোনিসংবরণ-রোগে কুক্ষিতে গর্ভবিবন্ধ, কুপিত রক্ত ও বায়ুজনিত মক্কল্ল নামক শূল বেদনা এবং আক্ষেপ ও শ্বাসাদি উপদ্রব উপস্থিত হইলে গর্ভিণীর মৃত্যু হইয়া থাকে। প্রকুপিত বায়ু, নবপ্রসূতা স্ত্রীর ক্ষতরক্তকে রুদ্ধ করিয়া হৃদয়ে মস্তকে ও বস্তিদেশে মক্কল্ল নামক শূল-বেদনা উৎপাদন করে ॥ ১০ ॥

মূঢ়গর্ভ-নিদান সমাপ্ত।

সূতিকারোগ-নিদান।

অঙ্গমর্দ্দ জ্বর কম্প পিপাসা গাত্রগৌরব শোথ শূল ও অতিসার এই গুলিকে সূতিকা রোগ বলিয়া জানিবে ॥ ১ ॥

অনুচিত আচরণ এবং যাহাতে বাতাদি দোষ সকল উৎক্লিষ্ট হয় এরূপ কার্য্যকরণ, বিষমাশন ও অপক্ক ভোজন বা অজীর্ণসত্ত্বে ভোজন এই সকল কারণে প্রসূতার যে সকল রোগ জন্মে, তাহারা অতি ভয়ানক জানিবে। তাহাদের জ্বর, অতিসার, শোথ, শূল, আনাহ, বল-ক্ষয় এবং বাতশ্লেষ্মোদ্ভব তন্দ্রা অরুচি ও কফ প্রসেকাদি উপদ্রব সকল উপস্থিত হয়। জ্বরাদি ঐ সমস্ত রোগ সূতিকা ক্ষেত্রোৎপন্ন বলিয়া উহারা সূতিকারোগ নামে অভিহিত হয়।

প্রসূতার বলমাংস ক্ষীণ হইলে, এই সকল রোগ কৃচ্ছ্রসাধ্য হইয়া থাকে। পূর্ব্বোক্ত রোগ সকলকে সূতিকা রোগের উপদ্রবও বলা যাইতে পারে, অর্থাৎ উহারা আপনাদের মধ্যে কোনটিকে প্রধানীভূত করিয়া আপনারা তাহার উপদ্রব স্বরূপ হয় ॥ ২ ॥

সূতিকারোগ-নিদান সমাপ্ত।

স্তনরোগ-নিদান।

বাতাদি দোষ, সদুগ্ধ বা অদুগ্ধ স্তনকে আশ্রয় এবং রক্ত ও মাংসকে দূষিত করিয়া স্তনরোগ উৎপাদন করে ॥ ১ ॥

পূর্ব্বে যে ছয় প্রকার বিদ্রধি উক্ত হইয়াছে, তন্মধ্যে রক্তজ বিদ্রধি ভিন্ন অপর পাঁচ প্রকার অর্থাৎ বাতজ পিত্তজ কফজ ত্রিদোষজ ও আগন্তুজ বিদ্রধি, স্তনে উৎপন্ন হইয়া থাকে। ইহাদের লক্ষণ পূর্ব্বলিখিত বাহ্যবিদ্রধি সকলের লক্ষণের ন্যায় জানিবে ॥ ২ ॥

স্তনরোগ-নিদান সমাপ্ত।

স্তন্যদুষ্টি-নিদান।

বিবিধ গুরুপাক অন্ন আহার হেতু দোষ সকল পৃথগ্‌ভাবে বা মিলিতরূপে প্রকুপিত হইয়া প্রসূতার স্তনদুগ্ধ দূষিত করিয়া স্তন্যপায়ি-বালকের নানারোগ জন্মাইয়া থাকে ॥ ১ ॥

বাতদূষিত স্তন্য, কষায়রস-বিশিষ্ট হয় এবং জলে ভাসে। পিত্তদুষ্ট স্তনদুগ্ধ কটু অম্ল বা লবণাস্বাদ এবং পীতবর্ণ (অথবা রক্ত বা নীলবর্ণ) রেখাযুক্ত হয়। কফদুষ্ট দুগ্ধ ঘন ও পিচ্ছিল; ইহা জলে ডুবিয়া যায়। দুই দোষের লক্ষণ দেখিলে দ্বিদোষজ ও তিন দোষের লক্ষণ দেখিলে ত্রিদোষজ জানিবে ॥ ২ ॥

যে দুগ্ধ জলে নিমগ্ন হইলে, জলের সহিত একীভূত হইয়া যায় এবং যাহা পাণ্ডুরবর্ণ মধুর নির্মল ও স্বাভাবিক বর্ণ বিশিষ্ট, তাহা নির্দোষ ও প্রশংসনীয় ॥ ৩ ॥

স্তন্যদুষ্টি-নিদান সমাপ্ত।

বালরোগ-নিদান।

শিশু, বাতদুষ্ট স্তন্য পান করিলে, বাতরোগাক্রান্ত, ক্ষীণস্বর ও কৃশাঙ্গ হয় এবং তাহার মল মূত্র ও অধোবায়ু নির্গমনে কৃচ্ছ্রতা হইয়া থাকে। পিত্তদুষ্ট দুগ্ধ পান করিলে, ঘর্ম্ম মলভেদ তৃষ্ণা গাত্রসন্তাপ কামলা ও অন্যান্য পৈত্তিক রোগ উৎপন্ন হয়। কফদুষ্ট দুগ্ধ পান করিলে, লালাস্রাব শ্লৈষ্মিকপীড়া নিদ্রা জড়তা মুখ ও নেত্রে শোথ এবং বমন হইয়া থাকে। দ্বিদোষ-দুষ্ট দুগ্ধ পানে দুই দোষের এবং ত্রিদোষদুষ্ট দুগ্ধ পানে তিন দোষের লক্ষণ উপস্থিত হয়। বালকেরা কথা কহিয়া রোগের অবস্থা প্রকাশ করিতে পারে না, অতএব তাহাদের ক্রন্দন অনুসারে রোগের আধিক্য বা অল্পত্ব লক্ষ্য করিবে ॥ ১ ॥

বিকৃত দুগ্ধ পান হেতু শিশুর চক্ষুর পাতায় কুকূণক (কোথ) নামক রোগ উৎপন্ন হয়, ইহাতে নেত্রকণ্ডু ও মুহুর্মুহুঃ স্রাব হয়। বালক, কপাল চক্ষুঃ ও নাসিকা ঘর্ষণ করে, রৌদ্রের দিকে চাহিতে বা চক্ষুর পাতা উন্মীলন করিতে পারে না ॥ ২ ॥

গর্ভবতী জননীর স্তন্যদুগ্ধ অধিক পান করিলে কাস অগ্নিমান্দ্য বমি তন্দ্রা কৃশতা অরুচি ভ্রম ও উদর বৃদ্ধি হইয়া থাকে। এই পীড়ার নাম পারিগর্ভিক বা পরিভব। চলিত ভাষায় ইহাকে এঁড়েলাগা কহে, এই রোগে অগ্নিবৃদ্ধিকর ঔষধ প্রযোজ্য ॥ ৩ ॥

শিশুর তালুমাংসে কফ ক্রুদ্ধ হইয়া তালুকণ্টক রোগ উৎপাদন করে। ইহাতে মস্তকের তালুপ্রদেশ বসিয়া যায় এবং অভ্যন্তরভাগে তালুর অধঃপতন, স্তন্যপানে দ্বেষ ও অতিকষ্টে স্তন্যপান হয়। তদ্ব্যতীত তরল মলভেদ, পিপাসা, চক্ষুতে কণ্ঠে ও মুখে বেদনা, মুখ তোলা ও ঘাড় নুইয়া পড়া এই সমস্ত লক্ষণ উপস্থিত হয় ॥ ৪ ॥

শিশুদিগের মস্তকে ও বস্তিদেশে রক্তপদ্মাকৃতি মহাপদ্ম নামক একপ্রকার সান্নিপাতিক বিসর্প রোগ উৎপন্ন হয়, তাহা প্রাণ-নাশক। মস্তকজাত বিসর্প শঙ্খদেশ দিয়া হৃদয়ে এবং হৃদয় হইতে গুহ্যে আইসে, এইরূপ বস্তিজাত বিসর্প ও গুহ্যদেশে, গুহ্যদেশ হইতে হৃদয়ে ও হৃদয় হইতে মস্তকে গমন করে। শিশুদিগের অজগল্লী ও অহিতপুতন নামে আর দুইটি রোগ হইয়া থাকে, উহাদের লক্ষণ ক্ষুদ্ররোগাধিকারে লিখিত হইয়াছে ॥ ৫ ॥

পূর্ব্বে জ্বরাদি যে সকল প্রবল ব্যাধি উল্লিখিত হইয়াছে, বালকদেহেও সেই সকল হইয়া থাকে, তাহাদের লক্ষণও তদ্রূপ ॥ ৬ ॥

শৌচভ্রংশাদি কারণে স্কন্দাদি নয় প্রকার গ্রহ বালকদিগকে আশ্রয় করিয়া থাকে। গ্রহপীড়িত বালক কখন উদ্বিগ্ন হয়, কখন ভয় পায়, কখন ক্রন্দন করে, কখন দন্তনখাদি দ্বারা ধাত্রীকে বা আপনাকেই কামড়ায়, কখন ঊর্দ্ধদিকে চাহিয়া থাকে, কখন দাঁত কিড়্‌মিড়্‌ করে, কখন কোঁতায়, কখন হাই তোলে, কখন ভ্রূভঙ্গ করে, কখন বা দন্ত ও ওষ্ঠ কামড়ায় এবং বারংবার ফেন বমন করে, অতি ক্ষীণ হয়, রাত্রিতে ঘুমায় না, তাহার চক্ষুঃ স্ফীত, মল ভাঙ্গা ও স্বর ভগ্ন হয়। গাত্র দিয়া রক্ত ও মাংসের গন্ধ নির্গত হইতে থাকে। পূর্ব্বের ন্যায় আর আহার করিতে পারে না। এই গুলি গ্রহপীড়িত বালকের সাধারণ লক্ষণ ॥ ৭ ॥

এক্ষণে বিশেষ বিশেষ গ্রহপীড়িত বালকের লক্ষণ কথিত হইতেছে। স্কন্দ-গ্রহপীড়িত বালকের লক্ষণ এই—বাম বা দক্ষিণ কোন এক চক্ষু দিয়া জলস্রাব, গাত্রে ঘর্ম্ম, অধিক বা অল্প কম্পন, ঊর্দ্ধ দৃষ্টি, মুখের বক্রতা, শরীরে রক্তগন্ধ, দন্তে দন্তে ঘর্ষণ, ভয় স্তন্যপানে বিরতি ও অল্প ক্রন্দন ॥ ৮ ॥

স্কন্দাপস্মার-গ্রহপীড়িত বালক, মূর্চ্ছিত হইয়া ফেন বমন করে, মূর্চ্ছাপনোদন হইলে অতিশয় রোদন করিতে থাকে। তাহার গাত্র হইতে পূযরক্তের গন্ধ নির্গত হয় ॥ ৯ ॥

শকুনী-গ্রহপীড়িত শিশু শিথিলাঙ্গ, ভয়চকিত, পক্ষিগন্ধযুক্ত, স্রাবান্বিত ব্রণ দ্বারা ব্যাপ্তশরীর এবং দাহ ও পাকযুক্ত স্ফোটক দ্বারা আকীর্ণদেহ হয় ॥ ১০ ॥

রেবতী-গ্রহপীড়িত শিশুর শরীর, পঙ্কগন্ধবিশিষ্ট এবং ব্রণ ও স্ফোটক দ্বারা আকীর্ণ হয়, ঐ ব্রণ ও স্ফোটক হইতে পঙ্কগন্ধ রক্ত নির্গত হইতে থাকে। তরল মলভেদ, জ্বর ও দাহ উপস্থিত হয় ॥ ১১ ॥

শিশু পূতনা-গ্রহপীড়িত হইলে অতিসার জ্বর তৃষ্ণা বক্রদৃষ্টি রোদন নিদ্রানাশ উদ্বিগ্নচিত্ততা এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ১২ ॥

বমি কাস জ্বর তৃষ্ণা গাত্রে বসাগন্ধ অতিরোদন স্তন্যদ্বেষ ও অতিসার এই গুলি অন্ধপূতনাগ্রহপীড়িত বালকের লক্ষণ ॥ ১৩ ॥

শীতপূতনা গ্রহপীড়িত শিশুর কম্প কাস দেহের ক্ষীণতা নেত্ররোগ বিগন্ধিতা বমি ও অতিসার এই সকল লক্ষণ সংঘটিত হয় ॥ ১৪ ॥

মুখমুণ্ডিকা-গ্রহপীড়িত বালকের বর্ণ ও বদন উজ্জ্বল, শরীর শিরাজালব্যাপ্ত ও মূত্রগন্ধযুক্ত হয়। এই বালক বহুভোজী হইয়া থাকে ॥ ১৫ ॥

নৈগমেয়গ্রহজুষ্ট বালকের বমন, কম্প, কণ্ঠ ও মুখশোষ, মূর্চ্ছা, বিগন্ধিতা, ঊর্দ্ধদৃষ্টি ও দন্তে দন্তে ঘর্ষণ এই সকল লক্ষণ প্রকাশিত হয় ॥ ১৬ ॥

বালরোগ-নিদান সমাপ্ত।

বিষ-নিদান।

বিষ দুই প্রকার, স্থাবর ও জঙ্গম। মূলাদি বিষকে স্থাবর এবং সর্পাদিসম্ভূত বিষকে জঙ্গম বলা যায়॥ ১ ॥

নিদ্রা তন্দ্রা ক্লান্তি দাহ অপাক রোমাঞ্চ শোথ ও অতিসার এই গুলি জঙ্গম বিষের সাধারণ কার্য্য॥ ২ ॥

স্থাবর বিষে সামান্যতঃ এই সকল লক্ষণ উপস্থিত হয়। যথা- জ্বর হিক্কা দন্তহর্ষ গলবেদনা ফেনবমন অরুচি শ্বাস ও মূর্চ্ছা॥ ৩ ॥

শত্রুগণ আপন ইষ্ট-সিদ্ধির জন্য, অতি গোপনভাবে নানা প্রকারে বিষ প্রয়োগ করে, কিন্তু ইঙ্গিতজ্ঞ বুদ্ধিমান্ বৈদ্য সেই বিষদাতার বাক্য চেষ্টা ও মুখবিকার এবং নিম্নলিখিত লক্ষণ সকল দেখিয়া তাহাকে চিনিয়া লইতে পারেন। বিষদাতাকে কোন কথা জিজ্ঞাসা করিলে উত্তর দেয় না, বলিতে উপক্রম করিলেও মোহপ্রাপ্ত হয়, নির্ব্বোধের ন্যায় অনর্থক ও অস্পষ্ট কথা সকল বলিতে থাকে। বিনা কারণে হাসে, আঙ্গুল মট্‌কায়, মাটিতে দাগ কাটে, কাঁপে, ত্রস্ত হইয়া একে ওকে দেখে, বিবর্ণবদন ও দগ্ধসম বর্ণবিশিষ্ট হয়, নখদ্বারা তৃণাদি ছেদন করে, ম্লানভাবে উপবেশন ও হস্তদ্বারা কেশস্পর্শ করে, অপদ্বার দিয়া পলাইবার চেষ্টা করে ও পুনঃপুনঃ দৃষ্টিপাত করে। বিষদাতা বিচেতন হইয়া এবম্প্রকার বিপরীত ভাবাপন্ন হইয়া থাকে॥ ৪ ॥

মূলবিষ সেবন করিলে উদ্বেষ্টন (দণ্ডাদিদ্বারা মর্দ্দনবৎ ব্যথা), মোহ ও প্রলাপ; পত্রবিষ সেবনে জৃম্ভণ কম্পন ও শ্বাস; ফলবিষে মুষ্কশোথ দাহ ও আহারে দ্বেষ; পুষ্পবিষে বমি উদরাধ্মান ও শ্বাস; ত্বক্‌বিষ সারবিষ ও নির্য্যাসবিষ সেবন করিলে, মুখদৌর্গন্ধ্য পারুষ্য শিরোবেদনা ও কফস্রাব; ক্ষীরবিষে ফেননির্গম মলভেদ ও গাত্রগৌরব; ধাতুবিষ সেবনে হৃৎপীড়া মূর্চ্ছা ও তালুজ্বালা এই সকল লক্ষণ প্রকাশ পায়। এই নয় প্রকার মূলাদিবিষ সেবিত হইলে সদ্যোমারক না হইয়া ক্রমশঃ দেহের হানি করিয়া প্রায় কালান্তরে প্রাণ নাশ করে॥ ৫ ॥

পূর্ব্বে যে উগ্রবীর্য্য ত্রয়োদশ প্রকার কন্দবিষ উক্ত হইয়াছে, তাহারা তীক্ষ্ণাদি দশবিধ গুণান্বিত জানিবে॥ ৬ ॥

বিষদিগ্ধ শস্ত্রদ্বারা ক্ষত হইলে, সেই ক্ষত সদ্যই পাকিয়া উঠে, রক্তস্রাব করে, দিন দিন পচিতে থাকে ও ক্ষত হইতে কৃষ্ণবর্ণ ক্লিন্ন পচা মাংস সকল গলিত হইয়া পড়ে এবং শস্ত্রাহত ব্যক্তির তৃষ্ণা মূর্চ্ছা জ্বর ও দাহ উপস্থিত হয়। বিষদিগ্ধ শস্ত্রক্ষত ব্যতীত অন্য ক্ষতেও যদি শত্রুকর্তৃক বিষ প্রদত্ত হয়, তাহা হইলেও এই সকল লক্ষণই উপস্থিত হইয়া থাকে। বিষপান করিলে ঝুলের ন্যায় কৃষ্ণবর্ণ বা পীতবর্ণ মলের অধিক ভেদ হয় এবং বিষপায়ী ফেন বমন করে॥ ৭ ॥

বিষধর সর্প প্রধানতঃ তিন প্রকার। যথা—ভোগী মণ্ডলী ও রাজিল। যাহাদের ফণা আছে, তাহাদিগকে ভোগী; যাহাদের গাত্র মণ্ডলাকার চিহ্ন সমূহে ব্যাপ্ত, তাহাদিগকে মণ্ডলী; যাহাদের গাত্রে চিত্র বিচিত্র দীর্ঘ দীর্ঘ রেখা সকল থাকে, তাহাদিগকে রাজিল কহে। ইহাদের মধ্যে ভোগী বাতপ্রকৃতি, মণ্ডলী পিত্তপ্রকৃতি

ও রাজিল কফপ্রকৃতি জানিবে। ইহাদের পরস্পর সংযোগে বিবিধ সঙ্কর জাতি উৎপন্ন হয়। সেই সকল সঙ্কর সর্প দ্বন্দ্বপ্রকৃতিক। অর্থাৎ যে দুই প্রকারের যোগে উহাদের উৎপত্তি, সেই সেই প্রকারের প্রকৃতির মিলনই উহাদের প্রকৃতি ॥ ৮ ॥

ভোগি সর্পে দংশন করিলে, দষ্টস্থান কৃষ্ণবর্ণ হয় এবং বিবিধ বাতবিকার উপস্থিত হইয়া থাকে। মণ্ডলী সর্পে দংশন করিলে দষ্টস্থান পীতবর্ণ সশোথ ও কোমল হয় এবং পিত্তবিকার উপস্থিত হইয়া থাকে। রাজিল সর্পে দংশন করিলে দষ্টস্থান কঠিন শোথযুক্ত পাণ্ডুবর্ণ পিচ্ছিল স্নিগ্ধ ও অতিগাঢ় রক্ত বিশিষ্ট হয় এবং ইহাতে সকল প্রকার শ্লেষ্মজনিত রোগ উপস্থিত হইয়া থাকে ॥ ৯ ॥

অশ্বত্থমূলে দেবালয়ে শ্মশানভূমিতে বল্মীকে সন্ধ্যাকালে চতুষ্পথে ভরণী নক্ষত্রে (আর্দ্রা অশ্লেষা মঘা মূলা কৃত্তিকা প্রভৃতিতেও) এবং মর্ম্মস্থানে সর্পে দংশন করিলে, জীবন রক্ষা হওয়া কঠিন। দর্ব্বীকর সর্পের অর্থাৎ ফণাধারী সর্প সকলের বিষ আশু মারক। সর্ব্বপ্রকার বিষ উষ্ণ সংযোগে দ্বিগুণ বীর্য্যশালী হইয়া উঠে ॥ ১০ ॥

যাহারা অজীর্ণ পিত্তদুষ্টি ও আতপ দ্বারা পীড়িত তাহারা এবং বালক বৃদ্ধ ক্ষুধার্ত্ত ক্ষীণক্ষত মেহগ্রস্ত কুষ্ঠরোগী রুক্ষদেহ ও দুর্ব্বল ব্যক্তি এবং গর্ভবতী স্ত্রী ইহারা বিষার্ত্ত হইলে শীঘ্র প্রাণত্যাগ করে ॥ ১১ ॥

সর্পদষ্ট ব্যক্তির শরীরে অস্ত্রাঘাত করিলে যদি রক্তস্রাব না হয়, লতা দ্বারা জোরে আঘাত করিলে যদি দাগ না পড়ে, শীতল জলের ছিটা দিলে যদি রোমাঞ্চ না হয়, তাহা হইলে সেই সর্পাহত ব্যক্তিকে পরিত্যাগ করিবে। যাহার মুখ বক্রীভূত হয়, আকর্ষণ করিলে চুল উপড়াইয়া আসে, নাসিকা নত হয়, ঘাড় ভাঙ্গিয়া পড়ে, চুয়াল বদ্ধ হইয়া যায় এবং দংশন-শোথ কৃষ্ণ ও লোহিত বর্ণ হয়, সে সর্পদষ্ট ব্যক্তিকেও ত্যাগ করিবে। যাহার মুখ দিয়া বাতির ন্যায় কঠিন লালা নির্গত হয়, ঊর্দ্ধ ও অধোমার্গ দিয়া রক্তস্রাব হইতে থাকে, তাহার জীবনাশা কম ॥ ১২ ॥

সর্পদষ্ট স্থানে যদি চারি দন্তপাত দৃষ্ট হয়, তাহা হইলেও রোগিকে গতায়ু জানিবে। যে সর্পাহত ব্যক্তি বিষে উন্মত্ত, নানা উপদ্রবে উপদ্রুত, হীনস্বর, কৃষ্ণাঙ্গ, গমনাদি বেগ রহিত এবং নাসাভঙ্গাদি অরিষ্ট লক্ষণযুক্ত হয়, তাহার চিকিৎসা করিবে না ॥ ১৩ ॥

স্থাবর বা জঙ্গম বিষ অতিপুরাণ ও বিষঘ্ন ঔষধি দ্বারা হতবীর্য্য, কিংবা দাবানল বায়ু বা আতপ দ্বারা শোষিত অথবা স্বভাবতঃ ব্যবায়াদি দশবিধ বিষগুণের কোন কোন গুণে হীন হইলে তাহাকে দূষীবিষ বলা যায় ॥ ১৪ ॥

অল্প বীর্য্য হেতু শ্লেষ্মাবৃত হওয়ায় দূষীবিষ প্রাণ নাশ করে না, কিন্তু অনেক কাল পর্য্যন্ত দেহে অবস্থিতি করে। দূষীবিষাক্রান্ত ব্যক্তির মল তরল, দেহ বিবর্ণ, গাত্র দুর্গন্ধযুক্ত ও মুখ বিরস হয়। এবং পিপাসা মূর্চ্ছা ভ্রম বাক্যের জড়তা বমি ও বিরুদ্ধ চেষ্টা হেতু নানা প্রকার অসুখ উপস্থিত হইয়া থাকে ॥ ১৫ ॥

দূষীবিষ আমাশয়গত হইলে বাতশ্লৈষ্মিক রোগ সকল উপস্থিত হয়, পক্বাশয়স্থ হইলে বাতপৈত্তিক পীড়া জন্মে এবং মস্তকের কেশ ও দেহের লোম সকল উঠিয়া যায়; তাহাতে রোগী দেখিতে পক্ষহীন পক্ষির ন্যায় হইয়া থাকে ॥ ১৬ ॥

দূষীবিষ, রসরক্তাদি ধাতুগত হইলে, সুশ্রুত গ্রন্থের ব্যাধিসমুদ্দেশীয় অধ্যায়োক্ত ব্যাধি সকল * উৎপন্ন হয়। এই বিষ শীতল বায়ু প্রবাহে ও মেঘাচ্ছন্ন দুর্দ্দিনে প্রকুপিত হইয়া থাকে। প্রকুপিত দূষীবিষের পূর্ব্বরূপ কথিত হইতেছে ॥ ১৭ ॥

নিদ্রাধিক্য দেহের গুরুতা জৃম্ভা গাত্রশৈথিল্য রোমাঞ্চ ও অঙ্গমর্দ্দ এই গুলি প্রকুপিত দূষীবিষের পূর্ব্বরূপ।

পূর্ব্বরূপ প্রকাশানন্তর এই সকল রূপ প্রকাশিত হইয়া থাকে, যথা—অন্নমদ (আহারান্তে অন্নজনিত মত্ততাভাব), অন্নের অপরিপাক, অরুচি, গাত্রে গোলাকার চিহ্ন ও কোঠরোগ, মাংসক্ষয়, হস্তপদে শোথ, মূর্চ্ছা, বমি, অতিসার, শ্বাস, তৃষ্ণা, জ্বর ও উদরের বৃদ্ধি ॥ ১৮ ॥

কোন দূষীবিষ উন্মাদ, কোন দূষীবিষ আনাহ, কোনটি শুক্রক্ষয়, কোনটি গদগদতা, কোনটি কুষ্ঠ এবং কোনটি বা বিসর্প বিস্ফোটকাদি নানাপ্রকার পীড়া উৎপাদন করে ॥ ১৯ ॥

অনূপাদি দেশ, দুর্দ্দিনাদি কাল, যবাদি অন্ন ও দিবানিদ্রা এই সকল কারণে কুপিত হইয়া পুনঃপুনঃ রসাদি ধাতু সকলকে দূষিত করে বলিয়া এইরূপ বিষের নাম দূষীবিষ।

হিতাহিতজ্ঞ নির্লোভ ব্যক্তির অচির-সেবিত দূষীবিষ সাধ্য; সংবৎসরস্থিত যাপ্য, ক্ষীণদেহ ও অহিত-সেবি-ব্যক্তির অসাধ্য ॥ ২০ ॥

অসাধুবৃত্তা স্ত্রীগণ স্বামীকে বা অপর পুরুষকে বশীভূত করিবার জন্য স্বেদ রজঃ ও নানা অঙ্গের বিষগুণোৎপাদক মল অজ্ঞাতভাবে অন্নের সহিত ভোজন করিতে দেয়। শত্রুগণও বৈরসাধনার্থ ঐরূপে গর (সংযোগজ বিষ) প্রদান করিয়া থাকে। উল্লিখিত স্বেদাদি অপরিপাক হেতু উদরে গররূপে অবস্থিতি করে। ইহাতে পাণ্ডুরোগ কৃশতা অগ্নিমান্দ্য মর্ম্মব্যথা উদরাধ্মান হস্তদ্বয়ে শোথ জঠররোগ গ্রহণী যক্ষ্মা গুল্ম ক্ষয় জ্বর ও এবংবিধ অন্যান্য পীড়া সমুদ্ভূত হয় ॥ ২১ ॥

---

* দূষীবিষ রসগত হইলে অন্নে অশ্রদ্ধা অরুচি অপরিপাক অঙ্গমর্দ্দ জ্বর বমনবেগ দেহের গুরুতা হৃদ্রোগ ও পাণ্ডু প্রভৃতি; রক্তগত হইলে, কুষ্ঠ বিসর্প পিড়কা নীলিকা ইন্দ্রলুপ্ত প্লীহা বিদ্রধি অর্শঃ অর্ব্বুদ রক্তপ্রদর ও রক্তপিত্ত প্রভৃতি; মাংসগত হইলে, অধিমাংস অর্ব্বুদ অর্শঃ অধিজিহ্ব উপজিহ্ব উপকুশ গলশুণ্ডী অলজী ওষ্ঠপ্রকোপ গলগণ্ড ও গণ্ডমালা প্রভৃতি; মেদোগত হইলে, গ্রন্থি বৃদ্ধি গলগণ্ড অর্ব্বুদ মেদোজ ওষ্ঠপ্রকোপ মধুমেহ ও অতিস্বেদ প্রভৃতি; অস্থিগত হইলে, অধ্যস্থি অধিদন্ত অস্থিশূল ও কুনখ প্রভৃতি; মজ্জাগত হইলে অন্ধকার-দর্শন মূর্চ্ছা ভ্রম পর্ব্বগৌরব ও নেত্রাভিষ্যন্দ প্রভৃতি; শুক্রগত হইলে ক্লৈব্য শুক্রাশ্মরী ও শুক্রমেহ প্রভৃতি রোগ সকল উৎপন্ন হয়।

এইরূপ পৌরাণিক ইতিবৃত্ত আছে যে, একদা রাজা বিশ্বামিত্র, মহর্ষি বশিষ্ঠদেবের আশ্রমে গমন করিয়া তাঁহার কামধেনুর প্রতি বল প্রয়োগ করাতে ঋষিবরের অত্যন্ত ক্রোধ উপস্থিত হয়, তাহাতে তাঁহার ললাট হইতে ঘর্ম্ম-বিন্দু সকল নির্গত হইয়া নিকটস্থ লূন (ছিন্ন) তৃণের উপরে নিপতিত হয়, পরে, তৃণপতিত ঘর্ম্ম-বিন্দু সকল মহর্ষির দৃষ্টিপাতমাত্র তীব্র বিষধর বিবিধাকৃতি জন্তুরূপে উৎপন্ন হয়। লূন অর্থাৎ ছিন্ন তৃণ হইতে উৎপন্ন বলিয়া উহারা লূতা (মাকড়শা) নামে অভিহিত হইয়াছে। লূতা ষোল প্রকার, তন্মধ্যে সৌবর্ণিকাদি আট প্রকার লূতা বিষ অসাধ্য এবং ত্রিমণ্ডলাদি আট প্রকার কৃচ্ছ্রসাধ্য॥ ২২ ॥

লূতায় দংশন করিলে দষ্টস্থানে পূতিভাব এবং রক্তস্রাব, জ্বর, দাহ, অতিসার, নানাবিধ সান্নিপাতিক পীড়া, বিবিধাকৃতি পিড়কা, বৃহৎ মণ্ডলাকার চিহ্ন ও রক্ত বা শ্যামবর্ণ কোমল বিস্তৃত সচল শোথ এই সকল সাধারণ লক্ষণ প্রকাশিত হয়॥ ২৩ ॥

দষ্টস্থান যদি কৃষ্ণ বা শ্যামবর্ণ জালকাচিত ও ঊর্দ্ধগামী হয় এবং তাহাতে যদি অত্যন্ত পাক ক্লেদ শোথ ও জ্বর বিদ্যমান থাকে, তাহা হইলে ত্রিমণ্ডলাদি অষ্টপ্রকার দূষীবিষে অর্থাৎ কালান্তর প্রকোপকারি লূতায় দংশন করিয়াছে জানিবে॥ ২৪ ॥

সৌবর্ণিকাদি অষ্ট প্রকার প্রাণহর লূতায় দংশন করিলে, দষ্ট স্থানে শোথ এবং গাত্রে শ্বেত কৃষ্ণ রক্ত বা পীতবর্ণ পিড়কা, জ্বর, শ্বাস, হিক্কা ও শিরোবেদনা উপস্থিত হইয়া রোগির প্রাণ বিনাশ করে॥ ২৫ ॥

মূষিকে দংশন করিলে দংশন সময় হইতে রক্তস্রাব, পাণ্ডুবর্ণ মণ্ডলোৎপত্তি, জ্বর, অরুচি, রোমাঞ্চ ও দাহ উপস্থিত হয়॥ ২৬ ॥

প্রাণনাশক মূষিক দংশন করিলে, মূর্চ্ছা, মূষিকাকৃতি শোথ, অঙ্গের বৈবর্ণ্য, ক্লেদনির্গম, বধিরতা, জ্বর, মস্তকভার, লালাস্রাব ও রক্তবমন এই সকল লক্ষণ সংঘটিত হয়॥ ২৭ ॥

কৃকলাসে দংশন করিলে, দষ্টস্থান কৃষ্ণ শ্যাব অথবা নানাবর্ণ বিশিষ্ট হয়। ইহাতে মোহ ও মলভেদ হইয়া থাকে॥ ২৮ ॥

বৃশ্চিকের বিষ, প্রথমে অগ্নির ন্যায় দাহ ও ভেদবৎ পীড়া উপস্থিত করিয়া দ্রুতবেগে ঊর্দ্ধে গমন করে, তৎপরে দষ্টস্থানে প্রত্যাগত হইয়া অবস্থিতি করে। হৃদয় নাসিকা ও জিহ্বায় বৃশ্চিক দংশন করিলে, যদি দষ্ট স্থানের মাংস পচিয়া খসিয়া পড়ে এবং রোগী অত্যন্ত বেদনার্ত্ত হয়, তাহা হইলে মৃত্যু নিকটবর্ত্তী জানিবে॥ ২৯ ॥

কণভ নামক কীটে দংশন করিলে বিসর্প, শোথ, শূল, জ্বর, বমি ও দষ্ট স্থানের পচন, এই সকল লক্ষণ প্রকাশ পায়॥ ৩০ ॥

উচ্চিটিঙ্গে দংশন করিলে রোমাঞ্চ, লিঙ্গের স্তব্ধতা ও অত্যন্ত যাতনা উপস্থিত হয় এবং বোধ হয় যেন অঙ্গ সকল শীতল জলে সিক্ত হইয়া রহিয়াছে।

সবিষ মণ্ডূক স্বভাবতঃ একটি দন্ত দ্বারা দংশন করিয়া থাকে। ইহাদের দংশনে শোথ বেদনা পিড়কা তৃষ্ণা বমি ও নিদ্রা, এই সকল লক্ষণ উপস্থিত হয়।

বিষধর মৎস্য দংশন করিলে দাহ, শোথ ও বেদনা হইয়া থাকে।

সবিষ জলৌকা (জোঁক) দংশন করিলে, কণ্ডু, শোথ, মূর্চ্ছা ও জ্বর উপস্থিত হয় ॥ ৩১ ॥

গৃহগোধিকা (টিক্‌টিকি) দংশন করিলে দাহ, শোথ, সূচীবেধবদ্ যাতনা ও স্বেদ হইয়া থাকে।

শতপদী (কেন্নাই) দংশন করিলে, স্বেদ বেদনা ও দাহ উপস্থিত হয় ॥ ৩২ ॥

মশকে দংশন করিলে কণ্ডূ ঈষৎ শোথ ও অল্প বেদনা হইয়া থাকে।

একপ্রকার পার্ব্বতীয় মশক আছে, তাহার বিষ অসাধ্য লূতাদি বিষের ন্যায় অপ্রতিকার্য্য।

সুশ্রুতোক্ত ছয় প্রকার মক্ষিকার মধ্যে স্থগিকা নাম্নী মক্ষিকা আশু প্রাণনাশিনী। ইহা দংশন করিলে দষ্টস্থান সত্তই স্রাববিশিষ্ট হয়। শ্যাববর্ণ পিড়কা জন্মে এবং দাহ মূর্চ্ছা ও জ্বর উপস্থিত হইয়া থাকে।

ব্যাঘ্রাদি চতুষ্পদ ও বনমানুষাদি দ্বিপদ জন্তুগণ, সবিষ নখ ও দন্তদ্বারা আঘাত করিলে আহত স্থান পাকিয়া ফুলিয়া উঠে এবং তাহাতে পূয সঞ্চার হইয়া স্রাব নির্গত হইয়া থাকে। ব্যাঘ্রাদির দংশনে জ্বর উপস্থিত হয় ॥ ৩৩ ॥

যখন দোষের শান্তি, ধাতু সকলের প্রকৃতিস্থতা, অন্নে অভিলাষ, মল-মূত্রের স্বাভাবিক প্রবৃত্তি এবং বর্ণ ইন্দ্রিয় চিত্ত ও চেষ্টার প্রসন্নতা এই সকল লক্ষণ লক্ষিত হইবে, তখন বিষাতুর ব্যক্তিকে নির্ব্বিষ বলিয়া জানিবে ॥ ৩৪ ॥

বিষ নিদান সমাপ্ত।

দর্শন স্পর্শন (নাড়ী ও গাত্র স্পর্শন) ও রোগের তত্ত্ব জিজ্ঞাসা, এই ত্রিবিধোপায়ে এবং রোগির বয়স, দেহের বর্ণ ও ইন্দ্রিয়ের বলাবল দ্বারাও রোগের পরীক্ষা হইয়া থাকে ॥ ৩৫ ॥

নিদানানুবাদ সমাপ্ত।

কার্শ্য-নিদান।

কৃশরোগের কারণ। বায়ুবৃদ্ধি, রুক্ষ অন্ন ও রুক্ষ পানীয় সেবন, উপবাস, অত্যন্ন ভোজন, অতিরিক্ত বমন ও বিরেচনাদি প্রয়োগ, শোক, মলমূত্রাদির বেগ ও নিদ্রাবেগ ধারণ, নিত্য রোগ ভোগ, প্রত্যহ মৈথুন, ব্যায়াম, ভোজনের অল্পতা, ভয় ও ধনাদি-চিন্তা এই সকল কারণে শরীর কৃশ হইয়া থাকে ॥ ১ ॥

কৃশের লক্ষণ—কৃশ ব্যক্তির স্ফিক্ (পাছা), উদর ও গ্রীবাদেশ শুষ্ক, সর্ব্বাঙ্গ শিরাজালে ব্যাপ্ত, চর্ম্ম ও অস্থি শুষ্ক এবং পর্ব্বসন্ধি ও মুখ স্থূল হইয়া থাকে ॥ ২ ॥

কৃশব্যক্তির যে সকল রোগ উপস্থিত হয়, তাহা বলা যাইতেছে; যথা—প্লীহা, কাস, ক্ষয়, শ্বাস, গুল্ম, অর্শঃ, উদর এবং গ্রহণী প্রভৃতি রোগ সকল অতি শীঘ্রই কৃশব্যক্তিকে আক্রমণ করে ॥ ৩ ॥

কোন কোন কৃশ ব্যক্তিকেও যে অত্যন্ত বলবান্ দেখা যায়, তাহার কারণ এই—গর্ভাধান সময়ে যদ্যপি জনয়িতার শুক্রের ভাগ অধিক এবং মেদের ভাগ অল্প হয়, তবে সেই গর্ভের সন্তান কৃশ হইয়াও অধিক বলবান্ হয় ॥ ৪ ॥

কোন কোন স্থূল ব্যক্তিকেও যে বলহীন দেখা যায়, তাহার কারণ এই—গর্ভাধান সময়ে যদি জনয়িতার শুক্রের ভাগ অল্প ও মেদের ভাগ অধিক হয়, তবে সেই গর্ভোৎপন্ন সন্তান স্থূল ও স্নিগ্ধ হইয়াও হীনবল হইয়া থাকে ॥ ৫ ॥

কার্শ্য-নিদান সমাপ্ত।

ধ্বজভঙ্গ-নিদান।

মৈথুনাক্ষম পুরুষকে ক্লীব কহে। ক্লীবের ভাবকে অর্থাৎ স্ত্রীসম্ভোগে অপারগতাকে ক্লৈব্য কহা যায়। ক্লৈব্য সাত প্রকার। নিম্নে প্রত্যেকের উৎপত্তির কারণ ও লক্ষণ লিখিত হইল।

ভয় ও শোকাদি কারণে এবং অন্যান্য মানসিক অপ্রিয়তা হেতু সঙ্গমেচ্ছু পুরুষদিগের মনে আঘাত লাগিলে বা অপ্রিয় স্ত্রীর সহিত সঙ্গম করিলে লিঙ্গের উত্থানশক্তি রহিত হইয়া ক্লীবত্ব উপস্থিত হয়, তাহাকেই মানস ক্লৈব্য বলে ॥ ১ ॥

অতিরিক্ত কটু, অম্ল, লবণ ও উষ্ণবীর্য্যদ্রব্য সেবনে পিত্ত বর্দ্ধিত হইয়া শুক্রকে ক্ষয় করিলে সেই শুক্রক্ষয়হেতুও শিশ্নের উত্তেজনা রহিত হয়, তাহাকে পিত্তজ ক্লৈব্য কহে ॥ ২ ॥

যে ব্যক্তি বাজীকরণ ঔষধ সেবন করে না, অথচ অতিরিক্ত মৈথুনাসক্ত হয়, তাহার শুক্রক্ষয় হেতু ক্লৈব্য জন্মে ॥ ৩ ॥

উপদংশাদি কোন্ উৎকট লিঙ্গরোগ হইলেও ধ্বজভঙ্গ উপস্থিত হয়॥ ৪॥
বীর্য্যবাহিনী শিরা ছিন্না হইলে লিঙ্গের অনুন্নতি অর্থাৎ ধ্বজভঙ্গরোগ হয়॥ ৫॥
বলবান্ ব্যক্তি অত্যন্ত কামাসক্ত হইলে যদ্যপি মৈথুন না করিয়া শুক্রবেগ
। করে, তবে তাহার শুক্র-স্তব্ধতা হেতু ক্লৈব্যরোগ জন্মে॥ ৬॥
জন্মাবধি যে ব্যক্তি ক্লীবত্ব প্রাপ্ত হয়, তাহাকে সহজ ক্লীব কহে। সেই
। ক্লৈব্য এবং বীর্য্যবাহিশিরাচ্ছেদ জনিত ক্লৈব্য এই উভয়ই অসাধ্য॥ ৭॥

ধ্বজভঙ্গ-নিদান সমাপ্ত।

ফিরঙ্গরোগ-নিদান।

ফিরঙ্গদেশে এই রোগ বহুল পরিমাণে হয়, তজ্জন্য বৈদ্যগণ ইহাকে ফিরঙ্গ
গ বলেন।

ফিরঙ্গ-রোগগ্রস্ত ব্যক্তির গাত্র সংস্পর্শ কিবা ফিরঙ্গ-রোগাধিত-স্ত্রী-সহবাস
লে এই ফিরঙ্গ নামক রোগ উৎপন্ন হয়, ইহার নামান্তর গন্ধরোগ।
আগন্তুজ ব্যাধি। এই ব্যাধি উৎপন্ন হইলে পরে ইহাতে বাতাদি দোষের
য় হয়। অতএব দোষের লক্ষণ দেখিয়া ইহার বাতাদি সম্বন্ধ স্থির করিবে।
ফিরঙ্গরোগ বাহ্য, আভ্যন্তর ও বহিরন্তর্ভব এই তিন প্রকার হয়। ক্রমশঃ
দের লক্ষণ লিখিত হইতেছে।

তন্মধ্যে বাহ্য ফিরঙ্গ, বিস্ফোট সদৃশ ও অল্প বেদনাযুক্ত, ইহা স্ফুটিত হইলে
ৎ হয়। বাহ্য ফিরঙ্গ সুখসাধ্য। আভ্যন্তর ফিরঙ্গ সন্ধি স্থানে হয়, ইহাতে
মবাতের ন্যায় বেদনা ও শোথ জন্মে। এই রোগ কষ্টসাধ্য। (বহিরন্তর্ভব
ঙ্গরোগে বাহ্য ও আভ্যন্তর উভয়বিধ ফিরঙ্গের লক্ষণ সকল সংঘটিত হয়)।
কৃশতা, বলক্ষয়, নাসাভঙ্গ, অগ্নিমান্দ্য, অস্থিশোষ ও অস্থির বক্রতা এই সকল
ঙ্গরোগের উপদ্রব।

নূতন সঞ্জাত ও উপদ্রবশূন্য বাহ্য ফিরঙ্গ সাধ্য, কিন্তু আভ্যন্তর ফিরঙ্গ
সাধ্য। ক্ষীণ ব্যক্তির বহিরন্তর্ভব ফিরঙ্গ উপদ্রবযুক্ত সর্ব্বাঙ্গে ব্যাপ্ত ও পুরাতন
ল অসাধ্য হয়।

ফিরঙ্গরোগ-নিদান সমাপ্ত।

সোমরোগ-নিদান।

অধিক স্ত্রীসঙ্গম, শোক, অতিরিক্ত শ্রম, আভিচারিক দোষ অথবা বিষদো
হেতু সর্ব্বদেহস্থ জল-পদার্থ বিকৃত ও স্থানচ্যুত হইয়া মূত্রমার্গে উপস্থিত
এবং উহা মূত্ররূপে পরিণত হইয়া মূত্রপথ দিয়া অত্যন্ত অধিক পরিমাণে নির্গ
হইতে থাকে। উহা প্রসন্ন, নির্ম্মল, শীতল, শুভ্র ও গন্ধরহিত। উহার নিঃ
কালে কোন প্রকার যাতনা অনুভূত হয় না। কিন্তু অতিমাত্র দুর্ব্বলতা, গতিশক্তি
হীনতা, মস্তকের শিথিলতা, মুখ ও তালুর শোষ, মূর্চ্ছা, জৃম্ভা, প্রলাপ, ত্ব
অতিমাত্র রুক্ষতা এবং ভক্ষ্য ভোজ্য ও পেয় কিছুতেই তৃপ্তি না পাওয়া,
সমুদয় লক্ষণঃ উপস্থিত হয়। শরীরের সন্ধারণ হেতু সোমগুণান্বিত এই জ
পদার্থ সোমনামে অভিহিত। এই সোমের ক্ষয় হয় বলিয়াই পণ্ডিতেরা ইহাে
সোমরোগ কহেন। সোমরোগ দীর্ঘকাল স্থায়ী হইলে মূত্রাতিসারে পরিণ
হয়। মূত্রাতিসারে মুহুর্ম্মুহুঃ প্রস্রাব হইতে থাকে, দেহের বল বিনষ্ট হয়, রো
তৃষ্ণাভিভূত হইয়া অধিক জল পান করে।

এই রোগ প্রবৃদ্ধ হইলে দেহের কৃশতা, ঘর্ম্ম, অঙ্গে গন্ধ এবং হস্ত পদ জিহ্ব
নেত্র ও কর্ণে উপতাপ, কাস, অঙ্গের শিথিলতা, অরুচি, পিড়কা, কণ্ঠ তালু
ওষ্ঠ শোষ, দাহ, শীতলেচ্ছা, পাণ্ডুবর্ণতা, শ্রান্তত্ব, মূত্রের পীতবর্ণতা ও মূ
মক্ষিকাদির উপবেশন এই সকল লক্ষণ প্রকাশ পায়।

সোমরোগ-নিদান সমাপ্ত।

বন্ধ্যা-নিদান।

বায়ু, পিত্ত, কফ, রক্ত, ত্রিদোষ, ভূতগ্রহ, দেবগ্রহ, অপচার ও পাপকর্ম্মবশত
স্ত্রীলোকদিগের বন্ধ্যারোগ জন্মে। বন্ধ্যারোগ নব প্রকার। এই সকল কারণে
শুক্রদোষবশতঃ পুরুষদিগেরও বন্ধ্যারোগ হয়।

বন্ধ্যা-নিদান সমাপ্ত।

সম্পূর্ণ।